*During events like IPL and BPL, a large number of people engage in betting, creating a festive atmosphere within the betting community and among common cricket fans. Initially I used to bet on the IPL for entertainment but I now bet for financial gain. I agree that betting is a wrong source of income and I acknowledge that betting conflicts with religious views but I cannot withdraw because of my passion for it. I see it as an alluring opportunity to earn a large amount of money within a short time (Field work, 2022)*

Data also revealed that peer groups' force play an important role to involvement the youth in betting. Most of the cases youth make a gambling teams and placed betting together in order to share proceeds. They do not get confidence when they placing bids individually but get confidence when they scattering the risks through their peers. Ripon, 25 years old, a photocopy operator, describes his experiences:

*Although betting is illegal the lack of fear of being arrested makes it widely practiced. However, the only beneficiaries are typically the brokers or middlemen involved. Any winnings are often spent on entertaining friends and advisors which include treating them to outings, feasts, drinks or even engaging in illegal activities like drug use or illicit sexual encounters (Field work-2022).*

A degree of variance was observed that total 40 respondents knowing how they learned about sports betting. Among total respondents, 60 percent had learned from friends, 15 percent from media advertisements, 15 percent from the internet and 5 percent from family. According to research findings, majority of the respondents learnt sports betting from their friends. Shagor, a graduate student in a university, narrated his experiences in such way:

*In our cricket-loving nation, the allure of IPL and BPL holds a significant authority over our fans. The rising popularity of online betting in our community facilitated by easy access to technology provides bountiful opportunities for young people to engage in this activity. My introduction to sports betting came through a friend. With the help of a cousin I opened an account on 'Bet365.com' and began betting. At the beginning it was occasional and mainly during IPL, BPL and World Cup matches but it has become a regular habit now. Despite its illegality I, as a university student seeking financial independence see sports betting as a worthwhile mean to earn money. I believe in Bangladesh where unemployment is prevalent betting can be a good opportunity to earn money. However, I am also aware of its potential to interfere with our studies. While I support betting for entertainment purposes, I emphasize the importance of avoiding addiction maintaining awareness of its impact on our lives (Field work-2022)*

The present study indicates that majority of the respondents (50%) bet at least once in a week; however 28 percent showed that they bet at least once a fortnight and 12 percent at least once a month, another 7 percent at least once in the past three months and 3 percent unknown. The study shows that 60.5 percent of the respondents have sometimes won, 14.5 percent have never won, 13.2 percent have rarely won and 2.6 percent have won each time when they placed a bet. Only 14.5 percent of the respondents said that they never won a sports bet. From the finding, it indicates that the chance of winning in sports betting was 85.5 percent among the bettors. It is very easy to enter betting sights for Bangladeshi youth due to advanced technology and for most of the respondent interviewed in this study that the easy of entering this sector is the main reason to be sports bettors in their early life. One recovering bettors said,

*What began as harmless fun and nothing more than a joke turned into serious addiction when I started placing bets on BPL matches and doubling my money. Starting with TK. 1000 bets I gradually increased my stakes relying on accurate predictions made by friends and sports commentators. As I escalated my betting amount during IPL and BPL seasons I found myself losing large sums of money. To improve my odds of winning I meticulously studied all the teams before each leagues. But, despite my efforts, losses mounted. My addiction forced me to borrow significant sums from friends straining our relationships as they began avoiding me and rejecting my calls. Realizing the harmful nature of sports betting and its closeness to gambling I made the difficult decision to stop, acknowledging the toll it took on my finances and friends (Field work-2022).*

On the other hand, it sought to know whether they are aware of any law or regulations governing them as bettors. Out of the 40 sports bettors, only 3 (7.5%) were aware of the laws and regulations. This clearly shows that they are involved in this sport betting sector blindly.

#### **6.4. The effects of betting on youths**

Gambling addiction or pathological gambling is a persistent and recurrent maladaptive gambling behavior, characterized by some of the following: preoccupation with gambling, need

to gamble with increasing amounts, inability to cut back or stop, "chasing" losses, lying about gambling, adverse social and financial consequences at risk" gambling and problem gambling, to gambling addiction (Henrietta and Sanju, 2012). Gambling is a disease and addicts need immediate medical attention in order to be rescued. Studies have revealed that health problems that accompany gambling include depression, heart disease, high blood pressure, disrupted sleep patterns, intestinal disorders, migraines, irritability, extreme moodiness, and other stress-related disorders such as loss of appetite (Abbott, 2017; Scott and Barr, 2013). Most people do not recognize that one can become addicted to gambling just as one can become addicted to alcohol or drugs. Uncontrolled gambling has a negative impact on the academic performance of students and in a long run it can cause suicidal effects. Many universities have been reported about youth gambling and all have terrible effects on the students. Recently a private university BBA student was killed by sport bettors because he protests sport betting in his locality that polluted the social environment of the area and affected the young generation killing over betting is not new in the country. Recently actress Humaira Nusrat Himu was committed suicide at 2 November, 2023 and the director of the legal and media wing of RAB said that Himu was addicted to online gambling. Himu borrowed a large sum of money from a person over the past four months to play gambling online. At one stage, Himu committed suicide (The observer, Nov 3, 2023). Unfortunately, it is usually hardcore people and students of Bangladesh who spend large amount of their income for betting purposes. As a result, a vicious cycle of poverty ensues among these kinds of people and the poor remain poor by gambling away their savings. The present study revealed that the sports bettors face many kind of problem like loss of fruitful school or working hours, loss of family assets as well as they become involve in domestic and community violence. On the other hand, Majority people of this study exposed that sports betting does not bring any kind of positive impact on their household welfare but it is a big concerning issue that many of them have positive view about betting. As a group we also wanted to find out how sports betting have affected them both positively and negatively. The researchers has found that 42.5 percent of them were face in debt and financial embarrassment, 22.5 percent of them caused frustration, anger and suicidal, 10 percent of them agreed that it wasted their time and another 10 percent of them said that it brings positive view for them because it helps them to spend their leisure time smoothly and 5 percent respondent was silent in this matter. Therefore, it shows that most of the sport bettors are negatively affected by sports betting and it brings more harm than good to their lives. In this regards, Rownaka, a sell-man in a shop narrated his life experiences in such a way:

*I began engaging in sports betting with friends at the age of seventeen during my second year of H.S.C studies. Prior to engaging into this activity, I had achieved a praiseworthy GPA of 5 in my S.S.C examination. However, as my addiction to sports betting intensified it consumed most of my time greatly hindering my academic progress. I became so preoccupied with betting that I neglected attending classes and exams regularly. Within a few months, I reached a point where I could no longer afford to pay*

*my college tuition fees as I spent that money on betting instead. Consequently, I missed out on participating in my H.S.C test examination. Moreover, I recklessly gambled all my finances for larger goals only to suffer devastating losses. As financial troubles mounted due to my gambling habit, I started to borrow money from various sources to sustain my addiction. My inability to repay these loans on time caused strained relationships with friends and relatives who began to avoid me. As a result my financial and social standing were significantly affected and I ended up destroying my academic life and bright promising future (Field work-2020).*

Students of higher secondary, Honors and Masters even class eight to secondary level are involved with sports betting. Their sources of fund are limited but they manage betting money from guardians by asking various fees of the institution like coaching fee, tuition fee or various other fees. For betting they sometimes steal from household or parents' pocket, sometimes cut coaching or private or monthly breakfast or other expenses. Moreover, the students who have income such as who do tuition or taking coaching class or who are involved in student politics or local politics are more involved in sports betting. So, data in this study shows that teenagers and young people who spoil in betting are found to below performance in their academic activities. They lose their tuition fees in betting-related activities and involve in deviant behaviour and illegal activities, such as use of alcohol and high-risk sexual behaviour. The study data also reveals that teenager or youth who were exposed to betting at an early age through family became addicts. In this regard, availability of science and technology and high ambition are the main to rapidly increase of betting culture in Bangladesh.

## **7. Discussion**

During the course of learning, people do not only perform responses but they also observe the differential consequences accompanying their various actions. Max Weber's four categories of rationality based on purposeful action, value-oriented action, cultural and emotional rational action contributed to understanding student gamblers' regular engagement with sports betting. Thus, the gamblers based their respective bets based on either (1) their decisions directed towards achieving certain purposeful desires to maximize returns on investment (purposeful or goal-oriented action), or (2) a perceived effective means nevertheless consistent with their values to achieve their goals (value-oriented action), or (3) their decisions oriented towards customs and traditions, not limited to habits and cultural norms (traditional or cultural action), or (4) making decisions to reflect their feelings in response to a certain event or situation at a point in time (affection or emotional action). The categories of rationality offered relevant information to explain student gamblers' rationale for engaging in sports betting activities. The purpose of the study is to find out the issues that sports betting are new growing concern in Bangladesh and its impact on youth. After analyzing the in depth interview of respondents the study shows that day by day the young generations of Bangladesh are involving in sports betting. Here easy way to earn disproportionate amount of money within a short time is one of the most influential factor for increasing the number of young sports bettors in Bangladesh. Therefore, the young

generations do not feel the negative social and economic effect of gambling and perhaps that is why the sports betting is increasing rapidly at everywhere in Bangladesh. In this context Tolchard (2014) found his study that adolescents considered sports betting as a positive way out of poverty. Some even perceive gambling as an investment made to get more money back. However, adolescents avoid using words such as risk and instead use more soft words such as luck and chance. This shows that a sport betting preoccupies the economic sphere of those involved in the practice.

Findings of this study support the fact that social factors could also be a major driver or effect on vulnerable segments of the users. According to this study, individuals in full employment and unmarried were highly likely to engage in gambling in sports as opposed to individuals who are student or unemployed. This could be due to availability of cash money and easy access to the internet at the work place. Furthermore, individuals between the ages of 16 – 25 and those of the male gender are highly engaged in sports betting than any other group. These social factors presuppose that betting has an impact on a certain vulnerable group of users who possess certain characteristics. Now, in our society, people, who accumulate wealth through illegal means, enjoy high prestige and social status. Present social structure also limits individual ability of many to acquire wealth through institutionalized means. To be rich within a short time and drive to lead a luxurious life some of lower class young people of our society adopt gambling through sports betting. On the other hands, most of sports bettors have easy access of the betting sites by the use of mobile phones and therefore helping the betting practice to take place. One of the most important findings in this study was that the majority percentage of the sports bettors are learnt sports betting through their friends. It can be said that most of the times, they watch the cricket or football matches together in groups. In association to the social learning theory, Bandura (1977) explains that the social learning view states that new patterns of behavior can be acquired through direct experience or by observing the behavior of others. This is explained by why most times work together and most of the bettors learnt the betting through their friends and enter into it with time. This theory describes why people behave the way they do and this explains it all.

In this study few respondents have online account but many of them are involved in online betting sites. Most of the respondents prefer online betting. All of the respondents knew betting from their peer group and they started betting as an entertainment purpose within their peer group. Though it's started for entertainment purpose, gradually it became an addiction. In many cases it shows that psychological risk factors include personality features, such as dysfunctional impulsivity, impaired reward processing, poor coping mechanisms to stress, and defense mechanisms like guilt and shame that drive ongoing addiction. (They also bet both in local and online betting sites. They bet not only in their community but also in outside their district. In local betting for distant parties they contract with mobile phone and use mobile banking facility for money transaction and in online betting they can easily withdraw their money from any bank with ATM card). In this study most of the respondents think that betting is not crime but it

is a modern sort of business. Sometimes they also take it for the purpose of their entertainment. Very few are aware of the rules and laws of betting in Bangladesh. So, it can be said that online betting has been growing rapidly in contemporary time, and its tempting advertisements have led to this spreading out. This has generated a countless risk of gambling addiction and financial ruin. If we want to protect our young generation from gambling addiction, we must stop advertisement campaigns run by the betting rackets and the young generation should be aware of the negative effects of sports betting. Considering betting trends of the last few years and the result of this study clearly indicates that the increasing intensity of sports betting on youth of our country likely to continue and in the long run our young generation involve in gambling through sports betting which affects their behavior as well as their social life.

## **8. Conclusion**

It is very alarming for the country that sports betting among the youths are growing rapidly. The young generation is grown up in an ambiguous environment where sports betting (gambling) are perceived to be a harmless socially acceptable recreational activity. Consequently, the gambling related problems such as borrowing, anxiety, indebtedness and emotional worries are heightened among the youth gamblers. The study demand that sports betting have found more harm than good and the study also shows that it is a matter of urgency to be addressed bad sides of sports betting and to be controlled. Government and organization of civil society should work together for social awareness. These organizations should point out the dangers of gambling especially among the youths by using proper media. So, it can be said that the online gaming market is rising quickly and it is driven by technology and consumer preferences. It is time to find out the actual causes of the rapid growth of gambling and sports betting and more researches should be work on gambling before the activity in the long run develops into pathological gambling. On the other hand if these industries continue to evolve, it is vital to priority user safety for a successful gaming experience and to ensure that the digital boundary remains enjoyable for all in Smart Bangladesh.

## **References**

- Abbott, M. (2017). The epidemiology and impact of gambling disorder and other gambling-related harm. *WHO Forum on Alcohol, Drugs and Addictive Behaviours, Geneva, Switzerland*.
- Bandura, A. (1977). Self-efficacy: toward a unifying theory of behavioral change. *Psychological Review*, 84(2), 191.
- Bowden-Jones, H., & George, S. (2011). Gambling addiction. *BMJ*, 343(dec30 1), d7789–d7789. <https://doi.org/10.1136/bmj.d7789>
- Chauhan, B. S. (2018). *Legal Framework: Gambling and Sports Betting including in Cricket in India*. [https://www.azarplus.com/fotos/file/09\\_07\\_18/Report276.pdf](https://www.azarplus.com/fotos/file/09_07_18/Report276.pdf)
- Gainsbury, S. M., Russell, A., Hing, N., Wood, R., Lubman, D. I., & Blaszczynski, A. (2014). The prevalence and determinants of problem gambling in Australia: assessing the impact of interactive gambling and new technologies. *Psychology of Addictive Behaviors*, 28(3), 769.



- Gupta, R., & Derevensky, J. L. (1998). Adolescent gambling behavior: A prevalence study and examination of the correlates associated with problem gambling. *Journal of Gambling Studies*, 14(4), 319–345.
- Humphreys, B. R., & Carcedo, L. P. (2012). Who bets on sports?: characteristics of sports bettors and the consequences of expanding sports betting opportunities. *Estudios de Economía Aplicada*, 30(2), 579–598.
- Jackson, D. A. (1994). Focus on sport: index betting on sports. *Journal of the Royal Statistical Society: Series D (The Statistician)*, 43(2), 309–315.
- Kanchan Sehwat and Gaurav Talan ( 2014). Sports Betting in India (if you can t stop it, legalize it?) *IRACST International Journal of Commerce, Business and Management (IJCBM)*.3( 3) 132-35
- Khan, M. M. I. (2023). *Cricket-based betting and University students: A new income source or a curse for university students in Bangladesh?* <https://doi.org/10.33774/coe-2023-mb6xv>
- Koross, R. (2016). University students gambling: Examining the effects of betting on Kenyan university students' behavior. *International Journal of Liberal Arts and Social Science*, 4(8), 57–66.
- Omobowale, A. O. (2009). Sports and European soccer fans in Nigeria. *Journal of Asian and African Studies*, 44(6), 624–634.
- Reith, G. (2006). *Research on the social impact of gambling*.
- Sammut, M. (2010). *The prevalence of gambling among university students: With a focus on Internet gambling*. University of Malta.
- Scott, L., & Barr, G. (2013). Unregulated gambling in South African townships: A policy conundrum? *Journal of Gambling Studies*, 29, 719–732.
- Shaffer, H. J., Donato, A. N., LaBrie, R. A., Kidman, R. C., & LaPlante, D. A. (2005). The epidemiology of college alcohol and gambling policies. *Harm Reduction Journal*, 2, 1–20.
- Tolchard, B., Glozah, F., & Pevalin, D. (2014). Attitudes towards gambling in Ghanaian adolescents. *3rd International Conference and Exhibition on Addiction 2014*.

## বাংলাদেশের স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্প বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যের ভূমিকা

মোঃ নঈম আকতার সিদ্দিক  
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

**Abstract:** In Bangladesh, the local government plays a crucial role in implementing development projects for public welfare. The main focus of this study is to provide a better understanding of the role of MPs in the selection process of local-level development projects. The qualitative findings resulting from the purposively selected responses highlighted the influence of members of Parliament (MPs) in the selection process of these (ADP, TR & Kabikha) projects, often prioritizing those linked to their affiliated Union Parishad and Upazila Parishad Chairmen. This can lead to deviation from the established manual process, disregarding the input of the project committee. Factors such as party affiliations, personal interests, power conflicts, and neglect of opposition party officials further complicate the selection process. To address these issues, strict adherence to the Upazila Parishad Amendment Act 2009 and the Upazila Parishad Manual 2013 is essential. Additionally, ensuring parliamentarians' impartiality and preventing undue influence are crucial for a fair and transparent project selection process at the local level. This would ultimately lead to more effective and inclusive development initiatives for the benefit of the community.

**চাবিশব্দ:** স্থানীয় পর্যায়, উন্নয়ন প্রকল্প, বাছাই প্রক্রিয়া, সংসদ সদস্য, ভূমিকা

### ১. ভূমিকা

আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রসমূহে গণতন্ত্র চর্চার অন্যতম একটি পদ্ধতি হচ্ছে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা। ভারতীয় উপমহাদেশে সংসদীয় গণতন্ত্রের যাত্রা শুরু হয় ব্রিটিশ আমল থেকেই। এরই ধারাবাহিকতায় ১৯৭১ সালে বাংলাদেশ অভ্যুদয়ের মধ্য দিয়ে ১৯৭২ সালে সংবিধানের মাধ্যমে সংসদীয় গণতান্ত্রিক সরকার ব্যবস্থা চালু হয়। স্বাধীনতার পরবর্তী সময়ে তৃণমূল পর্যায়ের জনগোষ্ঠীকে শাসন এবং মৌলিক চাহিদা পূরণ ছাড়াও আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকরণে গুরুত্ব দেওয়া হয়। এ উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ সংবিধানের ৫৯(৩) নং অনুচ্ছেদে জনসাধারণের কার্য ও উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের দায়িত্ব নির্বাচিত (স্থানীয়) প্রতিষ্ঠানসমূহের উপরন্যস্ত থাকার কথা বলা হয়েছে। কিন্তু উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন স্থানীয় সরকারের সাংবিধানিক দায়িত্ব হলেও এক্ষেত্রে সংসদ সদস্যগণই মূল ভূমিকার নিয়ামক। ২০০৯ সালের উপজেলা পরিষদ অধ্যাদেশ সংশোধনীর মাধ্যমে উপজেলা পরিষদে সংসদ সদস্যদের উপদেষ্টার ভূমিকা তাদের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে ভূমিকার ক্ষেত্র প্রস্তুত করে (রহমান, ২০১৯ পৃ: ৪৮)। বাংলাদেশ সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদ অনুসারে আইন প্রণয়ন করা সংসদ সদস্যগণের অন্যতম কাজ হলেও স্থানীয় পর্যায়ে নির্বাচিত জনপ্রতিনিধি এবং উপজেলা পরিষদের উপদেষ্টার দায়িত্ব গ্রহণের মধ্য দিয়ে নিজ নিজ নির্বাচনী এলাকা তথা স্থানীয় পর্যায়ের বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নমূলক (কাঁচা ও পাকা রাস্তাঘাট, ব্রীজ নির্মাণ ও সংস্কার, শিক্ষা

প্রতিষ্ঠানের ভবন সংস্কার, স্বাস্থ্য, কৃষি ও সেচ এবং পরিবেশ সুরক্ষা ইত্যাদি) কার্যক্রম করে থাকেন। উক্ত উন্নয়ন কার্যক্রমসমূহের বেশিরভাগ উপজেলা পরিষদে সরকারের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্পসমূহের (এডিপি, টিআর, কাবিখা) মাধ্যমে তারা বাস্তবায়নের উদ্যোগ নিয়ে থাকেন (আহমেদ, ২০১৫:৮৭)। এক্ষেত্রে সংসদ সদস্যদের স্থানীয় পর্যায়ের উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা যথাযথভাবে উন্নয়ন প্রকল্পের বাছাই কিংবা নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করা না হলে স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাঁধগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। বাংলাদেশ স্থানীয় সরকার, উপজেলা পরিষদ ম্যানুয়াল (২০১৩) অনুযায়ী বলা হয়েছে, উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ যেমন: বাৎসরিক উন্নয়ন প্রকল্প (এডিপি), টেস্ট রিলিফ (টিআর), কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী (কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে উপজেলা পরিষদের প্রতি মাসিক বৈঠকে বিভিন্ন ইউনিয়নের জনসংখ্যা ও আয়তন এবং জনচাহিদাকে প্রাধান্য দিবেন (প্রাপ্ত, উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩)। উক্ত উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে উপজেলা পরিষদের প্রকল্প সংশ্লিষ্ট কমিটির (উপজেলা ও ইউপি চেয়ারম্যান, ইউএনও, উপজেলা পিআইও এবং উপজেলা প্রকৌশলী অফিসার) মতামতের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের বিধান রয়েছে (অপারেশন ম্যানুয়াল, ২০১৬)। এক্ষেত্রে সংসদ সদস্যগণ উক্ত প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনের ক্ষেত্রে উপদেষ্টা হিসেবে ভূমিকা পালন করবেন (প্রাপ্ত, ২০১৩)। সুতরাং স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সংসদ সদস্যরা সরকারের বরাদ্দকৃত উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের (এডিপি, টিআর, কাবিখা) বাছাই কিংবা নির্বাচন প্রক্রিয়ায় কী ধরনের ভূমিকা পালন করে থাকেন তা অনুসন্ধান করাই আলোচ্য প্রবন্ধের মূল উদ্দেশ্য।

## ২. গবেষণার উদ্দেশ্য

আলোচ্য গবেষণায় নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ অনুসন্ধানের প্রচেষ্টা চালানো হয়েছে।

১. স্থানীয় উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনের ক্ষেত্রে সংসদ সদস্যগণ কী ধরনের প্রক্রিয়া অনুসরণ করেন তা অন্বেষণ করা;
২. সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত না হলে তার কারণসমূহ কী তা অনুসন্ধান করা;

## ৩. প্রাসঙ্গিক সাহিত্য পর্যালোচনা

Hossain Zillur Rahman (২০০২) এর লেখা *Local Government Issues and Way Forward: Decentralizations in Bangladesh* প্রবন্ধে স্থানীয় সরকার ইস্যু ও বাংলাদেশে বিকেন্দ্রীকরণ ব্যবস্থার ক্ষেত্রে সংসদ সদস্যদের সাথে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন বিষয়ক সম্পর্ক কি হওয়া উচিত তা আলোচনা করা হয়েছে। বাংলাদেশ সংবিধানের ৭০ অনুচ্ছেদের কারণে সাংসদগণ আইন প্রণয়ন কাজে নিয়োজিত না হয়ে জনগণের নির্বাচিত প্রতিনিধি হিসেবে স্থানীয় উন্নয়ন কর্মকাণ্ডে অধিক মাত্রায় সম্পৃক্ততার বিষয়টিও প্রবন্ধে তুলে ধরা হয়েছে। এখানে প্রাবন্ধিক বাংলাদেশে সাংসদদের স্থানীয় পর্যায়ে তিন ধরনের ভূমিকার কথা উল্লেখ করেছেন: ক) কেন্দ্রীয় সরকারের উপর চাপ প্রয়োগকারী ভূমিকা খ) উন্নয়ন সংক্রান্ত গ) স্থানীয় ন্যায়পালের ভূমিকা। সর্বোপরি স্থানীয় পর্যায়ের উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে সাংসদদের সাথে স্থানীয় প্রতিষ্ঠানের (ইউপি) দ্বন্দ্বের বিষয়গুলোকে চিহ্নিত করে তা সমাধানের লক্ষ্যে সুপারিশ প্রদান করা হয়েছে। J. Stillborn (২০১২) কর্তৃক রচিত *The Roles of the Members of Parliament in Canada; Are They Changing?* গ্রন্থে কানাডার পার্লামেন্টে সংসদ সদস্যদের চার ধরনের ভূমিকার কথা তুলে ধরা হয়েছে। যথা: আইন সংক্রান্ত, সেবাদানকারী, নির্বাচনী এলাকার উন্নয়ন এবং দলীয় প্রতিনিধিত্ব। এক্ষেত্রে আইন সংক্রান্ত ভূমিকা বলতে কানাডার পার্লামেন্টে সাংসদদের আইন প্রণয়নমূলক কর্মকাণ্ড, সেবাদানকারী ভূমিকা বলতে জনগণের সেবামূলক কর্মকাণ্ড এবং কানাডার পার্লামেন্ট নির্বাচনী এলাকার উন্নয়ন সংশ্লিষ্ট কর্মকাণ্ডের ভূমিকা ইত্যাদি বিষয়সমূহ সম্পর্কে গ্রন্থে আলোচনা করা হয়েছে। Joel Smith and Lloyd D. Musolf (১৯৭৯) কর্তৃক রচিত

*Legislatures in Development; Dynamics of Change in New and Old States* গ্রন্থটি সমগ্র বিশ্বের উন্নয়নশীল দেশের আইনসভার ওপর একটি অনন্য গ্রন্থ। এখানে উন্নয়নে আইনসভার ভূমিকা এবং নতুন ও পুরাতন রাষ্ট্রসমূহে বহুমাত্রিক পরিবর্তন আনয়নের ক্ষেত্রে আইনসভা কী ধরনের ভূমিকা পালন করে তা আলোচনা করা হয়েছে। গ্রন্থটি মূলত তিনটি অধ্যায়ে বিভক্ত করে আলোচনা করা হয়েছে। প্রথম অধ্যায়ে আইন সভা এবং উন্নয়ন বিষয়ে তাত্ত্বিক পর্যালোচনা, দ্বিতীয় অধ্যায়ে উন্নয়ন কৌশল নির্ধারণে আইনসভায় সংসদ সদস্যদের ভূমিকা (তাজানিয়া ও কেনিয়া প্রেক্ষিত) বর্ণনা করা হয়েছে। তৃতীয় অধ্যায়ে অর্থনৈতিক নীতি নির্ধারণে ভারতীয় সংসদের ভূমিকা এবং অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে মালয়েশিয়ার পার্লামেন্টের ভূমিকা বিস্তারিত আলোচনা করা হয়েছে। Kamal Siddiqui (২০০২) এর লেখা *Local Governance in Bangladesh, Leading Issues and Major Challenges* গ্রন্থটি পাঁচটি অধ্যায়ে বিন্যস্ত করে আলোচনা করা হয়েছে। প্রথম অধ্যায়ে স্থানীয় প্রশাসনের রাজনৈতিক বাস্তবতা ও প্রশাসনিক সংস্কার সম্পর্কে আলোচনা করেছেন। দ্বিতীয় অধ্যায়ে স্থানীয় সরকারের বিভিন্ন স্তর, স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিদের সাথে স্থানীয় পর্যায়ে নিয়োজিত প্রশাসনের সম্পর্কের ধরন এবং তৃতীয় অধ্যায়ে জেলা ও উপজেলা পর্যায়ে বিদ্যমান স্থানীয় প্রশাসনের সাথে স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিদের উন্নয়ন সম্পর্ক বিষয়ে আলোচনা করা হয়েছে। এছাড়া গ্রন্থে থানা উন্নয়ন ও সমন্বয় কমিটিগুলোতে এমপির উপদেষ্টা হিসেবে ভূমিকা পালনের বিষয়টি গুরুত্ব দেয়া হয়েছে। গ্রন্থে স্থানীয় নেতাকর্মীরা নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থায় প্রভাব বিস্তার করে যা স্থানীয় ক্ষমতা কাঠামোর ভিত্তি দুর্বল করে, এ বিষয়টিও গ্রন্থে তুলে ধরা হয়েছে। Kirsten Westergaard (১৯৯৬) এর লেখা *People's Participation, Local Government and Rural Development: The Case of West Bengal, India* প্রবন্ধে স্থানীয় সরকার ও গ্রামীণ উন্নয়নে জনগণের অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে ভারতের পশ্চিমবঙ্গের জনগণের কেস স্টাডির উপর ভিত্তি করে স্থানীয় সরকার ও উন্নয়ন বিষয়ক বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়েছে। প্রবন্ধে স্থানীয় সরকার ও গ্রামীণ উন্নয়ন বিষয়ে ফিলিপাইন ও ভারতের দুইটি মডেল উল্লেখ করা হয়েছে। ভারতের ক্ষেত্রে সাংসদদের নির্বাচনী এলাকার উন্নয়ন প্রকল্পের বরাদ্দ কিভাবে স্থানীয় পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হয় তা তুলে ধরা হয়েছে। ১৯৯৩ সালের এমপিএলএডিএস (সংসদ সদস্যদের স্থানীয় এলাকার উন্নয়ন সংক্রান্ত স্বীকৃতি) বিষয়টি উদাহরণ হিসেবে বর্ণনা করা হয়। এ প্রক্রিয়ার অধীনে প্রত্যেক এমপি বছরে ২ কোটি রুপি তাঁর নির্বাচনী এলাকার উন্নয়নের জন্য বরাদ্দ পেয়ে থাকেন এবং বরাদ্দকৃত অর্থ রাস্তা-ঘাট, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ইত্যাদি উন্নয়নমূলক কাজে ব্যয় করেন। তবে আলোচ্য প্রবন্ধে বাংলাদেশের স্থানীয় উন্নয়নে এমপিদের ভূমিকা নিয়ে কোন আলোচনা করা হয়নি। তাত্ত্বিক Hasnat Abdul Hye (১৯৮২) এর লেখা *Local Level Planning in Bangladesh* গ্রন্থটি ছয়টি অধ্যায়ে বিভক্ত। লেখক ১ম ও ২য় অধ্যায়ে স্থানীয় পর্যায়ে পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়নের পন্থা সম্পর্কে আলোকপাত করেছেন। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা গ্রহণে কোন সংস্থা কিরূপ ভূমিকা রাখছে তা ব্যাখ্যা করেন। ৩য় অধ্যায়ে অতীতে স্থানীয় পরিকল্পনার সফলতা ও ব্যর্থতা থেকে শিক্ষা গ্রহণ করে ভবিষ্যৎ কর্ম পরিকল্পনাকে সফল করার উপর গুরুত্বারোপ করা হয়েছে। লেখক ৪র্থ ও ৫ম অধ্যায়ে স্থানীয় উন্নয়ন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে নির্দেশাবলী নির্ণয়ে একটি প্রস্তাবনা উপস্থাপন করেছেন। এক্ষেত্রে লেখক পরিকল্পনাকে ৫টি পর্বে বিভক্ত করেন। পর্ব বা পর্যায়সমূহের মধ্যে বিভাগীয় পরিকল্পনা, জেলা পরিকল্পনা, উপজেলা পরিকল্পনা, ইউনিয়ন পরিকল্পনা ও গ্রাম পরিকল্পনা উল্লেখযোগ্য। ৬ষ্ঠ অধ্যায়ে লেখক স্থানীয় পর্যায়ে ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনার ভবিষ্যৎ সমস্যা ও সম্ভাবনা নিয়ে তাঁর সুচিন্তিত মতামত প্রদান করেছেন।

বাংলাদেশে সংসদ সদস্যদের ভূমিকা নিয়ে কিছু প্রবন্ধ এবং রিপোর্টে আলোচনা করা হলেও স্থানীয় পর্যায়ের উন্নয়নে সংসদ সদস্যদের ভূমিকা নিয়ে সুনির্দিষ্ট কোনো গ্রন্থ কিংবা গবেষণাকর্ম নেই। অথচ বাংলাদেশের জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধি এবং স্থানীয় উপদেষ্টা (উপজেলা পরিষদ) হিসেবে সংসদ সদস্য এলাকার উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে উন্নয়ন প্রকল্পসমূহের (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। সুতরাং উক্ত উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা কী ধরনের তা উৎঘাটনে আলোচ্য গবেষণাকর্মটি সময়পোষোগী গবেষণা হিসেবে বিবেচিত হতে পারে।

## ৪. গবেষণার ধারণাগত সংজ্ঞায়ন

### ৪.১ স্থানীয় পর্যায়

সাধারণত স্থানীয় পর্যায় বলতে বাংলাদেশে বিদ্যমান স্থানীয় সরকার কর্তৃক শাসন ও পরিচালিত অংশকে বোঝানো হয়েছে। অর্থাৎ, বাংলাদেশে বিদ্যমান স্থানীয় সরকার যেমন ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন কর্তৃক শাসনকৃত ও পরিচালিত অঞ্চল বা এলাকা স্থানীয় পর্যায় হিসেবে বিবেচিত। স্থানীয় পর্যায়ে বসবাসকারী জনগণের সঙ্গে সরকারের সম্পর্ক পুনর্বিন্যাসে স্থানীয় উন্নয়ন একটি অন্যতম প্রক্রিয়া হিসেবে কাজ করে। এ প্রক্রিয়ায় অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও প্রযুক্তিগত অগ্রগতির মধ্য দিয়ে উভয়ের ভেতর একটি আন্তঃসম্পর্ক স্থাপিত হয়। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান উভয়ের সংশ্লিষ্টতা ও উদ্যোগ স্থানীয় উন্নয়ন কার্যক্রম জোরদার করে তোলে। তবে আলোচ্য প্রবন্ধে স্থানীয় পর্যায় বলতে নির্বাচনী এলাকার উপজেলা সংশ্লিষ্ট ইউনিয়নসমূহের বিস্তৃত এলাকাকে বুঝানো হয়েছে। এক্ষেত্রে উক্ত এলাকার জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের উন্নয়ন কর্মকাণ্ড যেমন: যোগাযোগ ও শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা, স্থানীয় বিদ্যুৎতায়ন, কৃষি ও সেচ, ব্যবসা বাণিজ্য, মসজিদ, মন্দির ইত্যাদি নির্মাণ ও সংস্কার কার্যক্রম ইত্যাদি উন্নয়নকে বোঝায়।

### ৪.২ সংসদ সদস্য

সংসদ সদস্য এর ইংরেজী প্রতিশব্দ হচ্ছে ‘মেম্বর অব পার্লামেন্ট’ বা ‘এমপি’। ফরাসী ভাষায় এমপিকে ‘ডেপুটি’ নামে অভিহিত করা হয়। সংসদে জনগণের প্রতিনিধিত্ব করার জন্য জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিই হচ্ছেন সংসদ সদস্য (রহমান, ২০১৩)। আবার কেউ কেউ মনে করেন, কোন এলাকা থেকে সংসদে নির্বাচিত একজন রাজনীতিবিদই হচ্ছেন সংসদ সদস্য (বারাকাত, ২০১৫)। পার্লামেন্ট হলো দেশের সর্বোচ্চ আইন প্রণয়নকারী প্রতিষ্ঠান। এক্ষেত্রে আইন প্রণয়নের কাজে মূল ভূমিকা পালন করেন সংসদ সদস্যগণ। তাঁরা সাধারণত জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে থাকেন। যে সকল দেশে দ্বি-কক্ষ বিশিষ্ট আইন প্রণয়নকারী প্রতিষ্ঠান রয়েছে, সেখানে সংসদ সদস্য বলতে নিম্নকক্ষের সদস্যকে বোঝানো হয়ে থাকে। যেমন: ভারতের লোকসভা, ব্রিটেনের ক্ষেত্রে হাউজ অফ কমন্স ইত্যাদি। তবে বাংলাদেশে এক কক্ষ বিশিষ্ট সংসদীয় স্তর বিদ্যমান। সংসদ সদস্যকে অনেকে ‘সাংসদ’ নামেও অভিহিত করেন। তবে, নিত্য-নৈমিত্তিক বা প্রাত্যহিক কর্মকাণ্ডে ‘মেম্বর অব পার্লামেন্ট’ হিসেবে সংসদ সদস্যকে ‘এমপি’ বা ‘সাংসদ’ শব্দের মাধ্যমে সংক্ষিপ্ত আকারে ব্যবহার করা হয়। বর্তমানকালে প্রচারমাধ্যমে সাধারণ অর্থেই এমপি শব্দের প্রয়োগ লক্ষণীয় (হোসেন, ২০১৮:১৯)। বাংলাদেশে প্রতি পাঁচ বছর অন্তর জাতীয় নির্বাচনের মাধ্যমে সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হন। সংসদে দেশের বিভিন্ন এলাকা থেকে ৩৫০ জন সংসদ সদস্য প্রতিনিধিত্ব করেন। তন্মধ্যে ৫০ জন সংরক্ষিত আসন থেকে মহিলা সদস্য।

### ৪.৩ উন্নয়ন প্রকল্প

প্রকল্প হচ্ছে উন্নয়ন কর্মকাণ্ডের ক্ষুদ্রতম একক। প্রকল্প হচ্ছে উন্নয়নের একটি মাধ্যম যেখানে আর্থ-সম্পদকে মূল সম্পদে রূপান্তরিত করা হয়। উন্নয়ন প্রকল্প হলো পরিকল্পিত উপায়ে সামগ্রিক সমৃদ্ধি অর্জনের জন্য গ্রহীত প্রস্তাব বা সূচী। সাধারণভাবে বলা যায় যে উদ্দেশ্যপূর্ণ এবং বাস্তবায়ন যোগ্য কার্যাবলী সম্পদ নির্বাহের জন্য সুপরিকল্পিত কর্মপরিকল্পনা হলো উন্নয়ন প্রকল্প। সহজ ভাবে বলতে গেলে এক বা একাধিক উদ্যোক্তা কর্তৃক কর্মসম্পাদনযোগ্য একটি সুনির্দিষ্ট উন্নয়ন প্রস্তাব বা পরিকল্পনা যার সুনির্দিষ্ট আরাষ্ট্র বা শেষ রয়েছে তাকে উন্নয়ন প্রকল্প বলে। মূলত নির্দিষ্ট সময়সীমার মধ্যে কোন আর্থ সামাজিক কল্যাণ বা মুনাফা লাভের উদ্দেশ্যে এক বা একাধিক সম্পদকে পরিকল্পনা মাফিক কাজে লাগানোই হলো উন্নয়ন প্রকল্প। উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচন বলতে কোনো স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রম (রাস্তাঘাট, ব্রীজ, কার্লভাট, স্কুল, কলেজের ভবন নির্মাণ ও সংস্কার, কৃষি ও সেচ ব্যবস্থার সংস্কার, মসজিদ, মন্দির নির্মাণ ও সংস্কার ইত্যাদি) কার্যক্রম নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্যে অনুসরণ করাকে বোঝায়। আলোচ্য গবেষণায় উন্নয়ন

প্রকল্পের বাছাই বা নির্বাচন প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা বলতে স্থানীয় পর্যায়ের উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংসদ সদস্যদের উপজেলা পরিষদের সরকারের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্প (এডিপি, টিআর, কাবিখা) এবং এলজিইডি আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্য দিয়ে অনুসরণ করাকে বোঝায়।

## ৫. তাত্ত্বিক কাঠামো

স্থানীয় পর্যায়ের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা শীর্ষক গবেষণা কর্মটি করতে বেশ কিছু তত্ত্বের মিল খুঁজে পাওয়া গেছে। প্রথমটি এই গবেষণা কর্মের তাত্ত্বিক কাঠামো ভূমিকা তত্ত্বের (Role theory) সাথে সংশ্লিষ্ট। অর্থাৎ এই তত্ত্বে ভূমিকা বলতে কোন ব্যক্তি, ব্যক্তিবর্গ বা সংগঠনের কাছ থেকে সুনির্দিষ্ট আচরণ কিংবা প্রত্যাশিত কার্য সম্পাদনকেই বুঝানো হয়েছে। এ তত্ত্ব জনগণের সেই সকল কার্যাদি সম্পাদন করে যা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত এবং প্রতিষ্ঠানের উন্নয়ন ত্বরান্বিত করতে পরস্পর সম্পর্কযুক্ত হলো ব্যক্তির প্রত্যাশিত ভূমিকা (Allan, ১৯৮১)। স্থানীয় আর্থ-সামাজিক উন্নয়নের পরিপ্রেক্ষিতে ব্যক্তি কোন না কোনোভাবে ভূমিকা গ্রহণ করে এবং এ ভূমিকাই দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির যে কোনো উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে অনুপ্রাণিত করে (Robert, ১৯৮৬)। দ্বিতীয়ত আলোচ্য গবেষণা কর্মটি চণ্ডলবপঃ উবাবষড়্‌সবহঃ রহ ংষবড়ু-র সাথে সাদৃশ্য রয়েছে। এই তত্ত্বে অর্থনৈতিক উন্নয়কে গুরুত্ব দিয়ে স্থানীয় এলাকার জনগণের জীবনমান উন্নয়নের দিকসমূহ ব্যাখ্যা করা হয়েছে এবং স্থানীয় উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের ইতিবাচক মনোভাব ও স্বচ্ছতার বিষয়ে আলোকপাত করা হয়েছে (Munck, 1999)।

## ৬. গবেষণা পদ্ধতি

### ৬.১ তথ্যের উৎস

মাঠ পর্যায় থেকে সংগৃহীত প্রাথমিক উৎসের তথ্যই আলোচ্য গবেষণায় ব্যবহৃত হয়েছে। এক্ষেত্রে বর্তমান গবেষণায় নির্বাচিত নবম ও দশম জাতীয় সংসদ হতে নির্বাচিত সংসদ সদস্য, উপজেলা ও ইউপি চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সাধারণ জনগণের নিকট হতে সাক্ষাৎকারের মাধ্যমে প্রাপ্ত তথ্যকে প্রাথমিক তথ্যের উৎস হিসেবে গ্রহণ করা হয়েছে। এছাড়া গবেষণার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের আলোচনার ক্ষেত্রে বই পুস্তক, পত্র-পত্রিকা, প্রতিবেদন, সাময়িকী ইত্যাদি বিষয়সমূহকে তথ্যের মাধ্যমিক উৎস হিসেবে গ্রহণ করা হয়েছে।

### ৬.২ তথ্য সংগ্রহ পদ্ধতি

আলোচ্য গবেষণায় প্রাথমিক উৎসের তথ্য সংগ্রহের জন্য সুনির্দিষ্ট বিষয়ে সাক্ষাৎকার পদ্ধতি, Key Informants Interviews (KIIs) পদ্ধতি, প্রশ্নপত্র পদ্ধতি ব্যবহার করা হয়েছে। সাক্ষাৎকার পদ্ধতিতে তথ্য সংগ্রহের জন্য উদ্দেশ্যমূলক নমুনায়নের মাধ্যমে ঢাকা-২০ নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট ধামরাই উপজেলা ও পঞ্চগড়-১ নির্বাচনী এলাকার সদর উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে নবম ও দশম জাতীয় সংসদ হতে নির্বাচিত সাবেক ও বর্তমান সংসদ সদস্য (৪ জন), ২টি উপজেলার সাবেক ও বর্তমান উপজেলা চেয়ারম্যান (৪ জন), ইউপি চেয়ারম্যান (১৬ জন), প্রকল্প সংশ্লিষ্ট কর্মরত ইউএনও (২ জন), উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) এবং উপজেলা প্রকৌশলীদের (৬ জন) কাছে উক্ত উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া সম্পর্কে তথ্য সংগ্রহীত হয়েছে। ২টি উপজেলার স্থানীয় জনসাধারণের (১০০ জন) নিকট থেকে (এমপিদের স্থানীয় উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে অবহিত) পৃথক পৃথক প্রশ্নপত্রের আলোকে সরাসরি সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। আলোচ্য গবেষণায় সর্বমোট ১৩২ জনকে নমুনা হিসেবে বাছাই করা হয়েছে। উন্মুক্ত (গুঢ়বহ-বহফবফ) প্রশ্নপত্রের সাহায্যে গবেষণা এলাকার বিশ্লেষণ একক থেকে (Unit of Analysis) তথ্য সংগ্রহীত হয়েছে।

### ৬.৩ গবেষণা এলাকা

আলোচ্য গবেষণায় ঢাকা-২০ নির্বাচনী এলাকার ধামরাই উপজেলা এবং পঞ্চগড়-১ নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট পঞ্চগড় সদর উপজেলাকে গবেষণা এলাকা হিসেবে নির্বাচন করা হয়েছে। দু'টি উপজেলাকে গবেষণা এলাকা হিসেবে বেছে

নেওয়ার যুক্তি হলোঃ প্রথমত, উক্ত উপজেলাসমূহে সরকারের বরাদ্দকৃত এডিপি, টিআর, কাবিখা প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে উন্নয়ন প্রকল্পের কাজ অধিক হয়েছে এবং উপজেলা পরিষদ সংশোধন আইন ২০০৯ অনুযায়ী সংসদ সদস্যদের উপজেলা পরিষদে উপদেষ্টার দায়িত্ব প্রদান করা হয় বিধায় উক্ত উপজেলা সংশ্লিষ্ট পরিষদে সরকারের এডিপি, টিআর, কাবিখা প্রকল্পের বাছাই প্রক্রিয়ায় এমপিদের ভূমিকা কী ধরনের তা চিহ্নিত করা সম্ভব হবে। দ্বিতীয়ত, গবেষণার দুটি উপজেলার একটি পঞ্চগড় সদর উপজেলা যেটি উত্তরবঙ্গের রংপুর বিভাগ এবং আরেকটি ধামরাই উপজেলা (ঢাকা-২০) ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত হওয়ায় উক্ত উপজেলাসমূহের স্থানীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে যে সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব হবে তা দেশের অন্যান্য নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট উপজেলাসমূহের ক্ষেত্রে অনেকেংশে প্রযোজ্য হবে বলে বিশ্বাস করা যায়। নিম্নে ধামরাই ও পঞ্চগড় সদর উপজেলার ডেমোগ্রাফিক বৈশিষ্ট্য তুলে ধরা হলো।

### ৬.৩.১ অবস্থান ও আয়তন

ঢাকা জেলার অন্তর্ভুক্ত হলো ধামরাই উপজেলা। মোট ভোটার সংখ্যা ৩,২০,২২৩ জন। এর মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ২,০৭,০৭৮ জন এবং নারী ভোটার ২,০৫,৩৪০ জন। জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ১৩৪২ জন। ধামরাইয়ের উত্তরে মির্জাপুর ও কালিয়াকৈর দক্ষিণে সিংগাইর পূর্বে সাভার এবং পশ্চিমে সাঁচুরিয়া উপজেলার অবস্থান। এ উপজেলার মোট আয়তন ৩০৭.৪ বর্গকিলোমিটার। উপজেলায় ১টি পৌরসভা, ১৬টি ইউনিয়ন এবং ৮০৮টি গ্রাম বিদ্যমান (Ilias Uddin, 2012)। পঞ্চগড় জেলার অন্তর্ভুক্ত উপজেলার মধ্যে পঞ্চগড় সদর উপজেলা অন্যতম। এ উপজেলার উত্তর ও পূর্ব ভারতের পশ্চিমবঙ্গ, দক্ষিণে বোদা উপজেলা, পশ্চিমে আটোয়ারী উপজেলা ও তেতুলিয়া উপজেলা ও ভারতের পশ্চিমবঙ্গ। মোট আয়তন ৩৪৭.০৮ বর্গকিলোমিটার এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ৬৬০ জন। পঞ্চগড় সদর উপজেলায় ১০টি ইউনিয়ন, ১৮৩টি গ্রাম এবং একটি পৌরসভা বিদ্যমান (উইকিপিডিয়া, ২০১০)।

### ৬.৩.২ শিক্ষা ব্যবস্থা

ধামরাই উপজেলার শিক্ষার হার ৫০.০৮%। এখানে সরকারী কলেজ ১টি এবং বেসরকারী কলেজের সংখ্যা ৬টি, ২৭টি উচ্চ মাধ্যমিক, ১৩৯ টি সরকারী এবং ৫১ টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও ১১টি মাদ্রাসা রয়েছে। এছাড়া এনজিও পরিচালিত ১০৯টি বিদ্যালয় বিদ্যমান। পঞ্চগড় সদর উপজেলায় শিক্ষার হার ৫০.৭৮% (বয়সবৃদ্ধসহ, ২০১২)। এখানে ৭৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৭৬টি বেসরকারী বিদ্যালয় এবং ২টি সরকারী কলেজ বিদ্যমান। এছাড়া এনজিও পরিচালিত ৪৮ টি বেসরকারী বিদ্যালয় বিদ্যমান রয়েছে।

### ৬.৩.৩ যোগাযোগ ব্যবস্থা

ঢাকা থেকে আরিচা জাতীয় মহাসড়ক পথে ধামরাই নির্বাচনী এলাকার দূরত্ব প্রায় ৩৮ কিলোমিটার। উন্নত যোগাযোগের জন্য নির্বাচনী এলাকাটি বাণিজ্যিক দিক থেকেও যথেষ্ট গুরুত্বপূর্ণ। ২০১৬-২০১৭ অর্থবছরে ধামরাই উপজেলায় ১৬ কিলোমিটার পাঁকা রাস্তা ২৫০ কিলোমিটার কাঁচা রাস্তা সংস্কার এবং ২৫১ মিটার ব্রীজ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অন্যদিকে পঞ্চগড় সদর উপজেলা হতে তেতুলিয়ার বাংলাবান্ধা সীমান্ত পর্যন্ত মহাসড়ক এবং সদর উপজেলা হতে আটোয়ারী পর্যন্ত ২৬ কিলোমিটার মহাসড়ক বিদ্যমান (Sherozzaman, 2012)। উক্ত উপজেলায় যোগাযোগের অন্যতম মাধ্যম হিসেবে জনগণ বাস, ভ্যান, মোটরসাইকেল এবং সাইকেল ব্যবহার করে থাকেন। তবে বর্তমানে এ উপজেলা হতে ঢাকায় যোগাযোগের অন্যতম মাধ্যম হলো হলো রেলপথ।

### ৬.৩.৪ অর্থনৈতিক অবস্থা

ধামরাই উপজেলার জনগণের অর্থনীতি প্রধানত কৃষি নির্ভর। তবে অধিকাংশ নগরায়নের কারণে কৃষি নির্ভরতা অনেকটা কমেছে। বর্তমানে কৃষি পেশার মানুষ ছাড়াও ব্যবসায়ী ও চাকুরীজীবী ইত্যাদি শ্রেণী পেশার মানুষের বসবাস রয়েছে।

অপরদিকে পঞ্চগড় সদর উপজেলা কর্মজীবী মানুষের প্রায় ৬৫% কৃষি পেশার সাথে জড়িত। এলাকার প্রায় অধিকাংশ জনগণ নিম্নবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের। নিম্নবিত্ত পরিবারের বেশিরভাগ ভূমিহীন। এছাড়া মধ্যবিত্ত পরিবারের সদস্যরা বেশিরভাগ কৃষি এবং ব্যবসার উপর নির্ভরশীল। তাদের মধ্যে চাকুরিজীবী, ব্যবসায়ী এবং শিক্ষকও বিদ্যমান। ফসল উৎপাদনের মধ্যে বর্তমানে চা চাষ অন্যতম। বর্তমানে ব্রাক, আশা, প্রশিকা, উন্নয়ন পদক্ষেপ, আরডিআরএস ইত্যাদি এনজিওসমূহ উপজেলার অর্থনৈতিক উন্নয়নে কাজ করছে।

### ৬.৩.৫ রাজনৈতিক ব্যক্তিত্ব

ধামরাই উপজেলার বিখ্যাত ব্যক্তিত্ব ও রাজনীতিবিদদের মধ্যে পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী এবং উপমহাদেশের অন্যতম রাজনৈতিক ব্যক্তিত্ব এবং বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী মরহুম আতাউর রহমান খান (১৯৯১), অর্থনীতিবিদ ড. ই.আর মল্লিক প্রমুখ উল্লেখযোগ্য (উইকিপিডিয়া, ২০১২)। এছাড়া সরকার দলীয় সংসদ সদস্য হিসেবে জনাব বীর মুক্তিযোদ্ধা বেনজীর আহমেদ (৮ম, নবম এবং ১১তম জাতীয় সংসদ সদস্য) এবং দশম জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্য জনাব এম এ মালেক খানের নাম উল্লেখযোগ্য। অন্যদিকে পঞ্চগড় সদর উপজেলার বিখ্যাত রাজনৈতিক ব্যক্তিদের মধ্যে অন্যতম হলেন গমির উদ্দিন সরকার (গণ-পরিষদের স্পীকার), নবম ও একাদশ জাতীয় সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন মোহাম্মদ মাজহারুল হক প্রধান (বাংলাদেশ আওয়ামী লীগ)। এছাড়া জাপার নেতা হিসেবে মরহুম শফিউল আলম প্রধান অন্যতম ছিলেন।

### ৬.৪ তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ পদ্ধতি

গবেষণা এলাকা থেকে সংগৃহীত তথ্য শ্রেণীবদ্ধ করে বিভিন্ন ধরনের সারণি ও চিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ করা হয়েছে। তথ্য উপস্থাপনের ক্ষেত্রে Statistical Programme for Social Science (SPSS), MS-Word প্রোগ্রামের সহায়তা নেওয়া হয়েছে।

## ৭. গবেষণার প্রাপ্ত তথ্যের বিশ্লেষণ ও ফলাফল

### ৭.১ উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া: সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে উত্তরদাতাগণের মতামত বিশ্লেষণ

স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আলোচ্য গবেষণায় উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনে সংসদ সদস্যদের ভূমিকা বলতে স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংসদ সদস্যদের উপজেলা পরিষদের সরকারের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্প (এডিপি, টিআর, কাবিখা) এবং এলজিইডি আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্য দিয়ে অনুসরণ করাকে বুঝায়। হোসেন জিল্লুর রহমান বলেন, স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই কিংবা অনুমোদনের ক্ষেত্রে সংসদ সদস্যদের ভূমিকা অনেকক্ষেত্রে ইতিবাচক হলেও তা যেন স্থানীয় পরিষদগুলোর স্বার্থ ক্ষুণ্ণ না হয় (রহমান, ২০১৯)। বাংলাদেশ স্থানীয় সরকার, উপজেলা পরিষদ ম্যানুয়াল (২০১৩) অনুযায়ী বলা হয়েছে, উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের (টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে উপজেলা সংশ্লিষ্ট ইউনিয়নসমূহের প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানগণ জনচাহিদা অনুসারে উন্নয়ন কার্যক্রমের সার্বিক একটি তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট জমা দিবেন। এর পরবর্তী উপজেলা পরিষদের মাসিক বৈঠকে টিআর, কাবিখা, এডিপি প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে বিভিন্ন ইউনিয়নের জনসংখ্যা ও আয়তন এবং জনচাহিদাকে প্রাধান্য দিবেন (উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩) উক্ত উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে উপজেলা পরিষদের প্রকল্প সংশ্লিষ্ট কমিটির (উপজেলা ও ইউপি চেয়ারম্যান, ইউএনও, উপজেলা পিআইও এবং উপজেলা প্রকৌশলী অফিসার) মতামতের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের বিধান রয়েছে (অপারেশন ম্যানুয়াল, ২০১৬)। এক্ষেত্রে সংসদ সদস্যগণ উক্ত প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনের ক্ষেত্রে উপদেষ্টা হিসেবে ভূমিকা পালন করবেন। টিআর, কাবিখা প্রকল্পের মাধ্যমে স্থানীয় এলাকার আর্থ-সামাজিক অবকাঠামো এবং অন্যান্য জীবনমান উন্নয়ন কার্যক্রমসমূহ খাদ্যশস্যের বিপরীতে নগদ অর্থ বরাদ্দের বিধান রয়েছে (প্রাপ্ত, ২০১৬)। এছাড়া উপজেলা পরিষদের



বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে বিভিন্ন ইউনিয়নের জনসংখ্যা ৩৫% এবং ইউনিয়নের আয়তনের ভিত্তিতে ৩৫% এবং সকল ইউনিয়নের জন্য সমানভাবে ৩০% নির্দিষ্টকরণের কথা বলা হয়েছে (উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩)। সুতরাং স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে এডিপি, টিআর এবং কাবিখা প্রকল্পের অর্থ বরাদ্দে নির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণের বিধান রয়েছে। এক্ষেত্রে সংসদ সদস্যগণ নির্বাচনী এলাকার জনপ্রতিনিধি এবং স্থানীয় পর্যায়ে (উপজেলা পরিষদ) উপদেষ্টা হিসেবে উক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় কী ধরনের প্রক্রিয়া অনুসরণ করে থাকেন তা মাঠ পর্যায়ের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিশ্লেষণ করা হয়েছে।


## ৭.২ সংসদ সদস্যগণের মতামত

স্থানীয় পর্যায়ের উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে জানতে চাওয়া হলে গবেষণার জন্য নির্বাচিত নবম ও দশম জাতীয় সংসদ হতে নির্বাচিত সাবেক ও বর্তমান সংসদ সদস্যগণ তাদের মতামত প্রদান করেন। সংসদ সদস্যদের মতামত বিশ্লেষণ হতে দেখা যায় যে, উপজেলা পরিষদের এডিপি, টিআর, কাবিখা প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে উপজেলার মাসিক বৈঠকে উক্ত প্রকল্প কমিটি সংশ্লিষ্ট (উপজেলা ও ইউপি চেয়ারম্যান, ইউএনও, উপজেলা পিআইও এবং উপজেলা প্রকৌশলী অফিসার) দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সকল সদস্যদের মতামতের ভিত্তিতে বিভিন্ন উন্নয়ন কার্যক্রমসমূহ জনচাহিদা বিবেচনায় রেখে বাছাই কিংবা নির্বাচনে প্রাধান্য দিয়েছেন।

ঢাকা-২০ নির্বাচনী এলাকার (ধামরাই উপজেলা) নবম জাতীয় সংসদ হতে নির্বাচিত সংসদ সদস্য জনাব বেনজীর আহমেদ বলেন, তাঁর নিজ নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট ধামরাই উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে (২০০৯-২০১৪) সরকারের বরাদ্দকৃত বাৎসরিক উন্নয়ন প্রকল্প (এডিপি) টিআর, কাবিখা প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে উপজেলা সংশ্লিষ্ট সকল (১৩টি) ইউনিয়ন চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন প্রকল্পসমূহ জনচাহিদা ছাড়াও সংশ্লিষ্ট ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে গুরুত্ব দিয়েছেন। মূলত স্থানীয় উন্নয়ন কার্যক্রমসমূহের বেশিরভাগ উপজেলা পরিষদের (এডিপি, টিআর, কাবিখা) প্রকল্প হওয়ায় উপজেলা পরিষদের ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রকল্প কমিটি সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে তিনি উল্লিখিত বাছাই প্রক্রিয়া অনুসরণ করেছেন। আবার কখনো কখনো বিভিন্ন ইউনিয়নে সরাসরি খোঁজখবরের মাধ্যমে অধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের বাছাই করেছেন। এ নির্বাচনী এলাকার দশম জাতীয় সংসদ হতে নির্বাচিত জনাব আব্দুল মালেক বলেন, তিনি সরকারের বরাদ্দকৃত (২০১৪-২০১৯) ধামরাই উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যাকে প্রাধান্য দিয়েছেন। বেশিরভাগ জনচাহিদার মাধ্যমে জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচন করেছেন যার মাধ্যমে নিজ নির্বাচনী এলাকার স্থানীয় জনগণের চাহিদা অনেকাংশে পূরণ হয়েছে বলে মতামত দেন। পঞ্চগড়-১ নির্বাচনী এলাকার নবম জাতীয় সংসদ হতে নির্বাচিত জনাব মজাহারুল হক প্রধানের মতামত হলো, তাঁর নির্বাচনী এলাকার পঞ্চগড় সদর উপজেলার মোট ১০ টি ইউনিয়নের জন্য উক্ত উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন প্রকল্প ছাড়া টেস্ট রিলিফ ও কাবিখা, এডিপির প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে উক্ত প্রকল্পের ম্যানুয়াল অনুযায়ী সকল ইউপি চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকার বেশিরভাগ জনচাহিদার ভিত্তিতে বাছাইয়ের পাশাপাশি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তন অনুসারে বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। তাঁর নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট পঞ্চগড় সদর উপজেলা পরিষদের এডিপি, টিআর, কাবিখা প্রকল্পসমূহ বাছাইয়ে বিভিন্ন ইউনিয়নে সরাসরি খোঁজখবরের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম যেমন: রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট, প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসা ইত্যাদির ভবন নির্মাণ ও সংস্কারে প্রাধান্য দিয়েছেন যা স্থানীয় এলাকার উন্নয়নের জন্য ইতিবাচক বলে মতামত প্রদান করেন। সংসদ সদস্য কর্তৃক উক্ত প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য যথোপযুক্ত ছিল বলে অভিমত দেন। উক্ত বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে তিনি স্থানীয় উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং প্রকল্প কমিটির সকল সদস্যদের মতামতের ভিত্তিতে উল্লিখিত বাছাই প্রক্রিয়া অনুসরণ করেছেন। পঞ্চগড়-১ আসনের দশম জাতীয় সংসদ হতে নির্বাচিত সংসদ সদস্য জনাব নাজমুলহক প্রধান উপজেলা পরিষদ কর্তৃক সরকারের বরাদ্দকৃত প্রকল্পসমূহের বাছাই

প্রক্রিয়া সম্পর্কে অনুরূপ মতামত ব্যক্ত করেছেন। তার সময়কালীন সময়ে উপজেলা পরিষদের প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য যথোপযুক্ত বলে তিনি মতামত দেন।

#### চিত্র- ১.১: উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে সংসদ সদস্যদের মতামত



[উৎস: মাঠ জরিপ, (২০১৮-২০১৯)]

সুতরাং, সার্বিক মতামতের ভিত্তিতে বলা যায় যে, সংসদ সদস্যরা স্থানীয় সরকার, উপজেলা পরিষদের ম্যানুয়াল অনুযায়ী বাছাই প্রক্রিয়া অনুসরণ করেন। সংসদ সদস্য কর্তৃক উক্ত প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় উন্নয়নের জন্য যথোপযুক্ত ছিল বলে তারা মতামত দেন। নিম্নে সংসদ সদস্যগণ কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া অনুসরণের ধরনসমূহ চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

উপরের চিত্রের বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় যে, সংসদ সদস্যগণ স্থানীয় পর্যায়ে বেশিরভাগ ইউনিয়ন চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকা জনচাহিদার ভিত্তিতে বাছাইয়ের পাশাপাশি বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা অনুসারে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। তবে বিভিন্ন ইউনিয়নে সাংসদগণ সরাসরি পরিদর্শনের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের গুরুত্ব তুলনামূলকভাবে কম যা চিত্র বিশ্লেষণের মাধ্যমে প্রতীয়মান হয়।

#### ৭.৩ উপজেলা চেয়ারম্যানদের মতামত


স্থানীয় উন্নয়ন প্রকল্পসমূহের নির্বাচন প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে জানতে চাওয়া হলে গবেষণার জন্য নির্বাচিত সকল (সাবেক ও বর্তমান) উপজেলা চেয়ারম্যানগণ স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে বিভিন্ন ধরনের মতামত প্রদান করেছেন। উপজেলা চেয়ারম্যানদের মতামত বিশ্লেষণে দেখা যায়, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) বাছাইয়ে ইউপি চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকা জনচাহিদার ভিত্তিতে বাছাইয়ে তেমন গুরুত্ব না দিয়ে বেশিরভাগ দলীয় প্রতিনিধি বা নিজ দলীয় চেয়ারম্যানদের দেওয়া প্রকল্পসমূহ বাছাই করে থাকেন। উপজেলা পরিষদের মাসিক বৈঠকে উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ যথাযথ ম্যানুয়াল অনুযায়ী বাছাই না করে সংসদ সদস্যদের সিদ্ধান্তের ভিত্তিতে প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়া অনুসরণ করেন। সংসদ সদস্যদের এ ধরনের বাছাই প্রক্রিয়া অনুসরণের ফলে অনেক ক্ষেত্রে সাংসদ এবং দলীয় উপজেলা চেয়ারম্যানদের মধ্যে দ্বন্দ্ব বিদ্যমান বলে মতামত করেছেন।

ঢাকা-২০ নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট ধামরাই উপজেলার বর্তমান চেয়ারম্যান জনাব অলালদ্দিন (২০১৪-২০১৯) সংসদ সদস্য কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়া সম্পর্কে বলেন, সংসদ সদস্য তার উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার মাসিক বৈঠকে বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা এবং জনচাহিদা

অনুসারে ইউপি চেয়ারম্যানদের উন্নয়ন কার্যক্রমসমূহ বাছাইয়ে বেশি গুরুত্ব না দিয়ে বেশিরভাগ নিজ দলীয় নেতাকর্মী কিংবা দলীয় চেয়ারম্যানদের তথ্যের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে গুরুত্ব দিয়েছেন। এক্ষেত্রে সংসদ সদস্য নিজের সিদ্ধান্ত কিংবা ইচ্ছাকে প্রাধান্য দিয়ে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া অনুসরণ করে থাকেন। ধামরাই উপজেলার সাবেক চেয়ারম্যান (২০০৯-২০১৪) জনাব তমিজদ্দিনের এ বিষয়ে মতামত হলো, এমপি উপজেলা পরিষদের প্রকল্পসমূহ (টিআর, কাবিখা) বাছাইয়ের ক্ষেত্রে বিভিন্ন ইউনিয়নের নিজ দলীয় ইউপি চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকা জনচাহিদার ভিত্তিতে হোক আর না হোক অর্থাৎ যেভাবে তাঁরা উন্নয়ন প্রকল্প জমা দেন তার ভিত্তিতে এমপি উপজেলা পরিষদের মাসিক বৈঠকে প্রকল্পসমূহ বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। এক্ষেত্রে এমপি উক্ত প্রকল্প কমিটির সকল সদস্যদের মতামত না নিয়ে বরং নিজের একক সিদ্ধান্তকে প্রাধান্য দিয়ে বেশিরভাগ উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করে থাকেন। বাৎসরিক উন্নয়ন প্রকল্প (এডিপি) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে তার উপজেলায় সংসদ সদস্য ৬৫% নিজ দলীয় নেতাকর্মীদের জন্য রেখে বাকী ৩০% বিভিন্ন ইউনিয়নের জন্য বাছাই করেছেন যা উক্ত প্রকল্পের ম্যানুয়াল পরিপন্থি বলে মতামত দেন।

পঞ্চগড়-১ নির্বাচনী এলাকার অন্তর্ভুক্ত সদর উপজেলার সাবেক চেয়ারম্যান (২০০৯-২০১৪) জনাব সশাট বলেন, নির্বাচনী এলাকার বিভিন্ন ইউনিয়নের উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংসদ সদস্য বেশিরভাগ উপজেলা পরিষদের প্রকল্প যেগুলো সংসদ সদস্যের নামে উপজেলা পরিষদে সরাসরি বরাদ্দ হয় তা বাছাই কিংবা নির্বাচনের ক্ষেত্রে সাংসদ তার নিজ দলীয় চেয়ারম্যানদের ইউনিয়নের উন্নয়ন কার্যক্রমসমূহ বাছাইয়ে বেশি প্রাধান্য দিয়েছেন। জনচাহিদার ভিত্তিতে সকল ইউনিয়নের জন্য সমানভাবে প্রকল্পসমূহ বাছাই মূল্য নয় বরং দলীয় ইউপি চেয়ারম্যানদের ইউনিয়নের উন্নয়ন কার্যক্রমসমূহকে প্রাধান্য দেওয়াই সাংসদের অন্যতম বাছাই প্রক্রিয়া বলে তিনি মন্তব্য করেছেন। উপজেলা পরিষদের বেশিরভাগ উন্নয়ন প্রকল্প (এডিপি, টিআর, কাবিখা) বাছাই কিংবা নির্বাচনের ক্ষেত্রে উপজেলার প্রতি বৈঠকে সংসদ সদস্য তার কোনো মতামত গ্রহণ করেন নি অথচ উক্ত প্রকল্প কমিটির ম্যানুয়াল অনুযায়ী তিনি আহ্বায়ক ছিলেন। এমপি উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে তার মতামতকে গুরুত্ব না দেয়ার কারণে এমপির সাথে প্রকল্পকে কেন্দ্র করে দ্বন্দ্ব বিদ্যমান বলেও মতামত প্রদান করেছেন। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা চেয়ারম্যানদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

চিত্র-১.২: সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা চেয়ারম্যানদের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্রের মাধ্যমে দেখা যায় যে, স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংসদ সদস্যগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে নিজ দলীয় ইউনিয়ন চেয়ারম্যান কিংবা তাদের মনোনীত নিজ দলীয় নেতাকর্মী কর্তৃক প্রদেয় উন্নয়ন কার্যক্রমসমূহের তালিকাকে বাছাইয়ে বেশি প্রাধান্য দিয়ে থাকেন। এক্ষেত্রে সংসদ সদস্যদের নিজস্ব ইচ্ছা কিংবা একক সিদ্ধান্তের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেছেন যা বেশিরভাগ উপজেলা চেয়ারম্যানদের মতামতের ভিত্তিতে প্রতীয়মান হয়।

#### ৭.৪ সংসদ সদস্যগণ কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা চেয়ারম্যানদের মতামত

স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়াকে গবেষণার জন্য নির্বাচিত যে সকল উপজেলা চেয়ারম্যানগণ যথোপযুক্ত বলে মনে করেন নি তাদের মতামত বিশ্লেষণ হতে দেখা যায় যে, সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথাযথ না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যগণের দলীয় প্রভাব, সংসদ সদস্যগণের একক মতামত ও ইচ্ছাকে প্রাধান্য এবং ব্যক্তিগত স্বার্থ সর্বোপরি বিরোধী দলীয় ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক উন্নয়ন কার্যক্রমের তালিকা হতে প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে প্রাধান্য না দেওয়াকে গুরুত্বপূর্ণ কারণ বলে মতামত দেন। গবেষণার জন্য নির্বাচিত সাবেক উপজেলা চেয়ারম্যানদের অনেকের মতামত হলো, যদিও উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী উপজেলা চেয়ারম্যানদের প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে প্রকল্প কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালনের বিধান রয়েছে। এক্ষেত্রে প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্য তাদের মতামতকে কখনো গুরুত্ব দেন নি। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা চেয়ারম্যানদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

#### চিত্র-১.৩: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা চেয়ারম্যানগণের মতামত



উৎস: মাঠ জরিপ, (২০১৮-২০১৯)


উপরের চিত্র হতে দেখা যায় যে, সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যদের দলীয় প্রভাব, সংসদ সদস্য ও দলীয় উপজেলা চেয়ারম্যানদের মধ্যে দ্বন্দ্ব ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করলেও বেশিরভাগ সাবেক ও বর্তমান উপজেলা চেয়ারম্যান সংসদ সদস্যগণের একক সিদ্ধান্ত বা নিজস্ব ইচ্ছার প্রাধান্য দেয়াকে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে যথোপযুক্ত না হওয়ার অন্যতম কারণ বলে মতামত প্রদান করেছেন।

## ৭.৫ ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত

স্থানীয় পর্যায়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই কিংবা নির্বাচনে সংসদ সদস্যদের কোনো ভূমিকা আছে কিনা এবং ভূমিকা থাকলে উন্নয়ন প্রকল্প বাছাইয়ে সংসদ সদস্যরা কী ধরনের প্রক্রিয়া অনুসরণ করেন এ সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত বিশ্লেষণে দেখা যায় যে, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে তাদের দেওয়া উন্নয়ন কার্যক্রমসমূহের তালিকা হতে জনচাহিদার ভিত্তিতে বাছাইয়ের পাশাপাশি সংসদ সদস্যদের মনোনীত নিজ দলীয় চেয়ারম্যানদের এলাকার উন্নয়ন কার্যক্রমের তালিকা হতে বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেছেন এবং উপজেলা পরিষদের প্রতি মাসিক বৈঠকে প্রকল্প সকল সদস্যদের মতামত না নিয়ে সাংসদগণ নিজ ইচ্ছা অনুযায়ী উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করে থাকেন যা উপজেলা পরিষদ ম্যানুয়াল পরিপন্থি বলে ইউনিয়ন চেয়ারম্যানদের অনেকেই মতামত প্রদান করেছেন। তবে এলজিইডি আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে সাংসদগণ বিভিন্ন ইউনিয়নের জনগণের চাহিদাকে বিবেচনায় রেখে বাছাই প্রক্রিয়া অনুসরণ করে থাকলেও এক্ষেত্রে সংসদ সদস্যদের দলীয় প্রভাব বিদ্যমান রয়েছে বলে সাবেক ইউনিয়ন চেয়ারম্যানদের বেশিরভাগ এ বিষয়ে অভিমত দেন।

ঢাকা-২০ নির্বাচনী এলাকার ধামরাই উপজেলা অন্তর্ভুক্ত সোমবাগ, কুল্লা, ইউনিয়নের বর্তমান চেয়ারম্যানগণ বলেন, উপজেলা পরিষদের প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্যগণ বেশিরভাগ তাদের আস্থাভাজন দলীয় চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকাকে অগ্রাধিকার দিয়ে থাকেন। ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ বিভিন্ন স্থানীয় এলাকার জন্য কতটুকু প্রয়োজনীয় তা বিবেচনায় না রেখে সাংসদ তার নিজস্ব ইচ্ছার ভিত্তিতে বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে প্রাধান্য দিয়ে থাকেন যা কাম্য নয়। তবে ধামরাই উপজেলা সংশ্লিষ্ট নান্নার ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বলেন, সংসদ সদস্য তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে বেশিরভাগ উপজেলা পরিষদের প্রকল্পসমূহ বাছাইয়ে নিজস্ব সিদ্ধান্ত কিংবা ইচ্ছার ভিত্তিতে উন্নয়ন প্রকল্প বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। অথচ উপজেলার প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে জনচাহিদা এবং বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে বাছাই প্রক্রিয়ার বিধান থাকলেও সংসদ সদস্যগণ তা অনুসরণ করেন নি বলে মতামত প্রদান করেন। নিম্নে সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত চিত্রের মাধ্যমে প্রদত্ত হলো।

চিত্র-১.৪: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্রের বিশ্লেষণের ভিত্তিতে দেখা যাচ্ছে যে, বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্যগণ সবসময় জনচাহিদার ভিত্তিকে অনুসরণ না করে বেশিরভাগ ক্ষেত্রে তাদের নিজ দলীয় চেয়ারম্যান কিংবা সাংসদদের নিজ দলীয় প্রতিনিধিদের (নেতাকর্মী) দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকাকে প্রাধান্য দিয়েছেন। এছাড়া বেশিরভাগ উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে সংসদ সদস্যদের একক সিদ্ধান্ত কিংবা ইচ্ছার ভিত্তিতে বাছাইয়ের প্রবণতা বিদ্যমান যা উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ম্যানুয়াল পরিপন্থি। সংসদ সদস্যগণ কর্তৃক প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত নয়।

#### ৭.৬ স্থানীয় উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত

গবেষণার জন্য নির্বাচিত যে সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়াকে বিভিন্ন ইউনিয়নের উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে যথাযথ নয় বলে মতামত প্রদান করেন তাদের মতামত বিশ্লেষণে দেখা যায় যে, সংসদ সদস্যগণ কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়া যথাযথ না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যগণের দলীয় প্রভাব, ব্যক্তিস্বার্থ, সংসদ সদস্যদের একক সিদ্ধান্ত ও ইচ্ছার প্রাধান্যের ভিত্তিতে প্রকল্পসমূহ বাছাই, বিরোধী দলের ইউনিয়ন চেয়ারম্যানদের মতামতকে প্রাধান্য না দেওয়া ইত্যাদি বলে মতামত প্রদান করেন। সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে সাংসদগণের ব্যাপক দলীয় প্রভাব রয়েছে বলে সাবেক ইউনিয়ন চেয়ারম্যানদের অনেকেই এ বিষয়ে মতামত দিয়েছেন। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হল।

চিত্র-১.৫: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানদের মতামত



[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্র বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় সংসদ সদস্যদের স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে ইউনিয়ন চেয়ারম্যানগণ সংসদ সদস্যদের দলীয় প্রভাব, ব্যক্তিস্বার্থ ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেছেন। এক্ষেত্রে সংসদ সদস্যদের নিজস্ব সিদ্ধান্ত কিংবা একক ইচ্ছাকে প্রকল্প বাছাইয়ে প্রাধান্য দেওয়াকে মূল কারণ বলে অভিমত দিয়েছেন।


#### ৭.৭ উপজেলা নির্বাহী অফিসারদের মতামত

স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত উপজেলা নির্বাহী অফিসারগণের মতামতের ভিত্তিতে দেখা যায়, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) উপজেলার মাসিক বৈঠকে প্রকল্প কমিটির সকল সদস্যদের উপস্থিতিতে বিভিন্ন ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত উন্নয়ন কার্যক্রমের তালিকা হতে জনচাহিদা এবং ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা অনুসারে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেছেন। তবে উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে সংসদ সদস্যগণ পরিষদের ম্যানুয়াল অনুযায়ী বাছাইয়ে প্রাধান্য দিলেও বেশিরভাগ ক্ষেত্রে নিজ দলীয় ইউপি চেয়ারম্যানদের এলাকার উন্নয়ন কার্যক্রমের তালিকাকে বেশি প্রাধান্য দিয়েছেন। বেশিরভাগ উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্যগণ নিজের সিদ্ধান্ত কিংবা একক ইচ্ছাকে প্রাধান্য দিয়ে বাছাই প্রক্রিয়া অনুসরণ করেন। এছাড়া এলজিইডি আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে সংসদ সদস্যগণ জনচাহিদার ভিত্তিকে প্রাধান্য দিয়েছেন বলে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের মতামত প্রদান করেছেন।

ঢাকা-২০ নির্বাচনী এলাকার অর্ন্তভুক্ত ধামরাই উপজেলার নির্বাহী অফিসার (২০১৭-২০১৯) সাংসদগণ কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া সম্পর্কে বলেন, সংসদ সদস্য উপজেলা পরিষদের প্রকল্পসমূহ জনচাহিদা এবং বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে বাছাই করেছেন ঠিকই তবে বেশিরভাগ নিজ দলীয় চেয়ারম্যানদের এলাকার উন্নয়ন কার্যক্রমসমূহ বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। এক্ষেত্রে সাংসদ নিজে যেটা ভালো মনে করে থাকেন তার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেন। মূলত স্থানীয় (উপজেলা পরিষদের) উপদেষ্টার দায়িত্ব পালনের মধ্য দিয়ে সাংসদ উক্ত বাছাই প্রক্রিয়া ধরন অনুসরণ করে থাকেন। এছাড়া এলজিইডি আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সাংসদ বিভিন্ন ইউনিয়নে সরাসরি খোঁজখবরের মাধ্যমে জনগুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রমসমূহ বাছাই করে থাকেন। তবে এক্ষেত্রে সংসদ সদস্যদের নিজ দলীয় নেতাকর্মীদের প্রভাব বিদ্যমান রয়েছে বলে মতামত দেন।

পঞ্চগড়-১ নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট সদর উপজেলার নির্বাহী অফিসার সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে বলেন, সংসদ সদস্য জনগণের নির্বাচিত জনপ্রতিনিধি এবং স্থানীয় (উপজেলা) পরিষদের উপদেষ্টা হিসেবে উপজেলা পরিষদের প্রকল্পসমূহ যেমন: এডিপি, টিআর, কাবিখা বাছাইয়ের ক্ষেত্রে বেশিরভাগ প্রকল্প কমিটির সদস্যদের মতামতের ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেছেন। তবে বেশিরভাগ প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে সংসদ সদস্য সরাসরি উপজেলার মাসিক বৈঠকে উপস্থিত থাকতে না পারায় উন্নয়ন প্রকল্পসমূহের বাছাইয়ে বেশিরভাগ দলীয় চেয়ারম্যানদের নামে প্রদেয় উন্নয়ন কার্যক্রমের তালিকা পূর্বে থেকেই টিক দিয়ে রাখেন এবং তার ভিত্তিতে উপজেলার মাসিক বৈঠকে উক্ত বাছাই প্রক্রিয়া অনুসরণ করা হয়। তার কর্মরত উপজেলা পরিষদে বেশিরভাগ প্রকল্প কমিটির মাসিক বৈঠকে সংসদ সদস্য উপস্থিত না থাকলে সংসদ সদস্যদের মনোনীত দলীয় প্রতিনিধির মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাইয়ের দায়িত্ব প্রদান করা হয়ে থাকে যা উক্ত প্রকল্পসমূহের ম্যানুয়াল পরিপন্থি। নিম্নে সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

চিত্র-১.৬: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারদের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

চিত্র বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় যে, সংসদ সদস্যগণ বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে জনচাহিদার ভিত্তিতে প্রাধান্য দিলেও বেশিরভাগক্ষেত্রে নিজ দলীয় ইউপি চেয়ারম্যান কিংবা সংসদ সদস্যদের মনোনীত দলীয় নেতাকর্মী কর্তৃক প্রদত্ত উন্নয়ন কার্যক্রমের তালিকাকে বেশি গুরুত্ব দিয়েছেন এবং প্রকল্প কমিটি সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত না নিয়ে সংসদ সদস্যগণ বেশিরভাগ ক্ষেত্রে নিজের সিদ্ধান্ত কিংবা ইচ্ছার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া অনুসরণ করেছেন যা উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প বাছাইয়ের ম্যানুয়াল পরিপন্থি।

#### ৭.৮ সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারদের মতামত

সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে যে সকল উপজেলা নির্বাহী অফিসারগণ স্থানীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত না হবার কারণ হিসেবে সংসদ সদস্যদের নিজ নির্বাচনী এলাকাসমূহের বিভিন্ন ইউনিয়নে জনসংখ্যা ও আয়তন অনুসারে সমানুপাতিক হারে প্রকল্প বাছাই প্রক্রিয়া অনুসরণ না করা, সাংসদগণের দলীয় নেতাকর্মীদের উন্নয়ন প্রকল্প বাছাইয়ে প্রাধান্য, ইউপি চেয়ারম্যানদের সবসময় প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে প্রাধান্য না দেওয়া এবং জনপ্রতিনিধি হিসেবে সংসদ সদস্যদের নিজস্ব পছন্দ কিংবা ইচ্ছাকে প্রাধান্য দেওয়া সম্পর্কে মতামত দেন। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

চিত্র-১.৭: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারদের মতামত



[উৎস: মাঠ জরিপ (২০১৮- ২০১৯)]




উপরের চিত্র বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় যে, উপজেলা নির্বাহী অফিসারগণ সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে বেশিরভাগ সংসদ সদস্যগণের একক সিদ্ধান্ত কিংবা নিজের পছন্দমত উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই এবং নিজ দলীয় কর্মীদের প্রদেয় উন্নয়ন কার্যক্রমসমূহের তালিকার প্রাধান্য দেয়াকে অন্যতম কারণ বলে মতামত প্রদান করেন।

#### ৭.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং প্রকৌশলী অফিসারদের মতামত

সংসদ সদস্যগণ কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনের ভূমিকা সম্পর্কে গবেষণার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং প্রকৌশলীদের কাছে প্রশ্ন করা হলে সকলেই এ বিষয়ে তাদের মতামত প্রদান করেছেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকৌশলীদের মতামতের ভিত্তিতে দেখা যায় যে, সংসদ সদস্যগণ স্থানীয় পর্যায়ের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে বেশিরভাগ উপজেলা পরিষদের সরকারের বরাদ্দকৃত এডিপি, টিআর এবং কাবিখা প্রকল্পসমূহের মাধ্যমে সকল ইউনিয়ন চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকা জনচাহিদার ভিত্তিতে বাছাইয়ের পাশাপাশি বিভিন্ন ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে বাছাই প্রক্রিয়া অনুসরণ করেন। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং প্রকৌশলীদের কেউ কেউ উপজেলা পরিষদের প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে বেশিরভাগ প্রকল্প কমিটির সদস্যদের মতামত না নিয়ে সংসদ সদস্যগণ নিজের একক সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই করেছেন। নিম্নে সাংসদদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

চিত্র-১.৮: সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারদের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮- ২০১৯)]

উপরের চিত্র বিশ্লেষণ হতে দেখা যায় যে, সংসদ সদস্যগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে বিভিন্ন ইউনিয়ন চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন প্রকল্পসমূহ জনচাহিদা এবং ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিকে অনুসরণ করে থাকলেও বেশিরভাগ উন্নয়ন প্রকল্পসমূহ সাংসদগণ নিজের পছন্দ বা ইচ্ছাকে প্রাধান্য দিয়ে বাছাই প্রক্রিয়া অনুসরণ করেছেন যা উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারদের মতামতের ভিত্তিতে প্রতীয়মান হয়।

### ৭.১০ স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারদের মতামত

স্থানীয় পর্যায়ে জীবনমান উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত নয় বলে যে সকল উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারগণের বিশ্লেষণের ভিত্তিতে দেখা যায় যে, সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথাযথ না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যদের প্রকল্প বাছাইয়ে দলীয় নেতা কর্মীদের প্রাধান্য, সাংসদগণের একক সিদ্ধান্ত, দলীয় চেয়ারম্যান কিংবা নেতাকর্মীদের দেয়া উন্নয়ন কার্যক্রমের তালিকাকে অগ্রাধিকার প্রদান ইত্যাদি বলে অভিমত প্রদান করেছেন। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকৌশলীদের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হল।

চিত্র-১.৯: সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ সম্পর্কে উপজেলা পিআইও এবং প্রকৌশলী অফিসারদের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্র হতে দেখা যায় যে, সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথাযথ না হওয়ার কারণ হিসেবে বেশিরভাগ উন্নয়ন প্রকল্প বাছাইয়ে নিজ দলীয় চেয়ারম্যানদের প্রদেয় উন্নয়ন কার্যক্রমের তালিকা হতে বাছাইয়ে প্রাধান্য দিয়েছেন। তবে এক্ষেত্রে সংসদ সদস্যগণ কর্তৃক একক সিদ্ধান্ত কিংবা নিজ ইচ্ছার ভিত্তিতে প্রকল্পসমূহ বাছাইয়ের প্রবণতা বিদ্যমান।

### ৭.১১ জনগণের মতামত

সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ভূমিকা সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত এলাকাসমূহের বিভিন্ন ইউনিয়নে বসবাসরত জনগণের কাছে প্রশ্ন করা হলে বেশিরভাগ জনগণই সংসদ সদস্যদের এ ধরনের ভূমিকা সম্পর্কে জানেন না বলে উত্তর প্রদান করেছেন। বেশিরভাগ জনগণের না জানার কারণ হিসেবে দেখা যায় যে, তারা শুধু সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সম্পর্কে জানেন কিন্তু বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই কিংবা নির্বাচন সংসদ সদস্যগণ কী প্রক্রিয়ার মাধ্যমে নিয়ে থাকেন সে সম্পর্কে তাদের কোনো ধারণা নেই এবং এ প্রক্রিয়ার সাথে সরাসরি যুক্ত নয় বলে তাদের মতামত দেন। তবে গবেষণার জন্য নির্বাচিত ২টি উপজেলার মোট ১০০ জন জনগণের মধ্যে যে সকল জনগণ সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে জানেন (স্থানীয় নেতাকর্মী, স্থানীয় মাতাব্বর, ইউপি মেম্বর, স্কুল শিক্ষক) তারা উক্ত বিষয়ে মতামত প্রদান করেছেন। নিম্নে সংসদ সদস্যদের উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই কিংবা নির্বাচনের ভূমিকা সম্পর্কে জনগণের মতামত চিত্রের মাধ্যমে তুলে ধরা হলো।

### চিত্র-১০ সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ের ভূমিকা সম্পর্কে জনগণের মতামত




[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্র বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় যে, গবেষণার জন্য নির্বাচিত মোট ৩০০ জন জনগণের মধ্যে বেশিরভাগ জনগণের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাইয়ে সংসদ সদস্যগণের ভূমিকা সম্পর্কে কোনো ধারণা নেই। আবার জনগণের মধ্যে অনেকে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সাংসদগণ কোনো ভূমিকা পালন করেন নি। তবে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যগণের ভূমিকা সম্পর্কে জনগণের মধ্যে কেউ কেউ তাদের মতামত প্রদান করেছেন যা মাঠ পর্যায়ের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয়।

### ৭.১২ সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে জনগণের মতামত

গবেষণার জন্য নির্বাচিত নির্বাচনী এলাকা সংশ্লিষ্ট বিভিন্ন ইউনিয়নে বসবাসরত যে সকল জনগণ (৯%) সংসদ সদস্যদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানেন তাদের মতামত বিশ্লেষণের ভিত্তিতে দেখা যায় যে, সংসদ সদস্য উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে ইউনিয়ন চেয়ারম্যানদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকা হতে জনচাহিদাকে প্রাধান্য দিয়েছেন। তবে অনেকক্ষেত্রে সংসদ সদস্যদের নিজ দলীয় প্রতিনিধি কিংবা বিভিন্ন ইউনিয়নের সাংসদদের নিজ দলীয় নেতাকর্মীদের উন্নয়ন কার্যক্রমের তালিকার ভিত্তিকে প্রাধান্য দিয়ে বাছাই প্রক্রিয়া অনুসরণ করেছেন। এক্ষেত্রে সংসদ সদস্যগণ বেশিরভাগ উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে নিজের একক সিদ্ধান্ত কিংবা ইচ্ছার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে প্রাধান্য দিয়ে থাকেন। যার ফলে বিরোধী দলীয় ইউপি চেয়ারম্যানদের এলাকার উন্নয়ন সংসদ সদস্যদের দলীয় চেয়ারম্যানদের এলাকার থেকে তুলনামূলকভাবে অনেক কম হয়েছে বলে জনগণের মধ্যে কেউ কেউ এ বিষয়ে তাদের অভিমত প্রদান করেন। নিম্নে সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে যে সকল জনগণ এ বিষয়ে জানেন তাদের মতামত চিত্রের মাধ্যমে প্রদত্ত হলো।

### চিত্র-১১ সংসদ সদস্যদের উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া অনুসরণের ধরন সম্পর্কে জনগণের মতামত



[উৎস: মাঠ জরিপ (২০১৮-২০১৯)]

উপরের চিত্র হতে দেখা যায় যে, সংসদ সদস্যগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে জনচাহিদার ভিত্তিতে প্রাধান্য দেওয়ার পাশাপাশি বিভিন্ন ইউনিয়নের নিজ দলীয় প্রতিনিধিদের দেওয়া উন্নয়ন কার্যক্রমের তালিকাকে বেশি প্রাধান্য দিয়েছেন। তবে এক্ষেত্রে সংসদ সদস্যগণ বেশিরভাগ নিজের পছন্দ কিংবা ইচ্ছাকে উন্নয়ন প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে প্রাধান্য দিয়ে থাকেন যা চিত্রের ভিত্তিতে প্রতীয়মান হয়।

উল্লিখিত বিশ্লেষণ দেখা যায় যে, স্থানীয় পর্যায়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত উত্তরদাতাদের মতামত নেয়া হয়েছে। এক্ষেত্রে সংসদ সদস্যদের মতামতের ভিত্তিতে দেখা যায়, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে বেশিরভাগ প্রকল্পসমূহের ম্যানুয়াল বিধি অনুসরণ করেছেন। এছাড়া এলজিইডি আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে সংসদ সদস্যগণ বিভিন্ন ইউনিয়নে সরাসরি খোঁজখবরের মাধ্যমে জনচাহিদার ভিত্তিকে প্রাধান্য দিয়েছেন। সংসদ সদস্যগণ কর্তৃক উক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া বিভিন্ন ইউনিয়নের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত ছিল বলে মতামত দেন। উন্নত দেশ হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রসহ ইউরোপের অনেক দেশে সংসদ সদস্যগণ নির্বাচনি এলাকার উন্নয়ন এমনকি শিল্পকলকারখানা স্থাপনে ভূমিকা রাখেন যা নির্বাচনি এলাকার উন্নয়নের জন্য ইতিবাচক (মুহিত, ২০০২:৯৯)। বাংলাদেশে সদ্য বিলুপ্ত স্থানীয় সরকার কমিশনের সদস্য আফায়েল আহমেদ বলেন, স্থানীয় সরকারের (উপজেলা পরিষদ) উন্নয়ন সংক্রান্ত কাজে সংসদ সদস্যদের ভূমিকা অবশ্যই থাকতে হবে তবে তা যেন স্থানীয় সরকারের স্বার্থ ক্ষুণ্ণ না করে (আহমেদ, ২০০৯:২৭)। বর্তমান গবেষণার জন্য নির্বাচিত উপজেলা ও ইউনিয়ন চেয়ারম্যান, ইউএনও, পিআইও, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তির মতামত বিশ্লেষণে দেখা যায়, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে উক্ত প্রকল্প কমিটির বেশিরভাগ সদস্যদের মতামত না নিয়ে নিজের একক সিদ্ধান্তের ভিত্তিতে বাছাই প্রক্রিয়া অনুসরণ করে থাকেন। সংসদ সদস্য কর্তৃক এ ধরনের একক সিদ্ধান্তের ভিত্তিতে বাছাই প্রক্রিয়ার ফলে নিজ দলীয় ইউপি চেয়ারম্যান কিংবা তাদের মনোনীত দলীয় নেতাকর্মীদের দেওয়া উন্নয়ন কার্যক্রমসমূহের তালিকাকে বেশি প্রাধান্য দেন। যে কারণে সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত নয় বলে মতামত দেন। সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যদের ব্যক্তিগত স্বার্থ, দলীয় প্রভাব, সংসদ সদস্য ও দলীয় চেয়ারম্যানদের মধ্যে উন্নয়ন প্রকল্পকে কেন্দ্র করে ক্ষমতা ও কর্তৃত্বের দ্বন্দ্ব ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেছেন। এক গবেষণায় দেখা যায় যে, স্থানীয় উন্নয়ন কার্যক্রমে সংসদ সদস্য এবং উপজেলা চেয়ারম্যানগণ জনগণের নির্বাচিত প্রতিনিধি এবং উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ বাছাইয়ে উভয়ের আইনগত ভিত্তি থাকায় অনেক ক্ষেত্রে উভয়ের মধ্যে ক্ষমতা ও কর্তৃত্বের দ্বন্দ্ব বিদ্যমান যা কাম্য নয় (হাবীবুল্লাহ, ২০১৯:৪৬)। স্থানীয় সরকার বিশেষজ্ঞ হোসেন জিল্লুর রহমান বলেন, বাংলাদেশে এমপিদের ৬৫ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রধান কাজ আইন প্রণয়ণ। তবে স্থানীয় উপদেষ্টা হিসেবে উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প বাছাই প্রক্রিয়ায় এমপিদের শুধুমাত্র পরামর্শদাতার ভূমিকা থাকতে পারে। কেননা এমপিদের স্থানীয় উন্নয়ন কাজে সম্পৃক্ত হওয়ার অতীত অভিজ্ঞতা বাংলাদেশের জন্য সুখকর নয়। বিগত সরকারের আমলে এ ধরনের সম্পৃক্ততার ফলে সরকার দলীয় এমপিগণ তাদের মনোনীত দলীয় ব্যক্তিদের দিয়ে স্থানীয় পর্যায়ে এক ধরনের 'এমপি সরকার' বা 'এমপি রাজ' গড়ে তোলেন যা প্রত্যাশিত নয়। সুতরাং স্থানীয় উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় সংসদ সদস্যদের যে কোনো ধরনের প্রকল্পের ম্যানুয়াল বিধি যথাযথ অনুসরণের পাশাপাশি সংসদ সদস্যদের সঙ্গে উপজেলা চেয়ারম্যানদের সম্পর্ক দ্বন্দের না হয়ে সমন্বয়ের মাধ্যমে হলে স্থানীয় উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অনেকক্ষেত্রে সম্ভব হবে।

## ৮. উপসংহার

কোনো অনুন্নত দেশ বা সমাজকে উন্নত করার লক্ষ্যে উন্নয়নের ধারা বা পন্থা অবলম্বন করতে হয়। এ পন্থা অবলম্বনের জন্য উন্নয়নশীল দেশের জনগণের কল্যাণে বিভিন্ন ধরনের উন্নয়ন পদক্ষেপ গ্রহণ করা অত্যাবশ্যিক। এক্ষেত্রে বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ হিসেবে এদেশের স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে জনচাহিদা, ইউনিয়নের আয়তন এবং জনসংখ্যাকে মূল বিবেচক হিসেবে বিবেচনা করা গুরুত্বপূর্ণ। আলোচ্য প্রবন্ধে সংসদ সদস্যগণ কর্তৃক স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন এবং সংসদ সদস্য কর্তৃক উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়া স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নে যথোপযুক্ত না হলে তাঁর কারণ সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত উত্তরদাতাদের মতামত বিশ্লেষণ করা হয়েছে। গবেষণার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে প্রত্যেক উপজেলার জন্য সরকারের বরাদ্দকৃত বাৎসরিক উন্নয়ন প্রকল্প (এডিপি), টিআর (টেস্ট রিলিফ) এবং কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী (কাবিখা) প্রকল্পসমূহ বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে পরিষদের ম্যানুয়াল অনুযায়ী (২০১৩) জনচাহিদা, ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিকে প্রাধান্য দিয়েছেন এবং প্রকল্প বাছাই কমিটি সংশ্লিষ্ট সকল সদস্যদের মতামতের ভিত্তিতে বাছাই প্রক্রিয়ার লিখিত বিধি অনুসরণ করেছেন। সংসদ সদস্য কর্তৃক উক্ত প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে যথাযথ ছিল বলে সংসদ সদস্যগণ তাদের মতামত প্রদান করেন। তবে সংসদ সদস্যগণ কর্তৃক উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ধরন সম্পর্কে গবেষণার জন্য নির্বাচিত সাবেক ও বর্তমান উপজেলা, ইউনিয়ন চেয়ারম্যান এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ভিন্ন মতামত প্রদান করেন। উপজেলা এবং ইউপি চেয়ারম্যানদের মতামত বিশ্লেষণের মাধ্যমে দেখা যায় যে, সরকারের প্রতিবছর বরাদ্দকৃত উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহ যেমন: এডিপি, টিআর, কাবিখা ইত্যাদি বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে সংসদ সদস্যগণ উপদেষ্টা হিসেবে জনচাহিদা এবং বিভিন্ন ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিকে বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে গুরুত্ব না দিয়ে বেশিরভাগ নিজ দলীয় চেয়ারম্যান কিংবা তাদের মনোনীত দলীয় নেতাকর্মীদের প্রদেয় উন্নয়ন কার্যক্রমের তালিকাকে প্রাধান্য দেন। সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প কমিটির বেশিরভাগ সদস্যদের মতামত না নিয়ে নিজের একক সিদ্ধান্ত কিংবা ইচ্ছাকে প্রকল্প বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে চাপিয়ে দিয়ে থাকেন যা উন্নয়ন প্রকল্পসমূহের ম্যানুয়াল পরিপন্থী। উপজেলা ও ইউপি চেয়ারম্যানদের মতামতের সাথে গবেষণার জন্য নির্বাচিত ইউএনও, পিআইও এবং উপজেলা প্রকৌশলী অফিসারদের মতামতের অনেকেংশে মিল রয়েছে। সংসদ সদস্যগণ কর্তৃক উক্ত প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার ধরন স্থানীয় উন্নয়ন কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত নয় বলে গবেষণার জন্য নির্বাচিত বেশিরভাগ উত্তরদাতা এ ব্যাপারে অভিমত দেন। এক্ষেত্রে সংসদ সদস্যগণ কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথাযথ না হওয়ার কারণ হিসেবে সংসদ সদস্যদের দলীয় প্রভাব, সাংসদদের ব্যক্তিস্বার্থ, প্রকল্প কমিটি সংশ্লিষ্ট সদস্যদের মতামতকে গুরুত্ব না দিয়ে সাংসদদের উপদেষ্টা হিসেবে নিজের মতামতকে প্রাধান্য, কখনো কখনো সংসদ সদস্য ও দলীয় উপজেলা চেয়ারম্যানদের মধ্যে ক্ষমতা ও কর্তৃত্বের দ্বন্দ্ব, বিরোধী দলের উপজেলা ও ইউনিয়ন চেয়ারম্যানদের প্রকল্প বাছাইয়ে প্রাধান্য না দেওয়া ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেছেন। সংসদ সদস্য এবং উপজেলা চেয়ারম্যানগণ জনগণের নির্বাচিত প্রতিনিধি এবং স্থানীয় পর্যায়ে (উপজেলা পরিষদ) উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ায় উভয়ের মধ্যে ক্ষমতা ও কর্তৃত্বের দ্বন্দ্ব বিদ্যমান যা সঠিক পন্থা নয়। মূলত: উপজেলা পরিষদের সরকারের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার দায়িত্ব স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) ও স্থানীয় জনপ্রতিনিধি হিসেবে উপজেলা চেয়ারম্যানদের হাতে অর্পণ করা হলেও সাংসদগণ উপজেলা পরিষদ সংশোধন আইন ২০০৯ অনযায়ী পরিষদের উপদেষ্টা ও নির্বাচনি এলাকার জনপ্রতিনিধি হিসেবে প্রকল্পসমূহ বাছাইয়ে নিজের একক সিদ্ধান্ত

নিয়ে থাকেন। যেহেতু উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্পসমূহের সাথে আর্থিক বিষয় সম্পৃক্ত এবং তা বিভিন্ন ইউনিয়নের উন্নয়ন বাস্তবায়নের কাজে ব্যয় হয়, তাই উন্নয়ন প্রকল্পের বাছাই প্রক্রিয়ার সাংসদ ও উপজেলা চেয়ারম্যানদের মধ্যে দ্বন্দ্ব বিদ্যমান। স্থানীয় পর্যায়ের (উপজেলা পরিষদ) উন্নয়ন কার্যক্রমে সংসদ সদস্যদের উপদেষ্টা নয় বরং সংসদ সদস্যদেরকে তাদের বস করা হয়েছে বলে গবেষণার জন্য নির্বাচিত উপজেলা চেয়ারম্যানদের কেউ কেউ এ বিষয়ে মন্তব্য করেন।

সুতরাং সার্বিকভাবে এ কথা বলা যায়, সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের (এডিপি, টিআর, কাবিখা) বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে স্থানীয় সরকার, উপজেলা পরিষদের ম্যানুয়াল (২০১৩) অনুযায়ী, জনচাহিদা এবং ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা অনুসারে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া অনুসরণ করলেও বেশিরভাগ ক্ষেত্রে নিজ দলীয় ইউপি চেয়ারম্যান কিংবা সংসদ সদস্যদের মনোনীত দলীয় নেতাকর্মীদের প্রদেয় উন্নয়ন কার্যক্রমের তালিকাকে বেশি অগ্রাধিকার দিয়ে থাকেন। এক্ষেত্রে সংসদ সদস্যগণ উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প কমিটির বেশিরভাগ সদস্যদের মতামত না নিয়ে নিজের একক সিদ্ধান্ত কিংবা ইচ্ছাকে প্রকল্প বাছাই প্রক্রিয়ার ক্ষেত্রে চাপিয়ে দিয়ে থাকেন যা উপজেলা পরিষদ ম্যানুয়াল পরিপন্থী। উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়া যথোপযুক্ত না হওয়ার অন্যতম এটি একটি কারণ যা গবেষণার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বর্ণিত হয়েছে। এক্ষেত্রে সংসদ সদস্যগণের উপজেলা পরিষদের উপদেষ্টা হিসেবে উন্নয়ন প্রকল্পসমূহের বাছাই প্রক্রিয়ার যথাযথ নিয়ম অনুসরণ এবং দল নিরপেক্ষ ভূমিকা পালনের মাধ্যমে স্থানীয় এলাকার উন্নয়ন কার্যক্রমসমূহের বাস্তবায়ন প্রক্রিয়া যথাযথভাবে করা সম্ভব হবে।

#### তথ্য নির্দেশিকা

- Alan, I. (1981). *Scope and Methods of Political Science*, The Dorsey Press, 554.
- Henny, M. (1963). *Democracy, Decentralization and Development*, Bombay: Asia Publishing House, 26.
- Hye, H. A. (1982). *Local Level Planning in Bangladesh*, Dhaka, National Institute of Local Government.
- Islam, N. (1989). Decentralization and Upazila System in Bangladesh, Dhaka: NILG, *The Journal of Local Government*, 18(2).
- Jahan, R. (2017). Members of Parliament in Bangladesh, *Legislative Studies Quarterly*, (1)4. Retrieved from: <https://www.jstor.org/stable/439502>.
- Mario & William, J. (2017). The Concept of Local Development: A Stages Model of Endogenous Regional Growth, *Journal of Regional Studies*, Retrieved from: <https://doi.org/10.1111/j.1435-5597.1984.tb00823>.
- Munck, R. (1999). *Deconstructing Development Discourses: of Impasses, Alternatives and Politics*. London: Zed Books
- Musolf, D. & Smith, J. (1979). *Legislatures in Development; Dynamics of Change in New and Old States*, North Carolina, Duke University Press.
- Norton, P. & Wood, D. (1990). Constituency Service by Members of Parliament: Does it Contribute to a Personal Vote?, *Parliamentary Affairs*, Cambridge: The Oxford University Press.
- Norton, P. (1994). The growth of the Constituency Role of the MP, *Parliamentary Affairs*, 47(4), Retrieved from: <http://www.Springer.com>.
- Panday, K. (2011). Local Government System in Bangladesh: How Far is it Decentralized? *Journal of Local Self Government*, 3(2), 37-38.

- Rahman, H. Z. (2002). Local Government Issues and Way Forward: Decentralizations in Bangladesh, Dhaka, *Power and Participation Research Centre*.
- Rahman, M. S. (2012). Role of the Members of Parliament in the Local Government of Bangladesh: Views and Perceptions of Grassroots in the Case of Upazila Administrations, USA, *Public Organization Review: A global Journal*, 13(1).
- Sherozzaman, M. (2012). "Panchagarh District". In Islam, S. Ahmed A. (eds.). *Banglapedia: National Encyclopedia of Bangladesh (Second ed.) Asiatic Society of Bangladesh*, 9-10
- Siddique, N. (1977). *Decentralization and Development; Theory and Practice in Bangladesh*, Dhaka, University of Dhaka.
- Siddique, N. A. (1977). *Decentralization and Development; Theory and Practice in Bangladesh*, Dhaka, University of Dhaka. 17-18.
- Siddiqui, K. (2002). *Local Governance in Bangladesh, Leading Issues and Major Challenges*, Dhaka, University Press Limited.
- Stillborn, J. (2012). *The Roles of the Members of Parliament in Canada: Are They Changing?* Canada, Political and Social Affairs Division.
- The Constitution of the People's Republic of Bangladesh (2011). Dhaka, Ministry of Law and Justice, Government of Bangladesh.
- Uddin, I. (2012). "Dhamrai Upazila". In Islam, S. Ahmed A. (eds.). *Banglapedia: National Encyclopedia of Bangladesh (Second ed.) Asiatic Society of Bangladesh*, 12-13.
- Westergaard, K. (1996). People's Participation, Local Government and Rural Development: The Case of West Bengal, India, Copenhagen: *Centre for Development Research*.
- অপারেশন ম্যানুয়াল, (২০১৬), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ সচিবালয়।
- আহমেদ, তোফায়েল (২০০২), সংস্কার কর্মসূচী: মার্চ প্রশাসন ও স্থানীয় সরকার, ঢাকা, গণ উন্নয়ন গ্রন্থাগার।
- উপজেলা পরিষদ ম্যানুয়াল (২০১০), স্থানীয় সরকার বিভাগ ঢাকা: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- বার্ষিক উন্নয়ন প্রতিবেদন (২০১৪-২০১৫), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- সিদ্দিকী, কামাল ও অন্যান্য (২০১৩), উপজেলা পরিষদ ম্যানুয়াল, ঢাকা: এনআইএজিইডি।
- হাবীবুল্লাহ, মো: (২০০৬), উপজেলা চেয়ারম্যান ও স্থানীয় সংসদ সদস্যের ক্ষমতা ও কর্তৃত্বের সমস্যা: একটি পর্যালোচনা, লোক প্রশাসন সাময়িকী, ঢাকা: বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।
- কবীর, সৈয়দা ও হক, মো. (২০০৫), স্থানীয় শাসনব্যবস্থা ও উন্নয়ন প্রক্রিয়ায় সংসদ সদস্যদের ভূমিকা, ঢাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা।
- মুহিত, আবুল মাল আবদুল (২০০২), জেলায় জেলায় সরকার: স্থানীয় সরকার আইনসমূহের একটি পর্যালোচনা, ঢাকা, ইউপিএল।

রহমান, মকসুদুর (২০১৯), বাংলাদেশের স্থানীয় সায়ন্তশাসন (অষ্টম সংস্করণ), রাজশাহী বিশ্ববিদ্যালয়, পাঠ্য পুস্তক প্রকাশনা বোর্ড।

রহমান, মকসুদুর (২০১৩), বাংলাদেশের স্থানীয় সায়ন্তশাসন পঞ্চম সংস্করণ), রাজশাহী বিশ্ববিদ্যালয়, পাঠ্য পুস্তক প্রকাশনা বোর্ড।

রহমান, আনিসুর (২০০৮), বাংলাদেশের অর্থনীতি, ঢাকা, প্রগতি পাবলিশার্স।



**গ্রন্থ পর্যালোচনা**  
**মোহাম্মদ সেলিম, বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি, ঢাকা, বাংলা একাডেমি**  
জুন ২০২২, মূল্য-২৬০ টাকা পৃষ্ঠা-৩২০, আইএসবিএন নং- ৯৭৮-৯৮৪-০৭-৬১৭৩-৯

**মোঃ ইসমাইল হোসাইন**  
এম. ফিল গবেষক, ইতিহাস বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিটি রাষ্ট্রই কোন না কোনভাবে একে অপরের প্রতি নির্ভরশীল। এ নির্ভরশীলতার সম্পর্কের মধ্য দিয়ে রাষ্ট্রসমূহ তার জাতীয় স্বার্থ ও উদ্দেশ্য সাধন করতে চায়। রাষ্ট্রের সাফল্য, উন্নতি, অর্থনৈতিক অর্জন, এমনকি অস্তিত্ব পর্যন্ত নির্ভর করে সফল পররাষ্ট্রনীতির ওপর। পররাষ্ট্রনীতি একটি রাষ্ট্রের গৃহীত সেসব বিধি ও কৌশল যা দেশটির জাতীয় স্বার্থ অক্ষুণ্ন রেখে অন্য রাষ্ট্রের সাথে সম্পর্ক সংরক্ষণ ও সম্প্রসারণে এবং নিজ দেশের ভাবমূর্তি সমুজ্জ্বল রাখার লক্ষ্যে প্রণীত হয়। রাষ্ট্র আন্তর্জাতিক সম্পর্ক প্রতিষ্ঠায় যে সকল নীতি অনুসরণ করে বা করতে চায় সেগুলোই সেই রাষ্ট্রের পররাষ্ট্রনীতি হিসেবে পরিগণিত। পররাষ্ট্রনীতিতে বিভিন্ন রাষ্ট্রের মধ্যস্থিত রাজনৈতিক, কূটনৈতিক, সামরিক, অর্থনৈতিক, আইনগত সম্পর্ক সরকারি ও বেসরকারি সকল প্রকার সম্পর্ক নিয়ে আলোচনা করে।

মুক্তিযুদ্ধকালীন পররাষ্ট্রনীতিই ছিল বাংলাদেশের পররাষ্ট্রনীতির ভিত্তি। বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে যুদ্ধ বিধ্বস্ত বাংলায় ফিরে এসে যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠনে মনোনিবেশ করেন। তিনি সংবিধানে গণতন্ত্র সমাজতন্ত্র জাতীয়তাবাদ ও ধর্মনিরপেক্ষতাবাদের পাশাপাশি গ্রহণ করেন এক সুষ্ঠু ধারার পররাষ্ট্রনীতি। শুরুতেই বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশের অর্থনৈতিক সংকট দূর করা ও বিশ্ব সম্প্রদায় থেকে বাংলাদেশের স্বীকৃতি আদায়ে কাজ শুরু করেছিলেন।

বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক দক্ষতা প্রজ্ঞার পাশাপাশি তার জ্ঞান ও বুদ্ধির প্রখরতা ছিল প্রশংসনীয়। সাড়ে তিন বছর দেশ পরিচালনার সময় পেয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এত অল্প সময়ের মধ্যেই নজিরবিহীন কূটনৈতিক সাফল্য অর্জন করেন। যার বিরল দৃষ্টান্ত বঙ্গবন্ধু মাত্র নব্বই দিনের মাথায় বাংলাদেশ থেকে ভারতের সেনা প্রত্যাহার করিয়ে নিতে সক্ষম হয়েছিলেন। বঙ্গবন্ধুর কূটনৈতিক সফলতার মাধ্যমে ১৯৭৩ সালের সেপ্টেম্বরের মধ্যে বিশ্বের ১০০ টি রাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি দেয় এবং ১৯৭৪ সালে ওআইসির সদস্যপদ লাভ করে। বঙ্গবন্ধুর অন্তর্ভুক্তিমূলক কূটনীতির সুফল হিসেবেই ১৯৭৪ সালের ১৭ই সেপ্টেম্বর বাংলাদেশ জাতিসংঘের পূর্ণ সদস্যপদ লাভ করে।

বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির উল্লেখযোগ্য দিকগুলো ছিল- আত্মমর্যাদার পররাষ্ট্রনীতি, সবার সাথে বন্ধুত্ব ও মৈত্রী, জোটনিরপেক্ষ নীতি, বিদেশী রাষ্ট্রের স্বীকৃতি ও আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশকে অন্তর্ভুক্তকরণের কূটনীতি, কোন রাষ্ট্রের প্রতি অতি নির্ভরশীল না হওয়া, প্রতিবেশী রাষ্ট্রসমূহ, মুসলিম ও পশ্চিমা বিশ্বের সঙ্গে সম্পর্ক উন্নয়ন, বৈদেশিক সাহায্য আদায়ের কূটনীতি, উপনিবেশবাদ-বর্ণবাদ- সাম্রাজ্যবাদবিরোধী অবস্থান, বিশ্বের শোষিত মানুষের ন্যায়সঙ্গত অধিকার আদায়ের সংগ্রামকে সমর্থন দান এবং বিভিন্ন দেশের সাথে অর্থনৈতিক সম্পর্ক উন্নয়ন করা।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পূর্বে বঙ্গবন্ধু পাকিস্তানের পররাষ্ট্রনীতি কেমন হওয়া উচিত সে সম্পর্কে বক্তব্য দিয়েছেন। ১৯৫৬ সালের ফেব্রুয়ারিতে পাকিস্তান গণপরিষদে সংবিধানের সংশোধনী বিষয়ে আলোচনায় কেবলত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠার অনুচ্ছেদের বিরোধিতাপূর্বক বঙ্গবন্ধু দ্বিধাহীনচিন্তে বলেছিলেন, “we should say that we will have friendly relations with all the countries of the world unless they themselves make us enemies.” এই বক্তব্য জোটনিরপেক্ষ পররাষ্ট্রনীতির প্রতি বঙ্গবন্ধুর প্রতিশ্রুতি প্রকাশ পেয়েছে বলা যায়। ১৯৬৯ সালে প্রকাশিত আওয়ামী লীগের নীতি ও কর্মসূচি ঘোষণায় উল্লেখ করা হয় যে, “সকল রাষ্ট্রের জন্য বন্ধুত্ব, বিদ্বেষ কারো প্রতি নয়।

হোসেন শহীদ সোহরাওয়ার্দীর পররাষ্ট্রনীতি চিন্তার সাথে বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি চিন্তার তফাৎ ছিল। সোহরাওয়ার্দীর অনুসারী হওয়ার কারণে পাকিস্তান আমলে বঙ্গবন্ধুকে অনেকে মার্কিনপন্থি বলে মনে করতেন। আবার স্বাধীনতার পরে তাঁকে কেউ কেউ 'ভারতপন্থি' বা 'রুশপন্থি' বলে মত দিয়েছেন। প্রকৃতপক্ষে বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির বস্তুনিষ্ঠ, নৈব্যক্তিক পর্যালোচনায় দেখা যায়, এই সমস্ত অভিযোগের কোনো ভিত্তি নেই।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর ৩ বছর ৭ মাসের শাসনামলে রাষ্ট্র পরিচালনায় বর্হিবিশ্বের সাথে কি ধরনের নীতি গ্রহণ করেছেন তার বর্ণনা দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম রচনা করেছেন “বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি” নামক বই। বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি গ্রন্থটি মূলত বাংলা একাডেমি প্রকাশিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মশতবর্ষ গ্রন্থমালার ৬৫ তম গ্রন্থ। এই গ্রন্থমালার লোগো প্রণয়ন করেছেন রফিকুন নবী এবং প্রচ্ছদ অঙ্কন করেছেন তারিক সুজাত। গ্রন্থটির লেখক মোহাম্মদ সেলিম ইতঃপূর্বে বেশ কয়েকটি গ্রন্থ রচনা করেছেন এবং কয়েকটি গ্রন্থের সম্পাদনার সাথেও যুক্ত ছিলেন।

লেখক গ্রন্থটি ভূমিকা, উপসংহারসহ ৫টি অধ্যায় ও ৩ টি পরিচ্ছেদে ভাগ করেছেন। এই বইয়ে তথ্য নির্দেশ, গ্রন্থপঞ্জি, ১৫ টি আলোকচিত্র এবং নির্ঘণ্ট প্রদান করেছেন। এছাড়া তিনি গ্রন্থে প্রাসঙ্গিক ১৫ টি পরিশিষ্টও যুক্ত করেছেন। যা সামগ্রিকভাবে গ্রন্থের গবেষণামূল্য বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি গ্রন্থটির উদ্দেশ্য ও মূল বক্তব্য লেখক বর্ণনা করেছেন যে, বঙ্গবন্ধু সরকারের পররাষ্ট্রনীতির প্রধান লক্ষ্য ছিল দেশীয় ও বৈশ্বিক বৈরিতা মোকাবেলাপূর্বক আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের সার্বভৌম সত্তার স্বীকৃতি অর্জন এবং যুদ্ধবিধ্বস্ত দেশের পুনর্গঠনে বিপুল পরিমাণ বৈদেশিক সাহায্যের সংস্থান করা। এক্ষেত্রে তিনি জাতীয় স্বার্থ, জাতীয় আদর্শ ও মর্যাদার ভিত্তিতে পররাষ্ট্রনীতির মৌল ভিত্তি নির্মাণে প্রয়াসী হন।

বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতিতে রাষ্ট্রের সংস্কৃতি ও ধর্মের প্রভাবও অনুভূত হয়। বাস্তব কারণে বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি ছিল উন্নয়নমুখী। ১৯৭২ ও ১৯৭৩ সালের অনাবৃষ্টি, বন্যা, ঘূর্ণিঝড় এবং আন্তর্জাতিক বাজারের মুদ্রাস্ফীতি বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থাপনায় বৃহৎ সংকট সৃষ্টি করে। এই প্রতিকূলতা মোকাবেলায় বঙ্গবন্ধু সরকার ১৯৭৩ সাল থেকে মার্কিন যুক্তরাষ্ট্র পশ্চিম ইউরোপের দেশসমূহ, জাপান, অস্ট্রেলিয়া প্রভৃতি রাষ্ট্রসমূহের সঙ্গে সুসম্পর্ক প্রতিষ্ঠায় অধিক আগ্রহী হন। ফলে বাংলাদেশের পররাষ্ট্রনীতিতে পশ্চিম অভিমুখে উল্লেখযোগ্য পরিবর্তন লক্ষ্য করা যায়। বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির উপজীব্য হচ্ছে জোটনিরপেক্ষ ও শান্তিপূর্ণ সহঅবস্থান নীতির ভিত্তিতে বিশ্বের বৃহৎ শক্তির সঙ্গে দ্বন্দ্ব ব্যতীত ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখা।

সদ্য স্বাধীন বাংলাদেশের পররাষ্ট্রনীতি প্রণয়নে বঙ্গবন্ধুর যথেষ্ট প্রজ্ঞা, মেধা ও দূরদৃষ্টির স্বাক্ষর লক্ষণীয়। বঙ্গবন্ধুর জীবন ও চিন্তার নানা দিক তুলে ধরার পাশাপাশি কূটনৈতিক দক্ষতা ও বর্হিদেশীয় সম্পর্কের অজানা ও অনালোচিত দিক তুলে ধরার

জন্যই এই গ্রন্থ রচনা করা হয়েছে। পাশাপাশি এই গ্রন্থে লেখক যা আলোচনা করেছেন তা বিভিন্ন দৃষ্টিভঙ্গির আলোকে বিশ্লেষণ ও পাঠকের ধারণা স্পষ্টকরণে আরও যা কিছু যুক্ত করা প্রয়োজন ছিল তা উল্লেখ করতেই এই গ্রন্থ পর্যালোচনা করা হয়েছে।

লেখক এই গ্রন্থে প্রতিটি বর্ণনার যে তথ্যসূত্র এবং বইয়ের শেষে যে তথ্য বিবরণী দিয়েছেন তা গ্রন্থটিকে পররাষ্ট্রনীতির তথ্যসূত্র গ্রন্থ হিসেবে উপযোগী করে তুলেছে। এই গ্রন্থটি পাঠ করে আমার ভাবনায় নতুন মাত্রা যোগ করেছে, নতুন তথ্য দিয়েছে, পূর্ব ধারণাকে শক্তিশালী করেছে এবং বৃহৎ আকারে চিন্তার সুযোগ বৃদ্ধি করেছে। কোন দর্শন নীতিতে বঙ্গবন্ধু তাঁর কূটনৈতিক প্রজ্ঞার মাধ্যমে দেশকে উচ্চতার শিখরে নিয়েছেন এ সম্পর্কে যারা প্রকৃত তথ্য জানতে চান তাদের জন্য মোহাম্মদ সেলিম রচিত বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি গ্রন্থটি একটি অসাধারণ ও পছন্দের গ্রন্থ হতে পারে।

বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির সাথে তাঁর পরবর্তী শাসকদের পররাষ্ট্রনীতির তুলনা করতে গিয়ে লেখক মন্তব্য করেছেন যে, বঙ্গবন্ধুর পরবর্তী শাসক জিয়াউর রহমান বাংলাদেশের পররাষ্ট্রনীতির ক্ষেত্রে সংবিধানের ২৫(২) অনুচ্ছেদে এক গুরুত্বপূর্ণ সংযোজনী যুক্ত করেন। “রাষ্ট্র ইসলামি সংহতির ভিত্তিতে মুসলিম দেশসমূহের মধ্যে ভ্রাতৃত্ব সম্পর্ক সংহত, সংরক্ষণ এবং জোরদার করিতে সচেষ্ট হইবেন।” বলা নিষ্প্রয়োজন, ইসলামি সংহতির নামে জিয়াউর রহমান পাকিস্তান ও সৌদি আরবের নৈকট্য লাভের চেষ্টা করেছেন মাত্র। ঘটনাপ্রবাহের পর্যালোচনায় বলা যায়, এমন উদ্যোগ জাতীয় স্বার্থ অপেক্ষা শাসকের ক্ষমতা সংহতকরণে অধিক ফলপ্রসূ হয়েছে। (পৃ. ১২) এ নীতি বিশ্লেষণে বলা যায় বঙ্গবন্ধু পরবর্তী শাসকরা বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিরোধিতাকারীদের সাথে বন্ধুত্ব করেছেন। চীন, সৌদি আরব বঙ্গবন্ধু হত্যার পরে বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল।

এই গ্রন্থে গবেষণা পদ্ধতি হিসেবে ঐতিহাসিক পদ্ধতির ওপর অধিক গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়া লেখক এই গ্রন্থে মুখ্য উপাদান হিসেবে নথিপত্র, বিভিন্ন প্রতিবেদন, সরকারি গেজেট, সরকারি সংস্থার পরিসংখ্যান, সরকারি তথ্যবিবরণী, আরকাইভাল রেকর্ডস, বাংলাদেশের জাতীয় সংসদ বিতর্ক, ভারতের লোকসভা ও রাজ্যসভা বিতর্ক ইত্যাদি ব্যবহার করেছেন। গৌণ উপাদানের মধ্যে গ্রন্থ, জার্নাল, পত্র-পত্রিকা, প্রবন্ধ-নিবন্ধ ইত্যাদি উল্লেখ্য।

প্রথম অধ্যায়ে বঙ্গবন্ধুর পররাষ্ট্র ভাবনা বিষয়ে আলোকপাত করা হয়েছে। এখানে তিনি বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির পটভূমি হিসেবে মুজিবনগর সরকারের পররাষ্ট্রনীতি নিয়েও আলোচনা করেছেন। মোহাম্মদ সেলিম পররাষ্ট্রনীতি ও জাতীয় স্বার্থের আলোচনায় বলেছেন, বিশ্বের সকল রাষ্ট্রের পররাষ্ট্রনীতির সাধারণ লক্ষ্য হলো জাতীয় স্বার্থ রক্ষা করা। এখানে লেখক পররাষ্ট্র ভাবনা, জাতীয় স্বার্থ ও জাতীয় ভাবাদর্শকে অত্যন্ত যৌক্তিকভাবে ব্যাখ্যা করেছেন। এছাড়া তিনি তার বক্তব্যের যৌক্তিকতায় বিভিন্ন প্রথিতযশা ব্যক্তিদের বক্তব্য ও রেফারেন্স ব্যবহার করেছেন। যা লেখকের কথাকে অনেক যৌক্তিকতা দিয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে লেখক ৩টি পরিচ্ছেদে ভারত বাংলাদেশের সম্পর্ক ও পররাষ্ট্রনীতির আলোচনা করেছেন। প্রথম পরিচ্ছেদে তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের সহযোগিতা ও প্রতিবেশী দেশগুলোর ভূমিকার কথা উল্লেখ করেছেন। ভারত সবচেয়ে বেশি সহযোগিতা করলেও অন্যান্য প্রতিবেশী দেশের ভূমিকা সহযোগিতামূলক ছিলনা। যেমন বার্মা, শ্রীলঙ্কা ছিল পাকিস্তানের মিত্র, নেপালের প্রতিক্রিয়াও ইতিবাচক ছিলনা। লেখক মুক্তিযুদ্ধে ভারতের পাশাপাশি অন্যান্য প্রতিবেশী দেশগুলোর ভূমিকা আলোচনা করেছেন যা অন্যান্য গ্রন্থে সচরাচর কম পরিলক্ষিত হয়।

দ্বিতীয় পরিচ্ছেদে বাংলাদেশ ভারতের রাজনৈতিক সম্পর্ক বর্ণনা করা হয়েছে। মুক্তিযুদ্ধ শেষে বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহারে প্রথমদিকে কিছুটা বিশৃঙ্খল অবস্থা ও নানা বিতর্কের সম্ভাবনার জন্য দিয়েছিল। বঙ্গবন্ধু ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির সাথে সমঝোতা ও আলোচনার মাধ্যমে সৈন্য প্রত্যাহার ত্বরান্বিত করেছিলেন। মার্চের দ্বিতীয় সপ্তাহের মধ্যে ভারতীয় সৈন্যরা স্বদেশে ফিরে যায়। বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহারের বিষয়টি বিরাট

কূটনৈতিক বিজয় হিসেবে দেখা হয়। লেখক বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতীয় সৈন্যদের শহীদ সংখ্যার মতানৈক্য হিসেবে বিভিন্ন ব্যক্তির বক্তব্য ও প্রতিবেদন উল্লেখ করেছেন। যেখানে প্রকৃত সংখ্যা উঠে আসেনি। সঠিক সংখ্যা উদ্ঘাটন করা গেলে মতানৈক্যের অবসান হবে।

এছাড়া লেখক এই পরিচ্ছেদে বাংলাদেশ ভারতের মধ্যকার বিভিন্ন মৈত্রী চুক্তি নিয়ে আলোচনা করেছেন। লেখক ফারাক্কী সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করায় পাঠকের কাছে বিষয়টি স্পষ্ট হয়েছে। যা দ্বারা পাঠক উপকৃত হবেন বলে মনে করি। সার্বিকভাবে বলা যায় যে, ১৯৭১ পরবর্তী ফারাক্কী বাঁধ, সীমান্তে বাংলাদেশিদের হত্যা, পার্বত্য চট্টগ্রামের বিচ্ছিন্নতাবাদীদের সাহায্যের অভিযোগসহ বিভিন্ন বিষয়ে উল্লেখযোগ্য দূরত্ব থাকলেও বাংলাদেশ ভারত সম্পর্ক অত্যন্ত বন্ধুত্বপূর্ণ।

লেখক তৃতীয় পরিচ্ছেদে বাংলাদেশ ভারতের অর্থনৈতিক সম্পর্কের আলোচনায় বলেছেন যে, বঙ্গবন্ধুর সময়ে দুই দেশের বাণিজ্য ক্ষেত্রে অধিক আলোচিত পণ্য ছিল পাট। যা স্বর্ণসূত্র নামে পরিচিত। পাকিস্তান আমলের পাট বাণিজ্য নীতি বঙ্গবন্ধু পরিবর্তন করে দেন। লেখক ভারত বাংলাদেশের বাণিজ্য সম্পর্কের চিত্রটি অত্যন্ত সুস্পষ্ট ভাবে ব্যাখ্যা করেছেন এই পরিচ্ছেদে।

লেখকের বর্ণনার সাথে যুক্ত করা যায় যে, বর্তমানে ভারত বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক বিশাল আকার ধারণ করেছে। বাংলাদেশ আজ অনেক ক্ষেত্রে ভারতের বৃহত্তর রপ্তানি বাজার। দেখা যায় ভারত বাংলাদেশে পণ্য রপ্তানি বন্ধ করলে বাংলাদেশের বাজার অস্থিতিশীল ও উর্ধ্বগামী হয়ে উঠে। বর্তমানে উভয় দেশ একে অপরের স্থল ও জলপথ ব্যবহারের ফলে এই বাণিজ্যিক সম্পর্ক ব্যাপক প্রসারিত হচ্ছে।

তৃতীয় অধ্যায়ে লেখক বাংলাদেশ পাকিস্তান সম্পর্ক নিয়ে আলোচনা করেছেন। এখানে তিনি পাকিস্তানিদের দৃষ্টিতে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে যে তারা বিদ্রোহ বলে থাকেন তা আলোকপাত করেছেন। তিনি Bertrand Russell এর “Why Men Fight” এবং Ted Robert Gurr এর “Why Men Rebel” এই গ্রন্থ দুটির আলোকে বাঙালির মুক্তি সংগ্রামকে ব্যাখ্যা করেছেন।

ইসলামি সহযোগিতা সম্মেলনে যোগদানের মাধ্যমে বঙ্গবন্ধু একটি বড় কূটনৈতিক বিজয় অর্জন করেন। পাকিস্তানের ইচ্ছানুযায়ী বাংলাদেশকে বিনা স্বীকৃতিতে লাহোরে নিয়ে যাওয়ার চেষ্টা করে ওআইসি। কিন্তু শেখ মুজিবের অনড় অবস্থানের কারণে ১৯৫ জন যুদ্ধবন্দির বিচার না করার শর্তে ১৬ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দিতে সম্মত হয়।

লেখক এই অধ্যায়ে বাংলাদেশের নিকট প্রাপ্য পাকিস্তানের সম্পদ ও পাকিস্তানের নিকট প্রাপ্য বাংলাদেশের সম্পদের চিত্র সারণির মাধ্যমে তুলে ধরেছেন। যা একটি বিরাট দলিল। মূলত পাকিস্তানের সাথে বাংলাদেশের সম্পর্ক স্বাভাবিক হয়েছিল বঙ্গবন্ধুর সময়ে। বিশ্লেষণে দেখা যায় সামরিক শাসকরা পাকিস্তানের সাথে অধিক সম্পর্ক বজায় রেখেছিল।

চতুর্থ অধ্যায়ে মুক্তিযুদ্ধ ও যুদ্ধ পরবর্তী বাংলাদেশ পুনর্গঠনে সোভিয়েত ইউনিয়নের সহযোগিতা ও বাংলাদেশের প্রতি সোভিয়েত সরকারের নীতি ও দৃষ্টিভঙ্গি আলোচিত হয়েছে। গবেষক লিখেছেন বাংলাদেশের মুক্তিযুদ্ধের সফল পরিসমাপ্তিতে সোভিয়েত রাশিয়ার ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। মস্কো বিশ্ববিদ্যালয়ের সমাবেশে বাংলাদেশের পররাষ্ট্রনীতি সম্পর্কে শেখ মুজিব বলেছেন, ‘বিশ্বশান্তির অভিসারী স্বাধীন ও জোটনিরপেক্ষ পররাষ্ট্রনীতি এবং শান্তিপূর্ণ সহাবস্থানে বিশ্বাস করি। তিনি আরও বলেন, আমাদের দুদেশের জনগণের মধ্যে একতার উদ্ভব হয়েছে, কারণ আমরা উভয় জাতিই সাম্রাজ্যবাদীদের ষড়যন্ত্রের বিরুদ্ধে সশস্ত্র বিপ্লব করে মুক্তি লাভ করেছি।

সোভিয়েত ইউনিয়নের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক ছিল লক্ষণীয়। স্বাধীনতার পর বাংলাদেশ বিদেশি রাষ্ট্র হিসেবে সোভিয়েত ইউনিয়নের সাথে প্রথম বাণিজ্য চুক্তি করেছিল। এছাড়া বাংলাদেশের অর্থনৈতিক পুনর্গঠনে সোভিয়েত

ইউনিয়ন অনেক সহযোগিতা করে। সোভিয়েত ইউনিয়নের সাহায্যের এক উজ্জ্বল স্মারক হলো চট্টগ্রাম বন্দরকে নৌ চলাচলের সম্পূর্ণ উপযোগী করা।

সার্বিকভাবে লেখকের বক্তব্যের বিশ্লেষণে দেখা যায়, ভারতের পরে বাংলাদেশকে বিদেশি দেশ হিসেবে সবচেয়ে বেশি সহযোগিতা করেছে সোভিয়েত ইউনিয়ন। পাকিস্তান আমলে পশ্চিম পাকিস্তানের সাথে সোভিয়েত সম্পর্ক ছিল নিম্নমুখী অন্যদিকে পূর্ব পাকিস্তানের সাথে সম্পর্ক ঘনিষ্ঠ ছিল। যার প্রমাণ ১৯৫৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে পাকিস্তান একটি সামরিক চুক্তি স্বাক্ষর করলে পূর্ব পাকিস্তানের ব্যাপক বিক্ষোভ দেখা দেয়। এমনকি পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের ১৬২ জন নবনির্বাচিত সদস্য এই সামরিক চুক্তির নিন্দা জানিয়ে যৌথ বিবৃতি দেয়। বঙ্গবন্ধুর শাসনামলেও সোভিয়েত বাংলাদেশ সম্পর্ক ছিল সৌহার্দ্যপূর্ণ। বঙ্গবন্ধুকে হত্যার পর এ সম্পর্ক দ্রুত অবনতি ঘটতে থাকে। পরবর্তী সামরিক সরকারগণ যুক্তরাষ্ট্র পাকিস্তান ও আরব দেশগুলোর সাথে সম্পর্ক গড়তে থাকে। ফলে স্বাভাবিকভাবে এসব রাষ্ট্রের প্রতিদ্বন্দ্বী সোভিয়েত ইউনিয়নের সাথে বাংলাদেশের সম্পর্ক শীতল হয়ে পড়ে। পরবর্তীতে ২০০০ এর দশকে রুশ বাংলাদেশ সম্পর্কে উন্নতি ঘটতে শুরু করে।

লেখক পঞ্চম অধ্যায়ে বাংলাদেশের প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের দৃষ্টিভঙ্গি বিস্তারিত আলোচনা করেছেন। বাংলাদেশের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে সাহায্য, ঋণ ও অনুদান প্রধান ভূমিকা পালন করে। বাণিজ্যের পরিমাণ ছিল যৎসামান্য। দেশের অর্থনৈতিক পুনর্গঠনে বৈদেশিক সাহায্যের তীব্র চাহিদা সত্ত্বেও সরাসরি মার্কিন সহায়তা গ্রহণ করা হবে কি না তা নিয়ে সরকারের মধ্যে বিতর্ক দেখা দেয়। শেখ মুজিব যুক্তরাষ্ট্রের কাছ থেকে সাহায্য গ্রহণের ক্ষেত্রে ইতিবাচক মনোভাব ব্যক্ত করেন। লেখক মনে করেন, শেখ মুজিব সরকারকে সমাজতান্ত্রিক আদর্শ গ্রহণ করবার জন্য চড়া মূল্য দিতে হয়েছে। ১৯৭৪ সালের দুর্ভিক্ষ এমন একটি ঘটনা।

লেখকের বক্তব্যের পর্যবেক্ষণে বলা যায় যে, মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার বিরোধিতা করে এমনকি স্বাধীনতার পর বাংলাদেশকে মার্কিনীরা ব্যঙ্গ করে তলাবিহীন বুড়ি হিসেবে আখ্যা দিয়েছিল। মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে বঙ্গবন্ধুর সময়ে বাংলাদেশের সম্পর্ক ছিল সহযোগিতার সম্পর্ক। বর্তমানে বাংলাদেশ আর তলাবিহীন বুড়ি নয়। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের অন্তর্ভুক্ত হয়েছে। এমনকি মার্কিন যুক্তরাষ্ট্রের পোশাকের বড় একটি অংশ সরবরাহ করে বাংলাদেশ। বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি গ্রন্থ পর্যালোচনার সার্বিক মূল্যায়ন ও পর্যবেক্ষণে বলা যায় যে, সঠিক পররাষ্ট্রনীতি একটি দেশকে যেমন উন্নয়নে সহযোগিতা করে এবং নিরাপত্তা জোরদার করে তেমনি ভুল পররাষ্ট্রনীতি একটি দেশকে যুদ্ধ বিগ্রহসহ ধ্বংসের দিকেও নিয়ে যেতে পারে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন একজন ক্যারিশমাটিক নেতা। যার প্রমাণ তাঁর পররাষ্ট্রনীতি। কারণ সমাজতান্ত্রিক সোভিয়েত ইউনিয়ন মুক্তিযুদ্ধে বাংলাদেশকে ব্যাপক সহায়তা করেছে। অন্যদিকে পুঁজিবাদী আমেরিকা চরম বিরোধিতা করেছে। তা স্বত্বেও বঙ্গবন্ধু কোন একদিকে ঝুঁকে যাননি এবং কোন সামরিক জোটেও জড়িয়ে যাননি। বরং তিনি তার কৌশলের প্রমাণ দিয়ে ঘোষণা করেছেন যে, বাংলাদেশের পররাষ্ট্রনীতি হবে সবার সাথে বন্ধুত্ব কারো সাথে বৈরিতা নয়। বঙ্গবন্ধু বাংলাদেশকে শান্তিপূর্ণ দেশ ও প্রাচ্যের সুইজারল্যান্ড হিসেবে গড়ে তুলতে চেয়েছেন। তিনি শুধু নিজের দেশের মানুষের কল্যাণের কথাই ভাবেননি বরং তিনি সমগ্র বিশ্বের দুঃখ দুর্দশাগ্রস্ত মানুষের কষ্ট অনুভব করতেন। তিনি বলতেন বিশ্ব দু'ভাগে বিভক্ত-শোষক ও শোষিত। আমি শোষিতের দলে। বঙ্গবন্ধু ফিলিস্তিন ও আফ্রিকার শোষিত মানুষদের অধিকার প্রতিষ্ঠার ব্যাপারে বক্তব্য দিয়েছেন এবং সোচ্চার ছিলেন।

The estimated output for model-2 has shown in Table 6. As the health outcome (infant mortality rate) depends on education which is substitute by gross enrolment ration, physicians, and population size. This model has been constructed in social aspects where education works as a pioneer of social development, population size, and patterns are also a significant factor in determining the infant mortality. Health vulnerability can be reduced by an effective deal with physicians (Small, 2011). The estimated multivariate regression upshot shows the level of education support to reduce infant mortality. Increases of 1% education level reduce infant mortality by 0.12%. The expected result is significant at a 1% level and shows an expected sign. Extending the numbers of physicians assists in reducing infant mortality. Anticipated that, infant mortality probably reduce 0.36% by a one percent increase in the numbers of physicians. The result constructed with a 1% significant level. Population size also equips that a projected sign with measuring the relation with infant mortality and the result is significant at a 1% level. Control of population should be expected and reduction of overpopulation can ensure health safety (Ebi et al., 2006).

**Table 6: Multivariate regression results for model-2**

Variable	Coefficient	Std. Error	t-Statistic	Prob.
LNINMF (Dependent Variable)				
LNPOP	-2.375***	0.432	-5.494	0.003
LNPHY	-0.361**	0.107	-3.362	0.020
LNEDU	-0.120	0.071	-1.686	0.153
C	48.327***	8.162	5.921	0.002
R-square	0.908		F-statistic	886.567
Adjusted R-square	0.915		D-W	2.263
Note: ***, ** and * present 1%, 5% and 10% significance level respectively				

The relationship between health production and the environment is presented in model-3. The estimated result has shown in Table 7. In this case, assume that health outcome (infant mortality

rate) depends on carbon dioxide emission and urban population. The urban population is representing the term of urbanization. More urbanization can create more pollution.

**Table 7: Multivariate regression results for Model-3**

Variable	Coefficient	Std. Error	t-Statistic	Prob.
LNINMF (Dependent Variable)				
LNCO2	1.011***	0.081	-12.511	0.000
LNURBP	0.251*	0.149	1.686	0.099
C	1.816***	0.589	3.081	0.004
R-square	0.981		F-statistic	1034.663
Adjusted R-square	0.980		D-W	1.587
Note: ***, ** and * present 1%, 5% and 10% significance level respectively				

Whatever the anticipated multivariate regression shows the CO<sub>2</sub> emission support to increase the health vulnerability in nature. The health production function should be damaged by the accelerations of CO<sub>2</sub> emission. Increases of 1% CO<sub>2</sub> emission increase the infant mortality rate 1.01%. The result is significant at 1% level and shows a sign of consequence. Conservatory urbanizations reduce the quality of life. Undesirable urbanizations and urban population size also have a positive sign on infant mortality and the result is significant at 10% level. Ambient quality has largely determined by the CO<sub>2</sub> emission and urbanization in Bangladesh (Alom et al., 2017; Islam & Mungai, 2016; Suha & Haque, 2013).

**Table 8: Residual diagnostic, heteroskedasticity and normality test**


Model	J-B	Prob.	Obs*R-squ.	Prob.	Decision
M-1	2.26	0.36	1.91	0.59	No Heteroskedasticity and residual normally distributed
M-2	0.660	0.710	6.880	0.070	No Heteroskedasticity and residual normally distributed
M-3	2.130	0.340	3.270	0.190	No Heteroskedasticity and residual normally distributed

Residual diagnostics for these models have been presented in Table 8. The tests for model 1 declare that the residual series is normally distributed. Model 2 and 3 have a similar kind of statements. Whatever there is no inconsistency among those models. The stability diagnostics results present in Figure 2. The estimated result determined that there is no instability of each model. The models are free of serial autocorrelation in the case of working variables and the multivariate regression estimation does not have any spurious effect.

However, within the field of public health research, it is crucial to comprehend the complex interaction among economic, social, and environmental elements in influencing health outcomes. The paper examines the various factors that contribute to health production in

Bangladesh. The research provides a comprehensive understanding of the intricate factors that affect the health of the population in a highly populated and socio-economically varied country, using empirical analysis. This study highlights the importance of economic factors in influencing the process of producing good health. The research emphasises the crucial impact of economic development on enhancing health outcomes, taking into account variables such as healthcare expenditure, income levels, and access to healthcare services. Additionally, the study highlights the significance of social determinants, such as education, gender equality, and social capital, in impacting health outcomes. These findings emphasise the necessity of comprehensive, cross-sectoral strategies to tackle socio-economic inequalities and advance health fairness in Bangladesh.

**Figure 2: Stability Diagnostic Test (CUSUM Test)**





Moreover, the study explores the ecological aspects of health generation, highlighting the influence of environmental elements such as pollution, sanitation, and climate change on the overall health of the population. The study emphasises the interdependence between environmental sustainability and public health, underlining the need to urgently address environmental concerns in order to reduce health risks and enhance well-being in Bangladesh. Within the wider scope of global health, the results of this study have significant ramifications for policy and implementation. Policymakers can promote population well-being by identifying the main factors that determine health production and understanding their specific effects. This knowledge allows them to create focused policies aimed at improving health outcomes. Furthermore, the study highlights the significance of interdisciplinary teamwork and making decisions based on solid data when dealing with intricate health issues. Although the research offers vital insights on the health production function in Bangladesh, it is important to acknowledge its limits and identify opportunities for future research. Improvements in research methods, addressing data constraints, and conducting long-term studies could strengthen the reliability and applicability of the results. Furthermore, additional study is required to investigate the efficacy of targeted interventions designed to tackle socio-economic and environmental factors that influence health in Bangladesh. The study enhances our comprehension of the intricate relationship among economic, social, and environmental elements in influencing health results. Through an analysis of these factors within the specific context of Bangladesh, this research provides significant knowledge for policymakers, researchers, and practitioners who aim to enhance population health and well-being in both Bangladesh and other regions.

## **1. Conclusion and Recommendations**

The current study is conducted with time series data over the period from 1975 to 2021. This study estimates the economic, social, and environmental effects on health production functions in Bangladesh. The multivariate regression measured the impact of GDP per capita, total health expenditure, food production index, education level, the total number of physicians, control of population, urbanisation, and CO<sub>2</sub> emissions on health production. The results show that GDP and health expenditure support reducing the infant mortality rate. The result is significant at the 1% level. The food production index determines an insignificant result where the sign is expected. In the social aspect, this study measured the control of the population; increasing the number of physicians and level of education significantly helps to reduce the infant mortality rate. There is a significant impact on reducing infant mortality and ensuring sustainable health production functions. Environmental aspects demonstrate that CO<sub>2</sub> emissions and unexpected urbanisation created health vulnerabilities in nature. CO<sub>2</sub> emissions positively influence infant mortality; an increase in CO<sub>2</sub> emissions increases infant mortality by reducing environmental quality. Unproductive urbanisation also increases the health vulnerability of slum and floating people, who lose their humanity and health rights.

Based on what we learned from this study, we can make a number of suggestions for policy changes and changes in practice that will help improve health results in Bangladesh. As a result of the big effect that total health spending has on health outcomes, policymakers should put more money into healthcare infrastructure like hospitals, clinics, and basic healthcare centres. Bangladesh can improve healthcare delivery and everyone's health by making it easier for more people to get access to high-quality services, especially in rural and neglected areas. In order to improve health results, changes should also be made to how healthcare is paid for. Using tactics like community-based health financing models, social health insurance programmes, and new public-private partnerships can help get resources together and make sure that everyone, regardless of their income, has equal access to health care services. Because education is a social factor that affects health, lawmakers should put education and health literacy programmes at the top of their list of priorities. Bangladesh can give people the information and skills they need to make healthy decisions, adopt healthy behaviours, and avoid getting sick by putting money into school buildings, teacher training programmes, and health education curricula.

To reduce differences in health outcomes based on socioeconomic status, we need to target programmes that deal with poverty, unemployment, and income inequality. Creating programmes to fight poverty, create jobs, and provide social safety can improve people's lives financially and make it easier for them to get medical care, which promoting health equity and social inclusion. Because environmental factors have an effect on health, policymakers should make it a priority to improve environmental health rules and policies. Bangladesh can protect its people's health and stop diseases linked to the environment by taking steps to clean up the air and water, improve sanitation and garbage management, and lessen the effects of climate change. To fight malnutrition and make health results better, food production and nutrition policies must be improved. Agricultural reforms, sustainable farming methods, and making sure everyone has access to a variety of healthy foods can help fight food insecurity, malnutrition, and diseases linked to poor diets, which will ultimately improve health and well-being as a whole. It is important to keep putting money into studies and data collection so that we can keep an eye on health outcomes, spot new health threats, and see how well policy changes work. It is possible to making suggestions based on facts is possible by improving health information systems, doing epidemiological studies, and encouraging people from academia, the government, and civil society to work together. Bangladesh can make big steps towards better health outcomes, lowering health disparities, and making its people happier and healthier by following these suggestions. To turn these suggestions into real action and really improve public health, though, we will need long-term political support, collaboration across sectors, and active participation from the community. This study also recommended that it is necessary to increase health expenditure at the national and local levels, besides proper monitoring and successful evaluation. Control of the population should play an important role in reducing infant mortality. Ambient quality needs to be ensured to reduce health vulnerability. An increase in education level has a momentous impact on reducing infant mortality, which is why an effective policy

should be applicable to ensuring hundred percent literacy rates. The current study ensures that it is the first attempt to measure the health production function in terms of economic, social, and environmental aspects in Bangladesh with consideration of economic theory and practices.

## References

- Akter, S., Voumik, L. C., Rahman, M. H., Raihan, A., & Zimon, G. (2023). GDP, health expenditure, industrialization, education and environmental sustainability impact on child mortality: Evidence from G-7 countries. *Sustainable Environment*, 9(1), 2269746.
- Alom, K., Uddin, A. N. M., & Islam, N. (2017). Energy consumption, CO 2 emissions, urbanization and financial development in Bangladesh: Vector error correction model. *Journal of Global Economics, Management and Business Research*, 9(4), 178-189.
- Amiri, A., & Gerdtham, U. G. (2013). Impact of maternal and child health on economic growth: New evidence-based Granger causality and DEA analysis. *Lund University*.
- Muhammad, A. (2006). Globalization and economic transformation in a peripheral economy: The Bangladesh experience. *Economic and Political Weekly*, 1459-1464.
- Ebi, K. L., Kovats, R. S., & Menne, B. (2006). An approach for assessing human health vulnerability and public health interventions to adapt to climate change. *Environmental health perspectives*, 114(12), 1930-1934.
- Bhuiyan, H. M. K. H., & Ferdous, J. (2023). Innovating and Transforming the Healthcare Sector in Bangladesh: Challenges and Opportunities. *Journal of Health and Medical Sciences*, 6(4), 119-127.
- Baird, S., Friedman, J., & Schady, N. (2011). Aggregate income shocks and infant mortality in the developing world. *Review of Economics and Statistics*, 93(3), 847-856.
- Bayati, M., Akbarian, R., & Kavosi, Z. (2013). Determinants of life expectancy in eastern mediterranean region: a health production function. *International journal of health policy and management*, 1(1), 57.
- Chowdhury, A. M. R., Bhuiya, A., Chowdhury, M. E., Rasheed, S., Hussain, Z., & Chen, L. C. (2013). The Bangladesh paradox: exceptional health achievement despite economic poverty. *The Lancet*, 382(9906), 1734-1745.
- Islam, M. R., & was Mungai, N. (2016). Forced eviction in Bangladesh: A human rights issue. *International Social Work*, 59(4), 494-507.
- Faisal Sultan Qadri, F., & Abdul Waheed, W. (2011). Human capital and economic growth: Time series evidence from Pakistan. *Pakistan Business Review*, 1 (1), 815-833.
- Fayissa, B., & Traian, A. (2013). Estimation of a health production function: evidence from East-European countries. *The American Economist*, 58(2), 134-148.
- Kenkel, D. S. (1995). Should you eat breakfast? Estimates from health production functions. *Health Economics*, 4(1), 15-29.
- Muhammad, A. (2006). Globalization and economic transformation in a peripheral economy: The Bangladesh experience. *Economic and Political Weekly*, 1459-1464.

- Majumder, S. C., & Rahman, M. H. (2023). Rural–urban migration and its impact on environment and health: evidence from Cumilla City Corporation, Bangladesh. *GeoJournal*, 88(3), 3419-3437.
- Moses, J. W. (2009). Leaving poverty behind: A radical proposal for developing Bangladesh through emigration. *Development Policy Review*, 27(4), 457-479.
- Narayan, S., Narayan, P. K., & Mishra, S. (2010). Investigating the relationship between health and economic growth: Empirical evidence from a panel of 5 Asian countries. *Journal of Asian Economics*, 21(4), 404-411.
- Rahman, M. H., & Majumder, S. C. (2020). Nexus between energy consumptions and CO<sub>2</sub>emissions in selected industrialized countries. *International Journal of Entrepreneurial Research*, 3(1), 13-19.
- Rahman, M. H., & Majumder, S. C. (2021). The impact of electricity production sources and GDP on CO<sub>2</sub>emission in Bangladesh: A short-run dynamic. *Indonesian Journal of Sustainability Accounting and Management*, 5(2), 198-208.
- Rahman, M. H., Chandra, S., & Rana, M. Z. (2020). The reasons behind the shift of patients from public to private hospitals: Evidence from public hospitals in Cumilla City Corporation.
- Sarkar, S., Wangmo, S., Flora, M. S., Uddin, S. M. J., Sultan, M., & Grundy, J. (2024). Assessing public health sector performance in Bangladesh: Implications for health systems strengthening and universal health coverage–A secondary data analysis. *The International Journal of Health Planning and Management*, 39(2), 164-174.
- Voumik, L. C., Ridwan, M., Rahman, M. H., & Raihan, A. (2023). An investigation into the primary causes of carbon dioxide releases in Kenya: Does renewable energy matter to reduce carbon emission?. *Renewable Energy Focus*, 47, 100491.
- Shonkoff, S. B., Hays, J., & Finkel, M. L. (2014). Environmental public health dimensions of shale and tight gas development. *Environmental Health Perspectives*, 122(8), 787-795.
- Small, L. F. F. (2011). Determinants of physician utilization, emergency room use, and hospitalizations among populations with multiple health vulnerabilities. *Health: 15*(5), 491-516.
- Suha, S. M., & Haque, M. R. (2013). Adolescent girls in an urban slum: environmental health perspective. *The International Journal of Social Sciences*, 9(1).
- Shahen, M. A., Islam, M. R., & Ahmed, R. (2020). Challenges for health care services in Bangladesh: an overview. *IOSR Journal of Nursing and Health Science*, 9, 13-24.

## নয়া উদারবাদী বিশ্বায়নের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সার্বভৌমত্ব বিশ্লেষণ

নিবেদিতা রায়

সহযোগী অধ্যাপক

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

**সার সংক্ষেপ:** রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতার বহিঃপ্রকাশ ঘটে এর একক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা দ্বারা। পন্য, সেবা, পুঁজির বিনিময় ও পারস্পরিক সম্পর্ক জাতিরাষ্ট্রগুলোর মধ্যে বৈশ্বিক নেটওয়ার্ক তৈরি করে। বিভিন্ন মতাদর্শ এই সম্পর্কে প্রভাবিত করে। বিশ্বায়নের ইতিহাসে তেমনি একটি মতাদর্শ উদারতাবাদ বর্তমানে নয়া উদারতাবাদে রূপান্তরিত হয়েছে। নয়া উদারতাবাদের আলোকে রাষ্ট্রের কল্যাণমূলক কার্যক্রমে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান বাজারমুখী কেন্দ্রীকরণে বিশ্বায়নের প্রতিনিধিত্ব করে। শুধু অর্থনৈতিক ক্ষেত্রেই নয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে জাতিরাষ্ট্রগুলোকে একই কাঠামোতে একত্রিত করার জন্য নয়া উদারতাবাদ রাষ্ট্রের বিভিন্ন নীতিমালা কে প্রভাবিত করে। বিশেষত উন্নয়নশীল দেশের উন্নয়ন, শাসন ব্যবস্থার সংস্কার, দারিদ্র্য-দূরীকরণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য এই মতাদর্শ নীতি নির্ধারণ করে। সামাজিক সহযোগিতার নামে বিনিয়ন্ত্রণ, বেসরকারী বিনিয়োগ, পুঁজির সম্প্রসারণে মুনাফার বৃদ্ধিকে একমাত্র লক্ষ্যে রূপান্তরিত করে পুঁজিবাদী অর্থনীতি কী পন্যায়নকে উৎসাহ দেয়? এই গবেষণায় রাষ্ট্রের সার্বভৌমত্ব কীভাবে নয়া উদারতাবাদী বিশ্বায়নের দ্বারা প্রভাবিত হয়, বিশ্বায়ন কেন্দ্রিক তিন ধরনের বিতর্কের আলোকে সেটি বিশ্লেষণের প্রচেষ্টা করা হয়েছে। গবেষণাটি মূলত গুণগত পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে। প্রাথমিক উৎস হিসেবে সাক্ষাৎকার পদ্ধতি এবং মাধ্যমিক উৎস হিসেবে বিশ্বব্যাংক, আইএমএফ, এশিয়া উন্নয়ন ব্যাংক, জাইকা, পরিসংখ্যান ব্যুরো, প্রভৃতির সংরক্ষিত রেকর্ডসমূহের বিষয়বস্তু বিশ্লেষণ করা হয়েছে। বিশ্বায়নের তাত্ত্বিকরা মনে করেন সুশাসনের ব্যত্যয় ঘটেছে এই অভিযোগে বহুপাক্ষিক দাতারা নিজেদের শাসন সংক্রান্ত নির্দেশনা ও সাহায্য নিয়ে জাতিরাষ্ট্রের অভ্যন্তরে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ নেয়। রূপান্তরবাদীদের মতে রাষ্ট্রগুলোর শক্তিশালী অবস্থান, স্বনির্ভরতা ও দক্ষতার মাধ্যমে বৈশ্বিক প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয়সাধন নিজেদের সক্ষমতার পরিবর্তন করতে সহায়ক ভূমিকা রাখতে পারে। তাই রাষ্ট্রের অভ্যন্তরীণ দুর্বলতা মোকাবেলায় সক্ষমতা অর্জন আবশ্যিক।

**চাবিশব্দ :** বিশ্বায়ন, সার্বভৌমত্ব, উদারতাবাদ, বাংলাদেশ

### ১. ভূমিকা

বিশ্বায়ন একটি বহুমাত্রিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক অবস্থার সমষ্টি যা প্রযুক্তিগত পরিবর্তন এবং ক্ষমতা ও জ্ঞানের পরিক্রমায় গড়ে উঠেছে। বিশ্বায়নের বিস্তার বিশ্বের রাষ্ট্রীয় কর্মকাণ্ডের ওপর প্রভাব ফেলেছে। রাষ্ট্রের চূড়ান্ত, সর্বোচ্চ ও অপ্রতিরোধ্য ক্ষমতা সার্বভৌমত্ব। এই ক্ষমতাবলে রাষ্ট্র তার অভ্যন্তরীণ ক্ষেত্রে যেকোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অপর রাষ্ট্রের নিয়ন্ত্রণ মুক্ত। আবার, আন্তর্জাতিক সম্পর্কে বা প্রক্রিয়াগুলোর মধ্য দিয়ে জাতি রাষ্ট্র যখন তার নিজের স্বার্থ বড় করে দেখে তখন তা জাতীয় স্বার্থ। এ পর্যায়ে জাতীয় এবং আন্তর্জাতিক স্বার্থ রাষ্ট্রসমূহের সার্বভৌম শক্তির উপর

Corresponding author: Nibedita Roy, E-mail: [juiful83@gmail.com](mailto:juiful83@gmail.com)

নির্ভর করে। তাই বর্তমানে একটি রাষ্ট্রকে সংজ্ঞায়িত করা হয় আরেকটি রাষ্ট্রের অস্তিত্বের মধ্যে দিয়ে। যোসেফ স্টিগলিৎস (২০০৬) মনে করেন, বিশ্বায়নের আলোকে রাষ্ট্র এখন আধা ধনবান শক্তিশালী রাষ্ট্র ও বিরাট কর্পোরেশনের প্রজেক্ট।

বিশ্বের অর্থনৈতিক কাঠামোকে ‘একক কাঠামো’ আকারে হাজির করার জন্য কাজ করে যাচ্ছে বিশ্বায়ন। বৈশ্বিক পুঁজির ফলে রাষ্ট্র দিন দিন তার স্বায়ত্তশাসন, ক্ষমতা কিংবা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ হারিয়ে ফেলছে। আবার কেউ কেউ মনে করেন, নয়া বিশ্ব ব্যবস্থায় রাষ্ট্র তার নিজের শক্তি আর মর্যাদা ধরে রাখতে সক্ষম। অন্য পক্ষটি রিচার্ড ডব্লিউ ফিশারের মতো মনে করেন রাষ্ট্র গুরুত্বপূর্ণ রাজনৈতিক কর্তা আকারে বৈশ্বিক পুঁজিকে কিছু কিছু ক্ষেত্রে প্রাতিরোধ করতে সক্ষম (ডব্লিউ মিশেল বক্স, ২০০৮)।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধোত্তর রাষ্ট্রসমূহের পুনর্গঠন ও উন্নয়ন সাধনের জন্য ব্রেটনউডস্ কনফারেন্সে কয়েকটি আন্তর্জাতিক আর্থিক সংস্থা যথা: বিশ্বব্যাংক, আইএমএফ জাতিরাষ্ট্রগুলোর আন্তরাষ্ট্রীয় সিদ্ধান্তে সুশাসন সংক্রান্ত পরামর্শ দিয়ে থাকে। উন্নয়নশীল দেশের বিভিন্ন ক্ষেত্রে এই পরামর্শ জাতীয় জীবনে বিভিন্নভাবে প্রতিফলিত হয়।

স্বাধীনতা উত্তর বাংলাদেশের শাসন ব্যবস্থাকে সুশাসনে রূপান্তরের জন্য অন্যতম লক্ষ্য ছিল মৌলিক অধিকারগুলোর নিশ্চয়তা প্রদান। এর ফলেই দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, জীবনযাত্রার দ্রুত মনোন্নয়ন, বিভিন্ন ক্ষেত্রে প্রাপ্ত সুযোগ-সুবিধা ব্যবহার, সুখ-স্বাচ্ছন্দ্য সবই সম্ভব। রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি রাষ্ট্রীয় স্বার্থকে ইতিবাচক ভাবে সংরক্ষণ করতে পারে আবার সক্ষমতাকে দুর্বলও করতে পারে। জাতিরাষ্ট্রগুলোর সার্বভৌমত্ব তাই বৈশ্বিক আদর্শের সাথে সাংঘর্ষিক অবস্থানে দেখা যায়। বিশ্বায়নের বিবর্তনে আদর্শিক একটি ধারণা উদারতাবাদ থেকে নব্যউদারতাবাদে সম্প্রসারিত হচ্ছে। বিশ্বায়নের প্রতিনিধিত্বকারী বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান রাষ্ট্রের এই ক্ষমতাকে প্রভাবিত করে। শুধু অর্থনৈতিক ক্ষেত্রেই নয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে জাতিরাষ্ট্রগুলোকে একই কাঠামোতে একত্রিত করার জন্য তৈরী হয়েছে আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান। বিশেষ করে উন্নয়নশীল দেশের উন্নয়ন, শাসন ব্যবস্থার সংস্কার, দারিদ্র্য-দূরীকরণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য আন্তর্জাতিক আর্থিক সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে পুঁজির সহজলভ্যতার জন্য উন্নয়নশীল দেশগুলো নয়া উদারতাবাদী এসব প্রতিষ্ঠানের উপর নির্ভরশীল হয়ে পড়ে। এই গবেষণার উদ্দেশ্য প্রথমত: জাতি রাষ্ট্র হিসাবে বাংলাদেশের উপর বিশ্বায়নের নয়া উদারতাবাদের প্রভাব কে ব্যাখ্যা করা এবং দ্বিতীয়ত: বাংলাদেশ রাষ্ট্রের সিদ্ধান্ত বাস্তবায়ন কীভাবে প্রভাবিত হয় সেটি বিশ্লেষণ করা। সুতরাং রাষ্ট্রের শাসন ব্যবস্থায় সিদ্ধান্ত গ্রহণ ও প্রয়োগ কীভাবে নয়া উদারতাবাদী মতাদর্শ দ্বারা প্রভাবিত হয়, বিশ্বায়ন কেন্দ্রিক উপরোক্ত তিন ধরনের বিতর্কের আলোকে সেটি বিশ্লেষণের প্রচেষ্টা করা হয়েছে।

## ২. সমস্যার বিবরণ

বাংলাদেশ স্বাধীনতা লাভের পরে নিয়ন্ত্রনমূলক অর্থনীতি গ্রহণ করলেও ‘৮০ দশকের শুরুতেই নিজের বাজার উন্মুক্ত করে দেয়। বাজার উদারীকরণের পথে বেসরকারিকরণ প্রক্রিয়ায় আমদানি ও আন্তর্জাতিক সাহায্য বৃদ্ধি পেলেও দীর্ঘ সময়ে এর তেমন কোন সুফল দেখা যায় নাই। বাংলাদেশের সংবিধানে চারটি মূলনীতির একটি ছিল সমাজতন্ত্র। সমাজতান্ত্রিক অর্থনীতিতে উৎপাদন ও বণ্টন ব্যবস্থা যেন ধনী-দরিদ্রের মধ্যে বৈষম্য বৃদ্ধি না করে, সেটাই ছিল এর অন্যতম কারণ। কিন্তু বিশ্বায়ন প্রক্রিয়ায় সরকারের আন্তর্জাতিক শক্তির উপর নির্ভরতা বৃদ্ধি পেয়েছে। রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানগুলোর ক্রমাগত বেসরকারিকরণের মাধ্যমে সংবিধানের চারটি মূলনীতির একটি ‘সমাজতন্ত্র’র ধারণা থেকে রাষ্ট্র সরে এসেছে। একটি উচ্চ ঋণগ্রস্থ দেশ হিসেবে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ঋণসুবিধা পাবার জন্য বাংলাদেশ অন্তর্বর্তীকালীন

দারিদ্র্য বিমোচন কৌশলপত্র (পিআরএসপি-১) প্রণয়নের কাজ শুরু করে ২০০০ সালে এবং প্রথম খসড়া তৈরি করে ২০০২ সালের এপ্রিলে। পরবর্তীতে উভয় ঋণদাতার পরামর্শ অনুসারে দ্বিতীয় খসড়া তৈরি করে একই বছরের ডিসেম্বরে। বাংলাদেশে প্রায় অর্ধেক মানুষ দারিদ্র্য সীমার নিচে বাস করে। ২০০০ সালে বাংলাদেশের দারিদ্র্য বিমোচন কৌশলপত্রের দ্বিতীয় সংস্করণে মানব দারিদ্র্যের তিনটি সম্প্রসারিত মাত্রাকে চিহ্নিত করা হয়েছে। এগুলো হলোঃ স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টি ক্ষেত্রে বঞ্চনা। জাতিসংঘ সহস্রাব্দ সম্মেলন ২০০০-এ বাংলাদেশ ২০১৫ সালের মধ্যে বেশ কয়েকটি লক্ষ্যের উন্নয়নে অভিস্টি পূরণের প্রতিশ্রুতি দিয়েছিল।

বিশ্বায়নের দীর্ঘ ইতিহাসে আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কে এই ধরনের লক্ষ্যমাত্রাগুলোর প্রভাব পরিবর্তন এনেছে। গবেষকরা এই পরিবর্তনগুলোর ফলাফলে ভিন্ন ভিন্ন মতামত প্রকাশ করেন। অতি বিশ্বায়নপন্থীরা একে ইতিবাচক মনে করেন। তারা মনে করেন, এতে সাধারণ স্বার্থ সমন্বিত সচেতন গোষ্ঠী প্রতিয়মান হয়। এর বিপরীত মতামত প্রদান করেন সংশয়বাদী তাত্ত্বিকরা। তাদের মতে, জাতিরাষ্ট্রগুলো সাহায্যপ্রাপ্তির আশায় বাধ্য হয়ে সুশাসন সংগ্রহে ইস্যুগুলো গ্রহণ করে। প্রাথমিকভাবে অর্থনৈতিক উন্নয়ন ঘটলেও দীর্ঘ পথপরিক্রমায় ক্ষুদ্র রাষ্ট্রগুলো তৃতীয় বিশ্বরূপেই পরিচিত পায়। দেশীয় ক্ষুদ্র শিল্পগুলো ধ্বংস হয়ে যায়। সার্বভৌমত্ব হুমকির সম্মুখীন হয়। তাই সংশয়বাদীরা বিশ্বায়ন ও গণতন্ত্রকে কতগুলি জটিল ও পরস্পর বিরোধী প্রক্রিয়ার সাথে সম্পর্কিত বলে মনে করেন। এই মতবাদের তাত্ত্বিকরা বলেন, বিশ্বায়ন যে উন্নত সভ্যতা ও সংস্কৃতির প্রচলন চায় সেটি পাশ্চাত্যের অনুকরণীয় সভ্যতা ও সংস্কৃতি। তারা মনে করেন উত্তর-দক্ষিণ, প্রাচ্য-পাশ্চাত্যের মাঝে ধর্ম, ঐতিহ্যের বিভিন্নতা আছে। সুতরাং পাশ্চাত্যের অনুসরণে সংস্কৃতির মিশ্রণ শুদ্ধ নয় বরং তা সভ্যতার সংঘর্ষকে বৃদ্ধি করে। এ দু'টি মতের বাইরে অপর একটি ধারণা যা রূপান্তরবাদী তত্ত্ব নামে পরিচিতি পেয়েছে। তাদের মতে বিশ্বায়নের প্রকৃতির উপর জাতিরাষ্ট্রের সম্পর্ক গড়ে ওঠে। এরা বিশ্বায়নের বিরুদ্ধে নয় তবে, অসম বিশ্বায়নের বিপক্ষে। রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় মতাদর্শগত পরিবর্তন আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কে যে প্রভাব ফেলে তা বিশ্লেষণের জন্য গবেষণাটি গুরুত্বপূর্ণ।

### ৩. গবেষণার যৌক্তিকতা

বাংলাদেশ একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র। এই রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সমসাময়িক বিশ্বায়নের মতাদর্শ প্রভাবিত করছে। এই প্রভাবের একটি প্রক্রিয়া রয়েছে যা উন্মোচন করা বাংলাদেশ রাষ্ট্রের শক্তি পর্যালোচনার জন্য জরুরী এবং এই পর্যালোচনা থেকে যেনো এ দেশের নীতি-নির্ধারণকারী শিক্ষা নিতে পারে। সর্বোপরি, এই গবেষণার মাধ্যমে বাংলাদেশের ওপর নয়া উদারতাবাদের মতাদর্শগুলোর প্রভাব বিষয়ে নতুন জ্ঞান সৃষ্টির চেষ্টা করা হয়েছে। উন্নয়নশীল দেশের বিভিন্ন প্রতিবন্ধকতার প্রেক্ষাপটে বিরাজমান সমস্যাগুলো চিহ্নিত ও সংশোধনের ধারণা পেতে গবেষণাটি যথেষ্ট গুরুত্ব রাখে।

### ৪. গবেষণার লক্ষ্য

১. এই গবেষণার চূড়ান্ত লক্ষ্য জাতিরাষ্ট্রের সার্বভৌমত্বের উপর নয়া উদারবাদী বিশ্বায়নের প্রভাব ব্যাখ্যা করা।

২. বাংলাদেশে রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণ কে কিভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা করা।

### ৫. গবেষণার পদ্ধতি

গুণগত গবেষণাটি মূলত বর্ণনামূলক। বর্ণনামূলক পদ্ধতির বিষয়বস্তু বিশ্লেষণের আলোকে বিশ্বায়নের ধারাবাহিকতায় নয়া উদারতাবাদের বিভিন্ন প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। বাংলাদেশের সার্বভৌমত্বে নয়া উদারতাবাদকে পর্যালোচনার জন্য বিশেষজ্ঞদের সাক্ষাৎকার নেয়ার জন্য প্রশ্নমালা ব্যবহার করা হয়েছে।

গবেষণার উদ্দেশ্যাবলী অর্জনের লক্ষ্যে দুটি পদ্ধতির আশ্রয় নেয়া হয়েছে।

ক) প্রাথমিক উৎস : সাক্ষাৎকার পদ্ধতি।

খ) মাধ্যমিক উৎস : বিশ্বব্যাংক, আইএমএফ, এশিয়া উন্নয়ন ব্যাংক, জাইকা, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, পরিসংখ্যান ব্যুরো, জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রভৃতির সংরক্ষিত রেকর্ডসমূহ থেকে বিষয়বস্তু বিশ্লেষণ করা হয়েছে।

## ৬. বিশ্বায়ন ও জাতিরাষ্ট্র : আন্তঃসম্পর্কের তাত্ত্বিক বিশ্লেষণ

গবেষণার তাত্ত্বিক কাঠামো নির্মাণে বিশ্বায়ন সংক্রান্ত তিন ধরনের বিতর্ক যথা, অতি বিশ্বায়নপন্থী মতবাদ, সংশয়বাদী মতবাদ এবং রূপান্তরবাদী মতবাদকে ব্যাখ্যা করা হয়েছে। তিন ধরনের দৃষ্টিকোণ থেকে বিভিন্ন বাস্তবতার আলোকে নয়া উদারবাদী বিশ্বায়ন বিশ্লেষিত হয়েছে। বিশ্বায়ন তাই বিভিন্ন প্রান্তে ভিন্ন ভিন্নভাবে সমালোচিত আবার প্রশংসিত হয়েছে। বাংলাদেশের সার্বভৌমত্বে নয়া উদারবাদী বিশ্বায়ন বিতর্কের এই ত্রিধারা গবেষণায় তাত্ত্বিক কাঠামোর আলোকে ব্যাখ্যা করার চেষ্টা করা হয়েছে। তাত্ত্বিকদের সমসাময়িক বিশ্বায়ন সংক্রান্ত তিন ধরনের বিতর্কের বিষয়ে Held, McGrew, Goldblatt ও Perraton (১৯৯৯) আলোচনা করেছেন। নিচে তা বর্ণনা করা হলোঃ

### ৬.১ অতি বিশ্বায়নপন্থী তত্ত্ব

এই মতবাদীদের আদর্শিক ভিত্তি নয়া-উদারনৈতিকতাবাদ। বহুজাতিক পুঁজির সাথে জাতিরাষ্ট্রের জটিল ও সক্রিয় সম্পর্কই বিশ্বায়নের আকার ও পরিধি নির্ধারণ করে থাকে। বিশ্ব একটি ছাতার নিচে একই প্রকার নিয়ম শৃঙ্খলায় আবদ্ধ হবে। রাষ্ট্রগুলো অর্থনৈতিক ক্ষেত্রে কিছু সংস্কার করবে। যেমন: রাজস্ব ক্ষেত্রে মিতব্যয়িতা, বিনিয়ন্ত্রণ, বেসরকারিকরণ ও উদারীকরণ। এ সকল ক্ষেত্রে প্রতিযোগিতার পাশাপাশি ভারসাম্য নিয়ন্ত্রণের জন্য একটি কেন্দ্রে সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ব বাণিজ্য সংস্থা, আইএমএফ, বিশ্বব্যাংকের মতো সংস্থাগুলো এক ধরনের বৈশ্বিক শাসনকাঠামো গড়ে তুলেছে। এরই ফলাফল স্বরূপ সাধারণ স্বার্থ সমন্বিত সচেতন গোষ্ঠীও প্রতীয়মান হয়, যাদের ‘global civil society’ বলা যেতে পারে।

### ৬.২ সংশয়বাদী তত্ত্ব

বিশ্বায়নের ফলে উন্নত ও অনুন্নত বিশ্বে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন একই প্রভাব ফেলে না। বিনিয়োগ সংক্রান্ত সমঝোতা-আলোচনার পরে চুক্তিসমূহে যে সকল নীতি গৃহীত হয় তাতে আর্থিকভাবে শক্তিশালী রাষ্ট্রগুলো প্রভাব বিস্তার করে। অধিক অর্থের বিনিময়ে অধিক ভোটাধিকার পাওয়া ক্ষমতাব্যবহারের রাষ্ট্রসমূহ নিজেদের অনুকূলে নীতিমালা তৈরি করে। সুশাসন সংক্রান্ত ইস্যুগুলো সাহায্যপ্রাপ্তির শর্তরূপে পরিগণিত হয়। শর্তের বাধ্যবাধকতায় উন্নত রাষ্ট্রের পণ্য জাতীয় অর্থনীতিতে স্থান পায়। ফলাফল স্বরূপ দেশীয় ক্ষুদ্র শিল্পগুলো ধ্বংস হয়ে যায়। সার্বভৌমত্ব হুমকির সম্মুখীন হয়। তাই সংশয়বাদীরা বিশ্বায়ন ও গণতন্ত্রকে কতগুলি জটিল ও পরস্পর বিরোধী প্রক্রিয়ার সাথে সম্পর্কিত বলে মনে করেন। এই মতবাদের তাত্ত্বিকরা বলেন, রাজনৈতিক অর্থনীতিতে পরিবর্তন সাধনে জাতিরাষ্ট্রের অভ্যন্তরে পুঁজিবাদী মতাদর্শের স্থায়ীকরণে শাসনের নির্দিষ্ট ধারণা ব্যবস্থাপত্র রূপে হাজির করা হয়। এ ধরনের ব্যবস্থাপত্র বাংলাদেশ ৭০’এর দশকের শেষ থেকে এ পর্যন্ত বহু নামে গ্রহণ করেছে। আন্তর্জাতিক অর্থনৈতিক প্রতিষ্ঠান যেমন, বিশ্বব্যাংক, আন্তর্জাতিক অর্থ তহবিল অনুন্নত দেশগুলোতে কাঠামোগত সমন্বয় কর্মসূচী অথবা অন্য কোন নামে অংশ নেয়। তাই রাষ্ট্র কাঠামোতে এভাবে “নীতি নির্ধারণে মালিকানা” প্রতিষ্ঠার বিষয়টি সংশয়ের দাবী রাখে।



### ৬.৩ রূপান্তরবাদী তত্ত্ব

এই দৃষ্টিকোণ থেকে সমসাময়িক বিশ্বায়ন প্রক্রিয়ায় সরকার ও সমাজ এমন এক বৈশ্বিক প্রেক্ষাপটে অবস্থান করছে, যেখানে জাতীয় ও আন্তর্জাতিক এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক শব্দগুলোর মধ্যে খুব সামান্যই পার্থক্য সূচীত হয়। এর মধ্যে অর্থনীতি, সেনাবাহিনী, প্রযুক্তি, রাজনীতি, সংস্কৃতি সবকিছুই রয়েছে। এদের মতে, কার্যত বিশ্বের কোন সমাজই আজ নিজ গন্ডির মধ্যে আবদ্ধ থাকতে পারে না। নিজ দেশের বাইরে বৃহৎ সমাজের সাথে সংযুক্ত। এই সমাজ সমকেন্দ্রীক নয়। তাই কিছু শৃংখলার জন্ম দেয়। প্রত্যেকেই কোন না কোনভাবে কিছু ছাড় দেয় আবার লাভবানও হয়। জাতিরাষ্ট্রের সার্বভৌমত্ব শেষ হয়ে যায় না। সনাতন সার্বভৌমত্বের স্থলে সমঝোতার আলোকে শাসন ও কর্তৃত্ব বণ্টন হয়। তাই জাতিরাষ্ট্র এককভাবে শাসন ও কর্তৃত্বের কেন্দ্র নয়। ইউরোপে সার্বভৌমত্ব স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভক্ত। এক্ষেত্রে সার্বভৌম কর্তৃপক্ষ জাতীয় ও আন্তর্জাতিক স্বার্থকে সমন্বয় করে।

Manfred B. steger ও Ravi K. Roy (২০১০) বিশ্বায়নের প্রেক্ষিতে একুশ শতকের পৃথিবীতে নব্য উদারতাবাদের আলোকে মৌলিক ভাবে পরিবর্তিত সম্পর্কগুলোর বিস্তৃত ব্যাখ্যা করেছেন। তাঁদের মতে, ক্রমবর্ধমান কৌশলগত ধারায় উদারনীতি সম্বন্ধিত কল্যানমুখী চিন্তা ভাবনা ও মধ্যপন্থী সামাজিক নীতির একটি নতুনত্ব মিশ্রনের প্রতিনিধিত্ব করে নব্য উদারতাবাদ। লেখকদ্বয় দেখিয়েছেন নব্য উদারতাবাদ প্রাতিষ্ঠানিকীকরণ মূলত বিশ্ববাণিজ্য ও বিশ্বায়নের নিরাপত্তা বৃদ্ধির জন্য “প্রতিষ্ঠান প্রতিষ্ঠার” পদ্ধতির সাথে গভীর ভাবে সম্পর্কযুক্ত। এটি দুটি উদার মতবাদ থেকে অনুপ্রেরণা পেয়ে থাকে। এগুলো হলো : ১) উদার আন্তর্জাতিকতাবাদ ২) অর্থনৈতিক উদারনীতিবাদ। উদার আন্তর্জাতিকতাবাদ আন্তর্জাতিক নীতির বিভিন্ন উপাদান যেমন, মানবিক সাহায্য, কূটনীতি এবং শুধুমাত্র যখন প্রয়োজন সামরিক হস্তক্ষেপের মাধ্যমে আত্মরক্ষা ও মানবাধিকারের মতো উদার মূল্যবোধের বিস্তারের সাথে সংযুক্ত। অন্যদিকে অর্থনৈতিক উদারনীতি বিশ্বব্যাপী মুক্ত বাণিজ্যের মাধ্যমে শক্তিশালী আন্তর্জাতিক অর্থনৈতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার পদ্ধতির সাথে সম্পর্কযুক্ত। বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিদের নীতিমালার হাত ধরে নব্য উদারতাবাদ ধারাবাহিক ভাবে বিকশিত হয়েছে। এক্ষেত্রে তাঁরা রোনাল্ড রিগ্যান, মার্গারেট থ্যাচার, বিল ক্লিনটন, টনি ব্লেয়ার, জন হাওয়ার্ড এবং জর্জ ডব্লিও বুশ এর শাসনামলের বিভিন্ন নীতিমালার কথা উল্লেখ করে দেখান যে, প্রত্যেকের মধ্যে নীতিগত মিল রয়েছে যার উদ্দেশ্য হচ্ছে জাতীয় অর্থনীতির বিনিয়ন্ত্রন, আন্তর্জাতিক বাণিজ্যকে উন্মুক্ত ও উদার করা এবং একটি একক বিশ্ব বাজার সৃষ্টি করা। এই মতাদর্শের অগ্রহীরা মনে করেন যে, সামাজিক কল্যাণের চুক্তিগুলোকে নিয়ন্ত্রন করবে কর্পোরেট দায়িত্ববোধ থেকে এবং সর্বোচ্চ পুঁজিবাদের সমন্বয়ে। এই গবেষণায় রাষ্ট্রের সেবাধাতে ও নীতিমালা নির্ধারনে আলোচ্য নব্য উদারতাবাদের আদর্শ যে প্রভাবশালী প্রক্রিয়ার মধ্যে দিয়ে মৌলিক বিষয়গুলোতে পরিবর্তন আনে তা বিশ্লেষণের মাধ্যমে নব্য উদারতাবাদের প্রভাবকে চিহ্নিত করতে সক্ষম। নব্য উদারতাবাদীরা একত্রিত বাজার ব্যবস্থা অপরিহার্য মনে করেন। এজন্য পণ্য, সেবা ও মূলধনের বিশ্বব্যাপী মুক্তবাজার প্রতিষ্ঠা করতে হলে সাংস্কৃতিক পার্থক্যকে বড় বাঁধা মনে করেন। অর্থ্যাৎ বিশ্বব্যাপী প্রয়োগযোগ্য ও বৈশ্বিক চাহিদা সম্পন্ন পণ্যের বাজার বৃদ্ধিতে সকলের মনোযোগ আকর্ষণ করেন এর বাস্তব প্রয়োগ দেখা যায়। তাই আলোচ্য গবেষণার নব্য উদারতাবাদের নির্ধারকগুলো রাজনৈতিক অর্থনীতিতে যে পরিবর্তন এনেছে তা খুঁজে বেড় করতে সাহায্য করবে।

নিয়ন্ত্রণমুক্তকরণ, বেরসকারিকরণ এবং অধিকতর মুক্ত বিশ্ববাণিজ্য ও বিনিয়োগের মাধ্যমে বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থার সাথে সংহতিকরণের অর্থ হচ্ছে বিশ্বায়ন (সিং, ২০০৫)। বিশ্বায়নকে এমন একটি প্রক্রিয়া হিসেবে অভিহিত করা যায় যা রাষ্ট্র ও সম্প্রদায়ের পুরনো কাঠামো ও সীমানাকে অবলুপ্ত করছে। ফলে মানুষের দৃষ্টিভঙ্গি ও চিন্তা-চেতনা এবং বিশ্বাসের ক্ষেত্রে একটি বৈশ্বিক অবকাঠামো তৈরি হয়েছে। এই বৈশ্বিক কাঠামোটি প্রথমে উদারতাবাদ পরবর্তীতে নব্য উদারতাবাদের

আলোকে রাষ্ট্রের কল্যাণমূলক যাত্রাকে ব্যক্তি ও শিল্পের বাজারমুখী কেন্দ্রীকরণে ধাবিত করে। সামাজিক সহযোগিতার নামে বিনিয়ন্ত্রণ, বেসরকারী বিনিয়োগ, পুঁজির সম্প্রসারণে মুনাফার বৃদ্ধিকে একমাত্র লক্ষ্যে রূপান্তর করে (সার্নি, ২০১৪)। রাষ্ট্র কাঠামোর পরবর্তন অর্থনীতিতে পুঁজিবাদের সম্প্রসারণে পণ্যায়নকে উৎসাহ দেয়। সুতরাং সামাজিক সম্পর্ক ব্যাপক ভাবে বাজারজাত প্রতিযোগি মনোভাব নিয়ে স্বতন্ত্র সত্তার জন্য মুনাফার বৃদ্ধিতে প্রতিযোগী হয়ে উঠে। প্রতিযোগিতার এই তত্ত্বকে তিনটি প্রধান দিক থেকে ব্যাখ্যা করা যায়। ১) সাংগঠনিক নিয়ন্ত্রণবাদ : এর মূল কথা হলো বৈশ্বিক অর্থনৈতিক কাঠামো রাষ্ট্রসমূহকে বাধ্য করে গতিশীল পুঁজি ও মুনাফা বৃদ্ধিতে প্রতিযোগিতা করতে। ২) এককেন্দ্রাভিমুখতা : নব্য উদারতাবাদের কৌশল দ্বারা রাষ্ট্রসমূহ আন্তর্দেশীয় প্রতিযোগিতায় সারা দেয়। সরকারের রাষ্ট্র পরিচালনা পদ্ধতিতে রাজনৈতিক অর্থনীতিও সেই সূত্রে পরিবর্তিত হয়। ৩) কল্যাণকর রাষ্ট্রের পতন : বাণিজ্যিকীকরণ অতি মাত্রায় প্রাধান্য পেলে সরকারী সেবা ও গুরুত্বপূর্ণ বিষয়াবলীও পণ্য পরিণত হয়। মুনাফার জন্য উৎপাদন বৃদ্ধি এবং বন্টন ব্যবস্থা রাজনৈতিক অর্থনীতিতে পরিবর্তন আনে। বেসরকারী বিনিয়োগ সরকারের হস্তক্ষেপের বিরোধীতা করে। অতি ভোগ অতি উৎপাদনমুখী অর্থনীতির সৃষ্টি করে। যোগানের বৃদ্ধি সরকারের মিতব্যয়িতার জন্য চাপ দেয়। রাষ্ট্র করের বোঝা বাড়িয়ে দেয়। সুতরাং কল্যাণমূলক রাষ্ট্রের মূল বিষয়গুলো ক্রমশ প্রতিযোগী রাষ্ট্র ব্যবস্থায় রূপান্তরিত হয়। ফিলিপ সার্নি (২০১৪) কল্যাণমূলক রাষ্ট্র থেকে প্রতিযোগী রাষ্ট্রে রূপান্তরের ফলে দুটি গুরুত্বপূর্ণ সমস্যার কথা উল্লেখ করেন। প্রথমত, দীর্ঘদিন ধরে একই রকম স্বার্থ ও সম্প্রদায়গত বিষয়াবলী যা রাষ্ট্রের প্রাতিষ্ঠানিক বৈধতা পেয়ে এসেছিল তার বিলুপ্তি ঘটবে। দ্বিতীয়ত, উদার গনতন্ত্রের সংকট তৈরি। এর কারন বৈশ্বিক শক্তিশালী নতুন শাসন কাঠামো বহুজাতিক কোম্পানি, বেসরকারী বিনিয়োগকারী প্রতিষ্ঠানের সিদ্ধান্ত বাস্তবায়ন করবে। সুতরাং জাতিরাষ্ট্রের সরকার ব্যবস্থা ও প্রতিষ্ঠানের সিদ্ধান্ত অগণতান্ত্রিক ভাবে গড়ে ওঠা বৈশ্বিক শাসন কাঠামোর প্রেক্ষাপটে সিদ্ধান্ত বাস্তবায়ন করতে বাধ্য থাকবে। একক ভাবে কোন রাষ্ট্র এই ব্যবস্থা অথবা প্রতিযোগিতার বাইরে অবস্থান করতে পারবে না।

## ৭. রাষ্ট্রের ও সার্বভৌমত্বের সম্পর্ক

একটি রাষ্ট্রের ক্ষমতা সেই রাষ্ট্রের সার্বভৌম শক্তির ওপরে নির্ভর করে। অভ্যন্তরীণ ও বহিঃস্থ আইন প্রণয়নকারী চূড়ান্ত কর্তৃপক্ষকে আইনগত সার্বভৌম ক্ষমতার অধিকারী বলা হয়। আইন প্রণয়নকারী কর্তৃপক্ষের আদেশই চূড়ান্ত। আদেশ প্রদানকারী কর্তৃপক্ষ হলো রাষ্ট্র। রাষ্ট্রের অস্তিত্ব যতদিন বিদ্যমান থাকে ততদিন সার্বভৌম স্থায়ী হয়। রাষ্ট্রের সরকার পরিবর্তিত হতে পারে কিন্তু সার্বভৌমত্ব বিনষ্ট হয় না।

বিশ্বায়নের অন্যতম একটি দীর্ঘ সময়ব্যাপী প্রতিক্রিয়া হচ্ছে- বিস্তৃত আন্তঃসরকারীয় এবং বিরাষ্ট্রীয় কার্যকর্তার (Actor) প্রাধান্য বৃদ্ধি যেগুলো একটি আন্তর্জাতিক ব্যবস্থা পরিচালনার প্রেক্ষিতে আবির্ভূত হয়েছে; যা সাধারণভাবে ব্যক্তি রাষ্ট্রের পক্ষে সংগঠিত করা সম্পূর্ণভাবে সামর্থ্যের বাইরে। কেননা জাতীয় সীমানার বাইরে অর্থনৈতিক কর্মকান্ড সমন্বয় করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সরবরাহ করা ব্যক্তি রাষ্ট্রের পক্ষে সম্ভব নয়। যাহোক আন্তর্জাতিক ব্যবস্থার এ অগ্রগতির স্পষ্টভাবেই রাষ্ট্রের সার্বভৌমত্বের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে।

এজন্যই বলা হয়, সার্বভৌম ক্ষমতা হচ্ছে রাষ্ট্রের চিরন্তন ও চিরস্থায়ী ক্ষমতা। এই ক্ষমতা বলে রাষ্ট্র সর্বোচ্চ ক্ষমতার অধিকারী এবং বাধ্যতামূলকভাবে নাগরিকদের নিকট থেকে আনুগত্য লাভ করে থাকে। অভ্যন্তরীণ ক্ষেত্রে এই ক্ষমতা অসীম। ব্যক্তি, সংঘ প্রভৃতি সকল প্রতিষ্ঠানের উপর রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতা অবাধ, চরম ও চূড়ান্ত। কিন্তু বহিঃস্থ ক্ষেত্রে রাষ্ট্রের সার্বভৌমত্বের প্রয়োগ অবাধ ও অসীম নয়।

বিশ্বায়ন যেহেতু রাষ্ট্রের সীমানাকে চ্যালেঞ্জ করেছে, তাই রাষ্ট্রের সার্বভৌমত্বের সাথে এর সম্পর্ক বিশ্লেষণ ছাড়া জাতিরাষ্ট্রের উপর বিশ্বায়নের প্রভাব ব্যাখ্যা করা সম্ভব নয়। বিশ্বায়নের যুগে আন্তর্জাতিক নীতিমালার ছত্রছায়ায় রাষ্ট্রীয় বাধা-নিষেধ সংকুচিত হয়ে আসছে। এ প্রসঙ্গে বিশ্বায়ন কিভাবে রাষ্ট্রের সামর্থ্য এবং ক্ষমতাকে প্রভাবিত করে সেই বিশ্লেষণ প্রয়োজন। রাষ্ট্র এবং রাষ্ট্রের রাজনৈতিক কাঠামোর ওপর বিশ্বায়নের প্রভাব এবং প্রক্রিয়া নিয়ে নানা মতামত রয়েছে। একদিকে কেউ কেউ বিশ্বাস করেন, ‘জাতি রাষ্ট্রের’ ধারণা এখন একটি ভবিষ্যতহীন এবং সেকেলে বিষয়। ‘বর্তমান অবস্থা শুধুমাত্র রাষ্ট্রের বিদ্যমান ধরনকেই চ্যালেঞ্জ করেছে না বরং রাষ্ট্রীয় সীমানা অক্ষুণ্ণ রাখার সম্ভাবনা, সার্বভৌম ক্ষমতাকে প্রশ্নবিদ্ধ করেছে (Rosow, 1999)। অন্যদিকে বাকিরা মনে করেন, আন্তর্জাতিক সংস্থা বা কর্তৃত্বের অবিরাম এবং অনিয়মিত প্রভাব সত্ত্বেও রাষ্ট্র প্রকৃতপক্ষে তার সক্রিয় অবস্থানেই আছে। বিশ্বায়ন প্রক্রিয়ায় জড়িত বেশকিছু আন্তর্জাতিক সংস্থার কর্তৃত্ব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে, যা জাতীয় সার্বভৌমত্বের ভিত্তি দুর্বল করে দিচ্ছে এবং রাষ্ট্রীয় পরিসরে জাতীয় নীতিনির্ধারকদের স্বাধীনভাবে এবং কার্যকরভাবে ভূমিকা পালনের সামর্থ্যকে প্রশ্নবিদ্ধ করেছে। বিশ্বায়নের অন্যতম একটি দীর্ঘ সময়ব্যাপী প্রতিক্রিয়া হচ্ছে- বিস্তৃত আন্তঃসরকারীয় এবং বিরাষ্ট্রীয় কার্যকর্তার প্রাধান্য বৃদ্ধি, যেগুলো একটি আন্তর্জাতিক ব্যবস্থা পরিচালনার প্রেক্ষিতে আবির্ভূত হয়েছে; যা সাধারণভাবে ব্যক্তি রাষ্ট্রের পক্ষে সংগঠিত করা সম্পূর্ণভাবে সামর্থ্যের বাইরে।

কেনিচি ওহমেন (২০০০) এর ভাষায় ‘রাষ্ট্রের অধীনে অর্থনৈতিক কর্মকাণ্ডপরিচালনার দিন শেষ হয়ে গেছে। জাতি-রাষ্ট্র এখন অতি দ্রুততার সঙ্গে তার প্রকৃতিগত সত্তা হারাচ্ছে। অন্যভাবে বলতে গেলে, তিনি যুক্তি দেখান, বিশ্বায়ন প্রক্রিয়া সত্যিকার অর্থেই এক বিশ্ব অর্থনীতির জন্ম দিয়েছে। বহুজাতিক কোম্পানী ও পুঁজিবাজার এ বৈশ্বিক অর্থনীতিকে নিয়ন্ত্রণ করেছে। রাজনৈতিক সীমা-পরিসীমার ধারণা ও অস্তিত্ব আজ অপ্রাসঙ্গিক হয়ে গেছে। এমনকি এটাও দাবি করা হচ্ছে- জাতীয় পর্যায়ে নীতি গ্রহণের বিষয়টি এখন সেকেলে ধারণায় পর্যবসিত হয়েছে; কেননা জাতীয় অর্থনীতি এখন বৈশ্বিক অর্থনীতির সঙ্গে একীভূত হয়ে গেছে (ভূইয়া ও রহমান, ২০১০)। তিনি এটা মেনে নিতে বাধ্য হয়েছিলেন, বিশ্বায়ন যদিও বহিস্থ সার্বভৌমত্বের ব্যাপারে আপস করেছে, কিন্তু দেশীয় অর্থনৈতিক কাঠামোগত পুনঃবিন্যাস এবং কর্পোরেট সংস্থা এবং আর্থিক ক্ষমতার নতুন নেটওয়ার্ক অভ্যন্তরীণ সার্বভৌমত্বের প্রয়োগকে ক্রমাগত চ্যালেঞ্জ করছে।

নিশ্চিতভাবে বলা যায় পরিবর্তিত অবস্থা এবং ক্ষমতার নতুন কাঠামোগত বিন্যাস একটি বিস্তীর্ণ প্রক্রিয়ার অংশ, যেখানে কর্তৃত্ব শুধুমাত্র রাষ্ট্রের এবং সার্বভৌমত্বের বিষয়টি সম্পত্তি না হয়ে বরঞ্চ রাষ্ট্রীয় এবং বিরাষ্ট্রীয় কার্যকর্তাদের মধ্যে পুনঃবন্টিত হচ্ছে। কিন্তু সার্বভৌমত্ব এমন একটি অবিভাজ্য প্রত্যয়, যে এটা শুধুমাত্র বিচ্ছিন্ন ইস্যু এবং ক্ষেত্রের মধ্যে একটি নির্দিষ্ট মাত্রায় কর্তৃত্ব অর্জন করার সামর্থ্যকে বোঝায়। বিশ্বায়নের বিস্তারে বিভিন্ন ইস্যুতে রাষ্ট্রীয় সার্বভৌমত্বের চর্চার ক্ষেত্রে কর্তৃত্বের বিভিন্নতা দেখা যায়। যেহেতু বিশ্বায়ন বিশ্বের আর্থিক, সাংস্কৃতিক, পরিবেশসহ বহু ক্ষেত্রে নীতি-নির্ধারণের একিভূত ব্যবস্থার সমর্থক। সেক্ষেত্রে রাষ্ট্রীয় অভ্যন্তরীণ এ সকল বিষয়ে আপোসকামী সার্বভৌম কর্তৃপক্ষ প্রায়শই নিজ স্বার্থ ও ক্ষমতাকে প্রশ্নের সম্মুখীন করে। জাতিরাষ্ট্রগুলোর সামর্থ্যের ভিন্নতা এ সকল চ্যালেঞ্জ মোকাবেলায় ভিন্ন ভিন্ন ফলাফলের অধিকারী। সুতরাং বিশ্বায়ন প্রক্রিয়ায় জাতিরাষ্ট্রগুলোর অভ্যন্তরীণ সামর্থ্যভেদে সার্বভৌমত্বের অবস্থা পরিলক্ষিত হয়।

## ৮. নয়া উদারতাবাদ

নয়া উদারনীতি প্রথম গঠিত হয়েছিল মন্ট পেরেলিন সমাজে বিংশ শতাব্দীর প্রথম দিকে। ১৯৪৭ সালে ফ্রেডরিক আগস্ট ভন হায়েকের মাধ্যমে এটি সর্ব প্রথম প্রবর্তিত হয়েছিল যার বৃহৎ অংশ আমেরিকান অর্থনীতিবিদ মিল্টন ফ্রাইডম্যান দ্বারা প্রভাবিত হয়েছে। ফ্রেডরিক আগস্ট ভন হায়েক মনে করেন, অর্থনৈতিক স্বাধীনতা কখনো সংকীর্ণ বস্তুগত উপাদানের উপর সীমাবদ্ধ হবে না। বরং এটি রাজনৈতিক ও নৈতিক শক্তি যা মুক্ত ও স্বাধীন সমাজকে রূপায়িত করে।

অন্যদের দৃষ্টিতে উদারতাবাদের আধুনিকত্বের ভাষা হলো নয়া উদারতাবাদ। অষ্টাদশ শতাব্দীর ‘Laissez faire-talk’ যা গুরুত্ব আরোপ করে ব্যক্তি স্বার্থ, অর্থনীতির দক্ষতা এবং লাগামহীন প্রতিযোগিতা (Steger & Roy, 2010)। বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গেও যেমন, রোনাল্ড রিগ্যান, মার্গারেট থ্যাচার, বিল ক্লিনটন, টনি ব্লেয়ার, জন হাওয়ার্ড এবং জর্জ ডব্লিও বুশ নীতিমালার হাত ধরে নব্য উদারতাবাদ বিকশিত হয়েছে। প্রত্যেকের মধ্যে নীতিগত মিল রয়েছে যার উদ্দেশ্য হচ্ছে জাতীয় অর্থনীতির বিনিয়ন্ত্রন, আন্তর্জাতিক বাণিজ্যকে উন্মুক্ত ও উদার করা এবং একটি একক বিশ্ব বাজার সৃষ্টি করা।

নয়া উদারতাবাদ নতুন ধরনের নীতি যা প্রথম বিশ্বযুদ্ধের জার্মানিতে সর্ব প্রথম একদল অর্থনীতিবিদ ও পণ্ডিতদের দ্বারা উৎপত্তি লাভ করে। ১৯৭০ সালে ল্যাটিন আমেরিকার একদল অর্থনীতিবিদদের দ্বারা ‘নব্য উদারতা’ শব্দটি উপ-বাজার মডেল হিসেবে ব্যবহৃত হয়। অনেকের মতে, নয়া উদারতাবাদ শব্দটি ওয়াশিংটন ঐক্যমতের সাথে জড়িত যা উন্নয়নশীল দেশগুলোর জন্য ওয়াশিংটন ভিত্তিক তিনটি প্রতিষ্ঠান যথা বিশ্বব্যাংক, আইএমএফ এবং ইউ এস ট্রেজারি বিভাগের একটি সংস্কার প্যাকেজ। এই অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলোর নীতিমালার একগুচ্ছ নির্দেশনা ও শর্তের একটি প্যাকেজ, যাতে তিনটি প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষিত হয়।

নয়া উদারতাবাদের নীতির উপর ভিত্তি করে অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য ১৯৮১ সালে রিগ্যান “যোগান সংশ্লিষ্ট দিক” কর্মসূচি ঘোষণা করেন। অধিক রাজস্ব বৃদ্ধিতে এই নীতি জনগনের উপর করের বোঝা চাপায়। ডেভিড স্টকম্যান এই অর্থনৈতিক কৌশলকে চ্যালেঞ্জ করেন। তিনি মনে করেন, নয়া উদারতাবাদের অর্থনীতি প্রতিরক্ষার মতো বিষয়বলীতে তথা সেনাবাহিনীর খরচ বৃদ্ধি করে যা অনিবার্যভাবে ঘাটতি বা অপচয়। সামাজিক কর্মসূচি, চিকিৎসা সেবা, এবং মৌলিক চাহিদাগুলোতে বেসরকারি বিনিয়োগ বাড়াতে উপদেশ দেয়। স্টকম্যানের এই নীতি নয়া উদারতাবাদের বিপক্ষে যুক্তি তুলে ধরে। সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নে সামাজিক নীতি ও সামরিক ব্যয় বৃদ্ধি পায়। যার ফলে রাজস্ব ঘাটতির ব্যয় নির্বাহের জন্য প্রশাসন শক্তি প্রয়োগ করে। ১৯৯৬ সালে বিল ক্লিনটন যুক্তরাষ্ট্রের কংগ্রেস এবং আমেরিকার জনগনের কাছে ঘোষণা করেন যে ‘Big Government’ এর দিন শেষ হয়েছে। তিনি মনে করেছিলেন নয়া উদারতাবাদের যে ধারাগুলো রয়েছে তা সরকারের কার্যক্রমকে দক্ষতার সাথে সম্পন্ন করতে সাহায্য করবে। সামাজিক কল্যাণের চুক্তিগুলো নিয়ন্ত্রন করবে কর্পোরেট দায়িত্ববোধ থেকে এবং সর্বোচ্চ পুঁজিবাদের সমন্বয়ে (Steger & Roy, 2010)।

১৯৯০ সালে সমাজতান্ত্রিক বিশ্ব ব্যবস্থার পরবর্তী সময়ে স্থানীয় রাজনীতিতে আধুনিকতাবাদ ব্যাপক প্রভাব ফেলেছিল। বিশ্বায়নকে নয়া উদারতাবাদের আদর্শে এবং অর্থে ব্যবহার করেছেন। তারা দাবী করেন যে, এটি একটি যৌক্তিক প্রক্রিয়া এবং এটি বিশ্বে ব্যক্তিগত স্বাধীনতা ও বস্তুগত উন্নয়ন সাধন করবে। ব্রিটেনের প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার যুক্তি প্রদর্শন করেন যে, সমাজে নতুন যে শ্রম সৃষ্টি হচ্ছে তা নির্ভর করে সামাজিক সুবিধার উপর এবং এটা সম্পূর্ণ ব্যক্তিগত অর্জন। এই স্লোগানের মাধ্যমে জানানো হয় যে প্রাইভেট সেক্টরের অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে সরকারের প্রবৃদ্ধির সমন্বয় করা হয়েছে। এটি সরকারের দায়িত্ব। এই স্লোগানের উদ্দেশ্য ছিল সামাজিক সেবা সম্পর্কে নাগরিকদের বিশ্বাসযোগ্য করে তোলা। তাই দৃঢ় ভাবে বলা যায় যে, বিশ্বব্যাপী নয়া উদারতাবাদ আকর্ষণ সৃষ্টি করেছে কারণ এটি জনগনকে বোঝাতে পেরেছে যে, এটি বিশ্বে দারিদ্র্য মুক্ত করবে। ফলে বিশ্ব ব্যাংক, আইএমএফ অনুন্নত দেশগুলোতে কাঠামোগত সংস্কার কর্মসূচির মাধ্যমে নীতি নির্ধারণে অংশগ্রহণ করছে। অন্য একটি দাবী বিশ্বব্যাপি বিস্তার লাভ করে যে, আত্মনিয়ন্ত্রিত বাজার হলো গনতন্ত্রের ধারণা এবং ব্যক্তি পছন্দের বিষয়। এটি পরামর্শ দেয় যে অর্থনৈতিক ও রাজনৈতিক বিষয়গুলোর স্বাধীনতা নয়া -উদারতাবাদের সাথে জড়িত।

নয়া উদারতাবাদকে তিনটি দিক থেকে বিশ্লেষণ করা যায়, যথাঃ ১) একটি মতাদর্শ যা বিশ্বের বিভিন্ন অংশে প্রভাবশালী পুঁজিবাদী জনমত গঠন, চির প্রতিদ্বন্দ্বী মার্কসবাদকে উপেক্ষা, বৈশ্বিক বাণিজ্য পুঁজির সচলতা, বিনিয়ন্ত্রণ, বেসরকারিকরণ,

রাজস্ব ক্ষেত্রে মিতব্যয়িতা ও উদারীকরণকে সমর্থন করে। দক্ষ বাজার ব্যবস্থার মাধ্যমে মুনাফার জন্য পণ্যায়নকে সমর্থন করে। ২) শাসনের এমন একটি ধারণা যা বিশেষ যুক্তি এবং শক্তি সম্পর্কের উপর ভিত্তি করে গড়ে ওঠে। প্রতিযোগিতামূলক, আত্ম স্বার্থ, বিকেন্দ্রীকরণে কৌশলগত পরিকল্পনা এবং ঝুঁকি ব্যবস্থাপনার জন্য নকশা প্রণয়ন করে প্রতিযোগিতামূলক বাজার দখলের জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং ৩) ১০টি উদ্দেশ্য সমন্বিত একটি পলিসি প্যাকেজ যথা: নতুন জনব্যবস্থাপনায় সরকারের প্রতিযোগিতাশীল সেবার অনুপ্রেরণা, ভোক্তাদের প্রয়োজনীয়তার দিকে মনোযোগ, মিতব্যয়িতা, রাষ্ট্রীয় ব্যয় সংকোচণ, বাজারের দ্বারা দর ওঠা-নামা ও বিকেন্দ্রীকৃত সরকার ইত্যাদি (Steger & Roy, 2010)।

পৌনে এক শতাব্দী ধরে এশিয়ার দেশগুলোতে নয়া উদারতাবাদের প্রভাব লক্ষ্যনীয়। পূর্ব ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোতে রাষ্ট্রের সাথে অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যে চুক্তিগুলো নব্য উদারতাবাদকে গতিময় করেছে। বেসরকারিভাবে যত বেশি বিনিয়োগ হয়েছে রাষ্ট্রের হস্তক্ষেপ ততো কমছে। বাংলাদেশও এর বাইরে নয়। শিক্ষা, স্বাস্থ্যের মতো মৌলিক চাহিদায় বেসরকারি বিনিয়োগ উচ্চহারে ব্যয় বৃদ্ধি করেছে। উন্নয়ন কর্মসূচী এবং বৃহদাকার অর্থনৈতিক ব্যবস্থাপনার নিশ্চয়তা সরকারের কল্যাণমূলক কাজে উদারনৈতিকতার প্রতিযোগিতা তৈরি করে। নয়া উদারতাবাদের নামে রাষ্ট্রের প্রয়োজনীয় সেবাখাতগুলো থেকে রাষ্ট্রের হাত গুটিয়ে নেয়ার অর্থ হলো দরিদ্র জনগনকে সেবা থেকে বঞ্চিত করা।

#### বাংলাদেশে নয়া উদারবাদী বিশ্বায়নের প্রভাব

নয়া উদারবাদী বিশ্বায়নের প্রভাবে রাষ্ট্র প্রদত্ত সেবা ও অধিকার গণপণ্য রূপান্তরিত হচ্ছে। শিক্ষার মতো মৌলিক খাতেও এটি লক্ষ্যনীয়। দেশে শিক্ষা গ্রহণের হার বৃদ্ধি পেলেও গুণগত মানের অবনয়ন এবং সনদধারী শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি এবং শিক্ষা গ্রহণে ব্যয় বৃদ্ধির মতো বিষয়গুলো বৃদ্ধি পাচ্ছে। ভালো ফলাফলের জন্য পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন দেখা যায়। সৃজনশীল প্রশ্নমালা ও গ্রেডিং পদ্ধতির নতুন ব্যবস্থাপনায় দেশের পাবলিক পরীক্ষাগুলোতে অতি ভালো ফলাফল দেখা গিয়েছে। ৫ম শ্রেণি, ৮ম শ্রেণিতে পাবলিক পরীক্ষা সংযোজন শিক্ষার্থীকে ফলাফল কেন্দ্রীক প্রতিযোগিতামুখী করে তোলে। নয়া উদারতাবাদী বিশ্বায়নের বাজারে শুধুমাত্র ভালো ফলাফল একটি উচ্চ বেতনের চাকুরির সুযোগ সৃষ্টি করে। প্রতিযোগিতার মনোভাব গুণগত মানের বৃদ্ধি করে না বরং সহজে বেশি নম্বর পাওয়ার জন্য বাজারের গাইড বই ও প্রাইভেট নির্ভরতাকে উৎসাহ যোগায়। এভাবে বিদ্যালয়, টিউশন ফি ও গাইড বই এর জন্য শিক্ষা গ্রহণে অর্থের ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

বৈশ্বিক প্রতিষ্ঠানের বিনিয়োগকারীরা শিক্ষকদের উন্নত জীবন-যাপনে সহায়ক সম্মানী প্রদান, দরিদ্র পরিবারের অভিভাবকদের আর্থ-সামাজিক অক্ষমতা দূর করার জন্য শিক্ষা উন্নয়ন প্রকল্পগুলোতে বিনিয়োগ করে না অথচ নব্য উদারতার আলোকে বৈশ্বিক একক বাজার ব্যবস্থা সৃষ্টিতে বিনিয়োগ করে। এই বাজার ব্যবস্থার অন্যতম লক্ষ্য মুনাফা। মুনাফার জন্য শিক্ষার মতো মৌলিক বিষয়গুলোতে বেসরকারী বিনিয়োগ দেখা যায়। উচ্চ শিক্ষার জন্য যেমন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একের পর এক অনুমোদন শিক্ষার মান নিয়ে প্রশ্ন তোলে। বাজার চাহিদা অনুযায়ী কিছু বিষয়াবলীতে শিক্ষার্থীদের আগ্রহ ও সনদ বাণিজ্য নিয়ে প্রায়শই প্রতিবেদন দেখা যায়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বিশ বছর মেয়াদি চার ধাপের একটি কৌশলপত্র প্রণয়ন করেছে। যার আলোকে দেশের উচ্চ শিক্ষা ক্রমান্বয়ে বেসরকারিকরণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে (তুহিন, ২০১২)। লেখক তাঁর গবেষণায় দেখিয়েছেন, ইউজিসির দেয়া কৌশলপত্র মূলত বিশ্বব্যাংকের করা কৌশলপত্রের কপি পেস্ট। এই প্রকল্পে ইউজিসি শুধু বিশ্বব্যাংকের ঋণই নেয়নি, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সরকারি ভর্তুকি তুলে দেয়ার সুপারিশ করেছে মঞ্জুরি কমিশন। ভর্তুকি তুলে

নেয়ার পর বিশ্ববিদ্যালয়গুলো নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে। এ খাতগুলো কৌশলপত্রে নির্ধারন করা হয়। প্রথমত: বেতন ফি বৃদ্ধির পরামর্শ। ২০০৬ থেকে ২০২৬ সাল পর্যন্ত মোট তিন ধাপে পর্যায়ক্রমে বেতন ফি বৃদ্ধি করা হচ্ছে। বেতন ফি বৃদ্ধির পাশাপাশি দেশি-বিদেশি ব্যাংকগুলোর কাছ থেকে ঋণ নেয়ার সুপারিশ করা হয়েছে কৌশলপত্রে। শিক্ষার্থীদের ঋণ নিয়ে উচ্চ শিক্ষায় সমাপ্ত করার উপর জোর দিয়েছেন কৌশলপত্রের নির্মাতারা। সেক্ষেত্রে একজন শিক্ষার্থীকে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হলে ব্যাংক থেকে মোটা অংকের ঋণ গ্রহণ করতে হবে। অর্থনীতিবিদরা মনে করেছেন, একজন শিক্ষার্থীকে ব্যাংক ঋণের ভার তার শিক্ষাজীবন শেষেও বয়ে বেড়াতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রীয় ভর্তুকি কমিয়ে নেয়ার যে কথা ইউজিসি'র পক্ষ থেকে বলা হয়েছে, তা বাংলাদেশের সংবিধানে বর্ণিত শিক্ষা অধিকার পরিপন্থী। লেখক ইত্যাদি বর্ণনার মাধ্যমে শিক্ষাব্যবস্থার শাসন সংক্রান্ত ইস্যুতে বিশ্বব্যাংকের ভূমিকা তুলে ধরেন। শিক্ষা সংক্রান্ত বিষয়ে রাষ্ট্রের অভ্যন্তরীণ সিদ্ধান্ত সমস্ত ছাত্রসমাজের ভবিষ্যৎ নির্ধারণ করে। শাসন সংক্রান্ত এই সিদ্ধান্তগুলো নব্য উদারতাবাদের প্রেক্ষিতে উচ্চ শিক্ষাখাতে সংবিধানের মৌলিক অধিকারের সাথে সাংঘর্ষিক। নব্য উদারতাবাদের বৈশিষ্ট্যগুলো সরকারি খাতের সংকোচন, বেসরকারি প্রতিষ্ঠানের অনুকূল পরিবেশকে উৎসাহ দেয়। উচ্চ শিক্ষার জন্য বিশ্বব্যাংক প্রদত্ত 'হেকেপ' নামক একটি কৌশলপত্র পরিচালনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। বিশ্ববিদ্যালয়গুলো প্রতিটি বিভাগে তাদের মানের মূল্যায়নের জন্য তথ্য সরবরাহ করবে এবং এজন্য বিশ্বব্যাংক প্রদত্ত প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হয়। ফলাফল মূল্যায়নে যে বিভাগগুলো প্রথম সারির সেসকল বিভাগ বিশ্বব্যাংক কর্তৃক অর্থ সাহায্য পাবে। লক্ষ্য করা গেছে চাকুরির বাজারে এগিয়ে থাকা বিভাগগুলোতে শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে আগ্রহ বেশি। পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ না হলেও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এ বিভাগগুলোতে অর্থের বিনিময়ে সহজেই ভর্তির সুযোগ মেলে। ফলে, বিগত দেড় যুগে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়িয়েছে প্রায় আশি'র কাছাকাছি। দেশের উচ্চ শিক্ষা ক্রমান্বয়ে বেসরকারিকরণের উদ্যোগ গ্রহণ করায় শিক্ষা গ্রহণের ব্যয় যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সরকারি ভর্তুকি তুলে দেয়ার সুপারিশ করেছে এই উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠানগুলো। এই প্রকল্পের আওতায় বিভিন্ন গবেষণায় দেখা গেছে মানবিক এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অনেক বিষয় যেমন দর্শন, ইতিহাস প্রভৃতিতে শিক্ষার্থীদের অংশগ্রহণ কমেছে।

১৯৭২ সালে বাংলাদেশে দারিদ্র্যসীমার নিচে বসবাসরত মানুষের সংখ্যা ছিল ৫ কোটি। ২০০২ সালে এই হিসাব অনুযায়ী, বহুবিধ 'সংস্কার' ও দারিদ্র্য বিমোচন কর্মসূচী বাস্তবায়নের পর বাংলাদেশের এই পর্যায়ের মানুষের সংখ্যা ৭ কোটিরও বেশি। দারিদ্র্য বিমোচনের জন্য জিডিপি বৃদ্ধি করা উচিত এবং দারিদ্র্য বিমোচন খাতে অর্থ বরাদ্দ বাড়ানো উচিত, এই দুই ধরনের বক্তব্যই বেশি শোনা যায়। ১৯৮৪-৮৫ থেকে ২০০০-০১ সময়কালে, স্থির মূল্যে, বাংলাদেশে জিডিপি বেড়েছে শতকরা প্রায় ১০০ ভাগ। এই একই সময়কালে দারিদ্র্য বিমোচন কর্মসূচীতে বরাদ্দ বেড়েছে শতকরা প্রায় ৭০০ ভাগ। কিন্তু এই সময়ে দারিদ্র্য অনুপাতের চিত্র আরো খারাপ। ১৯৮৩-৮৪ সালে ক্যালরি গ্রহণভিত্তিক দারিদ্র্য অনুপাত ছিল শতকরা ৬২.৬ ভাগ, ২০০২ সালে এই অনুপাত দাঁড়িয়েছে শতকরা ৫০। প্রায় ১৮ বছর পর দারিদ্র্য বিমোচনের অনুপাত দাঁড়াচ্ছে শতকরা ০.৭২ ভাগ। মাঝখানে একটু কমলেও ২০১০ সালে আবাবো তা দাঁড়িয়েছে শতকরা প্রায় ৫০। ১৯৯১-৯২ তে আমরা দারিদ্র্য সীমার নিচে জনসংখ্যা পাই শতকরা ৪৭.৫। '৯০-এর দশকে জিডিপি বেড়েছে প্রায় ৫০ ভাগ, দারিদ্র্য বিমোচন নামে বরাদ্দ এই দশকে বেড়েছে সবচেয়ে বেশি। এই দশকে বিশ্বব্যাংক, আইএমএফ, এনজিও তৎপরতা প্রভাব নিয়ন্ত্রণ বেড়েছে, বাজার উন্মুক্ত হয়েছে, উদার হয়েছে, বিশ্ব বাণিজ্য অংশগ্রহণ বেড়েছে এবং ক্ষুদ্রঋণের ব্যাপক বিস্তারও ঘটেছিল। কিন্তু সরকারি তথ্য বলে এই দশকে দারিদ্র্য সীমার নিচে মানুষের সংখ্যা শতকরা অনুপাতে ৪৭.৫ থেকে বেড়ে, ৫০-এ পৌছেছে। এটাকেই বলা হয় দারিদ্র্য বিমোচন সাফল্য। যার ওপর দারিদ্র্য বাণিজ্য আড়ালে দারিদ্র্যকে টেকসই করার ব্যবস্থা পাকাপোক্ত হয়েছে (মুহাম্মদ, ২০১১)।

১৯৮০-এর দশকের শুরুতে জ্বালানি মূল্যের উর্ধ্বগতি এবং জি-৭ দেশগুলির মুদ্রা-সংকোচন নীতির কারণে বিশ্বব্যাপী যে অর্থনৈতিক সংকট দেখা দেয় বাংলাদেশ ও সেসকল ক্ষতিগ্রস্ত দেশের অন্যতম। জি-৭ এর মুদ্রা সংকোচন নীতির উদ্দেশ্য ছিল বিশ্বব্যাপি অর্থনৈতিক কর্মকাণ্ড খর্ব করা। এই নীতি উন্নয়নশীল দেশসমূহের পণ্যমূল্যের অধঃগতি ঘটিয়ে এবং শিল্পজাত পণ্যসহ সকল পণ্য রফতানির প্রবৃদ্ধি হ্রাস করে। এই সুদের হার বৃদ্ধি দ্বারা তৃতীয় বিশ্বের ঋণের বোঝা বাড়ায় এবং উন্নত বিশ্ব থেকে তৃতীয় বিশ্বে সরকারি ও বাণিজ্যিক উভয় খাতে সম্পদ স্থানান্তর হ্রাস করে। গুরুতর লেন-দেন ভারসাম্যহীনতা এবং বাজেট সংকটের সম্মুখীন হয়ে তৃতীয় বিশ্বের দেশগুলো বিশ্বব্যাংক ও আইএমএফ-এর সংস্কার কর্মসূচি গ্রহণ করে ও ঋণগ্রস্ত দেশে পরিণত হয় (সোবহান, ১৯৯৩)। ১৯৮৬-৯১-তে সরকারি খাতে ঋণ গ্রহণের প্রবৃদ্ধি ছিল বৎসরে গড়ে ৫.৫%। একই সময়ে বেসরকারি খাতে ঋণ গ্রহণের প্রবৃদ্ধি ছিল বৎসরে গড়ে ১৬.৫%। যদিও দেখানো হয় বিনিময় হারের মূল্য বৃদ্ধি ঘটতে দেওয়া হয়নি। কিন্তু টাকার মূল্য ১৯৮০-এর জুলাইতে যেখানে ছিল এক মার্কিন ডলারের সমান ১৫.০৪ টাকা সেখানে ১৯৯১-এর জুনে তা হয় এক মার্কিন ডলারের সমান ৩৫.৭৯ টাকা। আর বর্তমানে ১২০ টাকার বিপরীতে এক মার্কিন ডলার।

পণ্য ও প্রযুক্তির অবাধ বিচরণ ঘটলেও শ্রমিকের ক্ষেত্রে তা দেখা যায় না। সামাজিক খাতে যেটুকু ব্যয় বৃদ্ধি পেয়েছে সেটাও টার্গেট গ্রুপের কাছে পৌঁছে না। আর্থিক আন্তর্জাতিক সংস্থার ঋণ গ্রহণ ও বন্টনের মাঝে মধ্যস্বত্বভোগীদের হাতেও একটা অংশ চলে যায়। ঋণের ফলে ক্রমাগত সুদের হার বাড়তে থাকে, ঋণ পরিশোধের জন্য রাষ্ট্রকে আবারো আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের উপর নির্ভর করতে হয়। এভাবে রাষ্ট্র আর্থিক প্রতিষ্ঠানের উপর নির্ভরশীলতা বৃদ্ধি করে চলেছে। পোষাক শিল্পের মতো খাতে কর্মসংস্থান বাড়লেও তা সম্পূর্ণ অনুৎপাদন শিল্প। দক্ষ শ্রমিক স্বল্পতা বিদেশে কর্মসংস্থান হারাচ্ছে। অন্যদিকে সস্তা শ্রমের কারণে পোষাক শিল্পের মতো শিল্পের বাজার সম্প্রসারণ দেশীয় কিছু মানুষকে উচ্চাভিলাসী করে তোলে। শ্রমঘন এবং ঝুঁকিপূর্ণ শিল্পগুলিই উন্নয়নশীল দেশে হস্তান্তরিত হয়েছে। তাছাড়া বিশ্বায়ন প্রক্রিয়া ক্রমাগত অপ্রতিষ্ঠানিক ক্ষেত্রের জন্ম দেয়, যেখানে আন্তর্জাতিক শ্রমমান কার্যকর করা কঠিন কাজ (মোকাদ্দেম, ২০০২)। প্রকৃতপক্ষে বাংলাদেশের মতো দেশগুলোতে আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলো সাহায্য করে সুদে-আসলে ঋণের বোঝা বাড়িয়ে চলেছে। জাতীয় রাষ্ট্রগুলো ক্রমেই তাদের স্বশাসনের ক্ষমতা হারিয়ে ফেলেছে এবং নির্ভরশীলতা বৃদ্ধি পাচ্ছে।

অধ্যাপক আনু মুহাম্মদ বাংলাদেশে দাতাগোষ্ঠীর সংস্কার কর্মসূচীর কয়েকটি চিত্র তুলে ধরেন। যেমন, ১৯৯৪ সালের ১৭ ফেব্রুয়ারি বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকার 'জুট সেক্টর আডজাস্টমেন্ট ক্রেডিট' নামক একটি প্রকল্প অনুমোদন করেছেন। এই প্রকল্পের আওতায় বিশ্বব্যাংক থেকে ঋণে দেয়া হয়েছে তৎকালীন বাজারদর অনুযায়ী প্রায় ১৫০০ কোটি টাকা। এই ঋণ নেয়া হয়েছিল সুনির্দিষ্ট কয়েকটি কাজের জন্য। সেগুলোর মধ্যে প্রধান কয়েকটি হলো: ২৯টি রাষ্ট্রায়ত্ত্ব পাটকলের মধ্যে ৯টি বন্ধ করে দেয়া। অবশিষ্ট ২০টির মধ্যে ১৮টি বেসরকারিকরণ করা। ২০ হাজার শ্রমিককে ছাঁটাই করা। ফলাফল স্বরূপ আদমজী পাটকল বন্ধ ঘোষণা হয় ৩০ জুন, ২০০২। পাটখাতে কর্মরত ৩০ বছর শ্রমিক কর্মহীন, উদ্বাস্ত ও ঋণগ্রস্ত হয়। তার মানে হলো বাংলাদেশের মানুষ সুদ দিয়ে ঋণ নিয়েছে মিল প্রতিষ্ঠা করার জন্য নয়, মিল বন্ধ করার জন্য (মুহাম্মদ, ২০০১)। ১৯৯৬ সালে আগস্ট মাসে বিশ্বব্যাংক বরাবর একটি চিঠিতে পাটশিল্পের বিনিয়োগকারী মালিকেরা জানান যে, 'সংস্কার কর্মসূচির জন্য আগের চাইতে তাদের কারখানাগুলোর অবস্থা আরো খারাপ হয়েছে।' তাঁরা বলেছেন, এই কর্মসূচির ফলে (১) বেসরকারি মিলগুলোর কার্যক্ষমতা কমেছে; (২) প্রকৃত উৎপাদন ও রপ্তানি কমেছে; (৩) বেসরকারি কারখানার বাজার মূল্যেও পতন ঘটেছে; (৪) ১১টি বেসরকারি কারখানার উৎপাদন ক্ষমতা কমেছে বা অস্থায়ীভাবে বন্ধ হয়ে গেছে (মুহাম্মদ, ২০০১)। সাহায্যের নামে দারিদ্র্য সৃষ্টির এরকম বহু প্রকল্প সার্বভৌমত্বের দুর্বলতাকেই চিহ্নিত করে। এসকল সাহায্যকে মেনে নিতে বাধ্য করা হয়। স্থানীয় জনগণের হতাশা, কর্মহীন শ্রমিক, প্রশাসনের অভিভাবকত্বের গাফিলতি মাঠ পর্যায়ের বাস্তবতাকে দাতাগোষ্ঠীসমূহের দৃষ্টি আকর্ষণ করতে ব্যর্থ হয়। বৈশ্বিক বাজারে কাজের সুযোগ তৈরী হলেও আমাদের দেশের অদক্ষ শ্রমিক তার সুফল পায় না।

বিশ্বায়নের লক্ষ্যের সাথে রাষ্ট্রের সমস্ত কার্যক্রমকে একত্রিত করার জন্য প্রাতিষ্ঠানিক ভাবে কিছু সংস্থার সৃষ্টি হয়েছে। কাঠামোগত সংস্কার কর্মসূচীর তথ্য (SAP) এর লক্ষ্য ছিল সামাজিক খাতের বৃদ্ধি রাষ্ট্রীয় ব্যয় সংকোচন, ভর্তুকি হ্রাস, বহুজাতিক কোম্পানির ব্যবসার ক্ষেত্রে প্রতিবন্ধকতা হ্রাস প্রভৃতি। এ সকল কিছুর মাধ্যমে রাষ্ট্র মুক্তবাজার অর্থনীতিতে প্রবেশ করে, উদারীকরণের নীতি গ্রহণ করে। বাংলাদেশ SAP গ্রহণ করলেও সফলতা আসে নাই। যদি কল্যাণমুখী রাষ্ট্রগুলোর নিজস্ব নীতির ওপর এসমস্ত নীতিমালা প্রাধান্য বিস্তার করে। সে পর্যায়ে রাষ্ট্র আত্মরক্ষামূলক ব্যবস্থা হিসেবে কোনটি ধারণ করে ?

বাংলাদেশে কাঠামোগত সংস্কার কর্মসূচীর পরে ৯০'এর প্রথম দশকে ওয়াশিংটন ঐক্যমত সুশাসনের ধারণা নিয়ে হাজির হয়। শাসন ব্যবস্থাকে সুশাসনে রূপান্তরিত করার বিভিন্ন শর্ত আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান থেকে দেয়া হয়। এর ধারাবাহিকতায় সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা, পিআরএসপি এর বিভিন্ন কর্মসূচি একের পর এক গ্রহণ করা হয়েছে। কর্মসূচিগুলো নয়া উদারতাবাদের আলোকে রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণে পরামর্শ দিয়ে থাকে। যেমন, বলা হয়েছিল পিআরএসপি বাস্তবায়নের লক্ষ্য সরকারি খাতে বিনিয়োগ বাড়তে হবে। অর্থায়নের জন্য দেশের মোট বিনিয়োগ ২০০৯ অর্থবছরে জিডিপি-র ২৬ শতাংশে উন্নীত করতে হয় যার অনেকটাই আসে বৈদেশিক ঋণ থেকে। তবে, বৈদেশিক সাহায্যের একটা বড় অংশ কনসাল্টিং ফি ও সার্ভিস ট্যাক্স হিসেবে ফেরত দিতে হয়েছে। তাই বৈদেশিক সাহায্যের পাশাপাশি দীর্ঘমেয়াদে অভ্যন্তরীণ সম্পদ তৈরীর ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। অথচ দেশীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্থানে জায়গা করে নিচ্ছে বিশ্বব্যাংক অথবা আইএমএফ নির্ধারিত উন্নয়ন ভাবনা।

বিশ্বায়নপন্থীদের মতে, বিশ্বায়ন হলো বিশ্বব্যাপী কর্পোরেট কর্মসূচীকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে প্রস্তাবিত যাবতীয় তত্ত্ব। GATT, NAFTA, ASEAN প্রভৃতি জাতিরাষ্ট্রগুলোর মধ্যে নয়া উদারতাবাদের তত্ত্বগুলো বাস্তবায়নের মাধ্যম হিসেবে গড়ে উঠে। বাম মতাদর্শিকরা বলেন, এনজিও, সুশীলসমাজের হাত ধরে তৃতীয় ধারার অর্থনীতি সঞ্চালিত হচ্ছে। পুঁজি, পণ্যের প্রবাহে বাণিজ্যের গতিশীলতায় রাষ্ট্রগুলো এসকল মতাদর্শ দ্বারা প্রভাবিত হয়। বাস্তবতার নিরিখে রাষ্ট্রের স্বকীয় সত্তা আন্তর্জাতিক নীতিমালা, স্বাস্থ্য, সামরিক হুমকি, নিরাপত্তার সাথে সামঞ্জস্য বজায় রাখতে পারে না। যেহেতু বিশ্বায়ন প্রক্রিয়া সামগ্রিকভাবে কর্পোরেট এলিটদের উদ্দেশ্য সাধন করার জন্যই সৃষ্টি করা হয়েছে, সেজন্য তারা প্রথম থেকেই জাতিরাষ্ট্রগুলোকে বিশ্বায়ন প্রক্রিয়ার অনিবার্যতা এবং প্রয়োজনীয়তার গুরুত্বের কথা প্রচার করে এসেছে।

বিশ্বায়নের মূল কথা হলো অবাধ বাণিজ্য নীতি বা কৌশল অবলম্বন। বিশ্বায়নের প্রবক্তাগণ মনে করেন, বিনিয়োগের অপর এক চালিকাশক্তি হিসেবে বিশ্বায়ন কাজ করে। কিন্তু বিশ্বায়নের প্রকৃতি অসম হলে বৈশ্বিক নেটওয়ার্ক সিস্টেমে ও অগণতান্ত্রিকতা দেখা যায়। আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো যারা সমগ্র বিশ্বের বাণিজ্য নীতি, দারিদ্র্য, সুশাসন, ঋণের হার প্রভৃতি নির্ধারণ করে, সেসব প্রতিষ্ঠানের গঠন কাঠামো অগণতান্ত্রিক (সাক্ষাৎকার- মাহবুবুল মোকাদ্দেম আকাশ, ১৯ জুন ২০২২)। ফলে সমগ্র বিশ্বে উন্নত ও অনুন্নত দেশের দুটো পক্ষ তৈরি হয়েছে। বিশ্বায়নের বাইরে থাকা যেমন সম্ভব নয়, তেমনি আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর ভূমিকাকে কেন্দ্র করে বিশ্বায়ন বিরোধী বিতর্ক দেখা যায়। এই গবেষণায় বাংলাদেশের সার্বভৌমত্বে নয়া উদারবাদী বিশ্বায়ন সম্পর্কিত বিতর্কগুলো বিশ্লেষণের চেষ্টা করা হয়েছে।

## ১০. উপসংহার

বিশ্বায়ন শুধু একটি অর্থনৈতিক প্রক্রিয়া নয়; এটি একটি রাজনৈতিক প্রপঞ্চও। যার অন্তর্নিহিত বক্তব্য হচ্ছে- রাষ্ট্রের সীমানাকে মুছে না ফেললেও নয়া উদারবাদী বিশ্বায়ন সাম্প্রতিক বিশ্বের একটি বাস্তবতা। এর মূল লক্ষ্য হচ্ছে রাজনীতি, অর্থনীতি ও সমাজকে বাজারমুখী করা। নয়াউদারীকরণের পথে চলতে গিয়ে জাতীয় সমস্যাগুলো সমাধানে আন্তর্জাতিক



সাহায্য-সমাজ, অর্থনীতি, রাজনীতি ও সংস্কৃতির গন্ডিতে মিথস্ক্রিয়া তৈরী করেছে। এই গবেষণায় সত্তর দশক থেকে আজ পর্যন্ত বাংলাদেশের প্রেক্ষাপটে কাঠামোগত সমন্বয় নীতি, ওয়াশিংটন ঐক্যমত, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা, দারিদ্র্য বিমোচন কৌশলপত্রসহ বিভিন্ন সময়ে গৃহীত নীতিমালা এবং ফলাফল বিশ্লেষণের চেষ্টা করা হয়েছে। এ সকল কর্মসূচী বাংলাদেশের অগ্রগতি সাধনে বাস্তবায়িত হয়। ১৯৯০ সালে থাইল্যান্ডের জমতিয়ানে অনুষ্ঠিত ‘সবার জন্য শিক্ষা’ বিষয়ক সম্মেলনকে সামনে রেখে গৃহীত আগাম একটি পদক্ষেপ হিসাবে জাতীয় সংসদে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা (Compulsory Primary Education) আইন পাস হয় ২০ ফেব্রুয়ারি ১৯৯০ সালে। এর ফলে প্রাথমিক বিদ্যালয়ে অধিক সংখ্যক শিশুর অংশগ্রহণ নিশ্চিত হয়েছে। আবার হেকেপ প্রদত্ত বিশ্ব ব্যাংকের পলিসি প্যাকেজে দেখা যাচ্ছে শিক্ষার বাণিজ্যিকীকরণ, শিক্ষা খাতে ভর্তুকি বন্ধের সুপারিশসমূহ সংবিধানের সাথে সাংঘর্ষিক। শাসন বিষয়ক বিভিন্ন প্রেক্ষাপটে নয়া উদারবাদী বিশ্বায়নের মতাদর্শ লক্ষণীয়। সংশয়বাদী তাত্ত্বিকরা মনে করেন এই প্রভাব রাষ্ট্রের সক্ষমতার প্রশ্নে প্রতিযোগিতার মনোভাব বৃদ্ধি করে। রূপান্তরবাদীরা বলেন, প্রতিযোগিতায় জাতি রাষ্ট্রগুলো বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করে সফলতা পেতে পারে। কিন্তু সংশয়বাদীরা মনে করেন, প্রতিযোগিতার কারণে রাষ্ট্র বিভিন্ন সেবাকে পণ্য পরিনত করতে বাধ্য হচ্ছে। বাংলাদেশের সার্বভৌমত্বের প্রশ্নে দুটি বক্তব্যের প্রতিফলন বিদ্যমান। বিশ্বায়নের প্রতিনিধিত্বকারী বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান নয়া উদারবাদের সম্প্রসারণ করে রাষ্ট্রের ক্ষমতাকে প্রভাবিত করে। তাই শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতিসহ শাসন ব্যবস্থাকে সুশাসনে রূপান্তরের বিভিন্ন আয়োজন দেখা যায়। রাষ্ট্রীয় এসব নীতিমালাও তৈরি হয় বৈশ্বিক মতাদর্শ কে অনুসরণ করে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে সার্বভৌমত্ব তাই বিশ্বায়নের নয়া উদারবাদের প্রভাবে প্রভাবিত। এই প্রভাবকে ইতিবাচক করতে হলে আর্থিক প্রতিষ্ঠান অথবা উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণকে দেশীয় শিক্ষাবিদ, পরামর্শকদের সাথে সমন্বিত করা প্রয়োজন। রাষ্ট্রীয় স্বার্থ সংরক্ষণ করে আমলাতান্ত্রিক জটিলতা দূর করতে হবে, দেশপ্রেম বৃদ্ধি, সচেতনতা, দক্ষতা এবং সক্ষমতা বৃদ্ধি করতে হবে।

## তথ্যসূত্রসমূহ

মোকাদ্দেম (২০০২), *বিশ্বায়নে বাংলাদেশের অর্থনীতি*, ঢাকা, বিজ্ঞান চেতনা-বিশেষ সংখ্যা।

তুহিন, আরিফুজ্জামান (২০১২), ‘বিশ্বব্যাংকের আগ্রাসন : উচ্চশিক্ষা চলে যাচ্ছে বিদেশী ব্যাংকের হাতে’, *চিত্রকল্প বাংলাদেশ ছাত্র ইউনিয়ন*, ঢাকা।

অট্টাচার্য, দেবপ্রিয়, আহমেদ, সাঈদ (২০০৬), *বাংলাদেশের দারিদ্র্য নিরসন কৌশলপত্র (পি আর এস পি) মূল প্রতিবাদ্য ও বাস্তবায়নের চ্যালেঞ্জ*, ঢাকা, সেন্টার ফর পলিসি ডায়ালগ।

মুহাম্মদ, আনু (২০০১), *ক্রান্তিকালের বিশ্ব অর্থনীতি ও উন্নয়ন সাম্রাজ্য*, ঢাকা, মীরা প্রকাশন।

মুহাম্মদ, আনু (২০১১), *বিশ্ববায়নের বৈপরীত্য*, ঢাকা, শ্রাবনী প্রকাশনী।

মোস্তফা, কল্লোল, রুবাইয়াৎ, মাহাবুব, শান্তি, অনুপম সৈকত (২০১২), *জাতীয় সম্পদ, বহুজাতিক পুঁজিমালিকানার তর্ক*, ঢাকা, সংহতি প্রকাশন।

সিং কাভালজিৎ (২০০৫), *বিশ্বায়ন কিছু অমিমাংসিত প্রশ্ন*, বাংলাদেশ নারী প্রগতি সংঘ, ঢাকা, দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড।

সোবহান, রেহমান (১৯৯৩), *বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা*, ঢাকা, বিআইডিএস।

হক, ম. ইনামুল (২০১২), *বাংলাদেশের জল ও জ্বালানি*, ঢাকা, সংহতি প্রকাশন।

হোসেন, ফেরদৌস (২০০৬), *গ্যাট থেকে ডব্লিউটিও*, পলল প্রকাশনী, ঢাকা।

- Cerny, P. G. (1997). Paradoxes of the competition state: The dynamics of political globalization. *Government and Opposition*, 32(2), 251–274.
- Collier, P., & Dollar, D. (2002). *Globalization, growth, and poverty: Building an inclusive world economy*. World Bank Publications.
- Genschel, P., & Seelkopf, L. (2015). The competition state. *The Oxford Handbook of Transformations of the State*, 1–23.
- Held, D., McGrew, A., Goldblatt, D., & Perraton, J. (1999). Global transformations: Politics, economics and culture. In *Politics at the Edge: The PSA Yearbook 1999* (pp. 14–28). Springer.
- McGiffen, S. P. (2002). *The Pocket Essential Globalisation*. Pocket Essentials.
- Opello, W. C., & Rosow, S. J. (1999). *The nation-state and global order: A historical introduction to contemporary politics*. Lynne Rienner Boulder.
- Petras, J., & Veltmeyer, H. (2001). *Globalization unmasked: Imperialism in the 21st century*. Zed Books.
- Sen, A. (1973). Behaviour and the Concept of Preference. *Economica*, 40(159), 241–259.
- Sobhan, R. (1982). *The crisis of external dependence; the political economy of foreign aid to Bangladesh*.
- Stiglitz, J. E. (2006). *Making globalisation work*. Esri.

#### রিপোর্ট :

অর্থনৈতিক সমীক্ষা ঢাকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-২০২১।

অর্থ মন্ত্রণালয় (২০২২), বাংলাদেশ।

বক্স, মিশেল ( অক্টোবর, ২০০৮), দৈনিক প্রথম আলো, ঢাকা।

বিশ্বব্যাংক (২০১০), বাংলাদেশ সহায়তা কৌশলপত্র ২০১১-২১০১৪ সার সংক্ষেপ।

## প্রবীণ ব্যক্তির ‘এজেন্সি’ বিশ্লেষণঃ পরিত্রাণিত ‘প্রবীণনিবাস’

তাসলিমা আতিক

সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০।

**Abstract:** Everybody wants to live longer but nobody wants to be old because elderly persons are seen as a burden for the society. In recent times, the presence of old age homes along with family is being observed to take care of the elderly persons. A stereotypical construction in our society is that living in old age home leads to a helpless and isolated life. But in practical terms, there is considerable need to consider whether the elderly are helpless or inactive. The agency lies within the individual, but the application of this agency varies from person to person. For this study qualitative data was collected through in-depth interview and case study with an open ended questionnaire. Observation method also plays an important role for collecting data. Old age homes and respondents were selected by using purposive sampling technique. According to data given by the respondents it is seen that elderly persons living at old age homes express their activeness through various activities in their own sphere and thereby sustain their existence. This article critically examines the notion that the elderly persons are always helpless and passive through an analysis of agency of the elderly persons living at old age home.

**Keywords:** Elderly person, Stereotype, Agency, Old Age Home.

### ১. ভূমিকা

প্রায়শই বলা হয়ে থাকে যে, প্রবীণ ব্যক্তির করার কিছুই নেই এবং তারা হলো সমাজের জন্য বোঝাস্বরূপ। কিন্তু বাস্তবে প্রবীণ ব্যক্তির পরিবারে, কমিউনিটিতে এবং সমাজে অসংখ্য অবদান রেখে চলেছেন। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় প্রবীণ ব্যক্তির অবেতনিক শ্রমশক্তি এবং অপ্রাতিষ্ঠানিক সেটরে স্বেচ্ছাসেবক হিসেবে অনেক কাজ করেন যার মূল্যায়ন হয় না। আমেরিকায় ৬৫ বছরের প্রবীণ ব্যক্তির যাঁরা সংখ্যায় প্রায় ৩ মিলিয়ন, তাঁদের সক্রিয় অংশগ্রহণ দেখা যায় বিভিন্ন স্বাস্থ্য ও রাজনৈতিক সংগঠনে, স্কুলে এবং ধর্মীয় উপাসনালয়ে। এছাড়াও মিলিয়ন মিলিয়ন প্রবীণ ব্যক্তি কমিউনিটিতে ‘অপ্রাতিষ্ঠানিক’ সেবা প্রদান করে থাকেন (WHO, 1999)। বেশিরভাগ ক্ষেত্রেই প্রবীণ ব্যক্তিদের এই অবদানগুলো স্বীকৃত হয় না এবং জাতীয় ম্যাক্রো-অর্থনৈতিক সূচকে জায়গা পায় না। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। বাংলাদেশের ক্ষেত্রেও দেখা যায়, গ্রাম হোক কিংবা শহর সকল ক্ষেত্রেই প্রবীণ ব্যক্তির পরিবারে বিভিন্ন ধরনের কাজের সাথে যুক্ত থাকেন। যেমন: নাতি-নাতনিদের স্কুলে আনা-নেওয়া করা, তাদের দেখভাল, বাজার করা কিংবা ঘরের সেবা প্রদান করা। কিন্তু যেহেতু এ কাজগুলোর কোনো অর্থনৈতিক মূল্য নেই, তাই এর গুরুত্বও কম।

---

Corresponding author: Taslima Atique , E-mail: [taslimaatique@yahoo.com](mailto:taslimaatique@yahoo.com)

বয়সসংক্রান্ত নৃবিজ্ঞানের (The Anthropology of Age) ধারায় নৃবিজ্ঞানীরা বার্ষিক্যকে সামাজিক এবং জৈবিক প্রক্রিয়া হিসেবে বিবেচনা করেন এবং বার্ষিক্যকে শুধু জীবনের একটি শেষ পর্যায় হিসেবে বিবেচনা না করে বয়স্কদের সক্রিয় অংশগ্রহণকারী হিসেবে শেষজীবনে তাদের অভিজ্ঞতা ও তাঁরা তাঁদের জীবনের অর্থবহতাকে যেভাবে বোঝেন তা তুলে ধরবার ওপর গুরুত্ব দেন। অর্থাৎ, এ ধারার মধ্য দিয়ে প্রবীণ ব্যক্তির সক্রিয়তাকে দেখতে চাওয়া হয় (Rubinstein 1990)।

বাংলাদেশের প্রচলিত সংস্কৃতি অনুযায়ী, প্রবীণ ব্যক্তিদের দেখাশোনার দায়িত্ব মূলত পরিবারের হাতে ন্যস্ত থাকাটাকে আদর্শ বলে বিবেচনা করা হয়। তথাপি অধুনা সময়কালে আমাদের সমাজে ‘প্রবীণ’ মানুষজনকে দেখাশোনার জন্য পরিবারের পাশাপাশি ‘প্রবীণনিবাস’-এর মতো প্রতিষ্ঠানগুলোর উপস্থিতি লক্ষ করা যাচ্ছে। এ সকল প্রতিষ্ঠানকে বৃদ্ধনিবাস, প্রবীণনিবাস, বৃদ্ধাশ্রম হিসেবে আখ্যায়িত করা হয়। আমাদের সমাজের একটি বদ্ধমূল ধারণা হচ্ছে প্রবীণনিবাসে বসবাস করা মাত্রই ব্যক্তি একটি অসহায় ও বিচ্ছিন্ন জীবনযাপন করেন। অবশ্য এর পেছনে প্রচারমাধ্যমের (প্রিন্ট এবং ইলেকট্রনিক উভয়ের) উপস্থাপনা অনেকাংশে দায়ী, প্রচারমাধ্যমে বিভিন্ন উৎসব বিশেষ করে ইদের সময় যেভাবে প্রতিবেদন প্রকাশ করা হয়, তাতে প্রবীণনিবাসে বসবাসকারী ব্যক্তির অশ্রুসিক্ত চোখ আর একাকিত্বের কাহিনিই বেশি প্রাধান্য পায় আর আলোচনার বাইরে থেকে যায় প্রবীণ ব্যক্তির বহুবিধ অভিজ্ঞতা, যা প্রতিনিয়ত ঐ ব্যক্তির সক্রিয় উপস্থিতির কথা জানান দেয়।

আর এই বিষয়টিকে পর্যালোচনা করা সম্ভব প্রবীণ ব্যক্তির এজেন্সিকে বিশ্লেষণ করার মধ্য দিয়ে। এক্ষেত্রে বর্তমান গবেষণার আলোকে যে বাস্তব উদাহরণ সামনে এসেছে তা হলো: প্রবীণনিবাসে বসবাসরত ব্যক্তির তাদের নিজস্ব পরিসরে নানাবিধ কর্মকাণ্ডের মধ্য দিয়ে তাঁদের সক্রিয়তা প্রদর্শন করেন এবং এর মাধ্যমে নিজেদের অস্তিত্বকে টিকিয়ে রাখেন। এই প্রবন্ধে প্রবীণ ব্যক্তির এজেন্সি বিশ্লেষণের মাধ্যমে তাঁরা নিজেকে কীভাবে অন্যদের ন্যায় ‘সক্রিয়’ হিসেবে উপস্থাপন করেন তা দেখানোর চেষ্টা করা হয়েছে। তাঁদের এই সক্রিয়তার ক্ষেত্রে বিভিন্ন ধরনের সিদ্ধান্ত গ্রহণ, দরকষাকষি, পাতানো ও বিবিধ সম্পর্ক কীরূপ ভূমিকা রাখে সেটিও এ প্রবন্ধে বিস্তারিতভাবে আলোচিত হয়েছে।

## ২. তাত্ত্বিক কাঠামো ও সাহিত্য পর্যালোচনা

নৃবিজ্ঞানে বার্ষিক্যসংক্রান্ত গবেষণা খুবই সাম্প্রতিক; তবে, নৃবিজ্ঞানীরা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। কেননা, তাঁরা বার্ষিক্যকে শুধু আন্তর্জাতিকভাবে এবং আন্তঃসাংস্কৃতিকভাবেই অধ্যয়ন করেন না বরং মানবজীবনে সংস্কৃতি এবং সাংস্কৃতিক ভিন্নতার যে গুরুত্ব সে বিষয়টিও তুলে ধরেন (Rubinstein, 1990)। প্রবীণ ব্যক্তির জীবনযাপন এবং মর্যাদা বিভিন্ন সমাজের মধ্যে এমনকি একই সমাজের মধ্যেও বিভিন্ন হয়। ফলে, এ সকল বিষয় বিবেচনায় রেখে একটি নির্দিষ্ট অবস্থায় প্রবীণ ব্যক্তির সমাজের একজন সক্রিয় অংশগ্রহণকারী হিসেবে কীভাবে জীবনের অর্থকে খুঁজে পান তা নৃবিজ্ঞানীদের জন্য তাৎপর্যমূলক অনুসন্ধানের বিষয়।

বার্ষিক্য ও প্রবীণ ব্যক্তিসংক্রান্ত আলোচনায় ফুকোর কাজের প্রাসঙ্গিকতা হলো যে, ক্ষমতা ও জ্ঞানের চর্চার মাধ্যমে মানুষ কীভাবে সাবজেক্টে পরিণত হয় এবং সমাজে প্রচলিত ডিসকোর্স-গুলো কীভাবে মানুষকে প্রতিনিয়ত প্রভাবিত করে, পরিচালিত করে তা সম্পর্কে তিনি বিস্তারিতভাবে আলোকপাত করেন (Foucault, 1977)। তাছাড়া তিনি তাঁর কাজের মাধ্যমে আরেকটি তাৎপর্যপূর্ণ বিষয় তুলে ধরেন— সাবজেক্ট তার তরফ থেকে প্রতিরোধের (resistance) মাধ্যমে প্রবল ডিসকোর্সকে উলটিয়ে (reversible) ফেলবার ক্ষমতাও রাখে। অর্থাৎ, ব্যক্তিমানুষ ক্ষমতা দ্বারা সাবজেক্টে পরিণত হলেও

তারা একই সাথে আবার সক্রিয় এজেন্টও যারা কাঠামোগত ডিসকোর্সকে পরিবর্তন করতে সক্ষম (Foucault, 1978; Biggs & Powell, 2001)।

John Powell তাঁর “*Rethinking Gerontology: Foucault, Surveillance and the positioning of Old Age*” (2004) নামক প্রবন্ধে ফুকোর চিন্তাভাবনাকে বার্ষিক্য ধারণায়নের ক্ষেত্রে ব্যবহার করেন এবং এর মাধ্যমে তিনি বার্ষিক্য বিজ্ঞানতন্ত্রের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক ডিসকোর্স কীভাবে প্রভাব বিস্তার করে তা দেখান। এক্ষেত্রে প্রবন্ধকার বলেন যে, ফুকোর কাজ বার্ষিক্য ধারণায়নের ক্ষেত্রে দুই দিক থেকে গুরুত্বপূর্ণ।

প্রথমত, ফুকো দেখান কীভাবে ডিসপ্লিনারি টেকনিকের মাধ্যমে ‘বয়স্ক’ (Elderly), ‘অপরাধী’ (Criminals) এবং মানসিকভাবে অসুস্থ (Mentally ill) ইত্যাদি ধারণাগুলোর স্টেরিওটাইপিক্যাল নির্মাণ হয়।

দ্বিতীয়ত, সমাজের মধ্যে প্রবীণদের পরিচালনাকরী এবং প্রবীণব্যক্তি সম্পর্কে এদের মধ্যে যে ধরনের ডিসকোর্স প্রচলিত রয়েছে তা ব্যাখ্যা করার জন্য ফুকোর কাজ গুরুত্বপূর্ণ।

বর্তমান গবেষণাকাজে প্রবীণ ব্যক্তিদের সামগ্রিক পরিচিতি বিশ্লেষণে সাবজেক্ট-সম্পর্কিত ফুকোর এই দৃষ্টিভঙ্গি সহায়ক হিসেবে কাজ করেছে। বার্ষিক্যায়নের সাথে সাথে সক্রিয় বার্ষিক্যায়ন এর ধারণা বোঝা খুব জরুরি। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে “ব্যক্তির বয়স্ক হওয়ার সাথে সাথে তাঁর জীবনের মান বাড়ানোর জন্য স্বাস্থ্য, নিরাপত্তা এবং অংশগ্রহণের সুযোগ অনুকূল করার যে প্রক্রিয়া তা হলো সক্রিয় বার্ষিক্যায়ন” অর্থাৎ, সক্রিয় বার্ষিক্যায়নের মূলসুঁতি তিনটি হলো: স্বাস্থ্য, অংশগ্রহণ এবং নিরাপত্তা (WHO, 2002)। প্রবীণ ব্যক্তির অধিকার, চাহিদা এবং সক্ষমতা এ বিষয়গুলোকে সক্রিয় বার্ষিক্যায়ন গুরুত্ব দেওয়ার কথা বলে। সক্রিয় বার্ষিক্যায়ন ধারণার পেছনের যুক্তি হলো ব্যক্তির পুরো জীবন প্রক্রিয়ায় তাঁর কার্যকর ক্ষমতাকে (Functional Capacity) বজায় রাখা। সক্রিয় বার্ষিক্যায়নের ক্ষেত্রে বিভিন্ন নির্ধারকের প্রভাব রয়েছে। যে প্রভাবকের কারণে ব্যক্তির জীবনের ভালো থাকা নিশ্চিত হয় বলে মনে করেন অনেক তাত্ত্বিক (Kalache, Barreto & Keller 2005)। এই সক্রিয় বার্ষিক্যায়নের ক্ষেত্রে ব্যক্তির ব্যক্তিক, অর্থনৈতিক, সামাজিক এবং আচরণগত নির্ধারকের পাশাপাশি পারিপার্শ্বিক পরিবেশ এবং স্বাস্থ্য ও সামাজিক সেবার নিশ্চয়তাকে গুরুত্বপূর্ণ নির্ধারক হিসেবে বিবেচনা করা হয়। অনেকেই দাবি করেন যে, যদি একটি দেশ তার প্রবীণজনগোষ্ঠীকে অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে যুক্ত করতে না পারে এবং তাদের স্বাস্থ্যকর জীবনযাপন ও সামাজিক অংশগ্রহণ সুনিশ্চিত করতে ব্যর্থ হয় তাহলে তাঁরা দেশের জন্য বোঝা হয়ে যান (Ogawa et al., 2021)। এই প্রবণতা প্রকারান্তরে ব্যক্তিকে নিষ্ক্রিয় জীবনযাপনের দিকে ঠেলে দেয়। সকল সংস্কৃতি এবং জেন্ডারভেদে এই নির্ধারক দ্বারা ব্যক্তির সক্রিয় বার্ষিক্যায়ন প্রভাবিত হয় বলে মনে করা হয় (Kalache et al., 2005)।

সক্রিয় বার্ষিক্যায়নের এই ধারণাটিকে বর্তমান গবেষণার আলোকে সমস্যায়িত করতে চাওয়া হয়েছে। বার্ষিক্যায়ন প্রক্রিয়ার সাথে যুক্ত কোনো বিষয়কেই অবধারিত কিংবা সর্বজনীন ভাববার অবকাশ নাই। এটি ব্যক্তিভেদে, সময়ভেদে এবং সংস্কৃতিভেদে স্বতন্ত্র (Victor 2005)। প্রবীণনিবাসের অভ্যন্তরে বসবাস করে, সরাসরি অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে যুক্ত না থেকে এবং বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ থেকে বিচ্যুত থেকেও প্রবীণ ব্যক্তি কীভাবে তাঁর সক্রিয়তার বহিঃপ্রকাশ ঘটায় তা এই গবেষণায় তুলে ধরা হয়েছে। প্রবীণ ব্যক্তিকে একটি বিচ্ছিন্ন সত্তা হিসেবে না দেখে একজন ব্যক্তি তাঁর জীবন প্রক্রিয়ার বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন মাত্রায় কীভাবে কাজ করেন তা ব্যাখ্যা করা জরুরি।

বার্ষিক্যায়নের ক্ষেত্রে ব্যক্তির যে এজেন্সি বা সক্রিয়তা সেটি বিশ্লেষণ করা জরুরি। কিন্তু প্রবীণ ব্যক্তি মাত্রই অসহায়, নির্ভরশীল একটি গোষ্ঠী হিসেবে দেখবার প্রবণতা যেহেতু সমাজে বিদ্যমান তাই প্রবীণ ব্যক্তির এজেন্সি বিশ্লেষণও নজরের বাইরে থেকে যায়। এই বিষয়টির গুরুত্ব বিবেচনা করে বর্তমান গবেষণায় প্রবীণ ব্যক্তির এজেন্সি বিশ্লেষণ করতে

চাওয়া হয়েছে। এজেন্সিহলো এমন একটি প্রত্যয় যা ব্যক্তির স্বাধীনভাবে ক্রিয়া করার সামর্থ্য এবং তাঁর নিজস্ব ইচ্ছা পূরণের যোগ্যতাকে নির্দেশ করে। Anthony Giddens তাঁর *‘Central Problems in Social Theory’* (1979) গ্রন্থে সর্বপ্রথম এজেন্সির ধারণা দেন। পরবর্তীতে ‘Practice Theory’-তে এজেন্সির ধারণা গুরুত্বপূর্ণ হিসেবে ব্যবহৃত হতে থাকে। Giddens এজেন্সিকে ‘কাঠামোকরণ প্রক্রিয়া’র (Structuration Process) অংশ হিসেবে দেখেন। অপরদিকে Ortner (2006) এজেন্সিকে ‘স্বপ্রণোদিত উদ্দেশ্য’ (Intentionality) প্রত্যয় দ্বারা ব্যাখ্যা করেন যেখানে ‘স্বপ্রণোদিত উদ্দেশ্য’ (Intentionality) বলতে তিনি সেই পছন্দকে বুঝিয়েছেন যার মধ্য দিয়ে ব্যক্তি তার উদ্দেশ্য, লক্ষ্য, ইচ্ছাকে পূরণ করে। এক্ষেত্রে এজেন্সি বলতে বোঝায় ‘a sense that the self is an authorized social being’। তিনি এজেন্সিকে শুধু ব্যক্তির ক্রিয়া করার সামর্থ্য হিসেবে না দেখে এজেন্সির সাথে সামাজিক ক্ষমতার যে সম্পর্ক তা তুলে ধরেন।

Giddens ও তাঁর কাজে এজেন্সিকে বোঝার ক্ষেত্রে ‘স্বপ্রণোদিত উদ্দেশ্য’ (Intentionality) ওপর জোর দেন এবং তিনি ‘স্বপ্রণোদিত উদ্দেশ্য’ (Intentionality)-কে একটি প্রক্রিয়া হিসেবে দেখেন যা মানুষের স্বভাবগত বৈশিষ্ট্য। একইসাথে এই বিষয়টিও সত্য যে, এজেন্সি সবসময় সাংস্কৃতিকভাবে এবং ঐতিহাসিকভাবে নির্মিত হয়। এছাড়া Ahearn (2001) এজেন্সি বলতে কর্মকাণ্ড পরিচালনা করবার সামর্থ্য যা কিনা আবার সামাজিক-সাংস্কৃতিকভাবে নির্ধারিত (‘The socioculturally mediated capacity of act’) তাকে বুঝিয়েছেন।

এক্ষেত্রে Ahearn (2001) বলেন: ‘Oppositional agency is only one of many forms of agency’ তিনি এজেন্সির ধারণাকে ক্ষমতার সাথে এবং অসমতার সাথে যুক্ত করে দেখেন এবং এর সাথে তিনি ব্যক্তির আবেগকে গুরুত্ব দেওয়ার কথা বলেন।

উপরিউক্ত আলোচনার পরিসর থেকে যে বিষয়টি স্পষ্ট হয় তা হলো যে, এজেন্সিকে কোনো একটি নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি দ্বারা সংজ্ঞায়িত করা সমস্যাজনক। কেননা, একে যেমন Giddens এর Structuration Process দ্বারা বিশ্লেষণ করা যেতে পারে, তেমনি আবার Ortner যেভাবে ব্যক্তির Intention এর মধ্য দিয়ে এজেন্সিকে ব্যাখ্যা করেন তাও গুরুত্বপূর্ণ। এই বিষয়গুলো বিবেচনায় রেখে, প্রবীণ ব্যক্তির প্রবীণনিবাসে আসা থেকে শুরু করে প্রবীণনিবাসে বসবাসকালে তাঁর বিভিন্ন কার্যকলাপ কীভাবে তাঁর সক্রিয়তাকে প্রদর্শন করে তা তুলে ধরা হয়েছে এই প্রবন্ধে।

Sharon Ghuman এবং Mary Beth Ofstedal তাদের “*Gender and Family Support for Older Adults in Bangladesh*” (2004) নামক গবেষণা প্রতিবেদনে ৫০ ও ৫০ উর্ধ্ব বয়স্ক ব্যক্তির তাদের সন্তান এবং আত্মীয়স্বজন থেকে কী ধরনের অর্থনৈতিক এবং সামাজিক সহায়তা পান তা দেখান। গবেষকদ্বয় বাংলাদেশের মতলবে গবেষণাকার্যটি সম্পাদন করেন। গবেষণায় তাঁরা সাহায্য বলতে একসাথে থাকা, অর্থ ও সম্পদের বিনিময়, সামাজিক যোগাযোগ, দেখাশোনা ইত্যাদি বিষয়কে বুঝিয়েছেন। এক্ষেত্রে সাহায্য গ্রহণ কিংবা প্রদানের ক্ষেত্রে লিঙ্গীয় পরিচিতি কোনো ধরনের প্রভাব বিস্তার করে কিনা, অর্থাৎ কোনো পরিবর্তন আনে কিনা সেটি তাঁদের গবেষণায় কেন্দ্রীয় বিবেচ্য ছিল।

এক্ষেত্রে তাঁরা দেখান যে, বয়স্ক ব্যক্তির তাদের মেয়ে সন্তানের চেয়ে ছেলে সন্তানের সঙ্গে থাকাকে বেশি সমর্থন করেন; যদিও মেয়েদের সঙ্গে পিতামাতার যোগাযোগ অব্যাহত থাকে, বিশেষ করে মেয়েদের সঙ্গে তাদের মায়ের একধরনের গভীর যোগাযোগ দেখা যায়। যোগাযোগের কিংবা সাহায্যের এই ধরন বাংলাদেশে পিতৃতান্ত্রিক পরিবার ব্যবস্থার প্রাবল্যকেই নির্দেশ করে, যেখানে প্রবীণবয়সে মা-বাবার দেখাশোনার দায়িত্ব ছেলে-ই পালন করবে এমন ভাবনাকেই স্বাভাবিক বলে ধরে নেওয়া হয় এবং জোরারোপ করা হয়। তাঁরা বলেন যে, যারা নিঃসন্তান তাঁরা আত্মীয়স্বজনের কাছ থেকে সাহায্য পেলেও তা তুলনামূলকভাবে কমই দেখা যায়। এই গবেষণার একটি কেন্দ্রীয় জায়গা ছিল সাহায্যের ক্ষেত্রে লিঙ্গীয় ভিন্নতার প্রভাবকে খতিয়ে দেখা। এক্ষেত্রে উক্ত গবেষণা অনুযায়ী, বয়স্ক মহিলারা বয়স্ক পুরুষদের তুলনায় কম

সাহায্য পান এমন কোনো প্রমাণ নেই। তবে বয়স্ক মহিলাদের বৃহত্তর সমাজের সাথে যোগাযোগ কম থাকে বলে তাঁরা মনে করেন। এছাড়াও গবেষকদ্বয় বাংলাদেশে পরিচালিত এই গবেষণার সাথে দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যান্য রাষ্ট্রের সাথে তুলনা করে দেখান যে, সেখানেও প্রায় একই ধরনের চিত্র দেখা যায়। গবেষণায় বয়স্ক মহিলাদের সামাজিক যোগাযোগ কম থাকে বলে উল্লেখ করা হয়েছে। এই ধরনের ব্যাখ্যা একভাবে বয়স্কদের ক্রিয়াশীলতাকে একটি নির্দিষ্ট ছাঁচে বেঁধে ফেলে/স্টেরিওটাইপড করে ফেলে যাকে বর্তমান গবেষণায় সমস্যায়িত করা হয়েছে।

Katy Gradner (2008) তাঁর “*Migration and the life Course: Some case from Bangladesh*” প্রবন্ধে অভিবাসনের সাথে জীবনপ্রক্রিয়ার সম্পর্ক দেখাতে গিয়ে জীবনপ্রক্রিয়ার (life course) সংজ্ঞায়নে বলেন যে, এটি প্রাথমিকভাবে একটি সামাজিক প্রক্রিয়া, শারীরিক প্রক্রিয়া নয় যদিও মানুষ একে শারীরিকভাবে ব্যাখ্যা করে। এ বিষয়ে তাঁর অভিমত হলো যে, জীবনপ্রক্রিয়াকে অবশ্যই বৃহৎ প্রেক্ষাপটে গৃহস্থালি এবং পারিবারিক সম্পর্কের ভিত্তিতে ব্যাখ্যা করা উচিত। কেননা, একজন ব্যক্তির বয়স্ক হওয়ার প্রক্রিয়া শুধু তিনি কোন স্থানে রয়েছেন তার উপর নির্ভর করে না বরং তাঁর আশেপাশে যারা আছেন তাঁদের সাথে তাঁর সামাজিক সম্পর্ক ও পরিচিতির ওপরও নির্ভর করে। এর উদাহরণ হিসেবে তিনি বলেন, ব্রিটেনে বসবাসরত একজন বাঙালিকিংবা সিলেটে বসবাসরত একজন বাঙালির জন্য “মুরকি” বা “বয়স্ক” হওয়া কোনো নির্দিষ্ট বয়সে পৌঁছার ওপর নির্ভর করে না। আবার, বাংলাদেশের অনেক গ্রামীণ মানুষের তাদের বয়স সম্পর্কে সঠিক ধারণা নাই বরং বয়স্ক হবার ধারণাটি পরিবারে তাঁর অবস্থানের ওপর নির্ভর করে, যেমন: দাদা, দাদি হওয়া। প্রবন্ধকার আরও বলেন যে, ব্যক্তির জীবন প্রক্রিয়ার ক্ষেত্রে কীভাবে তাঁর জীবন যাপিত হয় তার থেকেও গুরুত্বপূর্ণ কীভাবে তাঁর জীবনযাপনকে আশা করা হয়, অর্থাৎ এর সাথে মতাদর্শ, স্বপ্ন, প্রত্যাশাযুক্ত।

“*Age Demands Action in Bangladesh*” গবেষণায়- MIPAA এর বরাতে দিয়ে বলা হয় যে, বাংলাদেশে ২০০৬ সালে সমগ্র জনগোষ্ঠীর ৬ শতাংশ, অর্থাৎ ৮.৩ মিলিয়ন মানুষ বয়স্ক এবং ধারণা করা হচ্ছে যে, ২০৫০ সালের মধ্যে এটি ১৭ শতাংশে গিয়ে পৌঁছাবে। এই গবেষণায় দেখা যায় যে, প্রবীণেরা তাদের বৃদ্ধ বয়সে অর্থনৈতিক নিরাপত্তা প্রত্যাশা করেন। এছাড়া এ সময়টাতে পারিবারিক এবং সামাজিক সহায়তার পাশাপাশি তাঁরা এমন একটি পরিবেশ চান যেখানে তাঁরা একে অপরের সাথে সামাজিক যোগাযোগ রক্ষা করে চলতে পারবেন। গবেষণাটিতে আরো দেখা যায় যে, প্রবীণ নারীদের জন্য সামাজিক যোগাযোগের অভাব একটি অন্যতম সমস্যা। এ সমস্যা সমাধানে পাবলিক পরিসরে নারীদের চলাচলের ক্ষেত্রে যে বাঁধা রয়েছে তা দূর করার দাবি জানান প্রবীণ নারীরা।

Md. Hasan Reza তাঁর “*Losses Experienced by some Canadian Elderly Living in a long-term Residential Care*” (2004) শীর্ষক গবেষণা কাজে কানাডার “St Patricks old home” এ মাঠকর্মের ভিত্তিতে প্রবীণনিবাসে বসবাসের ফলে প্রবীণেরা কী ধরনের ক্ষতির (Losses) শিকার হন তা চিহ্নিত করেন। মাঠকর্মের ভিত্তিতে গবেষক সাতধরনের ক্ষেত্রকে শনাক্ত করেন আর এগুলো হলো স্বাধীনতা, স্বাস্থ্য, পরিবার, ক্রিয়াশীলতা, গৃহ, ভূমিকা এবং মানসিক অবস্থা যেগুলোর ক্ষেত্রে প্রবীণেরা সবথেকে বেশি ক্ষতিকর অভিজ্ঞতার সম্মুখীন হন।

গবেষক দেখান, যখন ব্যক্তি প্রবীণনিবাসে আসেন তিনি তখন তাঁর স্বাধীনতা হারান, অর্থাৎ তাঁর সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা, নিজের মতো করে জীবনযাপন করার স্বাধীনতা হারায়। স্বাস্থ্যের ক্ষেত্রে দেখা যায় যে, যখন ব্যক্তিকে তাঁর পরিবার থেকে প্রবীণনিবাসে এনে রাখা হয় তখন তাঁর মধ্যে এক ধরনের ট্রমা সৃষ্টি হয়। গবেষক বলেন, অনেক প্রবীণরাই মনে করেন যে, প্রবীণনিবাসে থাকা তাদের মর্যাদাকে নষ্ট করেছে। প্রবীণনিবাসে থাকার ফলে পরিবার থেকে এক ধরনের বিচ্ছিন্নতা দেখা যায়। এছাড়া নিবাসে আসার ফলে ব্যক্তির প্রবীণ ব্যক্তির জীবনের ক্রিয়াশীলতাও কমে যায় বলে St. Patricks Home এর প্রবীণেরা জানান। তাঁদের মতে, নিবাসে আসার ফলে তাঁদের নিত্যদিনের অনেক কাজ যেমন:

শপিং, ঘুরতে যাওয়া, ড্রাইভিং ইত্যাদি পূর্বের তুলনায় কমে যায়। এখানে থাকার ফলে ব্যক্তির নিজের জীবনের ওপর যে নিয়ন্ত্রণ তা এখানকার কর্মচারী ও নিয়মনীতির ওপর বর্তায়। তাছাড়া, নিবাসে আসার ফলে যে প্রবীণব্যক্তি এক সময় সেবা প্রদানকারী (Caregiver) ছিলেন তিনি সেবাপ্রাপ্ত (Carerecipient) হিসেবে বিবেচিত হন। এছাড়া নিবাসের কর্মচারীদের পক্ষে সকল প্রবীণকে পর্যাপ্ত সময় দেওয়া সম্ভব হয় না বিধায় প্রবীণব্যক্তির একধরনের হতাশা ও একাকিত্ব ভোগেন।

গবেষক মূলত তাঁর এই গবেষণার মাধ্যমে নিবাসে বসবাসের ফলে প্রবীণ ব্যক্তির যে ধরনের সমস্যায় ভোগেন তার একটি চিত্র উপস্থাপন করেন। কিন্তু বর্তমান গবেষণায় Reza (2004) এর গবেষণা থেকে ভিন্নতা পরিলক্ষিত হয়। গবেষণাপ্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রবীণনিবাসে অবস্থানরত অনেক প্রবীণের কাছে পারিবারিক বন্দিজীবন থেকে কিংবা অবহেলার থেকে প্রবীণনিবাসের জীবন অনেক স্বাধীন ও মর্যাদাপূর্ণ। তাছাড়া এই গবেষণায় প্রবীণনিবাসে বসবাসকারী প্রবীণদের অভিজ্ঞতাকে শুধু নেতিবাচক দৃষ্টিভঙ্গি থেকে ব্যাখ্যা করা হয়েছে। কিন্তু বর্তমান গবেষণা থেকে প্রাপ্ত তথ্যের আলোকে প্রবীণনিবাসের প্রবীণদের নিবাসজীবনের অভিজ্ঞতায় যে বহুবিধতা বিদ্যমান তা দেখার প্রয়াস পেয়েছি।

### ৩. মাঠ পরিচিতি এবং গবেষণা পদ্ধতি

নৃবৈজ্ঞানিক গবেষণার জন্য নির্বাচিত এলাকাকে ‘মাঠ’ হিসেবে সংজ্ঞায়িত করা হয়। নৃবৈজ্ঞানে ‘মাঠ’ শুধু একটি স্থান নয় বরং এটি নির্দিষ্ট সময় এবং ঘটনার সংগ্রহ যেটি গবেষককে বিভিন্ন স্থানে নিয়ে যায় (আখতার ও নাসরীন: ২০০১)। এই গবেষণায় প্রবীণনিবাসকে মাঠ হিসেবে নেওয়া হয়েছে, আভিধানিকভাবে বৃদ্ধ ও আশ্রম শব্দ দুটি মিলে হয়েছে বৃদ্ধাশ্রম। শব্দগতভাবে অর্থ দাঁড়ায় বৃদ্ধের আশ্রয়স্থল বা প্রবীণনিবাস। অন্য অর্থে জীবনের বয়স্ক সময়ের আবাসস্থল, বয়স্ক পুনর্বাসন কেন্দ্র ইত্যাদি। পারিভাষিক অর্থে বৃদ্ধাবস্থায় পরিবার বা আত্মীয়স্বজনের আশ্রয় ব্যতীত সরকারি-বেসরকারি ব্যবস্থাপনায় লালিতপালিত হওয়ার স্থানকে প্রবীণনিবাস বলে। কিছু প্রবীণনিবাসে বয়স্কদের জন্য আবাসিক এবং নার্সিং সুবিধাসম্পন্ন ব্যবস্থা রয়েছে। তাঁরা তাদের জীবনযাত্রার মান বজায় রাখার জন্য খাবার, গৃহস্থালি, চিকিৎসাসেবা এবং বিনোদনমূলক কার্যকলাপসহ প্রয়োজনীয় সকল সুবিধা এবং যত্ন বৃদ্ধাশ্রম বা প্রবীণনিবাস থেকে পান।

মূলত প্রবীণনিবাসের উদ্দেশ্য হলো নিরাপদ আশ্রয় প্রদান করা যাদের আর কোথাও যাওয়ার জায়গা নেই এবং যাদের দেখাশোনা করার জন্য কেউ নেই। যদিও কিছু বয়স্ক ব্যক্তি স্বেচ্ছায় প্রবীণনিবাসে চলে যান, অন্যদের আর্থিক, সামাজিক বা স্বাস্থ্যসম্পর্কিত পরিস্থিতির কারণে আর কোনো বিকল্পও থাকেনা। প্রবীণনিবাসগুলো ব্যক্তিগত মালিকানাধীন বা সরকারি বা অলাভজনক সংস্থা দ্বারা পরিচালিত হয় (Senocare Services, 2023)। সহজ কথায় প্রবীণনিবাস হলো এমন একটি বাড়ি যা ব্যক্তিগত বা নার্সিং কেয়ার প্রদানে সক্ষম। সমাজে/পরিবারে স্বাধীনভাবে বসবাস করতে অক্ষম এমন বয়স্ক ব্যক্তিদের জন্য আবাসিকভাবে যত্ন, খাবার এবং দৈনন্দিন জীবনযাত্রার কার্যক্রমে নির্দিষ্ট কিছু সহায়তা প্রদান করে (Gupta, 2016)। তবে, সুযোগ সুবিধার মাত্রা প্রবীণনিবাসভেদে ভিন্ন হয়।

বাংলাদেশে প্রবীণনিবাসকে বৃদ্ধাশ্রম, প্রবীণনিবাস, হোম ইত্যাদি নামে নামকরণ করা হয়। ‘প্রবীণনিবাস’ এর ধারণা বাংলাদেশের জন্য খুবই সাময়িক এবং বর্তমানে বাংলাদেশে প্রবীণনিবাসের সংখ্যা দিনদিন বাড়ছে। যদিও এখন পর্যন্ত এ নিয়ে গবেষণাধর্মী কাজ তেমন একটা হয়নি/নেই বললেই চলে। সে যাই হোক, বাংলাদেশে মূলত দুই ধরনের প্রবীণনিবাস দেখা যায়। যেমন: প্রথমত, অর্থের (Rental) বিনিময়ে প্রবীণনিবাসে থাকা এবং সেবা গ্রহণ। দ্বিতীয়ত, বিনামূল্যে প্রবীণনিবাসে থাকা এবং সেবা গ্রহণ। বর্তমান গবেষণায় বিনামূল্যে সেবা প্রদানকারী এবং অর্থের বিনিময়ে সেবা প্রদানকারী দুই ধরনের প্রবীণনিবাসকেই মাঠ হিসেবে রাখা হয়েছে।



নৃবিজ্ঞানীদের ব্যবহার করা স্বতন্ত্র গবেষণা পদ্ধতির কারণে অন্যান্য যে-কোনো জ্ঞানকাণ্ড(ইতিহাস, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান) থেকে নৃবিজ্ঞান অনেক বেশি অনন্য (Gupta & Ferguson, 1997)। এই গবেষণায় প্রবীণনিবাসের প্রবীণ নারী ও পুরুষ উভয়ের সাথে কথা বলা হয়েছে, আবার বিভিন্ন বয়সের প্রবীণ ব্যক্তির সাথেও কথা বলা হয়েছে। প্রবীণনিবাসে সকল প্রবীণ ব্যক্তি একই সময়কাল ধরে বসবাস করছেন না, ফলে যিনি দীর্ঘ সময় (৫-৮ বছর) ধরে বসবাস করছেন আর যিনি স্বল্প সময় (৬ মাস থেকে ১ বছর) ধরে বসবাস করছেন তাঁদের অভিজ্ঞতা এক নয়। তাই, তথ্যাদাতা নির্বাচনের সময় এ বিষয়গুলোকে বিবেচনায় রাখা হয়েছে।

বাংলাদেশে অবস্থিত সকল প্রবীণনিবাসের সকল নিবাসীর সঙ্গে কথা বলা যেহেতু সম্ভব নয়, তাই প্রবীণনিবাস এবং তথ্যাদাতা হিসেবে প্রবীণনিবাসের অভ্যন্তরে বসবাসরত প্রবীণ ব্যক্তিদেরকে (নারী ও পুরুষ) 'উদ্দেশ্যমূলক নমুনায়নে'র মাধ্যমে নির্ধারণ করা হয়েছে এবং তাদের 'নিবিড় সাক্ষাৎকার' গ্রহণ করার মাধ্যমে তথ্য সংগৃহীত হয়েছে। গবেষণার উদ্দেশ্যকে বিবেচনায় রেখে কিছু 'কেইস স্টাডি'ও গ্রহণ করা হয়েছে। সাক্ষাৎকারগুলো গ্রহণ করার সময় উত্তরাদাতাদের সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনার ক্ষেত্রে তাঁদের জীবনাভিজ্ঞতার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। সাক্ষাৎকার গ্রহণ করবার সুবিধার্থে প্রথমে একটি চেকলিস্ট তৈরি করা হয়েছে এবং প্রশ্ন করার ক্ষেত্রে খোলা প্রশ্ন ব্যবহার করা হয়েছে।

দৃষ্টিভঙ্গি ও উদ্দেশ্যের ভিন্নতা থাকলেও প্রাকৃতিক বিজ্ঞান এবং সমাজবিজ্ঞান উভয় ধারাতেই তথ্যসংগ্রহের জন্য 'পর্যবেক্ষণ' একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি। তাই 'নিবিড় সাক্ষাৎকার' এবং 'কেইস স্টাডি'র পাশাপাশি 'পর্যবেক্ষণ' এই গবেষণার একটি অন্যতম গবেষণা কৌশল হিসেবে কাজ করেছে। এক্ষেত্রে তথ্যাদাতাদের সঙ্গে কথা বলার সময় তাঁদের আচরণ, ব্যবহার; বাচনভঙ্গি ইত্যাদিকে পর্যবেক্ষণ করা হয়েছে এবং এর মাধ্যমে তাঁদের অভিজ্ঞতা-বর্ণনাকালীন মুহূর্তের নানা অভিব্যক্তিকে বোঝার চেষ্টা করা হয়েছে। এছাড়া উত্তরাদাতারা কোনো বিষয় সম্পর্কে কথা বলার সময় কী অর্থ প্রকাশ করছেন তা বোঝার চেষ্টা করা হয়েছে অর্থাৎ প্রবীণনিবাসে বরবাসরত প্রবীণদের ক্ষেত্রে তাদের জীবনাভিজ্ঞতা, নিবাসে আসার পর সামাজিক-সাংস্কৃতিক পরিসরে তাঁদের বাস্তব অবস্থা ইত্যাদি বিষয়কে অনুধাবন করার চেষ্টা করা হয়েছে। আর সেই অনুধাবনের ক্ষেত্রে নিবিড় পর্যবেক্ষণ গবেষণাকে সহায়তা করেছে।

প্রবীণনিবাসে বসবাসের বাস্তবতাটি এখনো যেহেতু আমাদের সমাজের জন্য তুলনামূলকভাবে নতুন একটি বিষয় এবং সর্বসম্মতভাবে গৃহীত নয়, ফলে অনেক তথ্যাদাতাই তথ্য দেবার সময় তাদের নাম প্রকাশে অনিচ্ছুক ছিলেন বিধায় গবেষণায় ছদ্মনাম ব্যবহার করা হয়েছে। অনেক ক্ষেত্রে কেউ কেউ তাদের সন্তানদের সামাজিক অবস্থান, তাঁদের কর্মরত প্রতিষ্ঠানের নাম প্রকাশ করতে অনিচ্ছা প্রকাশ করলে সেখানেও ছদ্মনাম ব্যবহার করা হয়েছে। ব্যক্তির প্রবীণনিবাসে থাকার বিষয়টি এখন পর্যন্ত আমাদের সমাজে ব্যাপকভাবে গ্রহণযোগ্য নয় বিধায় মাঠকর্ম করার সময় তথ্যাদাতাদের প্রতি সংবেদনশীল থাকতে হয়েছে। গবেষণার ভিত্তিতে যে বহুবিধ সত্য রয়েছে তা উপস্থাপন করার সর্বাত্মক চেষ্টা করা হয়েছে।

#### ৪. সিদ্ধান্ত গ্রহণ ও প্রবীণনিবাসের অভ্যন্তরে নানাবিধ কর্মকাণ্ড

প্রবীণ ব্যক্তির এজেন্সি বিশ্লেষণের ক্ষেত্রে তাঁর সিদ্ধান্ত গ্রহণপ্রক্রিয়া বোঝা খুব গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে ব্যক্তিমাত্রই তাঁর মধ্যে সক্রিয়তা বিরাজমান তবে পরিস্থিতি ও প্রেক্ষাপটভেদে তার প্রকাশভঙ্গি হয়তো ভিন্ন হয়। প্রবীণ ব্যক্তির ক্ষেত্রেও বিষয়টি সমভাবে প্রযোজ্য। ব্যক্তির এজেন্সিকে তাঁর নিজের জীবন পরিচালনা করার ক্ষমতার সাপেক্ষে দেখা যেতে পারে যেখানে এই ক্ষমতা অন্য ব্যক্তি বা ঘটনাকে প্রভাবিত করে (Ortner 2006)। পারিবারিক পরিসরের বাইরে বৃদ্ধনিবাসে বসবাসরত প্রবীণ ব্যক্তিদের ক্ষেত্রেও দেখা যায় যে, তাঁদের নিজস্ব পরিসরের মধ্যে থেকেই তাদের স্বপ্ন, আশা-আকাঙ্ক্ষাকে পূরণের চেষ্টা করে। এক্ষেত্রে তাঁরা সিদ্ধান্ত গ্রহণের মধ্য দিয়ে এবং নানাবিধ কর্মকাণ্ডের মাধ্যমে তাঁদের

গতিশীলতাকে টিকিয়ে রাখার প্রক্রিয়ায় নিজেদের অস্তিত্বকে বজায় রাখেন। এক্ষেত্রে প্রবীণ ব্যক্তির প্রবীণনিবাসে আসা থেকে শুরু করে নিবাসে তাদের যাপিত জীবনের বিভিন্ন পর্যায়ে তাদের সক্রিয়তার উপস্থিতি লক্ষ করা যায়। এ প্রসঙ্গে নিম্নের কেসগুলো প্রাসঙ্গিক বলে উল্লেখ করা হলো-

#### কেস- ১

আজিজ মণ্ডল, বয়স- ৬২, বিপত্নীক। তিনি নিবাসের একজন বাসিন্দা। স্ত্রীর মৃত্যুর দুই বছরের মাথায় তাঁর একমাত্র ছেলে তাকে এই নিবাসে পাঠিয়ে দেয়। নিবাসে আসার পর প্রথম প্রথম তাঁর মন খুব খারাপ লাগত কিন্তু পরবর্তীতে তিনি এ জীবনকে মেনে নেন। এক্ষেত্রে আজিজ সাহেব জানান যে, নিবাসের জীবনকে শুধু মেনে নেওয়া নয় বরং একে সাদরে গ্রহণ করেন তিনি। কারণ নিবাসে আসার পর তাঁর জীবনের অনেক শখ যেমন: গান গাওয়া, গল্পের বই পড়া, যা ছেলের বাসায় যাওয়ার পর বন্ধ হয়ে গিয়েছিল তা তিনি নতুন করে শুরু করতে পেরেছেন। এ প্রসঙ্গে আজিজ সাহেব বলেন-

ছেলের বাসায় রাতে লাইট জ্বালিয়ে গল্পের বই পড়লে ছেলে বিরক্ত হতো, বলত এতে নাকি তাঁর ঘুমের ডিস্টার্ব হয় কিন্তু এখন নিবাসে নিজের রুমে সারারাত লাইট জ্বালিয়ে বই পড়লেও কোনো সমস্যা নেই।

তবে আজিজ সাহেব জানান যে, এখানে আসার পর ছেলে তাঁর সাথে যোগাযোগ কমিয়ে দিয়েছে কিন্তু তিনি বলেন-

আমি যখন ছেলেকে খুব মিস করি এবং দেখতে চাই তখন যদি ছেলে আমাকে দেখতে না আসে, আমি অসুস্থতার ভান করি তখন ঠিকই অসুস্থতার খবর পেয়ে আমার ছেলে আমাকে দেখতে আসে।

তাছাড়াও তিনি আরও জানান যে, নিবাসে শুধু ইদের সময়ই কর্তৃপক্ষ ভালো খাবারদাবার আয়োজন করে কিন্তু অন্যান্য ধর্মীয় আচার এখানে পালন হয় না। এক্ষেত্রে নিবাসে তাঁর ভূমিকা প্রসঙ্গে তিনি বলেন-

আমি শবে-বরাতের সময় নিবাসের সবার সাথে কথা বলে শবেবরাত পালনের উদ্যোগ নেই। এক্ষেত্রে সবার থেকে চাঁদা নিয়ে বাজার করে আমরা নিজেরাই হালুয়া-রুটি তৈরি করে খেয়েছি। কারণ আমার কাছে মনে হয়েছে সবসময় নিবাসের ওপর নির্ভরশীল না থেকে নিজের সাধের মধ্যে যতটুকু কাজ করা সম্ভব তা করা উচিত।

আজিজ সাহেবের কেস থেকে কয়েকটি বিষয় দেখা যায়, প্রথমত, আজিজ সাহেবকে যখন নিবাসে পাঠিয়ে দেওয়া হয়েছিল তখন প্রথমে তিনি ভেঙে পড়লেও পরবর্তীতে নিজের জীবনের সক্রিয়তা বজায় রাখার প্রেক্ষিতে তিনি একে সাদরে গ্রহণ করতে পেরেছিলেন। আবার প্রবীণনিবাসের নির্দিষ্ট কাঠামোর মধ্যে থেকেও তিনি শবেবরাত পালনের উদ্যোগ নেন যা তাঁর সক্রিয়তাকেই নির্দেশ করে থাকে। যা গিডেন্স এর ‘কাঠামোকরণ প্রক্রিয়া’ (Structuration Process) এর মধ্য দিয়ে দেখা যেতে পারে। গিডেন্সের মতে এজেন্সি সর্বজনবিদিত একটি প্রপঞ্চ, ব্যক্তিমাত্রই এজেন্সির ধারক ও বাহক কিন্তু পরিসরগত ভিন্নতা ব্যক্তির সামর্থ্যকে এবং কর্মক্ষমতাকে সীমায়িত করে। তাই কাঠামোগত ভিন্নতা সাপেক্ষে ব্যক্তির এজেন্সির ভিন্নতা লক্ষ করা যায়। গিডেন্সের মতে, এজেন্সি মূলত কাঠামোবদ্ধ সমাজব্যবস্থার কাঠামোকরণ প্রক্রিয়ার একটি অংশ যা ব্যক্তির সামর্থ্যকে বৃদ্ধি করে এবং ব্যক্তিকে তাঁর লক্ষ্য পূরণে স্বউদ্যোগী করে তোলে অর্থাৎ, নির্দিষ্ট কাঠামোর মধ্যে থেকে ব্যক্তি কীভাবে তাঁর সামর্থ্যকে বৃদ্ধি করে তা দেখা যায়। আজিজ সাহেবের ক্ষেত্রেও তিনি তাঁর পারিপার্শ্বিক পরিবেশের মধ্য দিয়েই নিজের সর্বোচ্চ কর্মক্ষমতাকে ব্যবহারের চেষ্টা করেছেন। তাই আজিজ সাহেবের এরূপ এজেন্সিকে গিডেন্স-এর ‘কাঠামোকরণ প্রক্রিয়া’ (Structuration Process) এর অংশ হিসেবে

বিবেচনা করা যেতে পারে। অন্য দিকে নিজের ইচ্ছা পূরণের লক্ষ্যে ছেলেকে দেখার জন্য অসুস্থতার ভান করবার যে কৌশল তিনি অবলম্বন করেন তার সাথে অবশ্যই এজেন্সির বিষয়টি যুক্ত। ফলে প্রবীণ ব্যক্তি মানেই নিষ্ক্রিয় এ ধরনের ধারণা পোষণ করার কোনো অবকাশ নেই।

## কেস- ২

রহিমা খাতুন, বয়স ৭৩ বছর, ঢাকায় প্রায় ৫৫ বছর ধরে আছেন। স্বামী ইঞ্জিনিয়ার ছিলেন, বিভিন্ন দেশে কাজ করেছেন, স্বামীর সাথে তিনি বেশ কিছুদিন দেশের বাইরেও ছিলেন। তিনি তাঁর পরিবার দেখেছেন, বাচ্চাকাচ্চা মানুষ করেছেন। বাচ্চাকাচ্চা বড়ো করতে গিয়ে তাঁর জীবনে অনেক অভিজ্ঞতা হয়েছে, সন্তানরা যেসকল বই পড়েছে তিনিও তা পড়েছেন; পদার্থবিজ্ঞান, রসায়ন, মনোবিজ্ঞানও তিনি পড়েছেন। কোরআনের ৩০ পারা অনুবাদ তরজমা সহ শিখেছেন। স্বামীর মৃত্যুর পরবর্তী সময়ে বাচ্চাদের বিয়ে দেওয়ার ব্যবস্থা করেছেন। বাচ্চারা যখন বিভিন্ন জায়গায় স্থায়ী হয়ে গেল তখন তিনি একা হয়ে পড়লেন। তাই একাকিত্ব কমানোর জন্যই তিনি প্রবীণনিবাসে এসেছেন। তিনি বলেন –

বাসায় আসলে একেবারে আবদ্ধ জায়গায় থাকতে হয় বড়ো বয়সে। কিন্তু এখানে এসে আলো বাতাসের মধ্যে থাকতে পারছি বড়ো আঙিনা আছে, বারান্দা আছে, গাছগাছালি আছে। আসলে বাসায় দম বন্ধ হয়ে যায়। একা জীবন চলে না। এখানে অনেক মানুষ আছে একাকিত্ব নাই, মানুষজনের সাথে গল্প করা যায়। এখানে আসলে গ্যাসের বিল দিতে হচ্ছে না পানির বিল দিতে হচ্ছে না বিদ্যুৎ বিল দিতে হচ্ছে না। আমার স্বাভাবিক জীবনে যে ব্যস্ততা চাপ এগুলো কিছুই নেই। মাসে মাসে বিল দাও, বিল নাও, ভাড়াটিয়ার কাছ থেকে ভাড়া তোলা, কোনো চাপ নাই একদম বিন্দাস, নির্ভার হয়ে জীবনযাপন করছি।

প্রবীণনিবাসের অভ্যন্তরে তাঁর প্রাত্যহিক বিবিধ কাজকর্মের কথা প্রসঙ্গে তিনি আরও বলেন—

আমি সেলাইয়ের কাজ জানি, তাই নিজে থেকেই এখানে কারো ব্লাউজ ছিঁড়ে গেলে সেলাই করে দেই। কারো পেটিকোট সেলাই করে দেই। কারো হয়তো মেক্সি বড়োসেটা ছোটো করে দিলাম কেটে। দেখা যাচ্ছে কারো জামার বোতাম খোলা বা বোতাম নষ্ট হয়েছে সেটা ঠিক করে দিলাম। যেহেতু আমি সেলাইয়ের কাজ সব পারি তাই এখানে সবকিছু করি। আমি এখানে সব হাদিসের বই পড়ি কোরআন শরিফ পড়ি। পড়ার সময় পাই। শুধু পরি না আমি, আমার কাছ থেকে যদি কেউ শুনতে চায় আমি তাকে শুনাইও। এখানে এমন অনেক ব্যক্তি আছে যে হয়তো ঘরে আবদ্ধ ছিল, অবহেলিত ছিল, কষ্টে ছিল, অনেক কিছু দেখে নাই, পড়াশোনা করার সুযোগ পায়নি কোরআন হাদিসের বিষয়ে জানার সুযোগ হয়নি। আমি তাদের শেখাই, আমার খুব ইচ্ছা ছিল আমি আমার সন্তানের বাইরেও কাউকে কোরআন পড়া শিখাব, এখানে আমাদের দেখাশোনা করার একটা মেয়ে আছে, তাকে আমি অনেক কিছু শিখিয়েছি বিশেষ করে শেখালাম কোরআন শরিফ পড়া।

রহিমা খাতুন আরও জানান এই যে মানুষের ভাবনাটা যে, বৃদ্ধাশ্রম মানে হচ্ছে নেতিবাচক কিছু, এরকম ধারণা প্রচলিত যে ছেলের বউরা শাশুড়িকে বাসা থেকে বের করে দিয়েছে, কিংবা ঝামেলা হয়েছে তাই শ্বশুর চলে আসছে, ছেলেরা দেখছেন এরকম একটা চিত্র আমাদের সমাজে প্রচলিত আছে। আসলে সবসময় বিষয়টা যে শুধু এরকমই তা নয় কারণ তিনি স্বৈচ্ছায় এখানে এসেছেন। তিনি সম্পূর্ণ সজ্ঞানে প্রবীণনিবাস সম্পর্কে জেনে এসেছেন। তিনি আরও বলেন—

বাংলাদেশে এমন বৃদ্ধাশ্রম আরও হোক সেটা প্রত্যাশা রাখি। আমার মতো যারা আছে তাঁরা একাকিত্বকে কমাতে পারবে। জীবনের শেষ সময়টায় ইবাদত বন্দেগিতে কাটাতে পারবে। কারো বোঝা হয়ে থাকবে না।

রহিমা খাতুনেরকেসে কিছু বিষয় খুব গুরুত্বপূর্ণভাবে উঠে আসে আর তার মধ্যে অন্যতম হলো প্রবীণনিবাসের অভ্যন্তরে তাঁর দৈনন্দিন নানাবিধ কর্মকাণ্ডের মধ্য দিয়ে নিজের সক্রিয় উপস্থিতির জানান দেওয়া। যেখানে সেলাইয়ের কাজ করা কিংবা কোনো ব্যক্তিকে কোরআন পড়া শেখানোর বিষয়টি তাঁর অনেক দিনের লালিত একটি স্বপ্নপূরণ হওয়াকে নির্দেশ করে যাকে Ortner (2006) এর ‘স্বপ্রণোদিত উদ্দেশ্য’ (Intentionality) দ্বারা ব্যাখ্যা করা সম্ভব। পাশাপাশি এই কেসটিতে রহিমা খাতুনের স্বেচ্ছায় নিজের সিদ্ধান্তে ভালো থাকার জন্য প্রবীণনিবাসে আসা কিংবা পরিবারপরিজন ছাড়া প্রবীণনিবাসে অসহায়ভাবে নয় বরং ভালো থাকা এ সবই প্রবীণনিবাসকে ঘিরে সমাজে প্রচলিত যে ডিসকোর্স-সমূহ রয়েছে তাকে সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে সাহায্য করেছে কেননা ফুকোর জরাবিজ্ঞান আমাদের সমাজে প্রতিষ্ঠিত একমাত্র জ্ঞানকে প্রশ্ন করতে শেখায় তথা সমাজের স্টেরিওটিপিক্যাল নির্মাণকে প্রশ্নবিদ্ধ করতে শেখায় (Powell & Bigs 2001)।

#### ৫. দরকষাকষির ক্ষমতা ও প্রবীণ ব্যক্তির অবস্থান

এজেন্সি বিশ্লেষণের ক্ষেত্রে দরকষাকষির ক্ষমতাকে বোঝা দরকার, কেননা দরকষাকষি ক্ষমতার সাথে ব্যক্তির লক্ষ্য, স্বপ্ন ও শখ পূরণের একটি যোগাযোগ রয়েছে। দরকষাকষির ক্ষমতার ওপর ভিত্তি করে ব্যক্তির অবস্থান পরিবর্তন হতে দেখা যায়। কেননা দরকষাকষির ক্ষমতা বেশি থাকলে, যেমন একজন ব্যক্তি তাঁর ইচ্ছা পূরণে সচেষ্ট হতে পারে তেমনিভাবে আবার, দরকষাকষির ক্ষমতা কম থাকার দরুন ব্যক্তির ওপর অন্যের সিদ্ধান্ত কার্যকরী হবার সম্ভাবনা জোরালো হয়। গবেষণার আলোকে দেখা যায় যে, প্রবীণ ব্যক্তিদের প্রবীণনিবাসে আসার ক্ষেত্রে তাঁদের দরকষাকষির ক্ষমতা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। যেমন তথ্যদাতা জেসমিন বলেন—

আমার ছেলেমেয়েরা বিদেশ চলে যাবার পর তারা চেয়েছিল আমি যেন আমার কোনো আত্মীয়ের বাসায় থাকি কিন্তু আমি কোনো আত্মীয়ের বাসায় থাকতে রাজি ছিলাম না। ছেলেমেয়েদের মতের বিরুদ্ধে আমি প্রবীণনিবাসে থাকার সিদ্ধান্ত নেই। প্রবীণনিবাসে আসার কারণেই আজ আমি সম্মান নিয়ে থাকতে পারছি, তা না হলে সবসময় আত্মীয়দের কাছে পরনির্ভরশীল হয়ে থাকতে হতো।

জেসমিনের এই বক্তব্য থেকেই অনুধাবন করা যায় যে, দরকষাকষির ক্ষমতা তাঁর জীবনকে কীভাবে প্রভাবিত করেছে। কেননা এই দরকষাকষির ক্ষমতা থাকার কারণেই তাঁর ভাষ্য মতে তিনি আজ কোনো আত্মীয়ের কাছে ‘পরনির্ভরশীল’ হিসেবে না থেকে প্রবীণনিবাসে সম্মানের সাথে থাকতে পারছেন। অপরদিকে, দরকষাকষির ক্ষমতা কম থাকার দরুন অনেকে তাদের জীবনের অসহায়ত্বকে মেনে নেন। এ প্রসঙ্গে নিম্নের কেসটি প্রাসঙ্গিক—

#### কেস- ৩

আমেনা বেগম, বয়স-৬৫, বিধবা গৃহিণী। আমেনা বেগমের এক ছেলে, তিন মেয়ে যাদের সবাই বিবাহিত। এক্ষেত্রে তাঁর একমাত্র ছেলে তাঁর পরিবার সহ অস্ট্রেলিয়ায় থাকে, বড়ো মেয়ে ঢাকার উত্তরায়, মেজো মেয়ে গুলশানে এবং ছোটো মেয়ে রংপুরে থাকেন। আমেনা বেগম নিজেও রংপুরে থাকতেন। তাঁর সারা জীবন কেটেছে রংপুরে কিন্তু গত এক বছর যাবৎ তিনি ঢাকার একটি নিবাসে থাকছেন। আমেনা জানান তাঁর স্বামী পুলিশ অফিসার ছিলেন। রংপুরে তাঁর নিজের বাড়ী ছিল। সেখানেই তিনি থাকতেন। স্বামী মারা যাওয়ার পর তিনি একা হয়ে গেলে ছোটো মেয়ে যে কিনা রংপুরেই তাঁর স্বামীর সাথে থাকত সে এসে মায়ের সাথে থাকা শুরু করে। কিন্তু যেহেতু তাঁর (আমেনা) স্বামী মারা গিয়েছিল তাই

ছেলেমেয়েরা সবাই সম্পত্তির ভাগ চাচ্ছিল। আমেনা বলেন, ছেলেমেয়েরা আমাকে বলত, **‘আর কতদিন সম্পত্তি আটকায় রাখবা, এবার আমাদের জিনিস আমাদের বুঝায় দাও’** আমেনা জানান যে, তিনিও চাইছিলেন দায়দায়িত্ব সব ভাগ করে দিতে। তাই রংপুরের বাড়ি বিক্রি করে দিয়ে ছেলেমেয়েদের তাদের অংশ বুঝিয়ে দেন এবং তখনই তাঁর থাকার জায়গা নিয়ে প্রশ্ন ওঠে, কেননা বাড়ি বিক্রির পর তিনি কোথায় থাকবেন সেটি ছিল মূল বিবেচ্য। এ প্রসঙ্গে আমেনা বলেন –

আমি আশা করেছিলাম আমার মেয়েরা আমাকে তাদের কাছে রাখবে। কারণ আমি সব সময় তাদের পাশে ছিলাম। কিন্তু তারা আমার মতামত ছাড়াই সিদ্ধান্ত নেয় যে, আমি এখন থেকে প্রবীণনিবাসে থাকব

আমেনা জানান প্রবীণনিবাসে আসার এক মাস আগে তাকে জানানো হয় যে, তিনি প্রবীণনিবাসে থাকবেন, তাঁর বড়ো মেয়ে এই সিদ্ধান্ত নেন এবং অন্যান্য মেয়েদের সাথে পরামর্শ করে তাকে এই সিদ্ধান্ত জানানো হয়। তবে তিনি বলেন যে, বাড়ি বিক্রির পর প্রায় তিনমাস তিনি তাঁর মেয়েদের কাছে ছিলেন। প্রথমে ছোটো মেয়ের কাছে রংপুরে একমাস ছিলেন, সেখান থেকে ছোটো মেয়ে তাকে মেজো মেয়ের বাসায় পাঠিয়ে দেয় সেখানে ২০/২৫দিন থাকার পর মেজো মেয়ে বড়ো মেয়ের বাসায় পাঠিয়ে দেয়। আমেনা বলেন—

**“মেয়েদের বাসায় এভাবে ভাগ ভাগ করে থাকতে গিয়ে মনে হচ্ছিল সম্পত্তির মতো আমিও যেন ভাগ হয়ে গেছি”**

তারপরও আমেনা তাঁর মনে শান্তি পেতেন এই ভেবে যে, তিনি তাঁর পরিবারের মধ্যে আছেন। কিন্তু বড়ো মেয়ে যখন তাকে প্রবীণনিবাসে থাকার কথা বলে তখন তাঁর জীবনটা ওলটপালট হয়ে যায়। চেনা জগৎটা অনেক বেশি অচেনা হয়ে যায়। তিনি তখন অনেক কান্নাকাটি করেন। কিন্তু তাঁর কান্নাকাটি কিংবা ব্যক্তিগত অনিচ্ছাতাঁর মেয়েকর্তৃক গৃহীত সিদ্ধান্তে কোনো পরিবর্তন ঘটায়নি। আমেনা বলেন—

সম্পত্তি ভাগ করে দেওয়ার আগে এই মেয়েগুলোর সাথে আমার অনেক ভালো সম্পর্ক ছিল তারা আমাকে ভালোবাসত সব সময় আমার খোঁজখবর নিত। অথচ সম্পত্তি ভাগের কিছুদিনের মাথায় তাদের ব্যবহারে পরিবর্তন আসল। ভালোবাসা রূপান্তরিত হলো অবহেলায় আমার মেয়েরা যখন সিদ্ধান্ত নেয়, আমাকে প্রবীণনিবাসে থাকতে হবে, তখন আমি একা একা অনেক কেঁদেছি কিন্তু মুখ ফুটে মেয়েদের কিছু বলতে পারি নাই। এখন মনে হয় যদি ওদের সাথে তর্ক করতাম, প্রবীণনিবাস আসতে অস্বীকৃতি জানাতাম, তাহলে হয়তো আমার জীবনটা প্রবীণনিবাসে একাকী না কেটে অন্যভাবে কাটত।

এক্ষেত্রে ব্যক্তির সম্পত্তির মালিকানা থাকা/ না থাকার বিষয়টি ব্যক্তির এই দরকষাকষির ক্ষমতার সাথে যুক্ত কেননা অনেক তাত্ত্বিক দরকষাকষির ক্ষমতার নির্ধারক হিসেবে নারীদের কাছে সম্পত্তি থাকার বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয় (Desai and Andrist 2010 এবং Yount 2005)। সম্পদে নারীর অধিকার থাকা প্রকারান্তরে নারীর ক্ষমতায়ন এবং স্বাধীনতাকে নির্দেশ করে (Yount 2005)। তাছাড়া ওপরের কেস থেকে দেখা যায় সম্পত্তিকে কেন্দ্র করে পারিবারিক সম্পর্কগুলোর বদল কীভাবে ঘটে। সম্পত্তি কীভাবে পরিবারে ব্যক্তির অবস্থান, ব্যক্তির প্রতি পরিবারের সদস্যদের আচরণে ভিন্নতা নিয়ে আসে আর এই ভিন্নতা প্রকারান্তরে পারিবারিক পরিসরে ক্রিয়াশীল রাজনীতিকে প্রতিফলিত করে। অর্থাৎ, দেখা যাচ্ছে যে, প্রবীণ ব্যক্তির এই দরকষাকষির ক্ষমতার বিষয়টি ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন ভাবে কাজ করেছে। কখনো এটি ব্যক্তির ইচ্ছাপূরণের ক্ষেত্রে প্রভাবক হিসেবে ভূমিকা রেখেছে কখনো-বা এই ক্ষমতা না থাকার দরুন ব্যক্তি তাঁর ওপর আরোপিত পরিস্থিতিকে মেনে নিতে বাধ্য হচ্ছেন।

## ৬. প্রবীণনিবাসের অভ্যন্তরে পাতানো এবং বহুবিধ সম্পর্ক

জৈবিক পুনরুৎপাদনের মাধ্যমে জ্ঞাতি সম্পর্ক একভাবে নির্ধারিত হলেও জ্ঞাতি সম্পর্কের সামাজিক পুনরুৎপাদনও সংঘটিত হয়। ফলে সমাজজীবনে জ্ঞাতিসম্পর্কের ভূমিকা স্থির থাকে না বরং একটি পরিবর্তনশীল প্রক্রিয়া হিসেবে কাজ করে। এটাকে রক্তের সম্পর্ক, বৈবাহিক সম্পর্ক বা পাতানো সম্পর্কের যে-কোনো একটির ভিত্তিতে নির্ধারণ করা যায় না। জ্ঞাতিসম্পর্কের নৈতিকতা অনুধাবনের মধ্য দিয়ে পাতানো আত্মীয়রাও রক্ত ও বৈবাহিকসূত্রে সম্পর্কিত আত্মীয়দের মতো দায়দায়িত্ব ও ভূমিকা পালন করে থাকেন। গৃহস্থালির কাজ, সন্তান লালন-পালন, অভিগমনে সহায়তা, কাজ ও সম্পদ অর্জনে সহযোগিতার ক্ষেত্রে দূরের আত্মীয় বা পাতানো আত্মীয়রাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন (Standing, 1991)।

গবেষণার তথ্যের ভিত্তিতে দেখা যায়-প্রবীণনিবাসে বসবাসরত প্রবীণ ব্যক্তিদের তৈরিকৃত পাতানো সম্পর্ক তাদের জীবনকে আরও বেশি সক্রিয় করে তোলে এক্ষেত্রে একজন প্রবীণ নারী বলেন-

এই নিবাসে আসার পর এখানকার একজন আমাকে ‘বোন’ বানিয়েছেন এবং সেই নিবাসী আমাকে ছোটো বোন হিসেবে বিবেচনা করে বিভিন্ন সময়ে বিভিন্ন পরামর্শ দেন, ভালো কিছু রান্না করলে আমরা একে অপরের সাথে খাবার বিনিময় করি, একসাথে বসে গল্প করি, আমার কাছে এই নিবাসী বোনই এখন আমার পরিবারের নতুন সদস্য।

এক্ষেত্রে যে বিষয়টি লক্ষণীয় তা হলো যে, প্রবীণনিবাসে আসার পর নতুন পাতানো সম্পর্কের ভিত্তিতে যে বোনকে এই প্রবীণ নারী পেয়েছেন তাঁর সাথে একটা পারিবারিক বন্ধন তিনি অনুভব করেন যার ফলশ্রুতিতে তাঁর প্রাত্যহিক বিভিন্ন কর্মকাণ্ডে সাহায্যের জন্য তাঁকে এগিয়ে আসতে দেখা যায়।

মানুষ সামাজিক জীব তাই সে একা থাকতে পারে না। সে যেখানেই থাকুক না কেন সেই জায়গায় তার একটা স্বত্ব থাকতে হয়। প্রবীণনিবাসের অভ্যন্তরেও দেখা যায় প্রবীণ ব্যক্তিদের একটা নিজস্ব পরিচিতি থাকে এবং বিভিন্ন সম্পর্ক তৈরি করার মধ্য দিয়ে সে তাঁর সক্রিয় জীবন যাপন করে থাকেন। Donne (1988) তাঁর “No man is an Island” গ্রন্থে বলেন কোনো মানুষের পক্ষে একা টিকে থাকা সম্ভব না। যে কারণে মানুষ দীর্ঘস্থায়ী, ইতিবাচক এবং তাৎপর্যপূর্ণ আন্তঃব্যক্তিক সম্পর্ক তৈরি করতে এবং বজায় রাখতে অনুপ্রাণিত হয় (Baumeister & Leary 1995)। একজন ব্যক্তির সুস্থতার জন্য বিশেষ করে বয়স্কদের জন্য নিরাপদ, যত্নশীল এবং দীর্ঘস্থায়ী সম্পর্ক খুব গুরুত্বপূর্ণ। প্রবীণনিবাসের অভ্যন্তরে একজন ব্যক্তি জানেন বয়সের কারণে কিংবা অন্য কোনো আর্থসামাজিক কারণে একমাত্র তিনিই নন যিনি এখানে বসবাস করছেন। ফলে তিনি তাঁর এই অবস্থানকে মেনে নিয়েই একধরনের অভিযোজন করেন। প্রবীণনিবাসের অভ্যন্তরে প্রবীণ ব্যক্তি একা নন এবং তাঁকে দেখাশোনা করার জন্য কেউ আছে এই অনুভূতি তাঁকে নতুন নতুন সম্পর্ক তৈরি করতে সক্রিয় করে তোলে।

সম্পর্ক তৈরির এই বিষয়গুলো বিভিন্ন স্তরে দেখা যায়, যেমন প্রবীণ ব্যক্তিকে সম্বোধন করার ক্ষেত্রে বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় মা, চাচি, খালা (নারীদের) এবং বাবা, চাচা, মামা (পুরুষদের) ইত্যাদি নামে ডাকা হয়। এই সম্বোধনই দেখা যায় নতুন সম্পর্কের সূচনা করে যা আবার প্রবীণ ব্যক্তির প্রাত্যহিক জীবনে বিভিন্ন কাজে লাগে। নিবাসীরাও নিজেদের মধ্যে পারস্পরিক কিছু সম্পর্ক তৈরি করে যা তাদের যাপিত জীবনে অনেক গুরুত্ব বহন করে। যেমন একজন নিবাসী বলেন-

আমার বয়স ৫৪ এবং আমি শারীরিকভাবে ফিট, আমি যখন ছোটো ছিলাম তখন আমি আমার মাকে হারিয়েছিলাম। এই প্রবীণনিবাসে ৭৬ বছর বয়সিএকজনকে আমি মা বলে ডাকি। আমি তাকে খুব কাছের বোধ করি। আমার মার মতো আমিও তার সমস্ত প্রয়োজনে তার যত্ন নেওয়ার চেষ্টা করি। তাকে সেবা করতে পেরে আমি খুব খুশি এবং আমার মনে হয় আমি আমার মাকে সেবা করছি।

পরিবারের সদস্যদের সাথে মানসিক বন্ধন থাকতে পারে কিন্তু নিয়মিত যোগাযোগের অভাব হলে বা মিথস্ক্রিয়ার মাত্রা কম হলে, এটি বয়স্ক ব্যক্তির জন্য একটি শূন্যতা তৈরি করে। সম্পর্কগত সংযোগের অনুপস্থিতিতে বয়স্ক ব্যক্তির তখন তাদের সেবাপ্রদানকারী এবং প্রবীণনিবাসের অন্যান্য সদস্যদের সাথে আরও ঘনিষ্ঠভাবে যুক্ত হতে থাকে (Baumeister & Leary 1995)। গবেষণাপ্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে প্রবীণনিবাসে থাকা বয়স্ক ব্যক্তির বেশির ভাগই বলেন যে পরিবার এবং আত্মীয়দের সাথে মাঝে মাঝে দেখা হলেও তাদের প্রবীণনিবাসে থাকা যে দীর্ঘমেয়াদি হবে এটা তাঁরা জানেন, বেশির ভাগ বয়স্ক মানুষ তাদেরকে নিজেদের বাড়িতে নিয়মিত না নেওয়ার বিষয়ে অভিযোগ করেন না। তাঁরা প্রবীণনিবাসে স্বাচ্ছন্দ্যে বসতি স্থাপন করেছেন এবং প্রবীণনিবাসকে তাদের নিজেদের ঘর হিসেবে বিবেচনা করেন। অনেক নিবাসী জানান তাঁরা প্রতিদিন নিবাসের এমন অনেক কাজ করেন যা তাঁরা ঘরেও করতেন যেমন নিজেদের ঘর নিজেরা পরিষ্কাররাখা, বাথরুম পরিষ্কার করা, নিজেদের ঘরের সামনের খোলা জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ইত্যাদি। এমনকি কেউ কোনো কাজ করতে না পারলে তাকে সহযোগিতা করেন এবং এভাবে তাঁরা একজন আরেকজনের পরিপূরক হয়ে ওঠেন। এ প্রসঙ্গে একজন নিবাসী বলেন—

আমরা রুমে একসাথে ৮ জন থাকি এবং নিজেদের কাজ নিজেরাই করে থাকি, নিজেদের বাথরুমও পর্যায়ক্রমে নিজেরাই পরিষ্কার করি কিন্তু আমাদের রুমে ২জন আছেন, যাঁরা খুবই অসুস্থ তাঁরা রুমে নিজেদের অন্যান্য কাজ করতে পারলেও তাঁদের পক্ষে এ কাজ করা সম্ভব নয় বিধায় আমরাই তাঁদের হয়ে কাজটি করে থাকি, একসাথে থাকতে গেলে একজন আরেকজনের একটু সাহায্য তো করতেই হয়।

প্রবীণনিবাসের মধ্যেও বিভিন্ন কাজ দলগতভাবে করতে দেখা যায় হোক সেটা নিবাসে কারও মৃত্যুতে একসাথে জানাজায় অংশগ্রহণবা দাফন কার্যে সহযোগিতা করার মধ্য দিয়ে কিংবা প্রবীণনিবাসে সবজি বা ফলের বাগানে একত্রে কাজ করা, পুকুরে মাছ চাষে সহায়তা করার মধ্য দিয়ে, এমন অনেক কাজই প্রবীণনিবাসের অভ্যন্তরে প্রবীণেরা করে থাকেন তাঁদের প্রাত্যহিক কাজের অংশ হিসেবে। আর এই সকল কাজ একত্রে করার মধ্য দিয়ে তাদের মধ্যে এক ধরনের বন্ধুত্বপূর্ণ ও নির্ভরশীলতার সম্পর্ক গড়ে ওঠে বলে অনেক প্রবীণনিবাসী মন্তব্য করেন। এই কাজগুলো করার পেছনে নিবাসকর্তৃক কোনো ধরনের বাধ্যবাধকতা কাজ করে কিনা কিংবা কেন তাঁরা এই কাজগুলো করেন, এই বিষয়ে জানতে চাইলে তাঁরা জানান, এগুলো তাঁরা নিজেদের ইচ্ছায়ই করে থাকেন। এক্ষেত্রে একজন নিবাসী বলেন—

জীবনে সুস্থভাবে বাঁচতে চাইলে যতদিন হাতে পায়ে বল আছে কইরে খাওন ভালো এতে শরীর ও মন দুইডাই ভালো থাকে, অসুখবিসুখও হয় না।

উপরিউক্ত উক্তিটি মূলত প্রবীণ ব্যক্তির সক্রিয় বার্ষিকায়নের বিষয়টিকেই নির্দেশ করে যেখানে ব্যক্তির নিজস্ব সামাজিক পরিধির মধ্যে গতিশীলতা ওমানসিক সুস্থতাতাঁর সক্রিয় অবস্থানকে নিশ্চিত করে।

## ৭. উপসংহার

সামাজিক সাংস্কৃতিক পরিসরে প্রবীণনিবাসের প্রবীণদের যেভাবে এজেন্সিবিহীন হিসেবে নির্মাণ করা হয় এই প্রবন্ধ সেই নির্মাণকে খণ্ডন করতে/প্রশ্ন করতে নির্দেশনা দিতে সক্ষম। পত্রপত্রিকাসহ অন্যান্য গণমাধ্যমগুলোতে 'প্রবীণনিবাস' নিয়ে যে

ধরনের সংবাদ প্রচারিত হয় তাতে অধিকাংশক্ষেত্রে ‘নেতিবাচকভাবে’ উপস্থাপন করা হয়। অর্থাৎ এই উপস্থাপনের মধ্য দিয়ে একভাবে ‘প্রবীণনিবাস’ সম্পর্কে এক ধরনের সাদামাটা পাঠ দাঁড় করানো হয় এবং প্রবীণ/বয়স্ক মানুষজনকে নিষ্ক্রিয় সত্তা হিসেবে উপস্থাপন করে তাদের সক্রিয়তাকে এড়িয়ে যাওয়া হয় যা মূলত সামগ্রিক সমাজব্যবস্থার পরিবর্তন তথা বৃহত্তর সামাজিক বাস্তবতাকে আড়াল করে (আতিক, ২০১৪)। এই প্রবন্ধে প্রবীণ ব্যক্তির এজেন্সিকে চৈতন্য, লক্ষ্য, উদ্দেশ্য এবং তাঁর ক্রিয়াশীলতার মধ্য দিয়ে দেখা হয়েছে, অর্থাৎ ব্যক্তির ‘অভিপ্রায়’ (Intention) এখানে গুরুত্বপূর্ণ। তবে নির্দিষ্ট কাঠামোর মধ্যে থেকে ব্যক্তি কীভাবে তাঁর সক্রিয়তাকে প্রদর্শন করে তা-ও দেখা হয়েছে।

বাংলাদেশে প্রবীণনিবাস নিয়ে পত্রপত্রিকায় বিভিন্ন সময় বিভিন্ন রিপোর্ট প্রকাশিত হলেও মাঠকর্মভিত্তিক গুণগত গবেষণা খুব একটা দেখা যায় না। বিশেষ করে বার্ষিক্যসংক্রান্ত বেশিরভাগ গবেষণা কাজে প্রবীণদের অসহায়, সমস্যাজনক দল হিসেবে বিবেচনা করার প্রবণতা দেখা যায়। ফলে বেশিরভাগ কাজেই প্রবীণদের বার্ষিক্যের অবধারিত অংশ হিসেবে চিত্তভ্রংশ, স্বাস্থ্যগত অবনতি, একাকিত্ব –এই বিষয়গুলোর প্রতি যতটা গুরুত্বের সাথে নজর দেওয়া হয়েছে ততটাই উপেক্ষিত হয়েছে প্রবীণ মানুষের এজেন্সি থাকবার বিষয়টি। সাধারণত সামাজিক সাংস্কৃতিকভাবে প্রবীণ ব্যক্তি মানেই ‘অসহায়’, ‘নিষ্ক্রিয়’ – এভাবে উপস্থাপনের প্রবণতা লক্ষ করা যায়। কিন্তু বাস্তবিক পরিসরে প্রবীণ ব্যক্তিমাট্রই ‘অসহায়’ কিংবা ‘নিষ্ক্রিয়’ কিনা তা ভেবে দেখবার যথেষ্ট প্রয়োজন আছে। ব্যক্তিমাট্রই তার মধ্যে সক্রিয়তা নিহিত থাকে তবে ব্যক্তিভেদে এজেন্সির প্রায়োগিকতা ভিন্ন ভিন্ন হয়। এই প্রবন্ধে প্রবীণ ব্যক্তির এজেন্সি বিশ্লেষণ করার মধ্য দিয়ে প্রবীণমাট্রই ‘অসহায়’, ‘নিষ্ক্রিয়’ এই স্টেরিওটিপিক্যাল ধারণাকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে এবং গবেষণা তথ্যের আলোকে প্রবীণনিবাসের অভ্যন্তরে প্রবীণ ব্যক্তির কীভাবে তাদের নানাবিধ কর্মকাণ্ডের মধ্য দিয়ে তাদের অস্তিত্বকে বজায় রাখেন যা কিনা প্রকারান্তরে তাদের এজেন্সির (সক্রিয়তার) প্রতিফলন ঘটায় সে বিষয়টি তুলে ধরা হয়েছে।

## তথ্যসূত্র

আখতার, রাশেদা ও নাসরিন, জোবাইদা (২০০১)। *সাম্প্রতিক নৃবিজ্ঞানের মার্চ: একটি পর্যালোচনা*। বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর সম্পাদিত সমাজ নিরীক্ষণ, ঢাকা: সমাজ নিরীক্ষণ কেন্দ্র।

আতিক, তাসলিমা (২০১০)। *বার্ষিক্যের ধারণায়ন ও বৃদ্ধিনিবাসে বসবাসরত ‘প্রবীণ’ ব্যক্তিদের আর্থসামাজিক সাংস্কৃতিক বাস্তবতা’র স্বরূপ বিশ্লেষণ*। স্নাতকোত্তর পর্বের অপ্রকাশিত অভিসন্ধর্ভ। নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

আতিক, তাসলিমা (২০১৪)। *বৃদ্ধিনিবাস ও বৃদ্ধিনিবাসে বসবাসরত ‘প্রবীণ’: পরিবেশন ও বাস্তবতা*। সমাজ নিরীক্ষণ, সংখ্যা ১৩১, পৃ ১-২৬।

Ahearn, L. (2001). *Language and Agency*. Annual review of Anthropology. Vol.30

Baumeister, R.F;& Leary, M.R (1995) *The need to belong : Desire for interpersonal attachments as a Fundamental human motivation*. Psychological Bulletin. Vol 117.No 3, pp 497-529.

Biggs, S. & Powell, J. L. (2001). *A Foucauldian analysis of old age and the power of social welfare*. Journal of Ageing and Social Policy, vol. 12, no. 2, pp. 93–112.

Desai, S., & Andrist, L. (2010). *Gender scripts and age at marriage in India*. Demography, 47(3), 667-687.

Donne, J. (1988). *No Man Is an Island*. Souvenir Press Limited

Foucault, M. (1980). *Power/Knowledge: Selected Interviews and Other Writings 1972-79*, (Ed. Colin Gordon). New York: Pantheon.



- Foucault, M. (1977). *Discipline & Punish The Birth of the Prison*. Published by New York: Pantheon.
- Gardner, K (2008). *Migration and the life course: Some cases from Bangladesh*. *Nrvijnana Patrika*, Journal of Anthropology. Vol. 13, P- 183-208.
- Giddens, A. ((1979). *Central Problems in Social Theory*. University of California Press
- Gupta, N. (2016). *Evolution of the concept of old age homes and the rights of senior citizens in India*. *Young Arena Litigators*. <http://youngarenalitigators.blogspot.com>
- Ghuman, S. & Ofstedal, M. B. (2004). *Gender and Family Support for Older Adults in Bangladesh*. <http://www.psc.isr.umich.edu/pubs/pdf>.
- Gupta, A. and Ferguson, J. (1997). *Anthropological Locations, Boundaries and Grounds of a Field Science*. University of California Press, USA.
- Jason, P & Biggs, S (2003). *Foucauldian Gerontology: A methodology for Understanding Aging*. *Electronic Journal of Sociology*, Vol. 17.
- Powell, J. (2004). *Rethinking Gerontology: Foucault, Surveillance and the positioning of Old Age*"
- Ortner, S. B (2006). *Anthropology and Social Theory: Culture, Power and the Acting Subject*. Duke University Press.
- Reza, H. (2004). *Losses Experienced by some Canadian Elderly Living in a long-term Residential Care*. Canada.
- Rubinstein, R.L. (ed) (1990). *Anthropology and Aging*. The Netherlands, Kluwer Academic Publishers.
- Senocare (2023). *Importance of old age homes*. Available from: <https://www.linkedin.com/pulse/importance-old-age-homes-senocare-services%3FtrackingId=BusfuhhqhFPKMBexnhkxEw%253D%253D/?trackingId=BusfuhhqhFPKMBexnhkxEw%3D%3D>, [Accessed on January 12, 2024]
- Standing, H. (1991). *Dependence and Autonomy Women's employment and the family in Calcutta*. Routledge, London and New York.
- Yount, K. M. (2005). *Women's family power and gender preference in Minya, Egypt*. *Journal of Marriage and Family*, 67(2), 410-428.

## মালবেদে জনগোষ্ঠীর রাজনৈতিক এবং ধর্মীয় ব্যবস্থা : মুন্সিগঞ্জের গোপালপুর গ্রামের প্রেক্ষিতে একটি নৃবৈজ্ঞানিক বিশ্লেষণ

কাজী মিজানুর রহমান

সহযোগী অধ্যাপক

নৃবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০।

**Abstract:** This paper analyzes the political and religious system of the Malbedey community in Gopalpur village of Munshigonj. The customary political system of Malbedey was based on the chieftaincy since the past decades. In this traditional system, the son of a Sarder becomes the Sarder by inheritance. Sarder resolved all the issues including the trial of Malbedey. But, at present there is a relaxation can be seen in the traditional chieftaincy system due to lack of trust and globalization. That's why Malbedey people often complain to the police station without remembering the Sarder. The study shows that Malbedey people had no political rights in the past. For example, there was no name in the voter list, national identity card and birth certificate. However, now a days the Malbedey people is enjoying political rights. Now they can vote directly in national and local election and having a national identity card, they can go abroad by making a passport. Besides, widow allowance, old age allowance, house gift to the landless etc are enjoying all the rights of state paid by the government. It is noted that religious awareness has increased along with political awareness among the Malbedey. Through observation its known that Malbedey people all of are muslims. They observe religious rituals like Namaz, Fasting, Eidul- Fitr, Eidul-Azha, Shab-E-Barat, Shab-E-Qadr etc. Although Malbedey's are Muslim, but due to economic activities there is laxity in the observance of religious rituals. A kind of indifference of women in performing religious rituals as compared to men can be observed especially for economic activities. However, compared to the past there is an increase in religious awareness among the people of Malbedey. Mentionable that research paper has been written by collecting data through intensive fieldwork in anthropological method. **Key words:** Elderly person, Stereotype, Agency, Old Age Home.

**Keywords:** Malbedey, Religious System, Village

### ১. ভূমিকা

বাংলাদেশে বিচিত্র প্রান্তিক জনগোষ্ঠী রয়েছে তন্মধ্যে পার্বত্য চট্টগ্রামের চাকমা, বম, খুমি, মার্মা, ত্রিপুরা, খিয়াং, সমতল ভূমির গারো, ওরাঁও, সাঁওতাল, দলিত শ্রেণির হরিজন, কুমার, ঋষি, ভৌগোলিকভাবে প্রান্তিক চর ও হাওর জনগোষ্ঠী, ধর্মীয় প্রান্তিক জনগোষ্ঠী বৌদ্ধ, খ্রিস্টান, হিন্দু, শহরের গরীব ও ভাসমান জনগোষ্ঠী, বস্তিবাসী, বেদে, বিহারী, হিজড়া,

---

Corresponding author: Kazi Mizanur Rahman, E-mail:kazimizanurr@yahoo.com

প্রতিবন্ধী, যৌনকর্মী, চা বাগানের শ্রমিক ও জেলে (Barkat et al. , 2023) । উল্লেখিত প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে বেদেরা অতীতকাল থেকে গ্রামবাংলায় লোক চিকিৎসক, ব্যবসায়ী ও চিত্ত-বিনোদনকারী হিসেবে বিবেচিত হয়ে আসছে ।

বর্তমানে বেদেরা সারা দেশেই ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে । কৃষিজীবী জনগোষ্ঠীর সাথে এদের আদান-প্রদান ও মেলামেশা অপেক্ষাকৃত কম (লাইজু, ২০১১) । সমাজবিজ্ঞানী হাবিবুর রহমান বেদেদের মোট ১৩টি শ্রেণির কথা উল্লেখ করেন । যেমন-সানদার, সাপুড়িয়া, বাজিকর, মাল, গাইন, রাসিয়া, বা-বাজিয়া, মীর-শিকারী, লুয়া, টেলো, মেলাশিয়া মাংতা, চানপালি ও যোগ সন্ন্যাসী এবং বৈদ্য-বাজ-বারশিয়া-কান ও একদুয়ারী ইত্যাদি (Rahman, 1990) । এদের মধ্যে মালবেদে জনগোষ্ঠী যারা অতীতে নৌকায় ঘুরে ঘুরে জীবন-জীবিকা নির্বাহ করত এবং এই জনগোষ্ঠীর প্রথাগত পেশা হলো সাপ ধরা ও বিক্রি করা, কবিরাজি, তাবিজ বিক্রি, দাঁতের পোকা ফেলা, রসবাতের তেল বেচা, সাপের বিষ ঝাড়া ও সিঙ্গা লাগানো ইত্যাদি । কিন্তু বর্তমানে তারা সকলে ডাঙ্গায় বসবাস করছে এবং প্রথাগত পেশা ত্যাগ করে অধিকাংশই গ্রামগঞ্জে মুদি দোকানদার, কাঠমিস্ত্রি, দর্জি কাজ, বই বিক্রি, প্রসাধনী বিক্রি, রান্নার লাকড়ি বিক্রি ও দিনমজুরিসহ বিভিন্ন অনানুষ্ঠানিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছেন (রহমান, ২০১৪) । উল্লেখ্য যে, মানব সমাজ অনুসন্ধান করলে দেখা যায় প্রত্যেকটি সংস্কৃতিতে রাজনৈতিক এবং ধর্মীয় ব্যবস্থা বিদ্যমান ছিল । তবে সংস্কৃতিভেদে এদের ধরন, উপাদান, গঠন ও অনুশীলনে ভিন্নতা ছিল । যেমন- শিকার-সংগ্রহকারী সমাজ থেকে শুরু করে উদ্যান সমাজ ও কৃষক সমাজে নেতা, নেতৃত্ব, প্রতিযোগিতা, দ্বন্দ্ব ও ধর্মীয় বিশ্বাস বিরাজমান ছিল । তবে সময়ের পরিক্রমায় প্রথাগত রাজনৈতিক এবং ধর্মীয় ব্যবস্থায় পরিবর্তন সাধিত হয়েছে । একইভাবে গবেষিত মালবেদে জনগোষ্ঠীর প্রথাগত রাজনৈতিক ব্যবস্থায় ও ধর্মীয় আচার-প্রথা পালনে পরিবর্তন লক্ষ্য করা যায় । আর এই গবেষণা প্রবন্ধের মূল উদ্দেশ্য হলো মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলার হলদিয়া ইউনিয়নের গোপালপুর গ্রামের মালবেদে জনগোষ্ঠীর রাজনৈতিক এবং ধর্মীয় ব্যবস্থা অনুসন্ধান করা । এই প্রেক্ষিতে গবেষণা প্রবন্ধটি নৃবৈজ্ঞানিক পদ্ধতিতে সরেজমিনে মাঠকর্মের মাধ্যমে তথ্য সংগ্রহ করে রচনা করা হয়েছে ।

## ২. গবেষণা পদ্ধতি

### ২.১ নমুনা নির্বাচন

বর্তমান প্রবন্ধটি গুণগত পদ্ধতি অনুসরণ করে রচনা করা হয়েছে । পাশাপাশি গবেষণাটি বস্তুনিষ্ঠ করার প্রয়োজনে পরিমাণগত তথ্যও সন্নিবেশিত করা হয়েছে । উল্লেখ্য গবেষণায় প্রত্যক্ষ মাঠকর্মের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে । গবেষণার শুরুতে গোপালপুর গ্রামে একটি খানা জরিপ পরিচালিত হয় । জরিপ অনুযায়ী গোপালপুর গ্রামে মালবেদে খানা সংখ্যা ২৫৫টি এবং মোট বেদে সংখ্যা ১৪১৫ জন । তন্মধ্যে পুরুষ ৭৩০ জন এবং নারী ৬৮৫ জন । তারপর ২৫৫টি খানা থেকে তথ্য সংগ্রহের জন্য উদ্দেশ্যমূলক নমুনায়নের মাধ্যমে ৫৫ জন তথ্যদাতা নির্বাচন করা হয় । তন্মধ্যে ৩০ জন প্রথাগত পেশায় (১৮ জন নারী , ১২জন পুরুষ) এবং ২৫জন পরিবর্তিত পেশা অর্থাৎ অনানুষ্ঠানিক পেশায় জড়িত (১৭ জন পুরুষ, ৮ জন নারী) । আধা-কাঠামোগত প্রশ্নমালা অনুসারে নির্বাচিত ৫৫জন তথ্যদাতার নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয় । পাশাপাশি প্রত্যক্ষ ও নিবিড় পর্যবেক্ষণ ও মূল তথ্যদাতাদের সাথে দীর্ঘ সময় ব্যাপী কথোপকথনের মাধ্যমে মালবেদে সম্প্রদায়ের ইতিহাস, প্রাত্যহিক জীবনযাত্রা, আচার রীতি নীতি, মূল্যবোধ উপলব্ধি বা বোঝার চেষ্টা করা হয় । মাঠকর্মের পাশাপাশি বেদে জনগোষ্ঠীর উপর পরিচালিত গবেষনাকর্ম, (পূর্বকার) বই, প্রবন্ধ ও ফিচারসমূহ গবেষণাকে আরও সমৃদ্ধ করেছে । মাঠকর্ম থেকে প্রাপ্ত তথ্যকে যাচাই ও ক্রসচেক করার জন্য দলগত আলোচনা পরিচালিত হয় । গবেষক মালবেদে জনগোষ্ঠীর ওপর ৪টি দলগত আলোচনায় অংশগ্রহণ করেছেন । প্রত্যেকটি

দলগত আলোচনায় ১০-১২ জন নানা বয়সের মালবেদে নারী-পুরুষ অংশগ্রহণ করেছেন। গবেষণাটি করোনার কারণে বিরতি দিয়ে ২০২০ সালের ২০ জানুয়ারী থেকে ২০২২ ডিসেম্বরে গবেষণাটি সম্পন্ন করা হয়।

## ২.১ গবেষণাধীন এলাকার বর্ণনা

গবেষিত গোপালপুর গ্রামটি মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলার হলদিয়া ইউনিয়নে অবস্থিত। গোপালপুর গ্রামে গৃহস্থ (বাঙালি মুসলমান), হিন্দু, খ্রিষ্টি ও মালবেদে জনগোষ্ঠী বসবাস করে। গোপালপুর গ্রামে মোট মালবেদে জনসংখ্যা ১৪১৫ জন। কিন্তু যখন অস্থায়ী বেদেরা এ গ্রামে আসে তখন বেদে সংখ্যা ১০০০০-১৫০০০ জন হয়ে যায় (সদার নজরুল ইসলামের মতে)। মাঠকর্মে দেখা যায়, গোপালপুর গ্রামে ১টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ৪টি মসজিদ, ৩টি মন্দির, ১টি বাজার, ১টি ক্লাব, ১টি পোস্ট অফিস ও ১টি পুকুর আছে। এখানে সপ্তাহে মঙ্গলবার হাট বসে। গোপালপুর গ্রামের পাশের গ্রামে একটি হাইস্কুল আছে যা কাজীর পাগলা স্কুল নামে পরিচিত। এছাড়া লৌহজং থানায় ২টি সরকারী কলেজ রয়েছে এবং পার্শ্ববর্তী শ্রীনগর থানায়ও একটি সরকারী কলেজ রয়েছে। পর্যবেক্ষণে দেখা যায় মালবেদেরা বাড়িতে হাঁস, মুরগি ও কবুতর পালন করে। এছাড়া বাড়ির আঙ্গিনায় শাক-সবজির চাষ করে থাকে। গোপালপুর গ্রামের মালবেদেদের প্রায় সকলের বাড়িতে বিদ্যুতের সংযোগ আছে। এমনকি তাদের অনেকের ঘরে ফ্রিজ, টিভি ও টেপ রেকর্ডার রয়েছে। তবে কয়েকটি পরিবারের ঘরে এখনও বিদ্যুত সংযোগ নেই। গোপালপুর গ্রামের চারদিকের বিলে বাঙালি গৃহস্তরা আমন ধান চাষ করে। এছাড়া গ্রামে আম, কাঠাল, কামরাঙ্গা, নারকেল গাছ ও বিভিন্ন কাঠ গাছ রয়েছে। কিন্তু মালবেদেরা মূলত ব্যবসায়ী শ্রেণি বলে তাদের কেউ কৃষিকাজ করে না। তবে মজুরি শ্রমিক হিসেবে অনেকে কৃষি জমিতে কাজ করে। মালবেদেদের ঐতিহ্যবাহী পেশা হল সাপ খেলা দেখানো, সিঙ্গা লাগানো, কড়ি মালা বিক্রি, তাবিজ বিক্রি ও কবিরাজি। বর্তমানে গোপালপুর গ্রামের অনেক মালবেদে তাদের ঐতিহ্যবাহী পেশা ত্যাগ করে বিভিন্ন অনানুষ্ঠানিক পেশায় অংশগ্রহণ করছেন। যেমনঃ মুদি দোকানদারী, ফলের ব্যবসা, বইয়ের দোকান, কাঠ মিস্ত্রী, ফেরি করা, হোটেল ব্যবসা ও টেইলারী। মালবেদে জনগোষ্ঠী অতীতে নৌকায় অস্থায়ীভাবে বসবাস করতো। কিন্তু বর্তমানে কোন মালবেদে পরিবার নৌকায় বসবাস করে না। এখন তারা ডাঙ্গায় স্থায়ী ও অস্থায়ীভাবে বসবাস করছেন। উল্লেখ্য যে, মালবেদেরা বর্ষাকালে (আষাঢ়-শ্রাবণ মাসে) ব্যবসায়িক কাজে বাংলাদেশের বিভিন্ন জায়গায় চলে যায় এবং কার্তিক-অগ্রহায়ণ (শুকনো মৌসুমে) মাসে গোপালপুর গ্রামে চলে আসে। বর্তমানে মালবেদেরা ঈদুল আযহার (কোরবানির ঈদের সময়) সময় গোপালপুর গ্রামে চলে আসে এবং সকলে একসাথে একত্রিত হয়ে ঈদুল আযহা উদযাপন করে ও পশু কোরবানি দেয়। মজার বিষয় হল, এই সময় মালবেদে নারী-পুরুষের বিয়ে সম্পন্ন হয় এবং বিভিন্ন বিষয় ও নানা অপরাধের সালিশ বা বিচার নিষ্পত্তি হয়।

## ৩. রাজনৈতিক ব্যবস্থা

সাধারণত রাজনৈতিক ব্যবস্থার উপাদান বলতে বোঝানো হয় সংসদ, নির্বাচন, গণতন্ত্র ও রাজনৈতিক দল ইত্যাদি। তবে নৃবৈজ্ঞানিক অনুসন্ধান দেখা যায়, প্রচলিত এই রাজনৈতিক ব্যবস্থা ছাড়াও বিভিন্ন সংস্কৃতিতে প্রথাগত রাজনৈতিক ব্যবস্থা বিদ্যমান রয়েছে। উল্লেখ্য যে, নৃবিজ্ঞানীরা ইউরোপের বাইরে সংস্কৃতিভেদে যে রাজনৈতিক ব্যবস্থা দেখতে পান তা ইউরোপ থেকে ভিন্ন ধরনের। নৃবিজ্ঞানীরা পর্যবেক্ষণ থেকে বলেন, সমাজের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য সেখানকার রাজনৈতিক ব্যবস্থা সম্পূর্ণ ভিন্ন। এছাড়া নিজস্ব সংস্কৃতির বাইরে ভিন্ন সংস্কৃতির সঙ্গে যোগাযোগ রক্ষা করার জন্য আলাদা ব্যবস্থাও বিদ্যমান রয়েছে। সাধারণভাবে মনে হতে পারে এসব সংস্কৃতি বা গোষ্ঠীতে রাজনৈতিক ব্যবস্থা বলতে কিছু নেই। কিন্তু নৃবিজ্ঞানীরা উপলব্ধি করলেন যে, এসব সমাজেও রাজনৈতিক ব্যবস্থা আছে। নৃবিজ্ঞান অতীতকাল থেকেই সমাজভেদে রাজনৈতিক ব্যবস্থায় যে ভিন্নতা রয়েছে তা বিশ্লেষণ করার চেষ্টা করেছে। এখানে উল্লেখ্য, যে সকল জনগোষ্ঠীর রাষ্ট্র নেই, রাষ্ট্রবিজ্ঞানীরা সে সকল সমাজ বা জনগোষ্ঠী নিয়ে আগ্রহ দেখাননি। তবে

নৃবিজ্ঞানীদের আগ্রহ ছিল সেই সকল রাষ্ট্রবিহীন সমাজ বা জনগোষ্ঠী নিয়ে। আমেরিকান নৃবিজ্ঞানী Fried (1967) বলেন, রাজনৈতিক সংগঠন হলো সমাজ সংগঠনের একটি অঙ্গ যা সমাজে সর্বজনীন নীতি নির্ধারক ব্যক্তি বা গোষ্ঠীর সঙ্গে নিবিড়ভাবে জড়িত যা তাদের কার্যকলাপ নিয়ন্ত্রণ করে থাকে। Hoebel (1949) রাজনৈতিক সংগঠন প্রসঙ্গে বলেন, সমাজে বিভিন্ন গোষ্ঠী এবং গোষ্ঠীর সদস্যদের মধ্যে সম্পর্কের নিয়ন্ত্রণ ব্যবস্থাই হলো রাজনৈতিক সংগঠন। রাজনৈতিক ব্যবস্থাকে দুটি ভাগে ভাগ করা যায়- ১। রাষ্ট্রবিহীন রাজনৈতিক ব্যবস্থা, ২। রাষ্ট্রীয় রাজনৈতিক ব্যবস্থা (উদ্ধৃত, বন্দ্যোপাধ্যায়, ২০১৩)।

নৃবিজ্ঞানী Haviland (2018)-এর মতে, রাজনৈতিক সংগঠনকে একটি সমাজ তার সামাজিক শৃঙ্খলা বজায় রাখতে এবং সামাজিক বিশৃঙ্খলা হ্রাস করতে ব্যবহার করেন। এটি সম্পর্কে বিশ্বের জনগণের মধ্যে বিভিন্ন ধরনের ধারণা তৈরি হয়েছে, কিন্তু পণ্ডিতরা চারটি মৌলিক রাজনৈতিক ব্যবস্থাকে চিহ্নিত করে এই জটিল বিষয়কে সরলীকরণ করেছেন; ব্যান্ড, ট্রাইব, চিফডম এবং রাষ্ট্র। প্রথম দুটি অকেন্দ্রীভূত; পরের দুটি কেন্দ্রীভূত। রাজনৈতিক ব্যবস্থা হলো কোনো একটি সমাজের শান্তি-শৃঙ্খলা ও অন্যান্য সমাজের সাথে সম্পর্ক বজায় রাখার জন্য এবং দ্বন্দ্ব-সংঘাত নিরসনের জন্য কর্মকাণ্ড এবং নীতিমালা। রাজনৈতিক ব্যবস্থা হল দুই ধরনের- ১। কেন্দ্রীভূত : ক। রাষ্ট্র খ। চিফডম, ২। অকেন্দ্রীভূত : ক। ট্রাইব খ। ব্যান্ড (রহমান ও অন্যান্য, ২০০৭)। রাজনীতি হচ্ছে ক্ষমতা আর ক্ষমতাহীনদের সম্পর্ক (Asad, 1973)। প্রথম দিকের নৃবিজ্ঞানীরা রাষ্ট্রবিহীন সমাজের রাজনৈতিক ব্যবস্থা নিয়ে গবেষণা করেছেন, যেমন-ব্যান্ড, ট্রাইব বা উপজাতি, চিফডম। তাঁদের যুক্তি ছিল সকল সমাজেই রাজনীতির প্রসঙ্গ জড়িত। সাম্প্রতিক নৃবিজ্ঞানীরা রাজনীতি বলতে ক্ষমতা প্রসঙ্গকে গুরুত্ব দিয়ে থাকেন। ফলে রাষ্ট্র থাকা না থাকা আর মুখ্য বিষয় নয়। এ প্রসঙ্গে ঔধসবং ইংরী বলেন, রাজনীতি হল ক্ষমতা সম্পর্কের ক্ষেত্র যা সামাজিক প্রতিষ্ঠান হিসেবে কাজ করে মানুষ এবং দল অর্জন করে। সরকার হলো একটি আনুষ্ঠানিক সংগঠন যা প্রতিষ্ঠিত সীমানার বাইরে থেকে একটি সমাজের সদস্যদের মধ্যে এবং একটি সমাজ ও অন্যান্য বিদেশি সমাজের মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণের জন্য দায়ী থাকে। রাজনৈতিক সংগঠন প্রথাগত এবং আধুনিক উভয় জনগোষ্ঠীর মধ্যে ক্ষমতা এবং কর্তৃত্ব প্রকাশ করে। রাজনৈতিক নৃবিজ্ঞানীরা সবচেয়ে সাধারণ যে রাজনৈতিক সংগঠন চিহ্নিত করেছেন তা হলো : ব্যান্ড, ট্রাইব, চিফডম এবং রাষ্ট্র (James Bix, 2010)।

নৃবিজ্ঞানীদের মতে, ব্যান্ড সমাজের রাজনৈতিক ব্যবস্থা সবচেয়ে সরল ধরনের। উপলব্ধি করা হয় শিকারি-সংগ্রহকারী সমাজেই এ ধরনের ব্যবস্থা চালু ছিল। তাঁরা বলেন, ব্যান্ড হচ্ছে কিছু মানুষের একটা দল বা গোত্র যাঁরা সম্পর্কের

---

সরকার গঠন কাঠামো বিশ্লেষণ করতে হলে প্রথমে অনুসন্ধান করতে হবে গোষ্ঠী সংগঠন, যা ছিল আত্মীয় সম্পর্কের উপর ভিত্তি করে। গোষ্ঠী সংগঠন ছিল প্রাচীন সমাজের ভিত্তি, তবে এর পূর্বে আরো এক ভিত্তি ছিল, তা হলো লিঙ্গভিত্তিক সম্পর্ক অর্থাৎ লিঙ্গভিত্তিক সমাজ সংগঠন। যেমন-ক। পুরুষভিত্তিক সমাজ সংগঠন খ। স্ত্রীভিত্তিক সমাজ সংগঠন। আদি অস্ট্রেলিয়ানদের মধ্যে এই ভিত্তি এখনো বিদ্যমান। মানব জাতির আদি গোষ্ঠীসমূহের মধ্যে যা ছিল প্রায় সর্বজনীন। পরবর্তীকালে অভিজ্ঞতার আলোকে মানবজাতি দুই ধরনের সরকার গঠন করে-ক। আদিম সমাজের সরকার : এ আদিম সংগঠনের ভিত্তি ছিল গণ বা গোত্র সংগঠন, গোষ্ঠী ও ভ্রাতৃত্ব, খ। আধুনিক সমাজের সরকার : এ রাজনৈতিক সংগঠনের ভিত্তি ছিল অঞ্চল ও সম্পত্তি। গণ অর্থ এক জাতি জনসমষ্টি। এক পূর্বপুরুষ থেকে সৃষ্টি জাতি জনসমষ্টি হলো গণ। গণের প্রতিশব্দ হলো ক্ল্যান, যার অর্থ গোত্র। গোত্রের সদস্যরা পরস্পর রক্ত-সম্পর্কের বন্ধনে আবদ্ধ। এখানে স্ত্রী-ধারায় উত্তরাধিকার নির্ণয় করা হয়, যা আদিম সমাজে ছিল সর্বজনীন। আর যেখানে পুরুষ ধারা চলে বোঝাতে হবে এটা পূর্বের সংগঠনের পরিবর্তনের ফল। আমেরিকান আদিবাসীদের সরকার সৃষ্টি হয় গণ সংগঠনে এবং শেষ হয় মিত্রসঙ্ঘের মধ্যে। মিত্রসঙ্ঘই তাদের সর্বোচ্চ সরকার। এই মিত্রসঙ্ঘের যাবার পথে প্রথমে পড়ে গণ : সগোত্র ও জাতিজন এবং তাদের এক গণ-নাম, দ্বিতীয়ত, ভ্রাতৃত্ব, কয়েকটা আত্মীয়-সম্পর্কিত গণের সমষ্টি, তারা কোনো যৌথ উদ্দেশ্য সাধনের জন্য একত্র হয়। তৃতীয়ত, গোষ্ঠী, যা কয়েকটি ভ্রাতৃত্বের সংগঠন। যারা একই ভাষায় কথা বলে। চতুর্থত, গোষ্ঠীদের মিত্রসঙ্ঘ, যার সদস্যরা একই আঞ্চলিক ভাষায় কথা বলে (Morgan, 1871)।

বিবেচনায় খুবই নিকটে, যারা একটা নির্দিষ্ট অঞ্চলে বসবাস করেন এবং রাজনৈতিকভাবে সার্বভৌম। ব্যান্ড সমাজে গোষ্ঠীই হচ্ছে সবচেয়ে বড় রাজনৈতিক একক। এর বাইরে বৃহত্তর অন্য কোনো রাজনৈতিক সংগঠনের অস্তিত্ব খুঁজে পাওয়া যায় না। আধুনিক সমাজের নেতৃত্ব দিয়ে ব্যান্ড সমাজের নেতৃত্বকে বোঝা যাবে না। কোনো ধরনের আনুষ্ঠানিক নেতৃত্ব এ ধরনের ব্যবস্থায় নেই। নেতা বলতে যাঁরা শিকারে দক্ষ, বিচক্ষণ এবং বয়সে বড় তাঁরাই। এক্সিমোদের প্রত্যেক দলের মধ্যে একজন প্রধান ছিলেন। প্রধানের নানাবিধ পরামর্শ দলের সদস্যরা মেনে চলতেন। এক্সিমোদের মধ্যে এই নেতা বা প্রধানেরা সকলে পুরুষই ছিলেন। তবে তাঁরা নারীদের সঙ্গে পরামর্শ করতেন বিভিন্ন বিষয়ে (Boas, 1888)। ব্যান্ড হলো একটি রাজনৈতিক সংগঠনের রূপ যা শিকার-সংগ্রহকারী দলের সঙ্গে সম্পর্কিত, ব্যান্ডের সদস্যপদ পাওয়া সহজ এবং আনুষ্ঠানিক নেতা এখানে অনুপস্থিত। শিকার-সংগ্রহকারী হলো প্রায় সকল মানব সমাজের প্রধান উৎপাদনকারী দল, আর ব্যান্ড রাজনৈতিক সংগঠনের সবচেয়ে দীর্ঘস্থায়ী রূপ। একটি ব্যান্ডের মধ্যে বিশ থেকে কয়েক শত লোক থাকে এবং সবাই আত্মীয়তার সম্পর্কে আবদ্ধ। দলের সকল সদস্য সামাজিকভাবে সমান এবং একজন ব্যান্ড নেতার কোনো বিশেষ মর্যাদা নেই ( Miller, 2007)। ব্যান্ড সমাজের মধ্যে সামাজিক শৃঙ্খলা বজায় রাখার জন্য কাউকে শাস্তি দেবার জন্য শিথিল কতগুলো নীতিমালা থাকে। যেমন-একত্রে নিন্দা করা, তিরস্কার করা কিংবা এড়িয়ে চলা। Richard B Lee (1979) বলেন, আফ্রিকার কালাহারি এলাকার ব্যান্ড সমাজ কুং!-দের সদস্য সংখ্যা ২০ থেকে ৫০। ব্যান্ড সমাজে যেমন ব্যান্ডই হচ্ছে রাজনৈতিক ব্যবস্থার একক, অন্যদিকে ট্রাইব বা উপজাতি সমাজে সদস্যদের নানাবিধ সার্বভৌম সংঘ থাকে, আর সেই সংঘগুলোর নানাবিধ রাজনৈতিক দায়িত্ব বা ভূমিকা থাকে। ট্রাইব ব্যান্ডের চেয়ে আরও বেশি আনুষ্ঠানিক রাজনৈতিক সংগঠন। ট্রাইব সংগঠন শুধু উৎপাদন পদ্ধতি আবির্ভাবের সঙ্গে বিকাশ লাভ করেছে যারা সাধারণত উদ্যানচাষ এবং পশুপালনের সাথে যুক্ত থাকে। ট্রাইব হলো একটি রাজনৈতিক গোষ্ঠী যা বেশ কয়েকটি ব্যান্ড এবং বংশ বা গোষ্ঠী নিয়ে গঠিত, যাদের প্রত্যেকের ভাষা এবং জীবনধারা একই রকম এবং একটি স্বতন্ত্র অঞ্চল দখল করে বসবাস করেন। এই গোষ্ঠীগুলো একটি গোত্র কাঠামোর মাধ্যমে সংযুক্ত হতে পারে যাদের বেশিরভাগ সদস্য দাবি করে তারা একটি সাধারণ পূর্বপুরুষ থেকে এসেছে, যদিও তারা তাদের সঠিক পূর্বপুরুষ চিহ্নিত করতে অক্ষম। সদস্য হওয়ার প্রধান ভিত্তি হলো আত্মীয়তা। ট্রাইবে এক শ থেকে কয়েক হাজার মানুষ থাকে। তাদের মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল, আফ্রিকা এবং উত্তর আমেরিকার প্রথম জাতির মধ্যে পাওয়া যায়। ট্রাইবপ্রধান পুরুষ বা নারী (বেশির ভাগ পুরুষ) যিনি ব্যান্ডপ্রধান থেকে বেশি আনুষ্ঠানিক ( Miller, 2007)। ট্রাইবের সদস্য সংখ্যা ব্যান্ডের তুলনায় বেশি। আফ্রিকার টিভদের সদস্য সংখ্যা প্রায় ৮০,০০০। আবার নুয়েরদের সংখ্যা ইভাস প্রিচার্ডের গবেষণার সময়কালে প্রায় ২ লক্ষাধিক ছিল। উপজাতি সমাজে একজন হেডম্যান বা সর্দার থাকে। সমাজের সকল অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সমস্যার সমাধান করেন। বিশেষ করে ঝগড়া-বিবাদ হলে সালিশের মাধ্যমে সর্দার যে রায় দেয় সকলে তা মেনে নেয় (Evans Pritchard, 1940)। দক্ষিণ প্রশান্ত মহাসাগরের অনেক অঞ্চলে, বিশেষ করে মেলানেশিয়ান দ্বীপপুঞ্জ এবং পাপুয়া নিউগিনির স্থানীয় সংস্কৃতিতে এক ধরনের রাজনৈতিক নেতা ছিল যাকে বিগ ম্যান (নরম সধহ) বলা হয়। বিগ ম্যান (প্রায় সব সময় একজন পুরুষ) হলো গ্রামপ্রধানের বিস্তৃত সংস্করণ। রাজনৈতিক সংগঠন সামাজিক সংগঠনের এই অংশগুলোকে নিয়ে গঠিত, যা সুনির্দিষ্টভাবে ব্যক্তি বা গোষ্ঠীর সাথে সম্পর্কিত যা জনসাধারণের নীতির বিষয়গুলো পরিচালনা করে এবং ঐ ব্যক্তি বা গোষ্ঠীর নিয়োগ বা কার্যকলাপ নিয়ন্ত্রণ করতে চায় ( Kottack, 2020)।

চিফডম হলো কেন্দ্রীভূত রাজনৈতিক ব্যবস্থা। চিফডমকে ট্রাইব থেকে উন্নত রাজনৈতিক ব্যবস্থা হিসেবে বিবেচনা করা হয়। এই ব্যবস্থায় প্রথম আনুষ্ঠানিক নেতৃত্ব দেখা যায়। প্রধানের ক্ষমতা নির্দিষ্ট আইন দ্বারা স্বীকৃত। এটা ছিল স্তরভিত্তিক সমাজ ব্যবস্থা। গরমষবৎ বলেন, চিফডম হলো একটি রাজনৈতিক দল যারা একজন স্বীকৃত নেতার অধীনে স্থায়ী মিত্র

উপজাতি। বেশিরভাগ ট্রাইবের তুলনায় চিফডমের জনসংখ্যা বেশি, প্রায়ই সংখ্যায় হাজার এবং অধিক কেন্দ্রীভূত এবং সামাজিকভাবে জটিল। চিফডমের বংশগত ব্যবস্থায় সামাজিক পদমর্যাদা এবং অর্থনৈতিক স্তরবিন্যাস দেখতে পাওয়া যায় (Miller, 2007)। আর রাষ্ট্র হল আইনের উপর ভিত্তি করে সরকার পরিচালিত স্বাধীন রাজনৈতিক একক। রাষ্ট্র ব্যাভ, ট্রাইব ও চিফডমের তুলনায় বৃহৎ ও জনবহুল।

মুসলিমদের মালবেদে জনগোষ্ঠী অতীতে রাষ্ট্রবিহীন অবস্থায় নৌকায় এক স্থান থেকে অন্যস্থানে যাযাবরের মতো ঘুরে বেড়াত। তবে বর্তমানে মালবেদে জনগোষ্ঠী রাষ্ট্রের মধ্যে স্থায়ীভাবে বসবাস করতে শুরু করেছেন। উল্লেখ্য, তাদের রয়েছে প্রথাগত রাজনৈতিক ব্যবস্থা। এ রাজনৈতিক ব্যবস্থার প্রধান হচ্ছে সর্দার। মালবেদে জনগোষ্ঠী মধ্যে বাগড়া-বিবাদ, চুরি, নারী নির্যাতন হলে সাধারণত থানা বা পুলিশের কাছে যান না। সর্দার সকল সমস্যা সালিশের মাধ্যমে সমাধান করেন। বর্তমানে প্রথাগত রাজনৈতিক ব্যবস্থার পাশাপাশি বৃহৎ সমাজের রাজনৈতিক ব্যবস্থার সাথেও মালবেদেরা যুক্ত আছেন।

#### ৪. মালবেদে জনগোষ্ঠীর রাজনৈতিক ব্যবস্থা

মালবেদে জনগোষ্ঠী অতীতে নৌকায় বসবাস করতেন এবং তাদের কোনো স্থায়ী আবাসভূমি ছিল না। ফলে তারা পেশার প্রয়োজনে নৌকায় এক স্থান থেকে অন্যস্থানে ঘুরে বেড়াত। পরবর্তীকালে মালবেদে জনগোষ্ঠী ধীরে ধীরে নৌকা ত্যাগ করে ডাঙায় স্থায়ীভাবে বসবাস করতে শুরু করেন। বৃহৎ সমাজ থেকে বেদেরা ছিল বিচ্ছিন্ন, আর তাই বৃহত্তর সমাজ ব্যবস্থা থেকে তাদের নেতৃত্ব ও বিচার ব্যবস্থা ছিল ভিন্ন প্রকৃতির। বেদে জনগোষ্ঠীর রাজনৈতিক ব্যবস্থায় ছিল সর্দার প্রথা, আর এই সর্দারকে কেন্দ্র করে বেদে জনগোষ্ঠীর জীবন ব্যবস্থা পরিচালিত হতো। উত্তরাধিকারসূত্রে সর্দারের ছেলে সর্দার হন। মালবেদে জনগোষ্ঠীর বিয়ে, তালাক, অর্থনৈতিক কর্মকাণ্ড, বিচার-সালিশসহ সকল বিষয়ে সর্দারের অনুমতি বা সহযোগিতা ছাড়া সমাধান করা সম্ভব না। বর্তমান পরিবর্তিত বিশ্বে বৃহৎ সমাজের প্রভাবে বেদে জনগোষ্ঠীর প্রথাগত সর্দার প্রথায় শিথিলতা লক্ষ করা যায়। একটা সময় বেদে জনগোষ্ঠীর সকল সমস্যা সমাধানের বাতিঘর ছিলেন সর্দার। কিন্তু সময়ের পরিবর্তনে সর্দার অতীতের মতো সৎ ও নিরপেক্ষতা বজায় রাখতে পারছেন না। ফলে বর্তমানে সর্দারের ওপর বেদে জনগোষ্ঠীর আস্থার ঘাটতি পরিলক্ষিত হয়। আর এই কারণে মালবেদে জনগোষ্ঠী অনেক সময় সর্দারকে উপেক্ষা করে থানায় গিয়ে নালিশ দেন। অনুসন্ধান জানা যায় অতীতে মালবেদে জনগোষ্ঠীর কোনো রাজনৈতিক অধিকার ছিল না। যেমন- ভোটার তালিকায় নাম ছিল না, স্থায়ী কোনো আবাসভূমি ছিল না, জাতীয় পরিচয়পত্র ছিল না, জন্ম নিবন্ধন ছিল না, পাসপোর্ট করতে পারতেন না। তবে বর্তমানে মালবেদে জনগোষ্ঠীর ভোটার তালিকায় নাম রয়েছে। এখন বেদেরা জাতীয় ও স্থানীয় নির্বাচনে সরাসরি ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন করতে পারেন এবং জাতীয় পরিচয়পত্র থাকায় পাসপোর্ট তৈরি করে বিদেশ যেতে পারেন। বর্তমানে বেদে জনগোষ্ঠী স্থানীয় প্রতিনিধি পরিষদে সরাসরি নির্বাচনে অংশগ্রহণ করে জয়লাভ করছেন। গোপালপুর গ্রামের ৪ নম্বর ওয়ার্ডের নির্বাচিত বেদে মেম্বার মোঃ ইসলামের মতে, স্থায়ী ও অস্থায়ী মালবেদে মিলে ভোটার তালিকায় ২৭০০টি বেদে ভোটার রয়েছে। মালবেদে জনগোষ্ঠী বর্তমানে স্থানীয় ও জাতীয় নির্বাচনের ব্যাপারে খুব সচেতন থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। নির্বাচন এলে বেদেরা স্থানীয় ও জাতীয় নেতৃবৃন্দের কাছে তাদের রাজনৈতিক অধিকার তুলে ধরে সমাধানের চেষ্টা করেন। নাগরিক পরিচয় না থাকায় বেদেরা এক সময় জমি ক্রয় করতে পারতেন না, বর্তমানে জাতীয় পরিচয়পত্র থাকায় এখন জমি ক্রয় করতে পারেন, অনেক মালবেদে জমি ক্রয় করে স্থায়ীভাবে বসবাস করছেন। সরকার কর্তৃক প্রদেয় বিধবা ভাতা, বয়স্ক ভাতা, ভূমিহীনদের ঘর উপহার, করোনাকালীন অনুদানে মালবেদে জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া সরকার কর্তৃক ৫০ বছরের অধিক বয়স্কদের প্রতি মাসে ৫০০ টাকা করে ১০০টি কার্ড বেদে জনগোষ্ঠীর মধ্যে বিতরণ করা হয়েছে। উল্লেখ্য বেদে জনগোষ্ঠীর জীবন ব্যবস্থার মান উন্নয়নে বার্ষিক সরকারি বাজেটে অর্থ বরাদ্দ থাকে। মালবেদে জনগোষ্ঠী বর্তমানে

বাংলাদেশের দুটি বড় রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত থেকে জাতীয় ও স্থানীয় নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। বর্তমানে মালবেদে জনগোষ্ঠী স্থানীয় সরকার নির্বাচনে প্রত্যক্ষ ভোটে জয়লাভ করে নেতৃত্ব দিয়েছেন। গবেষিত মালবেদে জনগোষ্ঠীর মোঃ আদিল বলেন, 'স্থানীয় নির্বাচনে বেদে জনগোষ্ঠীর প্রার্থীকে কারচুপি করে অনেক সময় পরাজিত করা হয়।'

### কেস স্টাডি-১

মোঃ আদিল (৫০) গোপালপুর গ্রামে স্ত্রী, তিন ছেলে ও দুই মেয়ে নিয়ে স্থায়ীভাবে বসবাস করছেন। তার দুই ছেলে এবং এক মেয়ে বিবাহিত। আদিল অতীতে কবিরাজি পেশায় জড়িত ছিল। বর্তমানে প্রথাগত পেশা ত্যাগ করে মুদি দোকান ও মুরগির ব্যবসা করছেন স্থানীয় বাজারে। মালবেদে জনগোষ্ঠী থেকে স্থানীয় নির্বাচনে জয়লাভ করে বিগত সময় দুজন নেতৃত্ব দিয়েছেন। এর মধ্যে একজন সরাসরি নির্বাচনে অংশগ্রহণ করে জয়লাভ করেছেন এবং অন্যজন সংরক্ষিত মহিলা আসনে জয়লাভ করেন। ফলে নেতৃত্বের এই ধারাবাহিকতায় গত স্থানীয় নির্বাচনে মোঃ আদিল হলদিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড থেকে মেম্বার পদে নির্বাচনে অংশগ্রহণ করেন। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার পর বিকালে ভোট গণনা শুরু হয় এবং ভোট গণনার একটা পর্যায়ে ঘোষণা করা হয় আদিল ২০০ ভোটে এগিয়ে রয়েছে। কিন্তু আদিলের জয় যখন সুনিশ্চিত তখন হঠাৎ করে বৃহত্তর সমাজের প্রার্থীর প্ররোচনায় ভোট গণনা স্থগিত করা হয়। তারপর প্রশাসনের হস্তক্ষেপে ভোটের বাস্তব উপজেলা পরিষদে নিয়ে যাওয়া হয় এবং মধ্যরাতে ভোটের ফলাফল ঘোষণা করা হয়। ভোটের ফলাফলে মোঃ আদিলকে ৩ ভোটের ব্যবধানে পরাজয় দেখানো হয়। এই ভোটের ফলাফল আদিল প্রত্যাখ্যান করে প্রতিবাদ মিছিল করেন। একটা পর্যায়ে বাস্তব অবস্থা চিন্তা করে নীরবে পরাজয় মেনে নেন।

### কেস স্টাডি-২ :

মোঃ ইকরাম আলী (৩৮) স্ত্রী ও ৩ সন্তান নিয়ে গোপালপুর গ্রামে স্থায়ীভাবে বসবাস করছেন। তিনি এইচএসসি পাশ করে সরকারি চাকরি না পেয়ে বিদেশ (কাতার) চলে যান। দেশে ফিরে বর্তমানে তিনি কাঁচামালের ব্যবসা করছেন। মালবেদে জনগোষ্ঠীর ভোটের তালিকায় নাম অন্তর্ভুক্ত হওয়ার পর থেকে ইকরাম আলী জাতীয় রাজনীতির সাথে জড়িয়ে পড়ে। গোপালপুর গ্রামে তিনি একটি বৃহৎ রাজনৈতিক দলের নেতা। রাজনৈতিক পট পরিবর্তনের কারণে তিনি অতীতের মতো সক্রিয় নেই। একটা সময় তিনি নিজ দলে (বিএনপি) নেতৃত্বের প্রশ্নে দলাদলিতে জড়িয়ে পড়েন। দলাদলির কারণে বাঙালি সমাজের এক স্থানীয় নেতার সাথে গোপালপুর বাজারে সংঘর্ষ হয়। প্রথম পর্যায়ে ইকরাম আক্রান্ত হন, কারণ তিনি মারামারির জন্য প্রস্তুত ছিলেন না। পরবর্তী সময়ে ইকরাম বেদে নিজ গোষ্ঠীর লোকজন নিয়ে খাঁন বাড়িতে আক্রমণ করে সুমন খাঁনকে মারধর করেন। আক্রান্ত সুমন বাদী হয়ে ইকরামকে প্রধান আসামি করে থানায় মামলা করেন। একটা পর্যায়ে স্থানীয় নিজ দলের নেতৃবৃন্দ সালিশের মাধ্যমে বাদী-বিবাদীর বক্তব্য ও সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে সঠিক বিচারের মাধ্যমে সমস্যাটি সমাধান করেন। ২০০৯ সালে আওয়াম লীগ ক্ষমতায় আসার পর মামলা ও পুলিশের হয়রানির ভয়ে তিনি রাজনীতিতে নিষ্ক্রিয় হয়ে পড়েন। এছাড়া লেখাপড়া করে চাকুরি না পাওয়ায় ইকরাম বেকারত্বের নেতিবাচক প্রভাব থেকে মুক্তির জন্য বিদেশ চলে যান। প্রবাসি জীবন শেষ করে ইকরাম বর্তমানে গোপালপুর গ্রামে কাঁচামালের ব্যবসা করছেন এবং বাঙালি সমাজের মেয়েকে বিয়ে করে সুখে-শান্তিতে জীবন যাপন করছেন।

### ৫. সালিশ ব্যবস্থা

মালবেদে জনগোষ্ঠীর প্রথাগত বিচার বা সালিশ ব্যবস্থা রয়েছে। সালিশ বোর্ড ৭ জন সর্দার নিয়ে গঠিত, এখানে সকলের মর্যাদা সমান। মালবেদে জনগোষ্ঠী বর্তমানে স্থায়ীভাবে বসবাস করতে শুরু করেছেন। তাই তাদের বসবাসরত এলাকাকে



এটি ভিটায় বিভক্ত করা হয়েছে। প্রত্যেকটি ভিটার দায়িত্বে একজন সর্দার রয়েছেন। প্রত্যেকটি ভিটার স্থায়ী এবং অস্থায়ী সদস্যরা ঐ ভিটার দায়িত্বে যে সর্দার থাকে তারা তার তত্ত্বাবধানে থাকেন। উল্লেখ্য, ভিটার দায়িত্বে যে সর্দার থাকেন তাকে ঐ ভিটার সকল সমস্যা অবহিত করতে হয়। অবহিত হওয়ার পর তিনি অন্য সর্দারদের ডেকে সালিশের মাধ্যমে সমাধান করেন। গবেষণায় দেখা যায়, ছোটখাটো সমস্যা ভিটার দায়িত্বে নিয়োজিত সর্দার সমাধান করেন। তবে জটিল সমস্যাগুলো অন্যান্য সর্দারকে জানানো হয় এবং সকলে একত্র হয়ে সালিশের মাধ্যমে সমাধান করেন। তবে যারা অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য গাওয়াল বা প্রবাসে যায় তাদের একজন সর্দারকে দায়িত্ব দেওয়া হয়। উল্লেখ্য, গাওয়াল বা প্রবাসে অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য ছয় মাস বা নয় মাস পর্যন্ত গ্রামের বাইরে অবস্থান করেন। এই বহর বা দলে ১০ ঘর বা ২০ ঘর থাকে অথবা ৫০-১০০ জন থাকে। এই বহরে যে সর্দার থাকেন তিনি অস্থায়ী সর্দার। গাওয়াল বা প্রবাস করে গ্রামে ফিরে এলে তার সর্দারের দায়িত্ব শেষ। তবে দীর্ঘ এই প্রবাস সময়ে বহর বা দলের সকল সমস্যা দায়িত্বরত সর্দারকে সমাধান করতে হয়। কিন্তু জটিল সমস্যাগুলো গ্রামে ফিরে এলে স্থায়ী ৭ জন সর্দার একত্রে বসে সালিশের মাধ্যমে সমাধান করেন। মালবেদে জনগোষ্ঠীর বিয়ে, ঝগড়া-বিবাদ, তালাক, জমি সংক্রান্ত বিবাদ, প্রথা অমান্য করা, যৌন হয়রানি, পেশার প্রয়োজনে কোন বহর কোন দিবে যাবে বা কয়দিন থাকবে এ বিষয়গুলো সর্দার সালিশের মাধ্যমে সমাধান করেন। মালবেদে জনগোষ্ঠীর মতামত বা গণতান্ত্রিক প্রক্রিয়ায় সর্দার নির্বাচন হয় না, সর্দার উত্তরাধিকারসূত্রে হন অর্থাৎ সর্দারের ছেলে সর্দার হন। তবে দল বা বহরের অস্থায়ী সর্দার উত্তরাধিকারসূত্রে নির্বাচিত হন না। এটা সকলের সাথে আলোচনা করে নির্বাচন করা হয়। বর্তমানে শিক্ষিত বা সচেতন বেদে জনগোষ্ঠী সর্দার নির্বাচনের প্রক্রিয়াটি পছন্দ করেন না। কারণ এই প্রক্রিয়ায় অযোগ্য বা নেতিবাচক চরিত্রের মানুষ সর্দার হন। অতীতে মালবেদে জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক সমস্যার সমাধানের বাতিঘর ছিলেন সর্দার, তবে সময়ের পরিক্রমায় সর্দার প্রথার ওপর বেদে জনগোষ্ঠীর আস্থা হারিয়ে যাচ্ছে। শিক্ষিত যুবক নাজমুলের মতে, ‘সর্দাররা দুর্নীতিবাজ, টাকা খেয়ে বিচারের রায় দেয়, নিরপেক্ষ বিচার করে না, তাদের সহযোগিতায় বেদেরা অবৈধ ব্যবসা করে।’ তারপরও গবেষণায় দেখা যায়, মালবেদে জনগোষ্ঠীর সামাজিক সমস্যা সমাধানের অবলম্বন এই প্রথাগত সালিশ বা সর্দার প্রথা। মালবেদে জনগোষ্ঠীর বিয়ে, তালাক, ছোটখাটো ঝগড়া-বিবাদ, চুরি, এই ধরনের নানা সমস্যার সমাধান করেন সর্দার। তবে জটিল সমস্যা যেমন-জমি সংক্রান্ত বিবাদ, খুন, নারী নির্যাতন ইত্যাদির সমাধান দিতে সর্দার ব্যর্থ হলে বেদে জনগোষ্ঠী থানা, পুলিশ ও আদালতের শরণাপন্ন হন। আবার অনেক সময় দেখা গেছে ঝগড়া-বিবাদ বা মারামারি হলে বেদেরা সর্দারের কাছে নালিশ না দিয়ে থানায় গিয়ে মামলা করলে পুলিশ অভিযুক্তকে ধরে নিয়ে যায়। পরবর্তী সময়ে বিষয়টি সর্দারের নজরে এলে থানায় গিয়ে মুচলেকা দিয়ে মুক্ত করে নিয়ে আসেন এবং প্রথাগত সালিশের মাধ্যমে সমাধান করেন। আর যদি সমাধান করতে ব্যর্থ হন তাহলে আদালতের মাধ্যমে সমাধান হয়। উল্লেখ্য মালবেদে জনগোষ্ঠীর এই প্রথাগত সালিশ ব্যবস্থার কাছাকাছি বাংলাদেশের গ্রামীণ সমাজের সালিশ-বিচার ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত জানা যায় জেহাদুল করিমের গবেষণা-কর্ম থেকে (Karim, 1984, 1990)।

## ৬. ধর্মীয় ব্যবস্থা

ধর্ম হলো একটি সর্বজনীন মানবীয় প্রতিষ্ঠান। এমন কোনো সংস্কৃতি নেই যেখানে ধর্মের অস্তিত্ব ছিল না। নৃবিজ্ঞানী Taylor (1871) ধর্ম সম্পর্কে বলেন, “Religion is the belief in spiritual beings”, অর্থাৎ অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাসই হলো ধর্ম। মানবজাতির বিকাশ এবং তাদের ইতিহাস অনুসন্ধানে ধর্মীয় বিশ্বাস খুবই গুরুত্বপূর্ণ। ধর্ম শব্দটির ব্যুৎপত্তিগত এবং ঐতিহাসিক শিকড় হচ্ছে প্রাচীন রোমান বিশ্বে। ধর্ম কাঠামো দেয় এবং বিশ্বাস এই কাঠামোকে ব্যক্তিগত ধর্মীয় কার্যকলাপ দিয়ে পূরণ করে থাকে। বিশ্বাস বলতে বোঝায় একই ধর্মের অনুসারীদের সার্বজনীন ধর্মীয় কার্যকলাপ। Marcuss T. Cicero (106-49 BCE) বলেন, ল্যাটিন বিশেষ্য religio উদ্ভূত হয়েছে re-legere

ক্রিয়াপদ থেকে, যার অর্থ “ নিবিড়ভাবে কিছু করা, আবার কিছু করা, কিছু পড়া।” তাই প্রাচীন রোমান সংস্কৃতিতে, ল্যাটিন বিশেষ্য religio, ধর্মের সঠিক আচার বা অর্চনা পালন প্রকাশ করে এবং যার ফলস্বরূপ দেবতাদের প্রতি শ্রদ্ধা জাগ্রত হয় (Cited in James Birs, 2010)। এ প্রেক্ষিতে নৃবিজ্ঞানী Murdock (1949) বলেন, মানুষ সংস্কৃতিভেদে বিভিন্ন উপায়ে অতিপ্রাকৃত শক্তিকে তোষামোদ করার জন্য নানা ধর্মীয় অনুষ্ঠানাদি পালন করে। সকল সংস্কৃতিতে জন্ম, আত্মা, মৃতের অন্ত্যেষ্টিক্রিয়া, মৃত্যু-পরবর্তী জীবনকে ঘিরে রয়েছে অসংখ্য আচার-বিশ্বাস ও ধ্যান-ধারণা। এসব বিশ্বাস এবং আচার-অনুষ্ঠানকে ধর্ম নামে বিবেচনা করা হয়। তবে ধর্মকে কোনো বিশেষ ধর্মের প্রেক্ষিতে সংজ্ঞা দেওয়া যায় না। কোনো ধর্ম একেশ্বরবাদী, কোনোটি বহু ঈশ্বরবাদী, কোনটিতে আবার ঈশ্বরের বিশ্বাস অনুপস্থিত। Barton (1946) ফিলিপাইন দ্বীপপুঞ্জের ইফুগাওদের (Ifugao) থেকে হাজার পাঁচকের অধিক দেবদেবীর নাম তালিকাভুক্ত করেছেন। তিনি বলেন, অনেক ধর্ম আবার ভূত-প্রেতে বিশ্বাস অবলম্বনে টিকে আছে। সমাজবিজ্ঞানী Durkheim (1912) তাঁর *The Elementary Forms of Religious Life* গ্রন্থে বলেন, “Religion is a unified system of beliefs and practices related to sacred things”. অর্থাৎ ধর্ম হচ্ছে পবিত্র জিনিসের সাথে সম্পর্কযুক্ত আচার-ব্যবহার ও বিশ্বাসের একটি সমন্বিত পদ্ধতি। Frazer (1890) তাঁর *The Golden Bough* গ্রন্থে ধর্ম সম্পর্কে বলেন, “Conciliation of powers superior to man which are believed to direct and control the course of nature and of human life.”(p.50).

ধর্ম সংস্কৃতির অন্যতম গুরুত্বপূর্ণ একটি দিক। এটি শুধু প্রত্যেকটি পরিচিত মানব সমাজে পাওয়া যায়নি, পাশাপাশি অন্যান্য সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সাথে তাৎপর্যপূর্ণভাবে মিথস্ক্রিয়া করে। এটি বস্তুগত সংস্কৃতিতে, মানুষের আচরণে এবং মূল্যবোধ ব্যবস্থায়, নীতি এবং নৈতিকতার অভিব্যক্তি খুঁজে। এটি পারিবারিক সংগঠন, বিবাহ, অর্থনীতি, আইন এবং রাজনীতি ব্যবস্থার সাথে সম্পর্কিত। এটি ওষুধ, বিজ্ঞান এবং প্রযুক্তি, বিদ্রোহ এবং যুদ্ধের পাশাপাশি শিল্পের মহৎ কাজকে অনুপ্রাণিত করেছে। ধর্ম, সংস্কৃতির মতোই, সুশৃঙ্খল ধারায় বিশ্বাস, মূল্যবোধ এবং আচরণ নিয়ে গঠিত যা মানুষ সমাজের সদস্য হিসেবে অর্জন করে। অতীতে অন্যের সচেতন নির্দেশনা এবং অনুকরণের মাধ্যমে সমাজের সদস্য হিসেবে মানুষ ধর্ম অর্জন করে। এই শিক্ষার বেশিরভাগই শৈশবে ঘটে। শিশুরা তাদের নির্দিষ্ট সংস্কৃতি দ্বারা বিশ্বকে দেখে এবং পরবর্তী জীবনে যদি তারা পরস্পরবিরোধী প্রমাণের মুখোমুখি না হয়, তবে তারা সাধারণত তাদের সংস্কৃতি এবং ধর্মের নীতিগুলোকে প্রশ্নবিদ্ধ করবে না, কিন্তু নিজেকে বোঝার জন্য সেগুলোকে গ্রহণ করবে (Malefijt, 1989)। একইভাবে Yinger (1957) বলেন, “Religion is a system of beliefs, emotions, attitudes and practices by means of which a group of people attempt to cope with ultimate problems of human life.” অর্থাৎ ধর্ম হচ্ছে আবেগ, বিশ্বাস, আচার-ব্যবহার এবং অভ্যাসের এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে একদল মানুষ মানব জীবনের বিভিন্ন মৌলিক সমস্যার সাথে খাপ খাওয়ানোর চেষ্টা করে থাকে। Herskovits (1974) ধর্মকে একটু ভিন্নভাবে উপস্থাপন করেছেন; তার মতে, “Religion may best be defined as belief in, and identification with a greater force or power.” Geertz (1973) বলেন, ধর্ম হলো প্রতীক, যা মানুষের মধ্যে দীর্ঘস্থায়ী শক্তিশালী মনোভাব এবং প্রণোদনার সৃষ্টি করে যার ফলে সাধারণভাবে আমাদের অস্তিত্বের স্বরূপটি সম্পর্কে একটি ধারণা গড়ে উঠে, আর সেই ধারণাটি একপ্রকার অলৌকিক বিশ্বাস দ্বারা আচ্ছাদিত থাকে, যা সাধারণ বিষয়-আশয়, মনোভাব ও প্রণোদনাকে অদ্ভুতভাবে বাস্তব বলে মনে করতে বাধ্য করে। ধর্মের মূলত দুটি বিষয় আছে। যথা-১। বিশ্বাস (belief), ২। আচরণ (action or ritual)। নৃবিজ্ঞানী Wallace (1966) ধর্মকে সংজ্ঞায়িত করতে গিয়ে বলেন, “religion as a set of rituals, rationalized by myth, which mobilizes supernatural powers for the purpose of achieving or preventing transformations of state in man and nature”.

প্রত্যেকটি মানব সমাজে অনিবার্যভাবে দুটি ভিন্ন এবং একটি নির্দিষ্ট অর্থে প্রকৃতির পরস্পরবিরোধী ধারণা বিদ্যমান। তাদের মধ্যে একটি, প্রকৃতিবাদী যা প্রযুক্তির সর্বত্র নিহিত যা বিশ শতকের ইউরোপীয় সংস্কৃতিতে এবং আমাদের চিন্তাধারায় সুস্পষ্ট প্রভাব বিস্তার করেছে। অন্যটি, যাকে পৌরাণিক বা আধ্যাত্মিক ধারণা বলা যেতে পারে, যা পৌরাণিক কাহিনি এবং ধর্মের মধ্যে নিহিত এবং প্রায়শই দর্শনে স্পষ্ট হয়ে ওঠে (Radcliffe-Brown, 1964)। হেগেল সংস্কৃতি এবং ধর্মের প্রাকৃতিক ব্যাখ্যার প্রধান পথপ্রদর্শক। যদিও, হেগেলের চিন্তা আধ্যাত্মিক পরিভাষায় প্রকাশ করা হয়, তথাপি মানুষের বিষয়গত চেতনা এবং মানবিক কার্যকলাপকে তার অধিবিদ্যায় একটি কেন্দ্রীয় স্থান প্রদান করে। হেগেল প্রত্যক্ষবাদ বিজ্ঞানের বিভিন্ন দ্বৈতবাদকে একীভূত করার চেষ্টা করেছেন : আত্মা এবং প্রকৃতি, স্বাধীনতা এবং প্রয়োজনীয়তা, আত্মনিষ্ঠা এবং বস্তুনিষ্ঠতা। সমসাময়িক নাস্তিকতার বিভিন্ন রূপ যেমন মার্কসবাদ, প্রত্যক্ষবাদ এবং অস্তিত্ববাদ হেগেলের দর্শনের বিরুদ্ধে সাধারণ প্রতিক্রিয়া নয় বরং এই দর্শনে স্পষ্টভাবে স্বীকৃত না হলেও নাস্তিকতা আরও গভীরভাবে পরিমার্জন করা হয়েছে (Cited in Morris, 1987)। পল-রদিন ধর্মের উৎপত্তি সম্পর্কে ধারণা করেন, প্রকৃতির বিরূপ ও বিরুদ্ধ পরিবেশের প্রতি আবেগপ্রবণ প্রতিক্রিয়া থেকেই ধর্মের উৎপত্তি হয়েছে। সিমেলের মতে, ধর্মের উৎপত্তি হয়েছে মানুষের সঙ্গে মানুষের পারস্পরিক সম্পর্কের ফলস্বরূপ। তিনি বলেন, মানুষের পারস্পরিক সম্পর্কের মধ্যে রয়েছে বিশ্বাস। এই বিশ্বাসের বৃহত্তম প্রতিফলন অতিপ্রাকৃতে বিশ্বাস। আর ডুরথাইম মনে করেন, গোষ্ঠীবদ্ধ জীবনের নানা আচার-অনুষ্ঠান পালনের মধ্য দিয়ে ধর্মের উদ্ভব হয়েছে। তাঁর মতে, সমাজই ধর্মের উৎপত্তিস্থল এবং সমাজই ঈশ্বর। কেননা মানুষ ঈশ্বরকে যেমন ভয় পায় সমাজকেও তেমনি ভয় পায়। ধর্মই সামাজিক সংহতির মূল (উদ্ধৃত, রহমান, ১৯৮৮)। Freud (1967) বলেন, ধর্ম হলো একটি সর্বজনীন সংস্কৃতি। কিন্তু ধর্ম নির্দিষ্ট সংস্কৃতির অংশ, এবং সাংস্কৃতিক ভিন্নতাগুলো সুন্দরভাবে ধর্মীয় বিশ্বাস এবং চর্চায় প্রদর্শিত হয়। Wallace (1966) বিভিন্ন সংস্কৃতি বিবেচনা করে চার ধরনের ধর্ম চিহ্নিত করেছেন ম: শামানিক, সাম্প্রদায়িক, অলিম্পিয়ান এবং একেশ্বরবাদী (Cited in Kottack, 2020)। মালবেদে জনগোষ্ঠীরও রয়েছে ধর্মীয় বিশ্বাস যা একেশ্বরবাদী, তারা ইসলাম ধর্মে বিশ্বাসী বা অনুসারী। অর্থাৎ মালবেদে জনগোষ্ঠী ইসলাম ধর্ম পালন করেন।

#### মালবেদে জনগোষ্ঠীর ধর্ম ও তার প্রায়োগিক দিক :

গবেষিত এলাকার মালবেদে জনগোষ্ঠীর সবাই মুসলমান। তারা নিজেদের হযরত মুহাম্মদ (সা.) এর বংশধর বলে দাবি করেন। তারা বিশ্বাস করেন, আল্লাহ এক ও অদ্বিতীয়। মালবেদেরা নামাজ, রোজা, ঈদুল ফেতর, ঈদুল আজহা, শবে-কদর, শবে-বরাত ইত্যাদি ধর্মীয় অনুষ্ঠান পালন করে থাকেন। গবেষণা এলাকায় দেখা যায়, মালবেদে নারী-পুরুষ মুসলমান হলেও তাদের ব্যবসায়িক ব্যস্ততার কারণে ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনে শিথিলতা লক্ষ করা যায়। কিন্তু বর্তমানে কিছু কিছু অবস্থাসম্পন্ন মালবেদের ক্ষেত্রে বিপরীত চিত্র দেখা যায়। অবস্থাসম্পন্ন মালবেদে পুরুষরা নিয়মিত নামাজ পড়েন, রোজা রাখেন এবং তাদের স্ত্রীদের ঘরের বাইরে কাজ করতে দেন না। উল্লেখ্য যে, অতীতকাল থেকেই নারীরা অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রয়োজনে গ্রামে গ্রামে ঘুরে বেড়ান, ফলে পুরুষের তুলনায় ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনে নারীদের মধ্যে এক ধরনের উদাসীনতা লক্ষ করা যায়। গবেষণায় দেখা যায়, অধিকাংশ বেদে নারীরা নামাজ, রোজা পালন করেন না, এমনকি ধর্মীয় শিক্ষার বিষয়ে তারা একবারেই অজ্ঞ। যেমন-তারা নামাজ পড়ার নিয়ম ও সূরা জানেন না, কোরআন পড়তে পারেন না। বর্তমানে বেদে পুরুষদের মধ্যে নামাজ পড়া ও রোজা রাখার প্রবণতা বেশি লক্ষ করা যায়। গোপালপুর গ্রামের মালবেদে জনগোষ্ঠীর নিজস্ব একটি মসজিদ রয়েছে, যেখানে তারা নামাজ পড়েন। মসজিদটি গোপালপুর গ্রামের নজরুল পাঠান (গৃহস্থ) ৪০ লাখ টাকা খরচ করে নির্মাণ করে দিয়েছেন। নামাজ পরিচালনার জন্য একজন ইমাম ও আজান দেওয়ার জন্য একজন মুয়াজ্জিন রয়েছে। মজার বিষয় হলো ইমাম ও মোয়াজ্জিন উভয়ই বেদে জনগোষ্ঠীর। গোপালপুর গ্রামে একটি মাদ্রাসা রয়েছে, যেখানে বেদে জনগোষ্ঠীর ছেলেমেয়েরা পড়তে যান। অতীতের

তুলনায় বর্তমানে মালবেদে জনগোষ্ঠীর মধ্যে ধর্মীয় সচেতনতা বৃদ্ধি পেয়েছে। গোপালপুর গ্রামের বেদেরা ঈদ উৎসব পালনের জন্য দেখা যায় আয় অনুযায়ী সন্তান, পরিবার ও আত্মীয়স্বজনের জন্য জামাকাপড়, জুতা, লুঙ্গি, পাঞ্জাবি, শ্লে, পাউডার, চিরুনি, আয়না, লিপস্টিক ইত্যাদি কেনাকাটা করেন। এছাড়া ঈদের দিন সেমাই, মুরগির মাংস, গরুর মাংস, খিচুরি, পোলাও রান্না করেন। যেসব বেদে পরিবার ভালো-মন্দ রান্না করেন না বা সাধ্য নেই, তাদেরকে অবস্থাপন্ন বেদেরা দাওয়াত করে ঈদের দিন আপ্যায়ন করে থাকেন। ঈদের দিন ছোট ছোট বাচ্চারা, যুবক ও বয়স্করা নতুন জামা, লুঙ্গি, পাঞ্জাবী, পায়জামা পরে নিজেদের মসজিদে নামাজ পড়ে পরস্পর আলিঙ্গন করে থাকেন। তারপর ঘরে গিয়ে সকালে সেমাই, দুপুরে পোলাও, মাংস খান। ঈদের দিন বেদে জনগোষ্ঠীর বিবাহিত ও অবিবাহিত নারীরা নানা রঙের কাপড় পরিধান করেন, তবে কিছু অবিবাহিত নারীরা সালায়ার-কামিজ পরিধান করে থাকেন। মালবেদে জনগোষ্ঠীর মধ্যে যে সকল পরিবারের আর্থিক উন্নতি হয়েছে ঈদুল আযহায় তারা কোরবানি দিয়ে থাকেন এবং মাংস ইসলামের বিধি মোতাবেক বন্টন করে থাকেন। ঈদের দিন গ্রামে ও বাজারে ফুচকা, চটপটি ও নানা ধরনের খেলনা, বাঁশি, বেলুন বিক্রি করা হয়। ছোট ছোট বাচ্চারা ও বালক-বালিকারা ঈদের দিন যে সেলামির টাকা পায় তা দিয়ে বাঁশি, বেলুন ক্রয় করে ও ফুচকা, চটপটি খেয়ে ঈদ উৎসবে মেতে থাকে। উল্লেখ্য বর্তমানে মালবেদে জনগোষ্ঠীর পুরুষদের (অল্প সংখ্যক) ধর্মীয় জ্ঞানের পাশাপাশি নারীরাও ধীরে ধীরে ধর্মীয় আচার-আচরণ, রীতিনীতির ব্যাপারে সচেতন হচ্ছেন।



চিত্র ১ : গোপালপুর গ্রামে মালবেদে

জনগোষ্ঠীর মসজিদ

(উৎস : মাঠকর্ম, ২০২০-২২)

### কেস স্টাডি-৩ :

মোঃ নুরুল আমিন (৪৫) চার সন্তান ও স্ত্রী নিয়ে গোপালপুর গ্রামে স্থায়ীভাবে বসবাস করছেন। নুরুল আমিনের বাবা-মা অতীতে প্রথাগত পেশায় জড়িত ছিলেন এবং পরিবারের সবাই নৌকায় বসবাস করতেন। পরবর্তীকালে আর্থিক অবস্থার উন্নতি হলে নৌকার ভাসমান যাবাবর জীবন ত্যাগ করে ডাঙায় জমি ক্রয় করে গোপালপুর গ্রামে স্থায়ী বসবাস শুরু করেন। নুরুল আমিনের বাবা মোঃ ইয়াকুব দেখলেন প্রথাগত পেশায় উপার্জন কম হয় এবং পেশার প্রয়োজনে গ্রাম ও বিদেশে (গ্রামের বাইরে) পায়ে হেঁটে বা নৌকায় ঘুরে বেড়ানো খুব কষ্টদায়ক। আবার অনেক সময় বৃহৎ সমাজের কাছে হয়রানির শিকার হতে হয়। সব কথা বিবেচনা করে তিনি তার সন্তানদের প্রথাগত পেশায় জড়িত না করে লেখাপড়া করার জন্য স্কুলে পাঠান। উদ্দেশ্য ছিল সন্তানরা শিক্ষিত হয়ে ভালো চাকরি করবে এবং কষ্টের জীবন থেকে মুক্তি পেয়ে উন্নত জীবন-যাপন করবে। আর ইয়াকুবের এই বাসনা বাস্তবে পরিণত হয়েছে। তার সন্তানরা শিক্ষিত হয়ে কেউ চাকরি

করছেন, কেউবা চাকরির জন্য চেষ্টা করছেন। ইয়াকুবের বড় পুত্র নুরুল আমিন জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স করে এবং পরবর্তীকালে কামিল (এমএ) পাশ করেন এবং ছোট পুত্র সালমান এমএ পাশ করে সরকারি চাকুরির জন্য চেষ্টা করছেন। নুরুল আমিন কামিল পড়াশোনার কারণ হচ্ছে, তিনি দেখলেন বেদেরা মুসলমান হওয়া সত্ত্বেও পেশার প্রয়োজনে যাযাবরের মতো ঘুরে বেড়ানোর কারণে ধর্মীয় শিক্ষায় বেদেরা একেবারেই অজ্ঞ এবং ধর্মকর্ম পালনের ব্যাপারে উদাসীন। ফলে কামিল পাশ করার পর নুরুল আমিন ধর্মীয় শিক্ষার বিষয়ে বেদে জনগোষ্ঠীকে সচেতন করতে লাগলেন। বেদে জনগোষ্ঠীকে উৎসাহিত করে বললেন, *প্রচলিত লেখাপড়ার পাশাপাশি ধর্মীয় শিক্ষা গ্রহণ করতে হবে এবং শুদ্ধ করে নামাজ, রোজা পালন করতে হবে; শুধু ইহজগৎ নিয়ে ভাবলে হবে না; আমাদেরকে পরজগৎ নিয়েও ভাবতে হবে, যেখানে মৃত্যুর পর অনন্ত কাল বসবাস করতে হবে।* তিনি আরও বললেন, *আমরা যদি শুদ্ধ করে নামাজ, রোজা ও ধর্মীয় অন্যান্য সকল আচার-আচরণ, রীতিনীতি মেনে চলি, তাহলেই আমরা বেহেশতে যেতে পারব। আর আমরা যদি ধর্মীয় বিধি-নিষেধ যথাযথভাবে পালন না করি, তাহলে আমাদেরকে জাহান্নামে যেতে হবে, যেখানে কষ্টের কোনো সীমা নেই।* মালবেদে জনগোষ্ঠীকে প্রচলিত শিক্ষার পাশাপাশি ধর্মীয় জ্ঞানলাভ করার জন্য গোপালপুর গ্রামে নুরুল আমিন উদ্যোগে একটা মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়েছে, যেখানে বেদে ছেলেমেয়েরা যায় এবং কোরআন শিক্ষায় শিক্ষিত হচ্ছে। উল্লেখ্য যে, মোঃ নুরুল আমিন গোপালপুর গ্রামের বেদে জনগোষ্ঠীর জন্য নির্মিত মসজিদের ইমাম। তিনি নামাজ পড়ানোর পাশাপাশি ধর্মীয় বিধি-নিষেধগুলো মসজিদে প্রচার করেন। এছাড়া বেদে নারীদেরকেও তিনি নামাজ, রোজা ও কোরআন শিক্ষার বিষয়ে তাগিদ দেন। নুরুল আমিন ইমামতির পাশাপাশি সরকারি কমিউনিটি ক্লিনিকে চাকরি করেন। নুরুল আমিন বর্তমানে গোপালপুর গ্রামে স্ত্রী, সন্তান নিয়ে সুখে শান্তিতে জীবন-যাপন করছেন।

#### উপসংহার :

বেদে জনগোষ্ঠীর একটি উপশাখা হলো মালবেদে। আর মালবেদে জনগোষ্ঠীর রাজনৈতিক এবং ধর্মীয় ব্যবস্থা বিশ্লেষণ করাই হলো এই প্রবন্ধের মূল উদ্দেশ্য। মালবেদেরা অতীতে নৌকায় বসবাস করতো এবং ঘুরে ঘুরে প্রথাগত অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে জীবিকা নির্বাহ করতো। তাদের প্রথাগত পেশা হলো সাপ ধরা ও বিক্রি, কবিরাজি, তাবিজ বিক্রি ও সিঙ্গা লাগানো ইত্যাদি। তবে বর্তমানে টিকে থাকার জন্য তাদের অনেকেই প্রথাগত পেশা ত্যাগ করে বিভিন্ন আনুষ্ঠানিক অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে। উল্লেখ্য অতীতে মালবেদেরের কোন রাজনৈতিক অধিকার ছিল না এবং ধর্মীয় ব্যাপারে ছিল উদাসীন। প্রথাগত সর্দার ব্যবস্থা ছিল তাদের রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। তাদের সকল সমস্যার সমাধানের একমাত্র বাতিঘর ছিল সর্দার প্রথা। যারা ছিল বৃহত্তর সমাজ থেকে অনেকটা বিচ্ছিন্ন। কিন্তু বর্তমানে তারা ডাঙ্গায় স্থায়ী ও অস্থায়ীভাবে বসবাসের কারণে বৃহত্তর সমাজের রাজনীতিতে অংশগ্রহণ করছে। এবং রাষ্ট্রের সকল রাজনৈতিক অধিকার ভোগ করার চেষ্টা করছে। যেমন- ভোট দেওয়ার অধিকার, জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র, বিধবা ভাতা, বয়স্ক ভাতা ইত্যাদি অধিকার ভোগ করছে। এছাড়া গবেষণায় দেখা যায় মালবেদেরা সকলে মুসলমান। তবে অর্থনৈতিক কর্মকাণ্ডের কারণে অতীতকাল থেকে পুরুষের তুলনায় নারীরা ধর্মীয় আচার-আচরণের বিষয়ে ছিল অজ্ঞ। বর্তমানে তাদের মধ্যে ধর্মীয় সচেতনতা বৃদ্ধি পেয়েছে। তারা নামাজ, রোজা, ঈদুল ফেতর, ঈদুল আজহা, শবে-কদর, শবে-বরাত ইত্যাদি ধর্মীয় অনুষ্ঠান পালন করেন। নামাজ পড়ার জন্য তাদের নিজস্ব মসজিদ ও ধর্মীয় শিক্ষার জন্য মাদ্রাসা আছে। ফলে ধর্মীয় শিক্ষার জন্য মালবেদে ছেলে-মেয়েরা স্কুলের পাশাপাশি মাদ্রাসায় যায় এবং তাদের মধ্যে একাধিক হাফেজও আছে। পরিশেষে বলা যায় মালবেদে জনগোষ্ঠী প্রথাগত রাজনৈতিক ব্যবস্থার পাশাপাশি বৃহত্তর সমাজের রাজনীতির বিষয়ে সচেতনভাবে অংশগ্রহণ করছেন এবং অতীতের তুলনায় বর্তমানে ধর্মীয় রীতি-নীতির বিষয়ে খুব সচেতন।

## গ্রন্থপঞ্জি ও তথ্যসূত্র

- Asad,T.(ed) (1973).*Anthropology and the Colonial Encounter*,London: Ithaca Press.
- Barkat, Abul; Islam, M. R.; Osman, A.; Ahamed, F.M.; Rabby, M. F.; Ara, R.; Begum, L. (2023). Marginalised Communities in Bangladesh: State and Marginalization Index (2021). Human Development Research Centre (HDRC). Publisher: MuktoBuddhi, Dhaka, Bangladesh.
- Barton R.F.(1946). *The Religion of the Ifugaos*. (American Anthropologist. Vol.48, No.4, p.2) 219 pp in 8. Menasha (wisc). American Anthropological Association.
- Boas, F. (1888). *The Central Eskimo*. Sith Anual Report, Bureau of American Ethnology, pp. 399-669. Washington D.C.
- Durkheim, E. (1912). *The Elementary Forms of Religious Life*. London, Allen and Unwin.
- Evans-Pritchard, E.E (1940). *The Nuer: a description of the model of livelihood and political institutes of a Nilotic people*. Oxford: At the clarendon press.
- Frazer, J.G. (1890). *The Golden Bough: A Study in Magic and Religion*; Macmillan; London.
- Fried, M. H. (1967). *The Evolution of Political Society*. New York: Random House.
- Geertz, C. (1973). *The interpretation of Culture*; Basic Books; New York.
- Haviland, W.A. (2018). *Cultural Anthropology* (Nineteenth edition). Harcourt Brace College publishers, New York.
- Herskovits M.J. (1974). *Cultural Anthropology*; Oxford and IBH Publishing Co. Pvt. Ltd., New Delhi.
- Hoebel, E.A. (1949). *Man in the Primitive World*; MaGraw Hill; New York.
- James Birx, H. (2010). 21<sup>st</sup> Century Anthropology. A Reference Handbook. Publisher SAGE Publications, Inc.
- Karim, A.H.M. Z. (1984). 'Rural Elites and Their Role in Conflict Resolution: Three Arenas and Some Cases.' Bangladesh Journal of Sociology, vol.2. No.2.
- Karim, A.H.M. Z. (1990). *The Pattern of Rural Leadership in an Agrarian Society*. New Delhi: Northern Book Centre.
- Kottak, C.P. (2020). *Cultural Anthropology* (Tenth edition). The McGraw-Hill companies, Inc. New York.
- Lee,R.B.(1979).*The! Kung San: men, women, and work in a foraging society*. Cambridge: Cambridge University Press.
- Malefijt, A.D.W. (1989). *Religion and Culture: An Introduction to Anthropology of Religion*. The Macmillan Company, New York.

Miller, Barbara D.(2007). *Cultural Anthropology*.(4<sup>th</sup> edition).Pearson/Allyn and Bacon, New Jersey,U.S.A.

Morgan,L.H. (1985)(1871). *Ancient Society: Researches in the line of human progress from savagery, through barbarism to civilization*. Foreword by Elizabeth Tooker. Tucson University of Arizona Press.

Morris, B. (1987). *Anthropological Studies of Religion: An Introductory Text*. Cambridge University Press.

Murdock, G. P. (1949). *Social Structure*, New York: Mccmillan.

Radcliffe Brown, A.R. (1964).*Structure and Function in Primitive Society*. London: Cohen and West.

Rahman, H. (1990). *The Shandar Beday Community of Bangladesh: A Study of a Quasi Nomadic People*, unpublished PhD thesis, department of Sociology, University of Dhaka.

Taylor, E.B. (1871). *Primitive Culture*; Harper; New York.

Wallace, A.F.C. (1966). *Religion: An anthropological view* (P.107). New York: Random House.

Yinger, M.J. (1957). *Religion, Society, and the Individual: an Introduction to the Sociology of Religion*. New York: Macmillan.

বন্দ্যোপাধ্যায়, সুমহান (২০১৩)। *সামাজিক-সাংস্কৃতিক নৃবিজ্ঞান*, পারুল প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ৮/৩ চিত্তামণি দাস লেন, কলকাতা।

রহমান, মুহাম্মদ হাবিবুর (১৯৮৮)। *সমাজ বিজ্ঞান পরিচিতি*। হাসান বুক হাউস, বাংলাবাজার, ঢাকা-১১০০।

রহমান, কাজী মিজানুর (২০১৪)। মুন্সিগঞ্জের মালবেদে জনগোষ্ঠীর আর্থসামাজিক পরিবর্তনের ধারা : একটি নৃবৈজ্ঞানিক গবেষণা। *সমাজ নিরীক্ষণ কেন্দ্র*, ৫৮-৬৭।

রহমান, আখন্দ মোঃ মোখলেসুর; আবু শামীম, শেখ মোহাম্মদ; কবীর, মোঃ হুমায়ন (২০০৭)। *নৃবিজ্ঞান পরিচিতি*। লেখাপড়া, বাংলাবাজার, ঢাকা।

লাইজু, নাজমুননাহার (২০১১)। *বাংলাদেশের বেদে সম্প্রদায়*। শোভা প্রকাশ, ঢাকা।